শ্রীএস, এল, সিংহ :—ইট ইজ নট নোন টু মী স্যার, সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআবদুল ওয়াজিদ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এলটেড টিনগুলি শুধু সদরেই ডিসর্ট্রিবিউট করা হয়েছে কিনা এবং মফঃস্বলে ডিসট্রিবিউট করা হয় নাই, এই কথা সত্যি কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আগেই বলেছি যে তারা যে কোন জায়গায়, অল অভার ইণ্ডিয়া বিক্রি করতে পারে;

শ্রীরাজকুমার কমলজিৎ সিং:—এইরকম একটা ডিরেকশন আছে কি যে ডিলার সোনামূড়া বাদে আর কোন মফঃস্বল এলাকায় এই ঢেউ টিন বিক্রি করতে পারবে না। ইজ ইট এ ফ্যাক্ট।

শ্রীএস, এল, সিংহ :—ইট ইজ নট নোন টু মী।

শ্রীস্বরেশ চন্দ্র চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এই ৪ জন ডিলার, তাদের টিন ত্রিপুরার বাইরেও বিক্রি করতে পারে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—অ্যাকর্ডিং টু ডিকন্টোল অর্ডার ইণ্ডিয়ার যেকোন জায়গায় বিক্রি করতে পারে এবং যে কোন জায়গা থেকে এখানে আনতে পারে।

শ্রীরাজকুমার কমলজিৎ সিং :—আমাদের ত্রিপুরার জন্য আলাদা কোন কোটা আছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—ডিকন্টোল হলে পরে আমাদের যে কি কোটা থাকবে সেটা আমি বুঝতে পারছি না। আমরা যখন কন্টোল করেছিলাম তখন ডিলার ছিল। এখন কি করব সেটা পরে চিন্তা করবো। সো এ্যাট দি প্রেজেন্ট আই ক্যান নট স্পীক এনিথিং মোর থান দিস।

শ্রীএরসাদআলী চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যদি এরকম যে কোন স্থানে বিক্রি করতে পারে তাহলে ত্রিপুরার যেকোন লোক বাইরে থেকে টিন কিনে আনতে পারে কিনা উইদাউট পারমিশান ?

শ্রীএস, এল, সিংহ :—হ্যাঁ, পারে।

শ্রীস্বরেশ চন্দ্র চৌধুরী :—তাহলে সরকারী রিকমেণ্ডশনে ৪ জন ডিলার নিযুক্ত হওয়ার কারণ কি ?

শ্রীএস, এল, সিংহ :—আগে যখন কন্টোল ছিল তখন আমরা করেছি।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :—এই ৪ জন ডিলারকে নিযুক্ত করা হয়েছে যখন কন্ট্রোল ছিল তখন। এটা কি সত্যি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—তারা যে ডিলার ছিল তারা অনেক আগের ডিলার।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :—কোন্ সনে এই ডিলার নিযুক্ত করা হয়েছে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, যে ৪ জন ডিলার নিযুক্ত হয়েছে তারা যে টিনগুলি এনে বিক্রি করেন তারমধ্যে দামের যে ডিফারেন্স হয় সেই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহোদয় খোঁজ করতে রাজী আছেন কিনা এবং কেন এই ডিফারেন্স হয় ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি আগেই বলেছি যে ডিকন্ট্রোল হলে পরে আমাদের দাম নির্দিষ্ট করে দেওয়ার ক্ষমতা নাই।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্মা :—এই ডিলারদের মাধ্যমে কোন্ বিভাগে কতজন টিন পেয়েছেন তার হিসাব মাননীয় মন্ত্রী মহোদয় দিতে পারেন কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীঅঘোর দেববর্ম্মা : কনট্রোল যদি না থাকে তাহলে ক্রম টাইম টু টাইম তাদের গুদামগুলি চেক করার কি প্রয়োজনীয়তা থাকতে পারে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—'যদির' কোন প্রশ্ন থাকে না। 'যদির' ডিকন্ট্রোল হয়—ডিকন্ট্রোল হয়ে গেছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমার প্রশ্ন হল যদি ডিকন্ট্রোল হয় তবে যেখানে লোক টিন এনে আগরতলায় বিক্রি করতে পারে তাহলে তাদের গুদামে গিয়ে চেক করতে পারে কিনা আইনতঃ ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—সেটা হল আমরা আগে তাদের একটা ডিলার করেছিলাম। অতএব সেই পরিপ্রেক্ষিতে সেখানে তারা যেতে পারে।

Mr. Speaker—Shri Promode Rn. Das Gupta and Shri Monoranjan Nath.

Shri Promode Rn. Dasgupta—Question No. 199.

Shri S. L. Singh—Mr. Speaker, Sir, question No. 199.

QUESTION

1. Whether huge stock of Flour & Suji belonging to the Govt. of Tripura lying in the custody of M/S. Union Flours Mills, Silchar, Assam was sold by auction on the 1st November, 1969 ;
2. if so, the total quantity of Flour and Suji, its value and sale proceeds received by auction (with the name of purchaser) ;
3. Whether it is fact that serious irregularities were committed in the conduct of the auction and the disposal of the said commodities ;
4. Whether the entire money was diposited by the auction purchaser within the stipulated period under the terms and conditions ;
5. Whether the said Flour & Suji are unfit for human consumption ?

ANSWER

1. Yes.

2. Commodity	Quantity	Value (as per ex-mill price)	Sale proceeds received by auction.	Name of purchaser.
Flour	9,71,475Kg.	Rs. 10,29,763·50 Rs. 106·00 per quintal.	Rs. 5,78,124·78	Shri Nirmal Kumar Jain of Union Flour Mills, Silchar.
Suji	77,325 Kg.	Rs. 85,057·50 Rs. 110·00 per quintal.	Rs. 58,805·75	M/S. United Commercial Co, Silchar.

3. No.
4. The entire money was deposited within the extended time permitted by the Government.
5. No.

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে, কাছাড়ের হেলথ অফিসার এই সুজি এবং ফ্লাওয়ারকে আনফিট ফর হিউম্যান কনজামপশান বলে রিকমেণ্ড করেছেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে ৫নং প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে। এখানে প্রশ্ন ছিল সুজি এবং ময়দাগুলি আনফিট ফর হিউম্যান কনজাপশন ছিল কিনা ? তার উত্তরে বলা হয়েছে—'নো'।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—আমার প্রশ্ন হল এই যে হেলথ অফিসার, কাছাড় এইরকম রিকমেণ্ড করেছেন কিনা যে সুজি এবং ময়দাগুলি আনফিট ফর হিউম্যান কনজামপশান ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীবি, দাস :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, অকশান কোন ডেটে প্রথম হয়েছিল ?

Shri S. L. Singh :—I demand notice.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, এই অকশান দেওয়ার জন্য কোন এ্যাডভারটাইজমেণ্ট করা হয়েছিল কিনা এবং যদি করা হয়ে থাকে সেটা কত তারিখে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—অকশান দিলে পরে জেনারেলি নোটিশ দিতে হয়। অতএব কোন তারিখে সেটা দেওয়া হয়েছে সেটা জানতে হলে, আমি নোটিশ চাই।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, যেখানে টারমস এণ্ড কণ্ডিশানে আছে একথা যে 'The Successful bidder shall have to deposit balance money within seven days on the acceptance of his bid and thereafter take the

delivery of the commodities within the 10 days from M/S Union Flour Mills at the Mill gate of custodian. In the event of balance bid money not being deposited by the successful bidder within the stipulated period stated above, the earnest money deposited by the bidder shall be forfeited এটা সত্য কিনা, এই কণ্ডিশানে ?

Shri S. L. Singh :—Hon'ble Speaker, Sir, no irregularity was made in the process of conduct of auction or thereafter. According to clause (v) of auction notice the successful bidders for the commodities were required to deposit of the bid money in cash just on the close of the bid. According to clause (vi) of the auction notice successful bidders were required to deposit the balance bid money within 7 days of the acceptance of the bid.

In case of auction of flour Shri Nirmal Kumar Jain of Union Flour Mills, Silchar was the successful bidder who deposited 1/4th of the bid money amounting to Rs. 1,44,531.20 by Bank draft on 1.11.69. For deposit of balance bid money successful bidder for flour was, however, granted time by Government upto 24.11.69. The successful bidder deposited the balance bid within the allowed time i. e. 24.11.69.

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—Hon'ble Speaker, Sir, আমার প্রশ্ন হচ্ছে—Government of Tripura, Director of Food and Civil Supplies on 16th October, 1969, vide Memo No. F. 8(16)-DF/69 যে নোটিশ দিয়েছেন, সেই নোটিশে লেখা আছে "the earnest money deposited by the Bidder shall be forfeited" এখানে shall is mandatory. যেখানে shall is mandatory, সেখানে গভর্ণমেণ্ট কোন্ অথরিটিতে টাইম এক্সটেনশান দিলেন—on what authority time was extended ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—গভর্ণমেণ্ট'এর যে ক্ষমতা আছে, সেই ক্ষমতা অনুসারেই দেওয়া হয়েছে।

শ্রীরাজকুমার কমলজিৎ সিং :—কতজন বিডার এই অকশানে পার্টিসিপেট করেছিল মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি নোটিশ চাই, স্যার।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, এই সম্পর্কে শিলচরের রাজপ্রসাদ নামে এক ব্যক্তি ১১।১১।৬৯ ইং তারিখে এ, ডি, এম'এর কাছে কোন কম্‌প্লেইন করেছেন কি না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি নোটিশ চাই, স্যার।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই ইরেগুলারিটীজ সম্বন্ধে আমাদের চীফ মিনিষ্টার যখন কলকাতা ছিলেন, তখন বি, দাস, এম, এল, এ ইরেগুলারিটীজ সম্পর্কে টেলিগ্রাম করেছিলেন কিনা, ডিসপোজাল অব ফ্লাওয়ার এণ্ড সুজি না করার জন্য অনুরোধ করেছিলেন কিনা তদন্ত সাপেক্ষে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানতে চাই এটার কণ্টেন্টস কি ছিল ? It is not the contents.

Shri P, R. Dasgupta :—মাননীয় স্পীকার, স্যার, এটা যদি কনটেন্টস না হয়, তাহলে টেলিগ্রামে যেটা আছে, সেটা যদি তিনি হাউসে দেখান তাহলে সেটা ক্ল্যারিফাই হতে পারে। আমার যতটুকু জানা আছে সেটা হচ্ছে যে পেণ্ডিং দি এনকোয়েরী সেটাকে উইদহোল্ড করা হউক। মিঃ দাস এখানে উপস্থিত আছেন তিনি সেটা বলতে পারেন। যেখানে মেণ্ডাটরী—আছে যে দশদিনের মধ্যে না দিলে পরে আপেই মানি ফরফিটেড হবে, সেটা করা হয় নাই বলে টেলিগ্রাম করা হয়েছিল যে সেটাকে উইদহোল্ড করা হউক, সেটা সত্য কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনি এই যেই কথাগুলি এখানে বলেছেন, সেগুলি ঐ টেলিগ্রামে ছিল কি না ?

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেই টেলিগ্রামে বোধ হয় আছে যে পেণ্ডিং.........

মিঃ স্পীকার :—আপনি বোধ হয় বলছেন কেন ?

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানতে চাই যে, উনাকে টেলিগ্রাম করা হয়েছিল কিনা এবং যদি করা হয়ে থাকে তাহলে সেটার বয়ান কি সেটা তিনি বলতে পারেন, তাহলে এটা পরিষ্কার হয়ে যায়।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—উনি যে বয়ান বলেছেন তা-ও বলছেন বোধ হয়.........

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—উনি সেটা হাউসে পড়ে দিলে হাউস সেই সম্পর্কে জানতে পারেন যে এটার মধ্যে কি ছিল ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—সেটা ব্যক্তিগত টেলিগ্রাম। উনি যেটা বলেছেন সেটা টেলিগ্রামে নেই। I can not disclose the contents of the telegram.

শ্রীবি, দাস :—কারণ কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কারণ এটা প্রাইভেট লেটার।

শ্রীবি, দাস :—প্রাইভেট লেটার মোটেই নয়—It is for the interest of the people এবং ত্রিপুরা গভর্ণমেণ্টের প্রেসটিজ সেখানে জড়িত ছিল। কাজেই এটা না জানানোর কারণ জানাবেন কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—তিনি যেই যেই কথা বলেছেন, সেইসব কথা টেলিগ্রামে যদি না থাকে তাহলে হাউস কি এ্যাকশান নেবেন আমি সেটা বলতে পারি না। উনি যে কথাটা বোধহয় বলে বলেছেন সেটা সেখানে নেই। উনি যেই যেই কথা বলেছেন, সেইসব কথা টেলিগ্রামে আছে বলে যদি মনে করেন, তাহলে আমি টেলিগ্রাম হাউসে প্রডিউস করতে পারি।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—যে টেলিগ্রামের কথা আমি বলেছি সেই টেলিগ্রাম হচ্ছে ডাক্তার বি, দাস, এম, এল, এ করেছেন, সেখানে স্পষ্ট একথা লেখা আছে যে, যে অকশান হয়েছে, সেই অকশানে ইরেগুলারিটীজ হওয়ার দরুণ সেটা পেণ্ডিং এনকোয়েরী ডেলিভারী ষ্টপ রাখা হউক। এই হচ্ছে সেটার বয়ান আমি বলেছি, সেটা উনি হাউসে প্রডিউস করুন।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আগের বয়ান এবং এই বয়ান এই দুইটিই হাউসে থাকুক।

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আগের বয়ান এবং এখনকার বয়ান একই আছে। মাননীয় সদস্য শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত যে কথাটা বলেছেন সেটাও টেলিগ্রামে ছিল সেখানে যে টাইম এক্সটেন্ড করেছেন, সেই টাইম এক্সটেনশান আইনানুসারে করতে পারেন না। সেইজন্যই বলা হয়েছিল যে, ত্রিপুরা রাজ্যের জনসাধারণের যেখানে স্বার্থ জড়িত এবং ত্রিপুরা সরকারের প্রেসটিজ যেখানে জড়িত, সেই ক্ষেত্রে এইটুকু বলা হয়েছিল যে, পেণ্ডিং এনকোয়ারী সেটাকে উইদহোল্ড করা হউক। সেই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহোদয়ের আর কিছু বলবার থাকলে জানাবেন কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—সেই টেলিগ্রামে কি কি বয়ান ছিল আমি বলতে পারছি না। যদি এই বয়ান থাকে.........

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এতক্ষণ মাননীয় সদস্য যেহেতু বোধ হয় বলে-ছিলেন সেখানে অপত্তি উঠেছিল। এখন উনি বলেছেন যদি থাকে, সেটা কেন আসবে? তিনি এক হয় বলুন যে আমি বলতে পারছি না, কিংবা সেই টেলিগ্রামটা প্রডিউস করুন, একটা কিছু করুন।

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, যেই যেই কথাগুলো আগে বলেছেন সেগুলিও টেলিগ্রামে আছে, যেগুলো পরে বলেছেন, সেগুলিও নিশ্চয়ই আছে, এখন যা বলছেন, তাও আছে। এই তিনটি জিনিষের পরিপ্রেক্ষিতে আমি হাউসের সামনে সেই টেলিগ্রামটা প্রডি-উস করব।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—মাননীয় স্পীকার মহোদয়, হেড অব দি ডিপার্টমেণ্টের প্রশ্ন ইনভলভড। আমি প্রশ্ন করছি—আমার কোয়েশ্চান ভুল কি ঠিক, তার উত্তর দেওয়ার অথরিটি হচ্ছেন উনি। আমি টেলিগ্রামের বয়ান বলেছি। যদি আমার সেটা রং হয় তাহলে তিনি বলবেন 'নো', আর যদি ঠিক হয়. তাহলে বলবেন 'হ্যাঁ'। আমি বয়ান জানতে চেয়েছি, বলা না বলার মালিক হচ্ছেন উনি। কিন্তু আমি যখন পরবর্তী অধ্যায়ে বয়ানটি বললাম, তখন বোধ হয় বলার কারণ হচ্ছে, যে টেলিগ্রাম করেছেন আরেকজন এম, এল, এ। কাজেই আমি যখন বলব তখন পজিটিভ বলব না, বোধ হয়ই বলব, তিনি সেখানে নো বলতে পারেন। তার-পর যখন আমি বয়ানটা আবার বললাম, তখন তিনি বললেন যে আমার পূর্ব্বের বয়ান এবং এখনকার বয়ানে পার্থক্য আছে। কিন্তু আমি বলব যে আমার আগের বয়ানে এবং পরের বয়ানে গুনগত কোন পার্থক্য নাই। আমি জানতে চাই যে চীফ মিনিষ্টার সেই টেলিগ্রাম এ্যাকনোলেজ করেছেন কিনা এবং তার ইনটিমেশান দিয়েছেন কি না ?

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমে কথা হ'ল উনি হাউসের সামনে টেলিগ্রামের বয়ান সম্পর্কে অনেক কিছু রেখেছেন। অতএব আমি টেলিগ্রাম দেব এবং সেটা হাউস দেখবে।

শ্রীবি, দাস :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে অকশানটা আরম্ভ

হয়েছিল মাঝখানে কিছুদিন সেটা বন্ধ রাখা হয়েছিল এবং সেখানে হেলথ মিনিষ্টার এর কাছ থেকে খবর এসেছিল যে ঐ সুজি এবং ময়দাগুলি আনফিট ফর হিউম্যান কনজামশান। তখনই সেটা বন্ধ রাখা হয়েছিল, তারপর আবার সেটার অকশান হয়েছে। এই কথাটা সত্যি কিনা, সেটাই মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছ থেকে জানতে চাইছি।

শ্রীএস, এল, সিংহ :—আমি আগেই বলেছি যে এখানে হিউম্যান কনজামশনের জন্য যেটা বলা হয়েছে, ইট ইজ নট সো। অতএব এটা কোথায় এবং কোন সময়ে হয়েছে, সেজন্য আমি নোটিশ চেয়েছি।

শ্রীবি, দাস :—Whether the said Flour & Suji unfit for human consumption এটার উত্তরে উনি বলেছেন—নো, সেটা আমরা শুনেছি। আবার আমার প্রশ্ন ছিল সেখানে যে অকশানটা আরম্ভ হয়ে বন্ধ রাখা হয়েছিল এবং আবার অকশানটা হয়েছিল কিনা এবং যদি বন্ধ হয়ে থাকে তাহলে কেন সেটা বন্ধ হয়েছিল ?

শ্রীএস, এল, সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ, স্যার।

শ্রীঅভিরাম দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে এই অকশানের আটা খেয়েই কি ধর্ম্মনগরে তিনজন লোক মারা গিয়েছিল ?

শ্রীএস, এল, সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ, স্যার।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এই অকশানের জিনিষগুলি বেকারীগুলিতে সরবরাহ করা হইয়াছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—কোথায় সরবরাহ করা হয়েছে, সেটা তো আমি এখন বলতে পারছি না. সো আই ডিমাণ্ড নোটিশ অব ইট।

শ্রীবি, দাস :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এই সুজি ও ময়দাগুলির দাম কত ছিল এবং কত দামে অকশানে বিক্রি করা হয়েছে এবং তাতে সরকারের কত লোকসান হয়েছে ?

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আগেও এটা দিয়েছি। এখন আবার যখন বলছেন, তখন দেওয়া উচিত। সেটা হচ্ছে—

Commidity.	Quantity.	Value (as per ex-mill price)	Sale proceeds received by auction.
Flour	9,71,475 Kg.	Rs. 10,29,763.50	Rs. 5,78,124.78
Suji	77,325 Kg.	Rs. 58,057.50	Rs. 58,805.75

Mr. Speaker :—Shri Promode Rn. Das Gupta.

Shri Promode Rn. Das Gupta :—Starred question No. 201

Shri S. L. Singh :—Starred Question No. 201, Sir.

QUESTION

1) Whether original area of No. 24 Kayemi Taluk (Tribal Reserve) Mouza Kunjaban, Ramdayal Bari, Khowai, Tripura was 3774.59 acres ;

2) Whether total area accounted in favour of Taluk is 3120.85 acres and the balance 653.74 acres made khas under the present settlement.

3) Whether 120 Tribal families settled in the said 653.74 acres land by late Maharaja under this Taluk boundary and subsequently merged with the said Taluk have been declared unauthorised occupants ;

ANSWER

1)
2) } Materials are under collection.
3)

Mr. Speaker :—Shri Jatindra Kr. Majumdar.

Shri Jatindra Kr. Majumdar :—Starred Ouestion No. 210.

Shri S. L. Singh :—Starred Question No. 210, Sir.

প্রশ্ন

ক) ত্রিপুরার বিভিন্ন গাঁওসভার প্রধানগণ পঞ্চায়েতের পক্ষে গোচারণভূমি, হরটিকালচার, সেরিকালচার, ফিসারী ও অন্যান্য কাজে ব্যবহার করার জন্য যে সমস্ত খাস জায়গা বন্দোবস্ত চাহিয়াছেন এ সমস্ত জায়গা কবে পর্য্যন্ত পাওয়া যাইবে ?

উত্তর

(ক) যত শীঘ্র সম্ভব।

Mr. Speaker :—Shri Nishikanta Sarker.

Shri Nishikanta Sarker :—Starred Question No. 269.

Shri S. L. Singh—Starred Question No. 269 Sir.

প্রশ্ন

(ক) ট্রাইবেল রিজার্ভ এলাকাস্থিত নন্ ট্রাইবেলের জোতভূমি নন্-ট্রাইবেলের নিকট বেচাকেনা করতে কোনরূপ বাধানিষেধ আছে কিনা ?

(ক) হ্যাঁ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে যদি ট্রাইবেল রিজার্ভ এলাকা হয়ে থাকে, তাহলে সেখানে নন-ট্রাইবেলদের কি করে বন্দোবস্ত দেওয়া হয়ে থাকে ?

শ্রীএস, এল, সিংহ :—প্রশ্ন আছে যে বেচা কেনা করতে কোনরূপ বাধানিষেধ আছে কিনা, আমি বলেছি—'হ্যাঁ' বাধা নিষেধ আছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—যদি ট্রাইবেলদের রিজার্ভ এলাকা হয়ে থাকে তাহলে নন-ট্রাইবেলদের সেখানে কি করে বন্দোবস্ত দেওয়া হয়ে থাকে ?

শ্রীএস, এল, সিংহ :—প্রশ্ন আছে যে ট্রাইবেল রিজার্ভ এলাকাস্থিত নন-ট্রাইবেল এর জোতভূমি নন-ট্রাইবেল এর নিকট বেচাকেনা করিতে কোনরূপ বাধানিষেধ আছে কিনা ? এর উত্তরে আমি বললাম যে হ্যাঁ, অর্থাৎ বাধা নিষেধ আছে।

মিঃ স্পীকার :—শ্রীমনোরঞ্জন নাথ।

শ্রীমনোরঞ্জন নাথ :—ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার—২৮২ স্যার।

শ্রীএস, এল, সিংহ :—ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার—২৮২ স্যার।

QUESTION

(a) Whether there is any plan of the Govt. of Tripura to reserve any plot of land for grazing field in every goan Sabha;

(b) Whether there was any direction for reservation of grazing field (guchar) in every Gaon Sabha during settlement survey ?

ANSWER

(a) The matter is under consideration. As par as practicable, if any grazing field is found in the Khas land then we can take up this matter.

(b) No.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে পঞ্চায়েতী রাজ এ্যাক্টে সেই বিধান থাকা সত্বেও, সেখানে সরকারের নির্দ্দেশ না থাকার কারণ কি ?

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ল্যাণ্ড থাকলেই যে তাতে গ্রেজিং ফিল্ড তৈয়ার করতে হবে, এর কোন মানে হয় না। অতএব প্রত্যেকটা জায়গাতে বর্ত্তমানে যেখানে আমাদের কলোনীগুলি গঠিত হয়েছে, সেখানে রিফিউজিদের যেসব ঘরবাড়ী আছে এবং এখনও এমন অনেকে আছেন যাদেরকে আমরা জায়গা দিতে পারিনি। আর ট্রাইবেলদের রিহেবিলি-টেশানের জন্য তাদেরকে নাল ও টিলা জমিতে বসানো হয়েছে আর যেভাবে পাকিস্তান থেকে রিফিউজি আসছে এখনও আসছে তাদেরকেও আমাদের ল্যাণ্ডে সেটেলমেন্ট করতে হবে আর ল্যাণ্ড লেস যারা আছেন, তাদেরকেও আমাদের ল্যাণ্ডে বসাতে হবে এবং জুমিয়া ভাইদের এই ল্যাণ্ডে বসাতে হবে। এসব বিষয়ে আমরা কতগুলি অসুবিধায় পড়েছি। তাছাড়া এমন কোন জায়গা বা ল্যাণ্ড আমরা পাচ্ছি না যাতে গ্রেজিং ফিল্ড করা যেতে পারে। সেজন্য রিজার্ভ ফরেষ্ট এর মধ্যে তার আশে পাশের কৃষকেরা যাতে তাদের গরু বাছুর চরাতে পারে তার একটা ব্যবস্থা আছে এবং তার জন্য তাদেরকে টোকেন হিসাবে কিছু দিতে হয়। তবে যেই মাত্র গ্রেজিং ফিল্ডের পক্ষে সুইটেবল ল্যাণ্ড আমরা পাব তখনই সেটা বিবেচনা করা হবে।

Mr. Speaker :— Question hour is over. There are seven Unstarred Questions to-day. The Minister may lay on the Table of the House the replies to the Unstarred Questions and also to the Starred Questions which were not answered orally.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে কমলপুরে একটা গ্রামে পাকিস্তানী ফোর্স এর আক্রমণ সম্পর্কে একটা অ্যাভজোর্ণমেণ্ট মোশন এনেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহোদয় ডিস্ এলাও করে দিয়েছেন। কিন্তু আমার প্রশ্ন হল, আজকে আমাদের ত্রিপুরা রাজ্যে...

Mr. Speakor :—I have already disallowed this.

(Shri Aghore Deb Barma and other opposition members were continuing.)

Mr. Speaker ;— I have received a Calling Attention Notice from Shri Naresh Roy, M. L. A. on the subject—"Fire incidents took place at Katlamara Higher Secondary School on 13. 3. 70." I have given consent to the motion of Shri Naresh Roy. I would request the Hon'ble Minister-in-charge of the Department to make a statement. If thc Hon'ble Minister is not in a position to make a statement to-day he will kindly give me a date when the Calling Attention Notice will be shown on the order paper for a statement.

Shri S. L. Singh (Chief Minister) ;—I shall make a statement on the 31st March, 1970.

(Shri Agore Deb Barma and other opposition members were still continuing),

Mr. Speaker :— I request the Hon'ble Members to take their seats. You should not disturb the proceedings of the House.

Mr. Speaker :— I announce the Report of the Business Advisory Committee Setting the Business of the House upto 26th March, 1970.

I call on Shri Manoranjan Nath designated by me to move the motion that the House agrees to the allocation of time proposed by the Committee.

Shri Monoronjan Nath :—Mr. Speaker, Sir, I beg to move a motion that the House agrees to the allocation of time proposed by the Committee.

Mr. Speaker :—Now, the question before the House is the Motion moved by Shri Monoranjan Nath that the House agrees to the allocation of time proposed by the Committee.

As many as are of that opinion wlll please say 'AYES'

(Voice—AYES)

As many as are of contrary opinion will please say 'NOES'

(No voice)

I think 'AYES' have it.

'AYES' have it. 'AYES' havc it,

The motion is carried.

GOVERNMENT BUSINESS (FINANCIAL)
Presentation of Budget Estimates for 1970-71, Supplementary Estimates for 1969-70 and Notes on Vote on Account.

Mr. Speaker :— To-day in the List of Business is the Presentation of Budget Estimates for 1970-71, Supplementary Estimates for 1969-70 and Notes on Vote on Account.

Now I call on the Hon'ble Minister-in-charge of Finance Department to present before the House the Budget Estimates for 1970-71, Supplementary Estimates for 1969-70 and Notes on Vote on Account.

Shri Krishnadas Bhattacharjee :—

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আমি এই সভায় প্রশাসকের সুপারিশক্রমে এবং রাষ্ট্রপতির অনুমোদনক্রমে ত্রিপুরা ইউনিয়ন টেরিটরির ১৯৭০-৭১ সালের বার্ষিক অর্থ-নৈতিক বিবৃতি পেশ করিতেছি। আপনারা অবগত আছেন যে, ইহাই বৎসরের সর্ব্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বিল এবং ইহাতে জনগণের মঙ্গলার্থে প্রশাসনিক কার্য্যকলাপ যেভাবে অগ্রসর হইবে তাহার ইঙ্গিত পাওয়া যাইবে।

২। প্রথমেই আমি এই বৎসরের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য যে বিষয়টির কথা বলিতে চাই তাহা হইল, আমাদের ত্রিপুরা উচ্চতর মর্য্যাদালাভের পথে অগ্রসর হইতেছে। প্রারম্ভেই আমাদের চীফ কমিশনারের স্থলে প্রশাসক হিসাবে আমরা একজন লেফ্‌টেন্যান্ট গভর্ণর পাইয়াছি। অচিরেই আমরা পূর্ণ রাজ্যের মর্য্যাদা পাইব বলিয়া আশা করি।

৩। যাহাতে সভায় এই বিলটির গুণাগুণ যথাযথ ভাবে বিবেচিত হয় সেই উদ্দেশ্যে আমাদের প্রস্তাবিত পরিকল্পনাগুলি সম্বন্ধে সংক্ষেপে আলোচনার পূর্ব্বে আমি বর্ত্তমান অবস্থা, প্রতিকূল শক্তি ও সম্ভাব্য বাধাবিপত্তিগুলির কথা উল্লেখ করিতেছি। বাজেটের বিস্তৃত স্মারকলিপিতে (এক্সপ্লেনেটারী মেমোরেণ্ডাম) যে বিষয়গুলির বিবরণ আছে আমি সেইগুলি এখানে পুনরুল্লেখ না করার সর্ব্বপ্রকার চেষ্টা করিব।

৪। ত্রিপুরা খাদ্যে স্বয়ম্ভর অঞ্চল হইতে একটি খাদ্যে ঘাটতি অঞ্চলে পরিণত হইয়াছে। পূর্ব্ব-পাকিস্তান হইতে বাস্তুচ্যুত হইয়া যাহাদের অন্য কোথাও যাওয়ার উপায় ছিল না এই ত্রিপুরায় সেই সকল উদ্বাস্তু আগমনের ফলেই এই অবস্থার উদ্ভব হইয়াছে। সঠিক পরিসংখ্যান না থাকিলেও এই বৎসর ত্রিপুরার আনুমানিক লোকসংখ্যা ১৬ লক্ষেরও অধিক হইবে বলিয়া মনে হয় এবং তাহাদের মধ্যে ৫০ শতাংশেরও বেশী হইল উদ্বাস্তু। স্বাভাবিকভাবেই তাহারা অর্থনৈতিক দিক দিয়া দুর্ব্বল। এই আকস্মিক জনসমাগমের ফলে ত্রিপুরায় অন্যথা উৎপাদিত খাদ্যশস্যের পরিমাণকে একেবারে নগণ্য করিয়া দিয়াছে। অতএব জনগণের প্রয়োজন মিটাইবার জন্য যথেষ্ট পরিমাণ খাদ্যশস্যের ব্যবস্থা করাই হইল এখন একটি প্রধান সমস্যা।

৫। ত্রিপুরা তিন দিক দিয়া পাকিস্তান দ্বারা পরিবেষ্টিত হওয়ায় ও একমাত্র আসামের মধ্য দিয়া দেশের অবশিষ্টাংশের সঙ্গে যোগাযোগ থাকায় খাদ্যশস্য বা অনুরূপ কোন সামগ্রী ত্রিপুরায়

আনাই একটি সমস্যা। এমন কি ত্রিপুরার অভ্যন্তরেই উত্তর-দক্ষিণে বিস্তৃত দীর্ঘ পর্ব্বতমালাগুলি যোগাযোগ ব্যবস্থার পক্ষে একটি কঠিন সমস্যা। তদুপরি এই অঞ্চলে অতীতে বস্তুতঃ কোন শিল্প প্রচেষ্টাই ছিলনা। ত্রিপুরায় উল্লেখ করিবার মত কোন বিদ্যুৎশক্তিও ছিল না।

৬। এখানকার জমি নিঃসন্দেহে উর্ব্বর। আমাদের জনশক্তিরও কোন অভাব নাই। সুতরাং আমাদের সমৃদ্ধির জন্য অচিরেই সকল ক্ষেত্রে, বিশেষতঃ কৃষিক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি একান্ত প্রয়োজন। তারপরই প্রয়োজন রাস্তাঘাট ও বিদ্যুৎশক্তির উন্নয়ন। এইসব ক্ষেত্রে আমরা যদি উন্নতি করিতে না পারি, তাহা হইলে দেশের অন্যান্য অংশের তুলনায় আমরা বহু বৎসর পিছনে থাকিব।

৭। পরিকল্পনাকালে শিক্ষার সুযোগ সুবিধা বৃদ্ধি পাওয়ার ফলে যে শিক্ষিত বেকার সমস্যার উদ্ভব হইয়াছে, সেই দিকেও আমাদের সবিশেষ দৃষ্টি দেওয়া প্রয়োজন।

৮। প্রধানতঃ এই সকল চাপের মোকাবিলা করার উদ্দেশ্যেই বর্ত্তমান বিবরণীতে আমাদের খসড়া কার্য্যকলাপে উল্লেখ করা হইয়াছে।

৯। আমি ত্রিপুরার যাবতীয় সমস্যা, যেমন, অনুন্নতশ্রেণীর কল্যাণ, জনস্বাস্থ্য সংক্রান্ত সমস্যা, ভাল পানীয় জল সরবরাহের প্রয়োজন ইত্যাদি সম্পর্কে আলোচনা করি নাই। আমাদের সামনে সমস্যাও অনেক এবং দায়িত্বও বিরাট। যাই হোক, এই সমস্যাগুলির সমাধানের জন্য আমি আমার সহকর্মীদের সহযোগিতায় আমাদের কর্ম্মপন্থা সুষ্ঠুভাবে স্থির করিয়া কয়েকটি ক্ষেত্রে আশু ফল লাভে সক্ষম হইব। উৎপাদনক্ষম নয়, এমন কোন ক্ষেত্রে ত্রিপুরার জনসাধারণের কর্ম্মসংস্থানই শুধু নয়, সমগ্র ত্রিপুরার সমৃদ্ধি সাধনই আমাদের লক্ষ্য। আমাদের সকল কাজেই টাকা এমনভাবে ব্যয় করার উপর গুরুত্ব দেওয়া হইয়াছে যাহাতে প্রকৃত সম্পদ সৃষ্টি হয়।

১০। অতএব এই বিবৃতিতে আপনারা দেখিতে পাইবেন যে, আমরা বিদ্যুৎশক্তি বৃদ্ধি, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও কৃষির উৎপাদন বৃদ্ধির উপর গুরুত্ব দিয়াছি।

১১। কৃষিক্ষেত্রে আমাদের একটি দ্রুত ফলপ্রসূ কার্যসূচী রূপায়ণের ইচ্ছা আছে। কৃষিক্ষেত্রে আমাদের প্রধান কাজ হইবে উন্নত ও অধিক ফলনশীল বীজ ব্যবহার, রাসায়নিক সার প্রয়োগের মাত্রা বৃদ্ধি, কীট ও রোগের কবল হইতে ফসল রক্ষা ও জলসেচের ব্যবস্থা করা। আমাদের প্রায় ২০০ মেঁা ট্রিক টন উন্নত ও অধিক ফলনশীল ধান ও গমের বীজ কৃষকদের কাছে কম মূল্যে সরবরাহের ইচ্ছা আছে। কেবল পরিবহন ব্যয়ের ভতু´কির ভিত্তিতে ২৪০ টন নাইট্রোজেন ঘটিত, ১৩৩ টন ফসফেট ঘটিত ও ৬০ টন পটাশ ঘটিত রাসায়নিক সার বন্টনের লক্ষ্য স্থির করা হইয়াছে। কৃষকদের মধ্যে বিতরণের জন্য প্রায় ১৫০০ টন কম্পোস্ট সার তৈরী করার ইচ্ছাও আমাদের আছে। পাঁচ একর পরিমিত জমিতে ধান, চীনাবাদাম ও ইক্ষুর প্রদর্শন ক্ষেত্র গড়িয়া তোলাও আমাদের কাম্য। প্রতি ব্লকে ৮টী হিসাবে ১০টী বকে মোট ৮০টি কৃষি প্রদর্শন ক্ষেত্র তৈরী হইবে বলিয়া আমরা আশা রাখি। শস্য সংরক্ষণের ক্ষেত্রে ১৯৭০-৭১ সালে আমরা এক লক্ষ হেক্টর জমিতে শস্য সংরক্ষণ ব্যবস্থা প্রয়োগ করার এবং কম

মূল্যে কৃষকদের কাছে শস্য সংরক্ষণের ১০০টি সরঞ্জাম বিক্রী করার আশা রাখি। তাহা ছাড়া বিভাগীয় শস্য সংরক্ষণ সরঞ্জামের ভাণ্ডার সমৃদ্ধ করার জন্য ৪০০টি এইচ, সি, 'স্প্রেয়ার' এবং ৭৫টি ন্যাপস্যাক শক্তি-চালিত 'স্প্রেয়ার' ক্রয় করা হইবে।

১২। বাণিজ্যিক পণ্যের ব্যাপারে আমরা স্বল্প মূল্যে ৫ মেট্রিক টন উন্নত জাতের পাটবীজ, ২৫০ টন আলুবীজ, ২ টন উন্নত জাতের তৈলবীজ বিতরণ করিতে চাই। কৃষকদের জমিতে ডাইল, কলাই, বাংলা ছোলা ও তুলা চাষ প্রদর্শন করা হইবে বলিয়া প্রস্তাব করা হইতেছে। নিবিড় চাষ প্রকল্পের অধীনে অতিরিক্ত ৪,০০০ একর জমি অধিক ফলনশীল ধানচাষের আওতায় আনিতে পারা যাইবে বলিয়া আশা করি। ইহার ফলে ১৯৭০-সালে ১০ হাজার একরেরও অধিক জমিতে অধিক ফলনশীল জাতীয় শস্যের চাষ হইবে এবং অতিরিক্ত ৬০০ একর জমিতে অধিক ফলনশীল গম চাষ হইবে।

১৩। কৃষকদের জন্য স্থায়ী জলসেচের ব্যবস্থা সুনিশ্চিত করার জন্য বেশ কয়েকটি ক্ষুদ্র জলসেচ প্রকল্পের কাজ চলিবে বা সুরু করা হইবে। আগামী বোরো মরশুমে কৃষকদের জলসেচের সুবিধা করিয়া দিতে যেসব প্রকল্পের কাজ শুরু হইয়াছে সেইগুলি সম্পূর্ণ করার চেষ্টা করা হইবে।

১৪। এইসব ব্যবস্থা গ্রহণের ফলে ১৯৭০-৭১ সালে ৯০০০ টন অতিরিক্ত খাদ্যশস্য উৎপন্ন করার প্রস্তাব করা হইয়াছে। ইহাতে ত্রিপুরার খাদ্যশস্য উৎপাদনের মোট পরিমাণ ২,২৩ লক্ষ টনে পৌছবে বলিয়া আশা করা যায়।

১৫। আমাদের জনসাধারণের আবশ্যকীয় খাদ্যশস্যের ঘাটতি মিটাইতে ১৯৭০-৭১ সালেও অসামরিক রেশন ব্যবস্থার মাধ্যমে খাদ্যশস্য বণ্টনের ব্যবস্থা চালু থাকিবে। এই সালে ২৫০টি ন্যায্য মূল্যের দোকান চালু আছে। প্রয়োজন হইলে আরও দোকান খোলা হইবে। বস্তুতঃ বণ্টনের জন্য খাদ্যশস্য ক্রয় করিতে পরিকল্পনা বহির্ভূত নন-প্ল্যান মূলধনী খাতে বেশী পরিমাণ অর্থ ব্যয় হয়।

১৬। ত্রিপুরার মৎস্যচাষের উন্নতি বিশেষ উল্লেখযোগ্য। আভ্যন্তরীণ মৎস্য চাষ উন্নয়নের ক্ষেত্রে প্রাথমিক প্রয়োজন হইল উন্নত জাতের মাছের পোনা। ত্রিপুরার বিশেষ অবস্থানিক পরিবেশের দরুন মৎস্য পোনা উৎপাদনের স্বাভাবিক ক্ষেত্র গড়িয়া উঠে নাই। কিন্তু চাহিদা অনুসারে উন্নত মৎস্য বীজের পরিমাণ বৃদ্ধি করিবার জন্য এদেশে উৎপন্ন ও বিদেশজাত মৎস্যের প্রবর্ত্তনমূলক প্রজনন পদ্ধতি অবলম্বনে প্রয়োজন মত উন্নত মৎস্য পোনা তৈরীর যে ব্যবস্থা করা হইয়াছে তাহা অন্য যে কোন উন্নত রাজ্যের তুলনায় সন্তোষজনক বলা যাইতে পারে। সাফল্যের সহিত সিলভার কার্প-এর ন্যায় বিদেশজাত দ্রুত বর্দ্ধনশীল মৎস্য উৎপাদনে অন্যতম পথিকৃত হিসাবে ত্রিপুরা গর্ব্ব করিতে পারে। সংকর পদ্ধতিতে আরও দ্রুত বর্দ্ধনশীল মৎস্য উৎপাদনের চেষ্টা করা হইতেছে এবং ১৯৬৯-৭০ সালে এই ক্ষেত্রে আমাদের প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষা যথেষ্ট উৎসাহব্যঞ্জক।

১৭। মৎস্যপোনা উৎপাদন সম্ভাবনার পরিমাণ ১৯৬৮-৬৯ সালে ৪ কোটি ছিল. ১৯৬৯-৭০ সালে তাহা বৃদ্ধি পাইয়া ৫ কোটিতে পৌঁছাইয়াছে। ১৯৭০-৭১ সালে আমরা এই মাত্রা আরও ৫০ লক্ষ পরিমাণ বৃদ্ধি করিতে সচেষ্ট থাকিবে।

১৮। মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য ত্রিপুরায় প্রাপ্তব্য মৎস্য চাষোপযোগী সমস্ত সম্পদ কাজে লাগানোর উদ্দেশ্যে ১৯৬৮-৬৯ সালে ৪৫.৩৫ একর পরিত্যক্ত জলাশয়ের সংস্কার করা হইয়াছে এবং ১৯৬৯-৭০ সালে বিভাগীয় প্রচেষ্টায় এবং সরকারী সাহায্যপ্রাপ্ত বেসরকারী প্রচেষ্টায় আরও ৭৮ একর অনুরূপ জলাশয়ের সংস্কার করা হইয়াছে। নিয়মিত মৎস্য চাষের জন্য ১৯৭০-৭১ সালে অতিরিক্ত ১৩০ একর পরিত্যক্ত জলাশয়ের সংস্কার করাই আমাদের লক্ষ্য।

১৯। ১৯৬৮-৬৯ সালের সর্বশেষ হিসাবে দেখা যায়, ত্রিপুরায় প্রতি হাজার জনের জন্য বিদ্যুৎ বরাদ্দ হইল ১.৯ কিলো ওয়াট: আর সেই তুলনায় ১৯৬৫-৬৬ সালে সমগ্র ভারতের জন্য এই পরিমাণ হইল ২৩.২৩ কিলো ওয়াট। আমাদের ৪৯টি অঞ্চলব্যাপী ৭টি ডিজেল-চালিত বিদ্যুৎ-উৎপাদন কেন্দ্র রহিয়াছে। এই অবস্থার উন্নতিকল্পে আমাদের দুইটি প্রধান প্রকল্প যথা, আসাম হইতে ব্যাপকভাবে বিদ্যুৎ আনয়ন এবং গোমতী জল-বিদ্যুৎ কেন্দ্রের কাজ পরবর্তী বৎসরেও চলিবে। ১৯৬৯-৭০ সালে অতিরিক্ত দুইটি জেনারেটর স্থাপনের কাজে যথেষ্ট অগ্রগতি হইয়াছে এবং শীঘ্রই তাহা শেষ হইবে বলিয়া আশা করা যায়। ১৯৭০ সালের ১৬ই জানুয়ারী হইতে ধর্মনগরে আসাম রাজ্য বিদ্যুৎ পর্ষদের নিকট হইতে ৩৩ কে, ভি বিদ্যুৎ শক্তি সরবরাহ শুরু হইয়াছে এবং ইতিমধ্যেই ঐ সরবরাহ ব্যবস্থা কৈলাসহর ও কুমারঘাট পর্য্যন্ত সম্প্রসারিত হইয়াছে। এই বৎসরে চোরাইবাড়ী হইতে আগরতলা পর্য্যন্ত ১৩২ কে, ভি, লাইন স্থাপনের কাজও অগ্রসর হইয়াছে। পঞ্চাশ শতাংশ লোড ফ্যাক্টর এর ভিত্তিতে ৮.৬ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনক্ষম গোমতী জল বিদ্যুৎ প্রকল্পও ১৯৭১-৭২ সালের মধ্যে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়। বস্তুতঃ এই উদ্দেশ্যে বাজেটে পূর্ণ সংস্থান রাখা যায় নাই কিন্তু আগামী বছরে ভারত সরকার এই ব্যাপারে আমাদের সাহায্য করিতে সক্ষম হইবেন এবং প্রথম ইউনিটটি যাহাতে যথাসময়ে চালু হয় তজ্জন্য অর্থ সংস্থান করিয়া দিবেন বলিয়া আশা করা যায়।

২০। অবিরাম প্রচেষ্টার ফলে আমরা প্রতি শত বর্গমাইলে এক কিলোমিটার পরিমাপে আমাদের রাস্তার দৈর্ঘ্য দ্বিগুণ করিতে পারিয়াছি। ১৯৬১ সালে ইহা ছিল ৮·১৩ আর ১৯৬৯ সালে হইয়াছে ১৮·৯৩। আসাম-আগরতলা এবং আগরতলা-উদয়পুর-সাব্রুম রাস্তা দুইটি এই রাজ্যের 'লাইফ লাইন' হিসাবে গণ্য। এই দুইটি রাস্তায় এবং অন্যান্য সংযোগকারী রাস্তার এস, পি, টি, সেতুগুলির স্থলে স্থায়ী সেতু নির্মিত হইতেছে। ইহা ব্যতীত গ্রামাঞ্চলের রাস্তায় এস, পি, টি, সেতু ও কালভার্ট নির্মাণ, কতকগুলি গুরুত্বপূর্ণ গ্রাম্য রাস্তায় ইট বসানো ও পাকা করা, দুর্গম এলাকায় নূতন রাস্তা তৈরী ইত্যাদি কাজ সুরু করা হইয়াছে এবং এই সকল কাজ ১৯৭০-৭১ সালেও চলিবে। বস্তুতঃ রাস্তা নির্ম্মাণ করার জন্য খরচের অধিকাংশ এই কাজে ব্যয় করা হইবে।

২১। এই অঞ্চলে শিল্প উন্নয়নের প্রয়োজনের কথা বিশেষভাবে উল্লেখ করা বাহুল্য মাত্র। সমস্যা যতই বিরাট হোক না কেন, আমি এই সভাকে আশ্বাস দিতে পারি যে, স্বল্প মূল্যে অধিক পরিমাণ বিদ্যুৎশক্তি পাওয়ায় সম্ভাবনার কথা বিবেচনাক্রমে সরকার শিল্পায়নের ক্ষেত্রে ত্রিপুরার অবস্থার কিছু পরিবর্ত্তন সাধনের যথাসাধ্য চেষ্টা করিবেন। ত্রিপুরায় যে কোন শিল্প প্রসারে

উদ্যোগী হওয়ার জন্য বেসরকারী উদ্যোক্তা, সমবায় সমিতি ও শিক্ষিত বেকারদিগকে আরও ঋণ ও উৎসাহ দিবার জন্য সরকার প্রস্তাব করিতেছেন।

২২। বন আমাদের এই অঞ্চলের সম্পদের অন্যতম প্রধান উৎস। ত্রিপুরার শিল্পায়নের প্রয়োজনে বনায়নের কথা চিন্তা করিয়া এ পর্যন্ত ২৩,৯১৫ হেক্টর জমিতে বৃক্ষ রোপণের কাজ সম্পূর্ণ করা হইয়াছে। ইহা নিঃসন্দেহে উৎসাহজনক।

২৩। কল্যাণমূলক কাজগুলির মধ্যে শিক্ষাই শীর্ষস্থান অধিকার করিয়াছে। এই বৎসর আট শতাধিক ছাত্র লইয়া একটি সান্ধ্য কলেজ খোলা হইয়াছে। পনেরোটি প্রাইমারী স্কুলকে জুনিয়র বেসিক স্কুলে এবং একটি জুনিয়র হাই স্কুলকে সিনিয়র বেসিক স্কুলে রূপান্তরিত করা ছাড়াও ২০টি প্রাক প্রাই মারী স্কুল, ২০০টি জুনিয়র বেসিক ইউনিট, ১৫টি সিনিয়র বেসিক স্কুল ৩টি হাই স্কুল এবং ১০টি সমাজ-শিক্ষা কেন্দ্র, ২টি শিশুরঙ্গ ও অন্ধদের জন্য একটি স্কুল খুলিবার অভিপ্রায় সরকারের আছে। প্রাথমিক স্তরে প্রায় ৯০০০, মাধ্যমিক স্তরে ৫০০০, উচ্চ ও উচ্চ মাধ্যমিক স্তরে ১৪০০ শিক্ষার্থীকে ভর্তি করা যাইবে বলিয়া আশা করা যায়।

২৪। শারীর-শিক্ষার ক্ষেত্রে বিগত বৎসরগুলির তুলনায় এই বৎসরে আমাদের সাফল্য আরও উল্লেখযোগ্য। পক-প্রণালীতে ভারত-সিংহল সন্তরণ প্রতিযোগিতায় আমাদের একজন সাঁতারু দ্বিতীয় স্থান অধিকার করে। ঐ প্রতিযোগী কানপুরে অনুষ্ঠিত সারা ভারত দূর পাল্লার সাঁতার প্রতিযোগিতায় প্রথম হয়। কাজাকিস্তানে অনুষ্ঠীত ভারত-রুশ জিমন্যাষ্টিক-এ আমাদের একটী ছেলে ভল্টিং-হর্স-এ প্রথম স্থান অধিকার করিয়াছে। নিখিল ভারত বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতায় এবং জাতীয় জিমন্যাষ্টিক্ প্রতিযোগীতায় আমাদের দলের প্রতিযোগিরা ব্যক্তিগত চ্যাম্পিয়ানশিপ ও চূড়ান্ত দলগত চ্যাম্পিয়ানশীপের অধিকারী হইয়াছে। আমি আশা করি যে, খেলাধূলার ক্ষেত্রে আমরা আরও উন্নতি করিতে পারিব এবং ত্রিপুরার সুনাম আরও বৃদ্ধি পাইবে।

২৫। তুলসীবতী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে তফ্‌শিলী জাতি ও উপজাতীয় বালিকাদের জন্য একটি ছাত্রী-আবাস নির্মিত হইয়াছে। ১৯৭০-৭১ সালে অনুরূপ আরও আবাস খুলিবার প্রস্তাব আছে। বিভিন্ন বৃত্তিদান প্রকল্প অনুসারে নানা বিদ্যালয় ও কলেজে পাঠরত ছাত্র-ছাত্রীদিগকে শিক্ষা দপ্তর প্রচুর সংখ্যক বৃত্তি দিয়াছেন।

২৬। জনসাধারণের চিকিৎসার সুযোগ-সুবিধার প্রয়োজন সম্পর্কে সরকার সর্বদাই সজাগ রহিয়াছেন। আমাদের বরাদ্দকৃত অর্থের অধিকাংশই হাসপাতালগুলির রক্ষণাবেক্ষনের জন্যই ব্যয়িত হইয়াছে। ঐ সমস্ত হাসপাতালে শয্যা সংখ্যার তুলনায় অধিক সংখ্যক রোগীর চিকিৎসা করা হইয়াছে। একমাত্র জি, বি, হাসপাতালেই গড়ে শয্যা সংখ্যার তুলনায় দ্বিগুণ রোগীর চিকিৎসা করা হইয়াছে। ১৯৬৯-৭০ সালে জোলাইবাড়ীতে ছয় শয্যাবিশিষ্ট একটী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং বিভিন্ন স্থানে নয়টী মেডিক্যাল ইউনিট খোলা হইয়াছে। বর্তমানে জি, বি, এবং ভি, এম্-সহ ত্রিপুরায় ১১টি হাসপাতাল, ২৩টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ১০০টি ডিসপেন্সারী আছে। আরোগ্যের সাথে সাথে প্রতিষেধক ব্যবস্থার প্রতিও সরকারের সমান দৃষ্টি রহিয়াছে।

জাতীয় ম্যালেরিয়া উচ্ছেদ কার্য্যসূচী, বসন্ত নির্মূল কার্য্যসূচী, যক্ষ্মা, যৌনব্যাধি এবং কুষ্ঠ নিয়ন্ত্রণ কার্যসূচীসমূহ, বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্যরক্ষা কার্যসূচী, পরিবার পরিকল্পনা কার্যসূচী ইত্যাদি বিগত বৎসরগুলির ন্যায় পূর্ণোদ্যমে চলিতেছে এবং আগামী বৎসরেও অনুরূপ ভাবেই চলিবে। অচিরেই ত্রিপুরায় ক্যান্সার রোগ নির্ণয়ের জন্য নিজস্ব গবেষণাগার স্থাপন করা সম্ভব হইবে এবং রোগীদের বাহিরে পাঠাইয়া ক্যান্সার রোগ নির্ণয়ের জন্য যে অসুবিধা হয় তাহা দূর হইবে। ১৯৭০-৭১ সালের মধ্যে আমরা জি, বি, হাসপাতালে ৫০টি, উদয়পুর হাসপাতালে ২০টি, মেলাঘর হাসপাতালে ১০টি শয্যা বৃদ্ধি করিতে পারিব বলিয়া আশা করি। আগামী বৎসরে আমরা আরও ৫টি ডিসপেন্সারী খুলিবারও আশা রাখি। অ্যাম্বুলেন্স সার্ভিসের আরও উন্নতির প্রয়োজনের কথা চিন্তা করিয়া আমরা ১৯৬৯-৭০ সালে ২টি অ্যাম্বুলেন্স গাড়ী কিনিয়াছি ও ১৯৭০-৭১ সালে আরও ৩টি গাড়ী কিনিবার প্রস্তাব করিতেছি।

২৭। হাসপাতালগুলির সম্প্রসারণের দরুন উদ্ভূত চাহিদা পূরণের জন্য আমাদের ছাত্রদিগকে বাহিরের মেডিক্যাল কলেজগুলিতে এম, বি, বি, এস, পড়াইবার জন্য পাঠাইতেছি। ভারত সরকার কর্ত্তৃক নির্দ্ধারিত আসনে এখন ত্রিপুরার ৯৩ জন ছাত্র ভারতের বিভিন্ন মেডিকেল কলেজ এম, বি, বি, এস, পাঠক্রমে শিক্ষা গ্রহণ করিতেছে এবং তাদের মধ্যে ৬৯ জন ছাত্র বৃত্তি পাইতেছে।

২৮। পশুপালনের ক্ষেত্রে চলতি প্রকল্পগুলির রূপায়ণ ছাড়াও প্রধানতঃ গ্রামাঞ্চলে গৃহ-পালিত পশু চিকিৎসার সুযোগ-সুবিধার দিকে দৃষ্টি দেওয়াই হইবে আমাদের আগামী বৎসরের লক্ষ্য।

২৯। পূর্ব্ব-পাকিস্তান হইতে উদ্বাস্তুদের আগমন এখনও অব্যাহত রহিয়াছে। সরকার তাহাদের দুর্দ্দশা লাঘব এবং বিভিন্ন প্রকল্পের মাধ্যমে পুনর্ব্বাসনে সচেষ্ট আছেন।

৩০। সরকার ১৯৭০-৭১ সালে অভাবগ্রস্ত কৃষক এবং উপজাতীয় চাষীদিগকে (দাদন) ঋণ দান অব্যাহত রাখিবেন। এই সমস্ত ছাড়াও গ্রামাঞ্চলে গৃহ নির্ম্মাণ এবং নিম্ন ও মধ্য আয়বিশিষ্ট ব্যক্তিদের গৃহ নির্ম্মাণের জন্য ঋণ দেওয়ার কাজ অব্যাহত থাকিবে।

৩১ অনুন্নত সম্প্রদায়ের কল্যাণের প্রতি সর্ব্বদাই আমাদের সজাগ দৃষ্টি আছে। পাতকুয়া ও নলকূপ খনন করিয়া আমরা জলসেচ ও ভাল পানীয় জলের ব্যবস্থা করার গুরুত্ব আরোপ করিয়াছি। ইহা ছাড়া ধাত্রী-বিদ্যা শিক্ষা দেওয়া, যক্ষ্মা ও ক্যান্সার রোগীদের আর্থিক সাহায্য দিবার প্রস্তাব রহিয়াছে। পাইলট প্রজেক্ট প্রকল্পের মাধ্যমে ৪০০ জুমিয়া পরিবারের পুনর্ব্বাসনের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হইতেছে এবং আশা করা যায় যে ১৯৭০-৭১ সালে এই প্রকল্পের কাজ অনেকখানি অগ্রসর হইবে।

৩২। বাজেট বরাদ্দের সঙ্গে তুলনামূলক বিচারে ১৯৬৯-৭০ সালের সংশোধিত হিসাবে প্রতিভাত হয় যে, মোট আয় ১৬৬৯৩ লক্ষ টাকা পরিমাণ (বকেয়া আদায় ব্যতীত) কম হইয়াছে এবং মোট ব্যয় ২১৮.৩২ লক্ষ টাকা পরিমাণ (রাজস্ব খাতে ৮৯.৭০ লক্ষ টাকা এবং মূলধনী খাতে ১২৮.৬২ লক্ষ টাকা) বৃদ্ধি পাইয়াছে। ব্যয় বৃদ্ধির প্রধান কারণগুলি হইল, কর্ম্মচারীদের বর্দ্ধিত হারে মহার্ঘভাতা প্রদানের জন্য, নার্সদের বকেয়া ভাতা প্রদানের জন্য

অতিরিক্ত অর্থের সংস্থান এবং বিদ্যুৎ শক্তি প্রকল্পের সন্তোষজনক উন্নয়নের জন্য অতিরিক্ত ব্যয় এবং হাসপাতালের উপর আশাতিরিক্ত চাপের দরুন হাসপাতাল রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে ব্যয় বৃদ্ধি, সড়ক নির্ম্মাণ, বৃত্তিপ্রদানের ক্ষেত্রে ব্যয় বৃদ্ধি, বেসরকারী স্কুল-কলেজগুলিকে অধিকতর আর্থিক সাহায্য ও বৃত্তি দান, সান্ধ্য কলেজ প্রতিষ্ঠা এবং ত্রিপুরার বাহির হইতে আনা পুলিশ বাহিনীর জন্য খরচের ব্যয় পূরণ।

৩৩। ১৯৬৯-৭০ সনের সংশোধিত হিসাবের ভিত্তিতে আগামী বৎসরে আনুমানিক ৭·৭১ লক্ষ টাকা আয় বৃদ্ধি হইবে বলিয়া মনে হয়। ইহা হইবে প্রান্তিক। রাজস্ব বৃদ্ধি করার জন্য বর্তমান করের হার বৃদ্ধি করা অথবা নূতন কোন কর ধার্য করার কোন প্রস্তাব এই বাজেটে নাই।

৩৪। অবশ্য দ্রুত বর্ধনশীল ব্যয়ের পরিপ্রেক্ষিতে এবং এই সকল কর্ম্মসূচীতে জনগণের অংশ গ্রহণের মাত্রা আরও বৃদ্ধির প্রয়োজনে কর বৃদ্ধির নূতন পথের সন্ধান একান্ত প্রয়োজন। সরকার আগামী বৎসরে বিষয়টি বিবেচনা করিতে পারেন।

৩৫। ১৯৭০-৭১ সালে মোট ব্যয় বৃদ্ধি পাইবে ৫৪·৭৫ লক্ষ টাকা (রাজস্ব খাতে ১০৬·৭৫ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি, মূলধনী খাতে ৫২·০০ লক্ষ টাকা ব্যয় হ্রাসের ফলে মোট বৃদ্ধি কমিয়া যাইবে)। রাজস্ব খাতে মোট ব্যয় বৃদ্ধির প্রধান কারণ হইল স্পেশ্যাল আর্ম্মড ব্যাটালিয়নের প্রবর্তন, শিক্ষা ক্ষেত্রে পূর্ব্বোক্ত কারণে ব্যয়ের পরিমাণ বৃদ্ধি। কৃষিকার্যসূচী জোরদার করিয়া তোলা, উন্নততর শিল্পায়নের জন্য বর্ধিত প্রচেষ্টা। গোমতী জলবিদ্যুৎ প্রকল্প ও অন্যান্য বিদ্যুৎ প্রকল্পের জন্য প্রাপ্ত অর্থের সীমাবদ্ধতার ফলে মূলধনী খাতে মুখ্যত: ব্যয় হ্রাস পাইয়াছে। ১৯৭০-৭১ সালে এই খাতে আমরা আরও কিছু বেশী অর্থ বরাদ্দ পাইব বলিয়া আশা করি।

৩৬। প্রাপ্তি ও আদায়ের পরিমাণ হিসাবের পর ১৯৬৯-৭০ সালের সংশোধিত বরাদ্দে রাজস্ব খাতে ১৪৯১·৬৭ লক্ষ টাকা ঘাটতি এবং ১৯৭০-৭১ সালের বাজেট বরাদ্দের ১৬১৫·৪৮ লক্ষ টাকা কেন্দ্র হইতে প্রাপ্ত অনুদান দ্বারা পূরণ করা হইবে। আর আদায়ের পরিমাণ হিসাবের পর ১৯৬৯-৭০ সালের সংশোধিত বরাদ্দে মূলধনী খাতে ৫৫৫·২২ লক্ষ টাকার ঘাটতি এবং ১৯৭০-৭১ সালের বাজেট বরাদ্দের ৫০২·৫০ লক্ষ টাকা কেন্দ্র হইতে প্রাপ্ত ঋণ দ্বারা সংকুলান করা হইবে।

৩৭। মোট ব্যয় ৩১৫৮·০১ লক্ষ টাকার মধ্যে ৫৮২·৭৩ লক্ষ টাকা পরিকল্পনার অন্তর্ভুক্ত ব্যয়। ১৯৭০-৭১ সালের পরিকল্পনার ব্যয় ৮১৬·৮১ লক্ষ টাকা হইবে বলিয়া অনুমতি হওয়ায় ৫৫০ লক্ষ টাকার ঋণ ও অনুদান হইতে ত্রিপুরার পরিকল্পনার যে ব্যয় পূরণ করা হয় তাহা বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা আছে।

৩৮। ত্রিপুরার সম্পদ বৃদ্ধির সম্ভাবনা যে বিপুল এই বিষয়ে আমি নিঃসংশয়। এই সঙ্গে নিজেদের অবস্থার উন্নতি সাধনের জন্য জনসাধারণের আকাঙ্খাও বিদ্যমান থাকিবে সে বিষয়েও আমার কোন সন্দেহ নাই। শীঘ্র ফল লাভের জন্য উপযুক্ত ক্ষেত্রের উপর প্রাধান্য দিয়া পরিকল্পনার মাধ্যমে জনসাধারণের কর্ম্মক্ষমতাকে ঈপ্সিত পথে পরিচালিত করাই হইবে সরকারের প্রচেষ্টা। সরকারের এই প্রচেষ্টায় প্রত্যেকের সহযোগিতা একান্ত প্রয়োজন, কারণ

এই সন্মানীয় সভার মাধ্যমে জনসাধারণের সদিচ্ছাই এই সমস্ত কর্মপ্রচেষ্টাকে সাফল্যমণ্ডিত করিবে।

৩৯। ত্রিপুরায় শান্তি ও শৃংখলা বজায় রাখা যে একান্ত প্রয়োজন এই কথা উল্লেখ করিয়া আমি আমার বক্তব্য শেষ করা সঙ্গত মনে করি। কারণ শান্তি বিরাজমান না থাকিলে কোন উন্নয়নের কাজই নির্বিঘ্নে চলিতে পারে না।

৪০। এই কথা বলিয়া আমি ১৯৭০-৭১ সালের বাজেট পেশ করিলাম।

Shri Krishnadas Bhattacharjee :— Mr. Speaker, Sir,, I beg to lay the Supplementary Budget for the year 1969-70 and the Notes on Vote on Account for 3 months of 1970 out of the budget of 1970-71.

Mr. Speaker :—Hon'ble Members, you are requested to submit your Cut Motions, if any, on Demands for Supplementary Estimates for 1969-70 within 5 p. m. on Saturday, the 21st March, 1970 and those on Demands for 1970-71 within 5 p. m. on Thrusday, the 26th March, 1970.

Members are requested to collect their copies of the following from the Notice Office :—

1. Budget for 1970-71 and Demands for Grants relating thereto.
2. Supplementary Demands for Grants for 1969-70.
3. Memorandum Explanatory of the Budget for 1970-71.
4. Motion on Vote on Account.
5. Budget speech of Finance Minister.

Next item in the list of business is Re-laying of the Tripura Weight & Measures (Enforcement)Rules, 1968 for 2 days on the Table of the House.

Above rules stand and laid on the Table.

Now, regarding discussion on Lt. Governor's Address.

I shall call on Shri Umesh Lal Singh to move his Motion of Thanks.

Shri Umesh Lal Singh :—Hon'ble Speaker, Sir, we the members of the Tripura Legislative Assembly assembled in this Session beg to offer our humble thanks to the Lt. Governor for the most excellent speech which he has been pleased to deliver to the House on the 18th March, 1970.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৮ তারিখে আমাদের মাননীয় লেফটেনেণ্ট গভর্ণর শ্রী ডায়াস আমাদের এই বিধান সভায় তাঁর প্রথম ভাষণ দিয়েছেন লেফটেনেণ্ট গভর্ণর হিসাবে, সেজন্য আমরা অত্যন্ত গর্ব বোধ করি এবং আনন্দিত হয়েছি। তিনি তাঁর ভাষণ দিতে গিয়ে বলছেন যে তিনি বাংলা ভাষায় ভাষণ দিতে পারছেন না বলে নিজেকে দুঃখিত মনে করেছেন এবং ভবিষ্যতে যদি কখনও তিনি আবার এই বিধান সভায় ভাষণ দেওয়ার সুযোগ পান তাহলে তখন তিনি আমাদের এই আশ্বাস দিয়েছেন

যে তিনি তাঁর ভাষণ বাংলা ভাষাতেই রাখবেন। আমরা আরও দেখি যে আমাদের এই ত্রিপুরা রাজ্যে প্রাক্তন মহারাজার আমলে বাংলা ভাষাকে রাজ্য ভাষা বলে গ্রহণ করা হয়েছিল এবং তখনকার সরকারী কাজে ও বিচারালয়ে কাগজগুলি বাংলা ভাষাতেই সমাপ্ত হত। কিন্তু পরবর্ত্তী সময়ে সেই অবস্থার একটা বিরাট পরিবর্ত্তন সাধিত হয়েছিল। কিন্তু আমরা এই বিধান সভায় একটা প্রস্তাব গ্রহণ করেছিলাম যাতে বাংলা ভাষাকে রাজ্য ভাষারূপে গ্রহণ করা হয়। আমাদের সেই প্রস্তাবটা বিশেষভাবে কার্য্যকরী হতে চলছে বলে আমরা অত্যন্ত গর্বিত। তিনি যে সামান্য কতটুকু বাংলায় বলেছেন তাতে আমরা দেখেছি যে তার উচ্চারণ অত্যন্ত পরিষ্কার এবং নির্ভুল তার সাথে সাথে আমরা আরও দেখতে পাই আমাদের এই বিধান সভায় যেসমস্ত প্রস্তাব গ্রহণ করেছিলাম তিনি সেগুলির মর্য্যাদা দিতেছেন, সেটা আমাদের পক্ষে কম আনন্দের কথা নয়। আমরা দেখেছি যে তিনি মাননীয় সদস্যগণকে আহ্বান জানিয়েছেন আমাদের সমাজের মধ্যে যাতে একটা শান্ত ও সুষ্ঠু পরিবেশ সৃষ্টি হয় সেজন্য তারা যেন সবাই সহযোগিতা করেন। আমরা আরও দেখতে পাই তিনি প্রথমেই আমাদের মাননীয় সদস্যগণকে আহ্বান জানিয়েছিলেন যে বিশেষভাবে সমঝোতার মাঝে আমাদের রাজ্যের সমস্ত কিছু কাজ কর্ম্মের মধ্যে যেন সবাই সহযোগিতা করেন। আমরা দেখতে পাই বিশেষতঃ সর্ব্বভারতীয় ব্যাপারে আমাদের স্বর্গীয় ডাঃ জাকির হোসেন, আমাদের রাষ্ট্রপতি, তার মৃত্যুর পর, তাকে বিশেষভাবে সম্মান দিয়ে দেশের সেবা এবং দেশের প্রতি তাঁর যে দান ছিল তাও তিনি আমাদের এই বিধানসভায় প্রকাশ করেছেন। তারপর নবনির্ব্বাচিত রাষ্ট্রপতি শ্রীভি, ভি, গিরির নির্ব্বাচনেও তিনি তাঁর প্রতি আনন্দ প্রকাশ করেছেন। গত সেপ্টেম্বর মাসে আমাদের প্রধান মন্ত্রীর এখানে আগমনে তিনি একটা বিশেষ প্রশ্ন এখানে রেখেছিলেন এবং বলেছেন যে এসে ডুম্বুর হাইডেল প্রজেক্টের যে কাজ চলেছে সেখানে ভিত্তি তিনি প্রস্তর স্থাপন করে গিয়েছেন। কিন্তু যদি তাকে দিয়ে সেটা উদ্‌বোধন করানো যেত তাহলে সেটাই হতো সবচেয়ে ভাল। আমাদের বিধানসভায় একটা বৈশিষ্ট আছে এবং আমাদের উপর নির্ভর করে তিনি সব কিছু আমাদের কাছে নিজেই ছেড়ে দিয়েছেন এবং আমাদের বিশেষ উপলব্ধি আছে এটাও তিনি স্বীকার করেছেন। সমস্ত ভাষণের মধ্যে দেখতে পাই যে এই ভাষণটা ৪০টা ভাগে ভাগ করা হয়েছে। তার মধ্যে প্রথম ভাগেই বুঝতে পারা যায় যে জনগণের প্রতি তার দৃষ্টি আছে। আমরা দেখছি রাজ্যে জনসংখ্যা দিনের পর দিন বর্ধিত হওয়ায় আমাদের মধ্যে যে একটা সমস্যার উদ্ভব হতে পারে এটা তিনি লক্ষ্য করেছেন। উদ্বাস্তু আগমনের ব্যাপারে প্রায় ছয় হাজার পরিবারকে যে অন্য রাজ্যে পুনর্ব্বাসনের ব্যবস্থা করা হয়েছে তার উল্লেখ করা হয়েছে। এই জনসংখ্যা প্রতিরোধ করার জন্য সরকারীভাবে যাতে তার প্রতিবিধান হয় সেই চেষ্টা তিনি করেছেন। আমাদের সামনে জুমিয়া তপশীলি জাতি এবং উদ্বাস্তু ভূমিহীনদের প্রতিকার, সহানুভূতি তার ভাষণে প্রকাশ করেছেন। আমরা দেখতে পাই জনগণের যে আশা আকাঙ্খা তাকে বিশেষ-ভাবে নির্ভরযোগ্যতা হিসেবে যাতে তাদের সেইসব পূরণ হতে পারে সেই দিকে তিনি লক্ষ্য রেখেছেন এবং পরিকল্পনার মাধ্যমে যাতে কাজ হতে পারে সরকারকে

সই বিষয়ে সচেষ্ট হবার জন্য তিনি বলেছেন। আমাদের শাসন যন্ত্রের মনোনয়নের জন্য তিনি চেষ্টা করেছেন এবং আমাদের কাছে তা বিশেষভাবে প্রকাশ করেছেন যাতে আমাদের এই বিধান সভায় আমরা ত্রিপুরা রাজ্যকে কয়েকটি জেলায় বিভক্ত করার জন্য যে প্রস্তাব পাশ করেছিলাম সেইদিকে তার বিশেষ লক্ষ্য আছে এবং দেখেছি যে তার ভাষণের মাধ্যমে এই রাজ্যকে তিনটি জেলায় বিভক্ত করার জন্য এবং অন্যান্য রাজ্যের সমতুল্য অবস্থায় পৌঁছে দেবার জন্য তিনি বলেছেন—"প্রত্যেক জেলায় জেলাশাসক ও সমহর্তা হবেন প্রধান সরকারী কর্ম্মকর্ত্তা। তাঁরা একাধারে আইন শৃঙ্খলা রক্ষা, রাজস্ব, খাদ্য ও জনসংভরণ বিভাগের সুষ্ঠু পরিচালনা এবং উন্নয়মূলক প্রকল্পগুলির সংগে সংশ্লিষ্ট স্থানীয় দপ্তরগুলির সঙ্গে সহযোগিতা করবেন ও সেইগুলি পরিচালন ব্যবস্থায় রাখবেন।" শুধু তাই নয় আমাদের কৃষির যাতে উন্নতি সাধিত হয় সেজন্য ভূমি সংক্রান্ত নথিপত্র ও কৃষি পরিসংখ্যান বিন্যাসের উদ্দেশে। তহশীলের সংখ্যা ও বৃদ্ধি করা হবে। সেইদিকেও তিনি লক্ষ্য রেখেছেন। আমাদের স্মরণ রাখা উচিত যে তিনি সরকারী কর্ম্মচারীদের সম্বন্ধেও বলেছেন যে তাদের মধ্যে একটা বিশেষ চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। সেই দিকেও তিনি দৃষ্টি দিয়েছেন যে তারা যেন ধৈর্য্য অবলম্বন করেন এবং জনসাধারণের উন্নতি যাতে হতে পারে সেইভাবে তাদের কাজ করবার জন্য তিনি আহ্বান জানিয়েছেন। আমরা আরও দেখেছি তিনি বলেছেন সরকারী কর্ম্মচারীদের উৎসাহিত করবার জন্য চাকরীর সিনিয়রিটি প্রনয়ণ, যোগ্য কর্ম্মচারীদিগকে স্থায়ী এবং অর্দ্ধস্থায়ী করবার জন্য সরকারের ব্যবস্থা আছে। "ত্রিপুরা সিভিল সার্ভিস, ত্রিপুরা জুডিশিয়াল সার্ভিস এবং ত্রিপুরা পুলিশ সার্ভিস ইতিপূর্ব্বে বিধিবদ্ধ হয়েছে। ত্রিপুরা জুনিয়র সিভিল সার্ভিস নিয়মাবলী ইতিপূর্বে রচিত ও বিজ্ঞপিত হয়েছে। ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের সাথে আলোচনাক্রমে ত্রিপুরা জুনিয়র সিভিল সার্ভিসের প্রাথমিক গঠনতন্ত্র অচিরেই রচিত হবে।" সেই দিকেও তার লক্ষ্য আছে এবং শুধুমাত্র তাই নয় ত্রিপুরা রাজ্যের সমস্ত কর্ম্মচারীকে ভারতের অন্যান্য টেরীটরীতে আছে, যথা—দিল্লী, গোয়া, দমন, দিউ, আন্দামান, নিকোবর দ্বীপপুঞ্জ প্রত্যেক কেন্দ্র শাসিত অঞ্চলগুলিতে যাতে তাদের বেতন ও ভাতা সমান হতে পারে সেই বিষয়ে তিনি তাঁর মত প্রকাশ করেছেন এবং ৬ই মার্চ থেকে আমাদের এখানেও সেটা প্রযোজ্য করবার জন্য তিনি চেষ্টা করেছেন। তিনি এসেছেন এখানে মাত্র দেড় মাস হল তার মধ্যে আমরা দেখতে পাই ত্রিপুরা সম্পর্কে তাঁর যথেষ্ট অভিজ্ঞতা হয়েছে এবং তার ভাষণে তা প্রকাশ করেছে। তিনি কৃষির উপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করেছেন। যতশীঘ্র সম্ভব কৃষির উন্নতি করতে আশু ফলদায়ক প্রকল্পগুলি রূপায়ণের কাজ ত্বরান্বিত করার জন্য বিশেষভাবে তিনি গুরুত্ব আরোপ করেছেন। খাদ্যে স্বয়ম্ভরতা অর্জনের জন্য কৃষিই হচ্ছে তার প্রথম পদক্ষেপ। আমরা দেখতে পাই সবুজ বিপ্লবের জন্য যাতে আমাদের দেশে বিশেষভাবে উৎপাদন বৃদ্ধি পেতে পারে, কৃষির উন্নতি হতে পারে সেইভাবে বৈজ্ঞানিক প্রথায় যাতে তার উন্নতি হয় তার চেষ্টার জন্য সরকারকে অবহিত বলেছেন এবং তার সরকার সেই চেষ্টা করে চলছেন, একথাও তিনি আমাদের কাছে প্রকাশ করেছেন। আমাদের এখানে পুর্বে দুইটি ফসল উৎপাদন করা হত। আরও একটি ফসল উৎপাদনের জন্য কৃষকদের মধ্যে যাতে আগ্রহ হতে পারে, যাতে তিনটি ফসল

তাদের জমিতে ফলাতে পারে সেইদিকেও তিনি লক্ষ রেখেছেন এবং কৃষকদের সাহায্যের জন্য রাষ্ট্রায়ত্ব ব্যাংকের মারফত সরকারী সংস্থা এবং সমবায় প্রথার মাধ্যমে কৃষি ঋণের সুযোগ সুবিধা পেতে পারে সেই দিকেও তিনি লক্ষ্য রেখেছেন।

আমাদের কৃষকদের যে একটা অসুবিধা, জলসেচের তেমন সুবিধা নাই, সর্বত্র যাতে জলসেচের উন্নতি হতে পারে সেইদিকে তিনি গুরুত্ব আরোপ করেছেন এবং তার জন্য ডীপ টিউবওয়েল এবং জলসেচের ব্যবস্থার জন্য বিদ্যুৎকে যাতে কাজে লাগাতে পারে সেইদিকে তিনি দৃষ্টি দিয়েছেন। আমরা দেখতে পাই ধর্মনগরে এবং কৈলাসহর মহকুমায় যাতে প্রথম এই কাজটা সুরু হতে পারে, আসাম থেকে বিদ্যুৎ সরবরাহ করা যায়, এইবিষয়ে তিনি কার্যকরী প্রচেষ্টা নিয়েছেন। শুধু তাই নয়, পূর্বে কৃষির মধ্যে শুধু ধানের উপর নির্ভর করতে হত, বর্তমানে সেখানে গম চাষের ব্যবস্থাও হয়েছে। যদিও সর্বত্র সেটা হয়নি, যাতে সেটা সর্বত্র করা যায় তার জন্য তিনি চেষ্টা করছেন। সাথে সাথে কৃষককেরা ফল চাষের দিকে যাতে দৃষ্টি দেন এবং তার দ্বারা তাদের অভাব মোচন করতে পারেন, সেই দিকেও চেষ্টা করবার জন্য বলেছেন। সেইজন্য তিনি আনারস, কমলা লেবু, কাজুবাদাম ইত্যাদির উন্নতিকল্পে ফলের চাষের দিকে নজর দেওয়ার জন্য তার সরকারকে বলেছেন। তিনি জানেন কাজুবাদামের চাহিদা দেশে এবং বিদেশে যথেষ্ট আছে। তাই এই শিল্প যাতে গঠিত হতে পারে এবং তার উৎপাদন যাতে বৃদ্ধি পায় তার জন্যও তিনি তার সরকারকে বলে গেছেন।

যাতে কৃষকগণ মাহাজনের শোষণ থেকে রক্ষা পেতে পারে সেইদিকেও তিনি বিশেষ দৃষ্টি দেওয়ার জন্য বলেছেন। কৃষকদের উৎপাদিত ফসল যাতে অল্প সময়ের মধ্যে নষ্ট হয়ে না যায়, তার জন্য কোল্ড স্টোরেজ করার দিকে দৃষ্টি রাখতে বলেছেন।

এরপর আমরা দেখতে পাই তিনি আমাদের কৃষকদের যে বকেয়া রাজস্ব অনেক বাকী পরে আছে, সেগুলি কিভাবে মুকুব দেওয়া যেতে পারে সেই সম্পর্কে আমাদের সরকার বিবেচনা করছেন বলে আমাদের তিনি এখানে বলেছেন। আবার আমাদের তিনি সচেতন করে দিয়েছেন যে রাজস্ব যদি ঠিকমত পাওয়া না যায় তাহলে কাজের অসুবিধা হবে, উন্নতির সহায়ক হবে না, তার জন্য নতুনভাবে আয়ের উৎস আমাদের বাড়াতে হবে। এই রাজস্ব মুকুবের ফলে যে পরিমাণ অর্থের হ্রাস পাবে সঙ্গে সঙ্গে আয়ের নতুন উৎস থেকে তার সমতা বিধান করা যায় তারই জন্য তিনি একথা আমাদের বলেছেন।

আমাদের এখানকার যে প্রাচীন আদিবাসী, তাদের একটা বিরাট সংখ্যা এখনও জুমের উপর নির্ভর করে। অর্থ নৈতিকভাবে জুম চাষ বিশেষ লাভজনক নয়। তাদের বাঁচতে হবে সেইদিকে লক্ষ্য রেখে তাদের উন্নতি বিধানের জন্য, এবং তাদের সাথে সাথে তপশীলি জাতি, তপশীলী উপজাতি, প্রভৃতি পরিবার যাতে নির্ভরযোগ্যভাবে উৎপাদন করতে পারে এবং কর্ষণযোগ্য ভূমি তাদের মধ্যে বিতরণ করা যেতে পারে সেইজন্য তার সরকার চেষ্টা করছেন, একথা তিনি এখানে বলেছেন। সবুজ বিপ্লব আনয়নের পথে সচেষ্ট হবার জন্য সরকারকে বিশেষভাবে উদ্বুদ্ধ হতে তিনি বলেছেন। যাতে টীলা ভূমিতেও প্রচুর ফসল উৎপাদন করা যায়, সেইদিকে তিনি সরকারকে বলেছেন। তারপর আমরা

দেখছি যে এই আদিবাসী পরিবারকে পুনর্বাসন দেওয়ার জন্য, প্রতি বৎসর যাতে ৪০০ থেকে ৫০০ পরিবারকে পুনর্বাসন এর ব্যবস্থা হতে পারে সেইদিকে চিন্তা রেখে ট্রাক্টারের সাহায্যে এবং অন্যান্য যন্ত্রপাতির সাহায্যে বৈজ্ঞানিক উপায়ে যাতে তাদের কাজের সহায়ক হতে পাতে সেইদিকে তিনি সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন।

তারপর তিনি বনজ সম্পদের কথা বলেছেন। ত্রিপুরা রাজ্য এক সময়ে বনজ সম্পদে সমৃদ্ধ ছিল। কিন্তু বর্ত্তমানে জনসংখ্যার চাপে জুম চাষের দরুণ বন অনেক কমে গেছে। সেইদিক দিয়ে তিনি বলেছেন যে এটা দেশের একটা অনর্থ হতে পারে এবং আমাদের দেশের বনের ধ্বংসের দ্বারা দেশের যাতে কুফল হতে না পারে সেইদিকে লক্ষ্য রাখতে বলেছেন। মানুষের প্রয়োজনে বনের প্রয়োজন আছে। বন রক্ষার প্রয়োজন আছে, সেইদিকে লক্ষ্য রেখে এগিয়ে যাওয়ার জন্য তিনি সকলকে বলেছেন। বন থেকে উৎপাদিত জিনিষের দ্বারা বনভিত্তিক শিল্প যাতে আমরা গড়ে তুলতে পারি সেইদিকে দৃষ্টি দেওয়ার জন্য তিনি বলেছেন। ত্রিপুরার মাটিতে রাবারের চাষ করার জন্যও তিনি বলেছেন।

পানীয় জলের যাতে সুবিধা করা যেতে পারে, সেই দিকে আমাদের বিশেষভাবে লক্ষ্য রাখার জন্য বলেছেন এবং সরকারের সেইদিকে প্রচেষ্টা আছে বলে তিনি উল্লেখ করেছেন।

আমরা দেখেছি যে আমরা শিল্পের দিক থেকে বিশেষভাবে পিছিয়ে আছি এবং সেটাকে উন্নতি করতে হলে পরে আমাদের যোগাযোগের সুব্যবস্থা করতে হবে। তার জন্য, ধর্মনগর থেকে আগরতলা পর্যন্ত রেল লাইন সম্প্রসারণের কথা তিনি আমাদের এখানে উল্লেখ করেছেন। আমাদর এই বিধান সভা সমগ্র ত্রিপুরায় যাতে রেল লাইন সম্প্রসারিত হতে পারে তার জন্য প্রস্তাব নেওয়া হয়েছিল এবং সেই প্রস্তাব যাতে কার্যকরী হতে পারে, তার চেষ্টা সরকারের রয়েছে। তার বক্তৃতায় যে সেটা প্রকাশ পেয়েছে সেইজন্য বিশেষ আনন্দিত।

আমাদের এখানে বেসরকারীভাবে এবং করপোরেশান করে ট্রান্সপোর্টের ব্যবস্থা করা হচ্ছে, তাতে বেসরকারী ট্রাকের মালিক যারা আছেন তারা যাতে ট্রাকগুলি এই সংগে একযোগে চালানোর ব্যবস্থা করে এবং অর্থ নৈতিক অসুবিধার না পড়েন সেইদিকে লক্ষ্য তিনি রেখেছেন এবং তাদেরকে সেইভাবে এগিয়ে আসার জন্য আহ্বান সকলকে জানিয়েছেন।

শুধু তাই নয়, আমরা দেখি দেশে যাতে শিল্পের উন্নতি হতে পারে, তার জন্য ফল সংরক্ষণ শিল্প, কাপড় কাচার সাবান, কালি, হস্তচালিত তাঁতের জন্য সূতা, দেয়াশলাই, আর, সি, সি; স্পান পাইপ, এলুমিনিয়াম এবং স্টেনলেস ষ্টীলের বাসনপত্র তৈরী, ষ্টীলের আসবাবপত্র, ঔষধপত্র, ওয়েট বেটারী, পোষাক পরিচ্ছদ এবং জুতা তৈয়ারীর শিল্প ইত্যাদি শিল্পের মধ্য দিয়া জনসাধারণ ব্যবসা করতে পারে তার জন্য তিনি বিক্রয় কেন্দ্র করবেন বলে এখানে আমাদের আভাষ দিয়েছেন। আমরা দেখতে পাই যে কলিকাতায় একটি বিক্রয় কেন্দ্র খোলা হয়েছে এবং দিল্লীতে খোলার ব্যাপারেও চেষ্টা হচ্ছে। অন্যান্য শিল্প বিশেষভাবে

যাতে ত্রিপুরাতে চালু করা যায়, সেজন্য তিনি সরকারকে আরও চেষ্টা করার জন্য বলেছেন আমাদের প্রাকৃতিক সম্পদের মধ্যে তৈল গ্যাস আছে বলে আমরা জেনেছি, সেটা যাতে কার্যকরী করা যায়, সেইদিকে তিনি সরকারকে দৃষ্টি দিতে বলেছেন। ত্রিপুরার চা শিল্প একটা গুরুত্বপূর্ণ শিল্প। এর দ্বারা আমাদের বহুলোকের অন্নসংস্থান হয়ে থাকে, সেটা যাতে উন্নত হতে পারে চা শ্রমিক ও তাদের শিশুদের শিক্ষা এবং শ্রমিকদের জন্য যাতে কল্যাণ কেন্দ্র খোলা যায় তার জন্য বিশেষভাবে তিনি সরকারকে সচেষ্ট হতে বলেছেন এবং তার ভাষণে তা প্রকাশিত হয়েছে। শুধু তাই নয়, গ্রামবাসীগণ যাতে গৃহনির্ম্মাণের জন্য বিশেষভাবে সাহায্য পেতে পারেন তার চেষ্টা এখন থেকে করা হবে। সেজন্য কমলপুর, কাঞ্চনপুরে ব্লকগুলিতে গ্রামগুলির সঙ্গতি অনুযায়ী তারা যাতে আর্থিক সাহায্য পেতে পারে তার ব্যবস্থা হয়েছে। তা ছাড়া আমাদের বে-সরকারী প্রতিষ্ঠান ও দোকান কর্ম্মচারীগণের মজুরীর হার যাতে নির্দ্ধারিত হয় এবং তারা ছুটি ও অন্যান্য কল্যাণমুলক সুযোগ সুবিধা পেতে পারে এবং তার জন্য বিল করবার যে প্রচেষ্টা চলছে সেই সম্পর্কেও তিনি আমাদের জানিয়েছেন। এটা অত্যন্ত আনন্দের কথা যে তিনি সব বিষয়ের প্রতি নজর রেখেছেন। আমরা দেখতে পাই বন্যানিয়ন্ত্রণের জন্য সরকার থেকে একটা খসড়া তৈরী করা হচ্ছে যাতে করে খোয়াই, গোমতী হাওড়া ও মনু এই ৪টি নদীর বন্যা নিয়ন্ত্রণ করা যায়, সেজন্য সার্ভের কাজও চলছে। আমাদের দেশের প্রাক্তন সৈনিক এবং স্বাধীনতা সংগ্রামীদের পুনর্ব্বাসনের জন্য একটা পরিকল্পনার কথা তিনি আমাদের জানিয়েছেন। বর্ত্তমানে প্রায় ৮০০ পরিবারের পুনর্ব্বাসনের ব্যবস্থা হয়েছে এবং আরও ৫০০ পরিবার যাতে তাদের পুনর্ব্বাসন পেতে পারেন সেজন্যও ব্যবস্থা হচ্ছে। সেগুলি হবে করঙ্গিছড়া এবং বিলোনিয়ার রাধানগরে। আমরা জানি যে তারা অত্যন্ত আর্থিক সংকটের মধ্যে দিন যাপন করছেন এবং তারাই আমাদের এই স্বাধীনতা সংগ্রামে জীবন দিয়েছিলেন, আর যারা এখন জীবিত আছেন তারা দেশের স্বাধীনতার জন্য সংগ্রাম করে নি:স্ব হয়েছেন। কাজেই তাদের সুখ সাচ্ছন্দের জন্য কি ব্যবস্থা করা যায় সেজন্য আমাদের সরকার সচেষ্ট আছেন বলে তিনি আমাদের জানিয়েছেন। আমাদের শিক্ষায়তনগুলিতে স্থানীয় ভাষায় কিভাবে শিক্ষা দেওয়া যায়, যেমন উপজাতিদের ভাষার কি করে উন্নতি করা যায় সেজনাও তিনি অত্যন্ত আগ্রহী এবং এজন্য যারা ঐ উপজাতিদের শিক্ষায় নিযুক্ত কর্ম্মচারী আছেন, তাদের ঐ উপজাতীয় ভাষায় শিক্ষা দেওয়ার জন্য একটা প্রাথমিক অভিযানও চালানো হচ্ছে বলে উনি এখানে উল্লেখ করেছেন এবং সরকার সেদিকে যে প্রচেষ্টা চালাচ্ছেন, তাতে তারা সাফল্য লাভ করবেন বলে আমার বিশ্বাস আছে এবং সেটা অতিসত্বর কার্য্যকরী হবে বলে আমরা আশা করতে পারি। তিনি আরও বলেছেন যে আমাদের স্কুল ও কলেজগুলিতে যে নিয়ম শৃঙ্খলার অভাব দেখা দিয়েছে, সেজন্য তিনিও আমাদের মতই বিচলিত এবং এই সমস্যার সমাধানের জন্য সহযোগিতা করার জন্য তিনি আমাদের সভার কাছে আহ্বান রেখেছেন।

প্রত্যেকের দাবী মিটাতে যাতে সমস্ত রকম প্রচেষ্টা হতে পারে এবং সেই প্রচেষ্টা না হলে সে দাবী মানা সম্ভব নয়, একথাও তিনি আমাদের কাছে প্রকাশ করেছেন। আমরা আরও জানি

যে আজকে যেভাবে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে তার সাথে সাথে কতগুলি শহরও আমাদের এখানে তৈরী হয়ে উঠছে, যেমন ধর্মনগর, রাধাকিশোরপুর, খোয়াই, বিলোনীয়া এবং কৈলাসহর এই ৫টি জায়গায় আজকে যাতে মাষ্টার প্লান করে, তার মাধ্যমে সেগুলির উন্নতি করা হয় তারই জন্য ত্রিপুরা নগর ও গ্রাম পরিকল্পনা বিলের একটি খসড়া তৈরী করা হচ্ছে, এটাও তিনি আমাদের জানিয়েছেন। আগরতলা শহরকেও যাতে একটা মাষ্টার প্লানের মাধ্যমে উন্নত করা হয়, সেজন্য কাজকর্ম করার জন্য প্রচেষ্টা চলছে এবং এই সম্বন্ধে যেসব পরীক্ষা নিরীক্ষা চলছে, তাও তিনি আমাদের কাছে প্রকাশ করেছেন। আর একটা আনন্দের কথা যে আমাদের এই আগরতলা পৌরপ্রতিষ্ঠানটিকে একটি প্রতিনিধি মণ্ডলে রূপান্তরিত করার জন্য শীঘ্রই একটা নির্বাচন অনুষ্ঠিত হবে।

Mr. Speaker :—Hon'ble Member, I think you are going to finish your speech now.

শ্রীউমেশ লাল সিংহ :—স্যার, আমাকে আরও কিছু সময় দিলে ভাল হয়।

Mr. Speaker :—Yes, you are allowed two minutes time.

শ্রীউমেশ লাল সিংহ :—আমরা আরও দেখেছি যে তিনি আমাদের সামনে একটা নতুন জিনিষ তুলে ধরেছেন সেটা হল তিনি বাংলা ভাষা না জেনেও বাংলাতে কিছু বলতে চেষ্টা করছেন। আমরা দেখেছি যে আমাদের মহাঋষি বঙ্কিম চন্দ্র বন্দে মাতরম বলে আমাদের এই ভারতবর্ষকে জাগরিত করেছিলেন আর আমাদের গুরুদেব জনগণ মন অধিনায়ক গান নিয়ে আমাদের দেশকে উন্নত করবার এবং সমগ্র দেশবাসীকে দেশের প্রতি ভক্তি ও শ্রদ্ধা দিয়ে ভালবাসতে শিক্ষা দিয়েছিলেন। ঠিক তেমনিভাবে আমরা আরও দেখি যে আমাদের নেতাজী তার জয় হিন্দ শব্দ দিয়ে আমাদের মনকে উৎসাহিত করেছিলেন। আজও ঠিক তেমনিভাবে জয় ত্রিপুরা বলে তিনি আমাদেরকে সম্বোধন করেছেন এবং ত্রিপুরাকে সুন্দরভাবে গড়ে তুলবার জন্য আমাদের কাছে আহ্বান জানিয়েছেন। সেজন্য আমরা অত্যন্ত গর্বিত যে আমাদের ত্রিপুরার উন্নতিকল্পে তার যে আগ্রহ আছে, সেটাই আমরা তাঁর ভাষণের মাধ্যমে জানতে পেরেছি। এই বলে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

Mr. Speaker :—Now, I would request Hon'ble Member Shri Kshitish Ch. Das who seconded the motion of thanks moved by Shri Umesh Lal Singh.

শ্রীক্ষিতিশ চন্দ্র দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ত্রিপুরা বিধান সভায় মাননীয় লেফটেন্যান্ট গভর্ণর যে ভাষণ দিয়েছেন, তারজন্য মাননীয় সদস্য উমেশবাবু যে মোশান অব থ্যাঙ্কস এই হাউসের সামনে রেখেছেন, আমি সেটাকে সমর্থন করি। আর এই সমর্থনের সাথে সাথে আমি এখানে ২।১টি কথা রাখব যে আমাদের লেফটেনান্ট গভর্ণরের ভাষণের মধ্যে আমাদের এই সমস্যা জর্জরিত ত্রিপুরার যে কল্যাণমুলক কাজকর্ম হবে, সেটা নিহিত রয়েছে। আজকে আমাদের ত্রিপুরা যেসব সমস্যার সম্মুখীন হয়েছে, কোন রাস্তাঘাট, পরিবহন ইত্যাদি সমন্ধে তার সমস্ত কিছুই ওনার ভাষণটি পড়লে পরে বুঝা যাবে এবং তার সমস্ত কিছুরই ইঙ্গিত আছে। তাই

আমি মাননীয় সদস্য শ্রীসিংহের মোশান অব থ্যাঙ্কসটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker:—There are amendments on the motion of thanks. Now; I would request the Hon'ble member, Shri Aghore Deb Barma to move his amendments.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—স্যার, আমার এ্যামেণ্ডমেন্টগুলি মুভ করার আগে একটা বিষয়ে মাননীয় স্পীকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হ'ল আমাদের রুলস মতে প্রাইভেট মেম্বার্স রিজলিউশানগুলির ব্যালটিং করা হয়। আমরা আগে থেকে গতানুগতিকভাবে দেখে আসছি যে ব্যালটিং এর ব্যাপারে প্রত্যেকটি রিজলিউশানের ফাষ্ট প্রেফারেন্স এবং সেকেণ্ড প্রেফারেন্স ইত্যাদি...

Mr. Speaker :—Hon'ble Member, you have the opportunity to speak on this matter. Now you please speak on your amendments.

(চীৎকার...)

শ্রীঅঘোর দেববর্ম্মা :—স্যার, আমি ত আপনার অনুমতি নিয়ে একথাগুলি বলার জন্য উঠেছি, এজন্য উনাদের হৈ হল্লা করার কি আছে ?

Shri Rajkumar Kamaljit Singh :—Speaker Sir, the member should remember that he can not threat another member of the House.

Mr. Speaker :—You should not do so.

Shri Aghore Deb Barma :—Why not ? I am not responsible for this.

Mr. Speaker :—I request the Hon'ble member that he should not threat the Chair and should not dictate the Chair.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমার বক্তব্য আগে শুনুন, তারপর তো বলতে পারবেন...

মিঃ স্পীকার :—রিজলিউশানের যখন সময় আসবে তখন এই ব্যাপারে আপনি তো বলতে পারবেন এবং তখন আপনার কথা আমরা শুনব।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—তখন সময় হয় না।

Speakear Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, Viz :—

But regret that the following points have not been mentioned in the speech ;

1) Absence of target date of implementation of the Official Language Act.

2) Absence of Government's action towards the removal of the anamolies in the pay-scales of the Tripura Govt. employees.

3) Absence of mention of action of the Government in raising standard of the Union Territory Legislature of Tripura to that of the full fledged Legislature.

4) Absence of policy regarding allotment of land to the landless.

5. Failure to delegate the powers to the Panchayats.

Mr. Speaker :—The House stands adjourned till 2 P. M. to-day. The member speaking will have the floor.

Mr. Speaker :—Now you may continue your speech.

Shri Aghore Deb Barma :— মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আমার Amendment পেশ করছি। Number 5 হচ্ছে Failure to delegate the Powers to the Panchayats. No. 6 হচ্ছে Absence of mention to protect the legitimate interest of Muslim Minority and other religious minorities. No. 7—Absence of mention to Protect and develop the Tea Gardens. No. 8—Absence of mention to protect the existing small scale industries like Match Factory etc. No. 9 হচ্ছে Absence of mention to implement the Administrative Reforms Commission recommendations regarding tribals. এই হচ্ছে আমার মোটামুটি amendment. মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে address, of Shri A. L. Dias Lt. Governor of Tripuraর আছে তার উপরে।

Mr. Speaker :—Hon'ble Member I think you know I have allowed one and half hour for discussion on the motion of thanks. Now one and half hour should be distributed among the members. Now I request you to Speak only for 20 munites ; Business Advisory Committee has allowed the time allotment. So I want co-operation.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—সেটা নিশ্চয়ই চেষ্টা করা হবে কিন্তু সেটা অবস্থার উপর নির্ভর করে।

Mr. Speaker :—আপনারা যদি সহযোগিতা না করেন তা হলে আমরা নির্দিষ্ট সময়ে শেষ করতে পারব না এবং ফলে অসুবিধা হবে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমার এখানে বক্তব্য হচ্ছে যে আমাদের Rulesএ Summoning of the Houseএর যে Power আছে সেটা হচ্ছে Administratorএর ; কিন্তু আজ Shri A. L. Dias, Lt. Governor of Tripura হিসাবে এখানে statement রেখেছেন। কাজেই এখানে আমার বক্তব্য আমি রাখছি।

এখানে আমাদের Rulesএ আছে The Assembly shall be summoned by the Administrator from time to time অর্থাৎ তিনি Lt. Governorই হউন বা Chief Comissionerই হউন। পূর্ব্বে আমাদের এখানে Chief Comissioner as an Administrator communicate করেছেন এবং সমস্ত speechও দিয়েছেন। আমাদের Union Territory Act যেটা করা হয়েছে তাতে এটা পরিস্কার আছে যে The Administrator may from time to time এখানে অন্য কিছু উল্লেখ নাই, Administrator হিসাবেই পরিস্কার ভাবে লিখা আছে। এখন আমার প্রশ্ন হচ্ছে যদিও Article 239 এ যে কথাটা refer করা আছে Administrator কিভাবে হন

অর্থাৎ রাষ্ট্রপতি ইচ্ছা করলে Chief Commiseioner করতে পারেন বা Lt. Governor করতে পারেন। এটা হল পদের কথা। কিন্তু প্রশাসন বা শাসনের ক্ষেত্রে He will be treated as an Administrator. কাজেই এই Assemblyতে উনি যে বক্তৃতা Place করেছেন সেটা Administrator হিসাবে করা উচিত। কাজেই আইনগতভাবে আমার মনে হয় (অবশ্য) ruling partyর পক্ষ থেকে কি বলা হবে আমি জানি না। এটা ভুল করা হয়েছে। কাজেই পদই বড় কথা নয়। কাজেই এ বিষয়ে মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি।

আর যে সমস্ত বিষয় এই speechএর মধ্যে নাই রাজ্য সরকারের আগামী দিনের কাজকর্ম সম্পর্কে কি করা হবে। কোন্ কোন্ বিষয় সম্পর্কে তাঁরা গুরুত্ব আরোপ করবেন এই সম্পর্কে একটা Policy তুলে ধরা হয়েছে হাউসের মধ্যে। এই সম্পর্কে যে প্রশ্নটা আমি সামনে রাখছি সেটা হল actions for target date for implementation of Official Language Act. বহুদিন পূর্ব্বে আমরা এই হাউসে এই resolution পাশ করেছি তার পরও অনেক বার এই সম্বন্ধে discussion হয়েছে এবং Ministerরা এই floorএ প্রতিশ্রুতি ও দিয়েছেন কিন্তু এখন পর্য্যন্ত যে বিষয়ে যতদূর অগ্রসর হওয়ার কথা সেটা মোটেই হয় নাই। অবশ্য এ সম্পর্কে এখানে বলা হয়েছে যে M. P. শ্রদ্ধেয় অধ্যক্ষ জে, কে, চৌধুরী মহোদয়কে Chairman করে নাকি একটি কমিটি করা হয়েছে পরিভাষা ইত্যাদি সংগ্রহ করার জন্য। কিন্তু এই কমিটি আজ পর্যান্ত একটিও মিটিং করেছেন কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। এই কমিটি করার পর কাজকর্ম্ম কতদূর অগ্রসর হয়েছে তার কোন উল্লেখ নাই। কাজেই বছরের পর বছর যে ভাবে গতানুগতিকভাবে যে সমস্ত প্রতিশ্রুতি দেওয়া হয় জনসাধারণের সামনে যে আমরা এই করব, সেই করব ইত্যাদি ঠিক তদ্রূপভাবে Mr. Dais যে Poliey এখানে রেখেছেন সেটার সঙ্গে অন্যান্য বৎসর যেভাবে করা হয় তার কোন ব্যতিক্রম নাই। এটা হল পরিস্কার গালভরা প্রতিশ্রুতি অথচ বাস্তবের সঙ্গে এর কোন সম্পর্ক নাই। কতগুলি বিষয়বস্তু উল্লেখ করা দরকার তাই কিছু কিছু touch করে উল্লেখ করা হয়েছে। কিন্তু তার সমাধান, কার্যকারিতা সম্পর্কে কি পদ্ধতি গ্রহণ করা হবে তার কোন সুনির্দিষ্ট প্রোগ্রাম নাই। অনেকে গর্ব্ব করে বলে থাকেন যে, রাজার আমলেই এখানে অফিস কাছারীতে বাংলা ভাষা প্রচলিত ছিল। কিন্তু আমরা স্বাধীনতা পাওয়ার পর সে ভাষা অচল হয়ে গেল। অথচ বাংলা ভাষা সরকারী ভাষা হউক এটা আজ সকলেই চাই এবং তাই এই resolution Assemblyতে পাশ হয়েছে। কিন্তু সেটা কার্যকরী করার কোন চিন্তাধারা ruling Partyর নাই। শুধু জনসাধারণকে গালভরা প্রতিশ্রুতি দিয়েই সময় হরণ করছেন। কার্যতঃ কোন কিছুই হয় নাই। গত বাজেট সেসনেও একথাটা বলা হয়েছিল। এই প্রস্তাবটা নেওয়া সঙ্গে সঙ্গে কি পরিস্থিতির সৃষ্টি হ'ল, মিউনিসিপ্যালিটির হোলডিং টেক্স ইত্যাদি আদায় করা ইত্যাদি বাংলায় ছিল যা তাড়াতাড়ি করে সেটা ইংরেজিতে করা হ'ল। এ রকম অনেক ঘটনা আছে। কাজেই এগুলি যদি করানোরই ইচ্ছা থাকে তবে stage by stage একটা একটা করে করা উচিত। শুধু মুখে বললেইতো হয় না। কাজেও একটু দেখানো উচিত। কাজেই এটা

গতানুগতিক বলার দরকার আছে তাই একটু একটু করে touch করে—একটু নমঃ নমঃ করে দায়িত্ব খালাস করা।

আর No. 2 সম্বন্ধে বলছি Absence of Government's action towards the removal of the anamolies in the pay-scales of the Tripura Govt. employees. বর্তমানে প্রত্যেক দপ্তরে ত্রিপুরার এক প্রান্ত থেকে শেষ প্রান্ত পর্যন্ত সব জায়গায়ই আমরা দেখি, দেওয়ালের মধ্যে দেখি, অফিস কাছারির মধ্যে দেখি তাদের দাবী-দাওয়া ভর্তি থাকে। সময় সময় কলম ষ্ট্রাইক, অবস্থান ধর্মঘট, খাঙ্গার ষ্ট্রাইক ইত্যাদি continuously চলছে। কাজেই এই কারণগুলি আজকে যারা সরকার পরিচালনা করেন অর্থাৎ ruling party তারা কর্মচারীদের উপর একতরফাভাবে সমস্ত দায় দায়িত্ব, যত দোষ, নন্দ ঘোষ অর্থাৎ সমস্ত দায়-দায়ীত্বই তাদের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে। তারা কাজ করে না, কিছুই করে না—কেবল দাবী আর দাবী, আন্দোলন আর আন্দোলন। কেন এই অবস্থা হয়? আজকে যদি সমস্ত ঘটনাগুলি আমরা বিচার-বিবেচনা করে দেখি তাহলে আমরা কি দেখতে পাই? আজকে একই Departmentএ একই qualified মানুষ একই বিদ্যাবুদ্ধি তার কাজও same কিন্তু একজনের বেতন বেশী, আর একজনের বেতন কম। এমনি আরো অনেক ঘটনা আছে—যেমন Last sessionএর মধ্যে এই প্রস্তাবটা এসেছিল যে ডম্বুর প্রজেক্টের মধ্যে একটা অংশ water facility, electric, housing facility সব তারা পায়, আর একটা অংশ পায় না। একই Departmentএর মধ্যে চাকুরী করে একটা অংশ পায় আর একটা অংশ পায় না। এটা একটা অদ্ভুত ব্যাপার। কাজেই এই যে অসন্তোষ—এই অসন্তোষগুলি যদিও আজকে মূলতঃ তাদের ঘাড়ে চাপিয়ে দেওয়ার চেষ্টা বা অপচেষ্টা হচ্ছে কিন্তু কার্যতঃ দায়ী কারা? দায়ী হচ্ছে যারা ruling party, যারা প্রশাসন চালাচ্ছেন তারাই প্রকৃত পক্ষে দায়ী। তারাই এই আন্দোলনের সুযোগ সুবিধা করে দিচ্ছেন। যেমন Hindi Training Collegeএর ঘটনা বহু দেওয়া যায়, কিন্তু আমি in detailsএ যাচ্ছি না। শুধু reference হিসাবে বলছি—M.A. পাশ double M.A., Triple M.A. একই Deptt. same categoryতে কাজ করছেন। কিন্তু একটা অংশ পান আর একটা অংশ পান না। এটা অনেক দিন যাবত চলছে। এই অবস্থার মধ্যে কিভাবে মানুষের মনের মধ্যে আত্মসন্তুষ্টি থাকবে? কাজেই discontentmentও সেখান থেকেই grow করে। আর কথায় কথায়ই এখানে বলা হয় যে ওনারা সমাজতন্ত্রের স্বপ্ন দেখছেন। ভাল কথা। স্বপ্ন কি? আমাদের এখানে যারা class IV Employee বা contingent Employee......

Mr. Speaker :—মাননীয় সদস্য আপনার disposalএ ৫ মিনিট সময় আছে।

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি moverকে দিলেন প্রায় ঘন্টাখানেকের সময় আর আমি যে Amendment প্রস্তাবের পক্ষে বক্তব্য পেশ করার বেলায় টানাহেছড়া আরম্ভ করেছেন—এই যদি অবস্থা হয় এটা খুব আপত্তিজনক। সুতরাং আমি request করি you are to consider.

Mr. Speaker :—আপনি কি বলতে চান তা আমি বুঝতে পারছি না।

Shri Aghore Deb Barma :—আমি তো details দিতে যাচ্ছি না। আমি শুধু principle সম্পর্কে criticism করছি।

Mr. Speaker :—আর সময় নেই। আপনাকে বেশী সময় দিতে পারব না।

Shri Aghore Deb Barma :—এভাবে করার কোন যুক্তি নেই।

Mr. Speaker :—Alright. যদি অন্যান্য কাজ আপনারা বন্ধ করেন তাহলে করব—if the House agree. সন্ধ্যার পর করতেও আমার আপত্তি নেই।

Shri Aghore Deb Barma :—বেশ ভাল কথা। আপনি যদি time বেঁধে দিতে চান তাহলে moverকেও time বেঁধে দিতে হয়। আমার বেলায় আপনি বাড়াবাড়ি করে time বেঁধে দেওয়ার প্রশ্ন আনলেন। তখন আপনি কিছুই বলেন নাই, চুপ করে শুনলেন। তখন আমরাও কোন disturb করি নাই। যা উনি বলছেন তা আমরা চুপ করে শুনে গেছি। আর আমি যেই মাত্র দু'টো Point raise করেছি তখনই আপনি—

Mr. Speaker :—আপনি আমার কথা শুনবেন ?

Shri Aghore Deb Barma :—বলুন। আমি একশ বার শুনতে রাজী আছি।

Mr. Speaker :—আমি Mover of the motionকে কতক্ষণ সময় দিয়েছিলাম বলুন তো ?

Shri Aghore Deb Barma :—আমার তো মনে হয় ঘন্টাখানেক।

Mr Speaker :—Only half an hour. আপনি এভাবে যদি বলেন তাহলে কি আর বলব। You are misguiding the House.

Shri Aghore Deb Barma :—Misguiding এর প্রশ্ন উঠে না।

Mr Speaker :—20 minutes mover এবং seconder দুইজনকে দেওয়া হয়েছিল।

Shri Aghore Deb Barma :—ঠিক না। আপনি খামকা কথা বলে আরো সময় নষ্ট করছেন। পরে আবার লালবাতি জ্বালিয়ে আমাকে বসাবার ব্যবস্থা করবেন। এই যদি অবস্থা করেন তাহলে আপনি কিভাবে House চালাবেন আমি বুঝি না।

Mr. Speaker :—আপনিই তো যাতে House চালানো না যায় তারজন্য ব্যাঘাত সৃষ্টি করছেন।

Shri S. L. Singh, (Chief Minister) :—House দেড়ঘন্টা time allot করেছে। সুতরাং দেড়ঘন্টার মধ্যে আমরা এটা শেষ করতে চাই। আমাদের আরো অনেক কিছু আছে।

Shri Aghore Deb Barma :—আমার এটা ঠিকই থাক্। আমি বলছি।

Mr. Speaker :—মাননীয় সদস্য বলছিলেন যে আমি নাকি এক ঘন্টা সময় দিয়েছি। ২০ মিনিট সময় দিয়েছি mover of the motion এবং seconderকে I have noted the time.

Shri Aghore Deb Barma :—না, না, আপনি ভুল কথা বলছেন। ঠিক না। তারপর anamolies of pay scale সম্পর্কে বললাম যে এত গলদ ত্রিপুরার এডমিনিষ্ট্রেশান প্রত্যেকটা department এ রয়েছে—class IV employeeদের সম্পর্কে বলতে চাইছিলাম, উনারা যে সমাজতন্ত্রের স্বপ্ন দেখছেন একটা অংশের বেতন উপরদিকে দেখুন আর নীচের

তলায় দেখুন—তারা সমাজতন্ত্রের স্বপ্ন দেখছেন। যদি সমাজতন্ত্রই দেখতেন তবে কার্যতঃ কিছু করতেন। কিন্তু সেগুলি কি কোন policyর মধ্যে আছে? কিছু নেই। অর্থ্যাৎ যারা কম বেতন পান class IV বা contingent employee তারাও তো মানুষ। তারজন্যই বলা হয়েছে সমাজতন্ত্র চাই। সকলের আজ সমান অধিকার চাই। ভাল কথা। তারা যদি efficiency অনুযায়ী কম বেতনও পায় অর্থাৎ alternate wayতে মানে যেভাবেই হউক তাদের বাঁচার বা তারা যাতে সংসার নিয়ে সুখে স্বাচ্ছন্দে থাকতে পারেন বা চলতে পারেন, জীবিকা নির্বাহ করতে পারেন ঠিক সেইদিকে দৃষ্টি রেখে তাদের জন্য কিছু একটা করা। কিন্তু সেদিকে তো কোন নজর নাই। শুধু বলা হয় আমরা সমাজতন্ত্র চাই। সমাজতন্ত্র মুখে বললেই হয় না। এটা কি আম গাছের আম যে টপ করে আম গাছ থেকে পড়বে। সমাজতন্ত্র চাইলেই কি সমাজ-তন্ত্র পড়বে। কাজেই বাস্তবের সাথে কোন সম্পর্ক নেই। এই সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে এই যে কর্ম্মচারী বিক্ষোভ, কর্ম্মচারীদের দাবী দাওয়া, আজকে যদি সমস্ত ঘটনাগুলি বিচার বিবেচনা করে এবং এই যে anomaliesগুলি প্রত্যেকটি deptt. এর মধ্যে আছে—সমস্ত deptt. এর মধ্যে Committee করে সেগুলি দূর করা দরকার। যাতে এই বিক্ষুব্ধ অবস্থা, discontentment কমানো যায় সেইদিকে দৃষ্টি দেওয়া দরকার। কিন্তু সে রকম কোন policy নাই। যখন কর্মচারীদের তরফ থেকে কোন দাবী করা হয় তখন তাদের ঘাড়ে সমস্ত দোষ চাপিয়ে দেওয়ার চেষ্টা করা হয়। বর্ত্তমানে আরেকটা চেষ্টা করা হচ্ছে যে Delhi Administration এর pay scale ত্রিপুরার ক্ষেত্রে প্রযোজ্য করা। কিন্তু ত্রিপুরার কর্ম্মচারী এতদিন West Bengal pay scale পাচ্ছেন। সুতরাং তাদের দাবী হল যে পশ্চিম বাংলার স্কেল তাদের দেওয়া হউক। পশ্চিম বাংলা আমাদের নিকটবর্ত্তীরাজ্য, আইন থেকে আরম্ভ করে সব কিছুই এখানে extended to Tripura বলে চালানো হয়। কাজেই বেতনের বেলায় কেন তারতম্য করা হবে। তাতে পরিস্কার বুঝা যায় যে এই Central Scale, West Bengal scale থেকে অনেক কম হবে। কাজেই ওটা খুব তাড়াতাড়ি দিয়ে দেওয়ার জন্য চেষ্টা চলছে। সুতরাং এই pay scale এবং anomalies যাতে দূর করা যায় তার জন্য একটি Committee করে Central Govt. এর নিকট একটা representation পাঠানো দরকার। সেটা করা হচ্ছে না বলেই এখানে আমি বক্তব্য রাখছি।

আর No. 3 এর ব্যাপারে absence of mention of action of the Govt. in raising standard of Union Territory অর্থাৎ এখানে অনেকবার বলা হয়েছে যে ত্রিপুরা পূর্ণ রাজ্য চায়। চায়ত সকলে, কিন্তু কিভাবে হবে তার প্রসেসটা কি এসম্পর্কে policy statement কোন প্রকারের বক্তব্য নেই, অবশ্য সেদিক দিয়ে বেশী দূর details এর মধ্যে আমি যাচ্ছি না। তবে তার প্রসেসটা অবশ্য থাকা দরকার, Govt. এর একটা policy থাকা দরকার। আমাদের যে ত্রিপুরার লেজিসলেটিভ এসেম্বলি আছে সেটার একটা ষ্টেটাস থাকা দরকার। এটাকে আমরা full fledged Legislature করব এমন কোন কিছু মিঃ ডায়াসের বক্তব্যের মধ্যে উল্লেখ আছে বলে আমার মনে হয় না। কাজেই সেই দিক দিয়ে আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার আর কিছু সময়ের দরকার। আপনি আরও কিছু সময় দিবেন বলে আমি আশা করি।

Mr. Speaker—আর কত মিনিট সময় আপনি চান।

Shri Aghore Deb Barma—আমি খুব অল্প সময়ের মধ্যে শেষ করে ফেলব বলে আশা করি। তবে এতটার মধ্যে শেষ করতে পারব এমন কথা আমি বলছি না। No. 4 হল absence of policy regarding allotment of land to the landless. অর্থাৎ landless সম্পর্কে প্রত্যেক বৎসর যেভাবে গালভরা প্রতিশ্রুতি দেওয়া হয় তা আমরা from the very begining শুনে আসছি; এখনও আমরা তাই শুনছি। গতানুগতিক ভাবে এ বৎসরও আমাদিগকে শুনানো হচ্ছে যে "এই পরিপ্রেক্ষিতে আমরা এই এই করছি"। কিন্তু তার পলিসিটা কি? ওটা একটা প্রলেপ, কাজেই উল্লেখ থাকা দরকার তাই উল্লেখ করা হয়। অর্থাৎ ওটা এক প্রকারের শুকনা আদর। কথা বলেই তাদের দায়িত্ব খালাস। কি ভাবে তার একটা solution করা যাবে তেমন কোন policy তাদের মধ্যে নাই। কিভাবে problem solve করা হবে, কিভাবে landless দিগকে পুনর্বাসন দেওয়া হবে তার পদ্ধতি সম্পর্কে কোন প্রকারের উল্লেখ নাই। আর নাম্বার 5 এ বলছি failure to delegate the powers to panchayats. কথায় কথায় সমাজতন্ত্রের কথা বলা হয়। গণতন্ত্রের মাধ্যমে আমরা সব কিছু গঠন করতে চাই, তাই পঞ্চায়েত সিষ্টেম করা হল। এটা ভাল কথা। কিন্তু পঞ্চায়েতে কতটুকু ক্ষমতা দেওয়া দরকার সে সম্পর্কেও মিঃ ডায়াসের statement এ নাই। কেন দেওয়া হল না? আমার মনে হয় তাদের উপর সরকারের কোন প্রকার বিশ্বাসই নাই। যদি আইন এ থাকে, আর আইন করার সময় যদি মনে করা হয় এই এই ক্ষমতাগুলি তাদিগকে দিলে জন-সাধারণের সামগ্রীক ভাবে ভাল হবে, সেভাবে আইন তৈরী হল এবং পাশ ও হল কিন্তু দেওয়ার বেলায় তাদিগকে এই ক্ষমতাগুলি দেওয়া হচ্ছেনা কেন? সে সম্পূর্কে policy এর মাঝে কোন প্রকারের উল্লেখই নাই। এই হচ্ছে সমাজতন্ত্র সফল। আর ৬ নম্বরে হচ্ছে absence of mention to protect the legitimate interest of Muslim minority and other religious minorities. এই সম্পর্কে আমি খুব details এ যাচ্ছি না। অনেক সময় কথায় কথায় বলা হয় যে জাতিয় সংহতি। অনেক ভাল ভাল কথা—আমরা এই চাই, সেই চাই ইত্যাদি। কত গাল ভরা প্রতিশ্রুতি দেওয়া হয়। কিন্তু সাধারনতঃ যে সমস্ত মুসলিম minority এখানে আছে তারা religious minorities তাদের যে পবিত্র স্থান 'কবর' আছে তা আজকে জোর জবরদস্তি করে দখল করা হচ্ছে। এই সব ব্যাপারেprotection দেওয়ার দায়িত্বও সরকারের আছে। সরকারের কাছে দরখাস্ত দেওয়া হয়েছে, মামলা মোকদ্দমা করেও তারা কোন protection পাচ্ছে না। কিন্তু এই সম্পর্কে মিঃ ডায়াসের statement এ কোন কিছুই বলা হয় নাই। যেমন আজকে, কথায় কথায় reference দিয়ে বলছি, আগর-তলাতে যে দেববর্মাগণ আছে তাদের যে শ্মশান ছিল সেটা আজ অন্যের দখলেই আছে। এটার protection এর ব্যবস্থা কি তারা করবে, না সরকার করবে? কিন্তু এ সম্পর্কে কোন বক্তব্যই এখানে নাই। আর মুখে বলা হয় জাতীয় সংহতির কত রোল। অনেক

টাকা পয়সা খরচ করে এগুলি করা হয় কিন্তু বাস্তবে যদি আমরা দেখতে চাই তবে দেখতে পাব কিছুই নাই একদম ফাঁকা।

No. 7—Absence of mention to protect and develop the Tea Gardens. Tea Garden সম্পর্কে এখানে বলা হয়েছে, ত্রিপুরাতে অনেকগুলি চা বাগান আছে এবং ঐগুলিতে এতগুলি লেবার কাজ করছে এবং তাদের মঙ্গলার্থে আমরা এই এই করছি। তবে আমার কথা হল এই চা বাগানগুলি রক্ষা করার জন্য সরকার কি করছেন। ত্রিপুরাতে যে ৫৪টি চা বাগান আছে, তার Economic condition এত deteriorate করেছে যে প্রায় বাগানই ঠিক ভাবে লেবার পেমেন্ট করতে পারে না, তাই বন্ধ হয়ে আছে। কিন্তু আগেতো শিল্পটা রক্ষা কর। চা বাগান যদি থাকে সেখানে লেবারের প্রশ্ন আসে। যে বারশ থেকে সাড়ে বারশ লেবার আছেন তাদের মঙ্গলার্থে এই করছি। কিন্তু চা বাগানের উন্নতির জন্য সরকারের Plan Programme বা Policy কিছুই নাই। এটা ভাওতাবাজী ছাড়া আর কিছুই নয়। এই সম্পর্কে আমাকে এই কথাই বলতে হয়। ত্রিপুরাতে একমাত্র চা বাগানই আছে। আর কি আছে? যদি আজকে যে কোন উপায়েই হোক চা বাগানের মালিকদের মধ্যে আলাপ আলোচনা করে কিভাবে তাদেরকে সাহায্য করা যায় কিভাবে চা বাগানগুলির উন্নতি করা যায় অর্থাৎ ত্রিপুরার এই চা বাইরে বিক্রী করে কত টাকা আমদানী হচ্ছে সেইদিক দিয়ে দৃষ্টি রেখে যদি ত্রিপুরার সামগ্রিক অগ্রগতি উন্নতির লক্ষ্য রাখা হয় তা হলে এগুলি নজরে নিশ্চয়ই আসত। কিন্তু এদিকে কোন লক্ষ্য নাই। "বাবা, যে যেখানে আছ যতটুকু পার লুট কর" এই হচ্ছে অবস্থা। কাজেই এটা হচ্ছে একটা Problem কিছু কিছু কাজ করে নমঃ নমঃ করে দায়িত্ব খালাস করা। কাজেই চা বাগান সম্পর্কে আমি Houseএর দৃষ্টি আকর্ষণ করছি। আর নাম্বার Eight সম্পর্কে বলছি absence of mention to protect the existing small scale Industries like match factory etc. Industry সম্পর্কেও বছর বছর বলা হয়। আমরা আবার শিল্পের প্রতি গুরুত্ব আরোপ করেছি ইত্যাদি। শিল্প যদি গড়ে উঠে তাহলে সেখানে অনেক লোককে Provide করা যাবে। কিন্তু যে সমস্ত শিল্প যেমন Match factory—তারা অনেক চেষ্টা করেছে যে সরকার তাদের সাহায্য করুক বা তাদের Protection দিক। এই যে শিল্প এটাকে তারা অনেক কষ্ট করে grow করেছে। এই ধরণের Match factory ইত্যাদি যে সব শিল্প আছে এই সমস্ত শিল্পগুলিকে রক্ষা করার দায়িত্ব আজকে সরকারের। কিন্তু শিল্প তারা ব্যক্তিগত চেষ্টায় গড়ে তুলেছে, সরকারের উচিত তাদেরকে রক্ষা করা, তাদের উৎপাদিত মালগুলির বিক্রীর জন্য একটা Protectionএর ব্যবস্থা করা। আমাদের এখানে যে সমস্ত small Industry আছে, বাইরের বড় বড় Companyএর সঙ্গে compete করে তাদের টিকে থাকা বড় কষ্টের ব্যাপার। কাজেই সেদিক দিয়ে যদি তারা সরকারের সাহায্য সহায়তা না পায় তাদের পক্ষে business বা Industry টিকিয়ে রাখা খুবই কষ্টের ব্যাপার। এই দিক দিয়ে সরকারের কোন নীতি আছে? কোন Policy আছে? একদম

মাইনাস—এই সম্পর্কে কোন বক্তব্যই নাই। শুধু Industry development এর কথা বলা হয় কিন্তু বর্ত্তমানে যে সমস্ত Industry আছে সেগুলিকে রক্ষা করা, তাকে develop করে নিয়ে যাওয়া সম্পর্কে কোন বক্তব্যই এই statement এর মধ্যে নাই। আর ৯ নম্বরে আছে absence of mention to inplement the Administrative Reforms Commission's recommendation regarding Tribals. ট্রাইবেলদের সম্পর্কেওত বছর বছর গালভরা প্রতিশ্রুতি দেওয়া হয়। এই যাবত এখানে অনেক কথা বলা হয়েছে যে weeker sectionকে আমরা সমস্ত কিছু দেব, এই সব করব ইত্যাদি অনেক কথা বলা হয়েছে। কিন্তু কি ভাবে করবে? ট্রাইবেল reservation রাজার আমল থেকে আছে। এই আইনটাকে রক্ষা করার দায়িত্ব আজকে রাজ্য সরকারের অথচ কোন চেষ্টাই নাই। কি আছে, কতটুকু আছে কেহই তা জানে না, যা ইচ্ছা তা। এই অবস্থার মধ্যে মুখে শুধু বলা কথা রক্ষা করা। কিন্তু রক্ষাটা কিভাবে হবে? কারণ জুমিয়া পুনর্বাসন টাকা দেওয়া হয়, লোন ইত্যাদি অনেক কিছু দেওয়া হয় এবং অনেক কিছু দেওয়া সত্ত্বে তাদের জমি বিক্রি করতে হয়। হ্যাঁ, তারা জমি বিক্রি তো করবেই। যেহেতু তারা backward, যেহেতু তারা পশ্চাদপদ সেটাতো তারা করবেই। না হলে তাদের backward বলার কোন অর্থই থাকে না। কাজেই সেই দৃষ্টিভঙ্গিতে আজকে এই Tribalকে যদি রক্ষা করতে হয়, তাদেরকে যদি আজকে সামগ্রীকভাবে উন্নতি ও অগ্রগতির পথে নিয়ে যেতে হয় তাহলে কি পদ্ধতি নেবে, সরকারের Policyটা কি? শুধু এই কতগুলি জুমিয়া আছে তাদের পুনর্বাসন দেব। আরে বাবা পুনর্ব্বাসন তো বহু আগেই অনেক দেওয়া হয়েছে। যাদেরকে দেওয়া হয়েছে তারা আছে কি না খোঁজ করে দেখ। ঐ দিকে নাই অর্থাৎ কি পদ্ধতি নিলে এই Tribalদের রক্ষা করা যায় সেই সম্পর্কে কোন পদ্ধতি বা Policy সরকারের নেই। শুধু দরকার কিছু কথা বলা। ব্যস্ নমঃ নমঃ করে নিজের দায়িত্ব খালাস করে দেওয়া। এই হ'ল অবস্থা। যদিও এইখানে এই সমস্ত কথা...

Mr. Speaker :—মাননীয় সদস্য আপনি আধ ঘণ্টা বলেছেন।

Shri Aghore Deb Barma : এত কড়াকড়ি করলে তো কথাই বলা যাবে না।

(গোলমাল)

Shri Aghore Deb Barma :—আপনারা এত হৈ চৈ করেন কেন? মাননীয় অধ্যক্ষ মহোদয় তো আছেন। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আর বেশী সময় নিচ্ছি না। আমি আজকে এখানে একটি কথাই বলতে চাই। সেটা হচ্ছে এখানে এমনভাবে বলা হয়েছে যে আমরা তিনটা District করলে পর সমস্ত সমস্যা solve হয়ে যাবে। অর্থাৎ ত্রিপুরার এই বেকার সমস্যা থাকবে না, Law & order বা যে সমস্ত weeker section তাদের protection দেওয়া হবে। কর্ম্মচারীর সংখ্যা এবং পদ বাড়ালেই যদি সমস্ত সমস্যা solve হয়ে যায় তা হলে পদ বাড়ানো দরকার। Basic solutionএর কথা উল্লেখ না করে এখানে বলা হয়েছে তিনটি District হলে পরে ত্রিপুরায় সমস্ত কিছু সমাধান হয়ে যাবে। তাই এ সম্পর্কে আমি অত্যন্ত আপত্তি করি। কারণ তাতে Tripura Administrationএ

আরও দুর্নীতি দেখা দেবে। তবে ত্রিপুরার বর্তমান যে বেকার সমস্যা তার কিছুটা সমাধান হবে সত্য, কিছু কর্মচারী সংখ্যা বাড়ায়ে কিছু বেকার Provide করা যাবে। কিন্তু তার Basicটা কি অর্থাৎ ত্রিপুরার major portion যে সকল মানুষ, যেমন কৃষক, landless জুমিয়া ইত্যাদি যারা আছে তাদের সমস্যার সমাধান হবে বা production বাড়বে সেটা মনে করার কোন কারণ নাই। কাজেই এইভাবে আজকে হয়ত Ruling Party র যারা আছেন তাদের মনে কিছুটা satisfaction থাকতে পারে। কিন্তু এখানে যে statement রাখা হয়েছে তার দ্বারা ত্রিপুরাতে নূতন কিছু হবে, বা দ্রুত উন্নতি হবে তা মনে করার কোন কারণ নাই। এটা অনেকটা গতানুগতিক, only to maintain the formality. মূল যে সমস্যাগুলি আছে তার প্রতি কোন প্রকারের দৃষ্টি সরকারের নাই। বেকার সমস্যা সম্পর্কেও পরিষ্কারভাবে এখানে কোন কিছু নাই—যদিও বলা হয়েছে। কিন্তু তার constructive side—কোন্ কোন্ পথে এইগুলি সমাধান করা হবে সেই সম্পর্কে কোন্ প্রকারের Policy এখানে নাই। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Shri Bidya Ch. Deb Barma.

Shri Bidya Ch. Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে আমাদের ত্রিপুরার লেঃ গভর্ণর যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণটা পড়লে মনে হয় বাস্তবের সাথে এই ভাষণের কোন সামঞ্জস্য নাই। বর্তমান বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে গভর্ণর মহাশয়ের এই ভাষণ মানুষের মনের হতাশাকে আরও গভীরতর করে তুলবে। এই ভাষণে মানুষকে আশা ভরসা দেওয়ার মত কিছুই নেই। তাই যে motion of thanks এখানে আনা হয়েছে তার উপর আমি সংশোধনী প্রস্তাব রাখছি। আমার amendment আমি পড়ছি :—

That the motion of thanks to Lt. Governor's address be amended as the address does not provide the following :

(a) Opening of 3 more colleges and 30 new High, Higher Seeondary Schools in Tripura.

(b) 100 lift irrigation sets fot irrigation of land on both sides of rivers and streams.

(c) Immediate measures for protection of Sub-Divisional towns from flood and flood protection measures in rural areas.

(d) Adequate measures for creating employment opportunities, failing that provision of financial assistance to the un-employed.

(e) Measures for development of markets in Town and rural areas.

(f) Adequate facilities for drinking water in urban and rural areas.

(g) More beds in Hospitals and Primary Health Centres and provision of Medical Officer in all dispensaries.

(h) Absence of mention of action for improvement of Law and Order in the State.

(i) Immediate opening of ration shops at rural. areas of Amarpur, Kailashahar, Udaipur & Dharmanagar.

(j) Guarantees against imposition of New Taxes.

প্রথমতঃ ৩টা কলেজ ৩০টি স্কুল খোলার যে দাবী উঠেছে তা একান্ত প্রয়োজন। গত এক বৎসরে শিক্ষা ব্যবস্থায় বিশেষ কোন উন্নতি হয় নাই। যদি নূতন এই কলেজ এবং স্কুল খোলা না—হয় তা'হলে হাজার হাজার ছাত্র শিক্ষা থেকে বঞ্চিত হবে। নূতন শিক্ষিত বেকারও কাজ পাবে না। দ্বিতীয়তঃ দেশের অর্থ নৈতিক ক্ষেত্রে বিপর্য্যয়ের জন্য কৃষিক্ষেত্রে সরকারের অবহেলা এবং ব্যর্থতাই অনেকাংশে দায়ী। ১৯৬০ সাল থেকে ভূমি সংস্কার আইন চালু হয়েছে কিন্তু এর দ্বারা সরকার ভূমিহীন, জুমিয়া, বিভিন্ন Tribal এবংপ্রকৃত কৃষকদের কোন উপকার করতে পারেন নি। এর দ্বারা বরং জোতদার এবং বড় বড় কৃষকরাই উপকৃত হয়েছে। যাদের প্রচুর জমি আছে, তিন একরের উপরও যাদের বেনামী জমি আছে সেইসব জমি প্রকৃত কৃষকদের মধ্যে বণ্টন করতে সরকার পারেনি। সরকার সেচের বিশেষ কোন ব্যবস্থাই করতে পারেনি যারজন্য উৎপাদন ব্যহত হচ্ছে। বন্যা নিয়ন্ত্রনের জন্য সরকার প্রতি বৎসরই কিছু খরচ দেখাচ্ছেন কিন্তু বন্যা নিয়ন্ত্রনের কিছুই হচ্ছে না। প্রতি বৎসরই বন্যায় ক্ষতির পরিমাণ বাড়ছে। কৈলাসহরের ক্ষেত্রেই আমি একটি উদাহরণ দিচ্ছি। প্রতি বৎসর বর্ষাকালে কৈলাশহরে কিছু মাটি ফেলা হয় আর বন্যায় সেই মাটি ধুয়ে মুছে যায়। এই ভাবে খরচ দেখান হয়, প্রকৃত কার্য্যকরী কোন ব্যবস্থা হয় না। বন্যা নিয়ন্ত্রনের কাজ ত্রিপুরার সর্বত্রই প্রায় এক রকম। বন্যা নিয়ন্ত্রনে ত্রিপুরা সরকার ব্যর্থ হয়েছেন। বন্যা নিয়ন্ত্রন একটা জরুরী বিষয়। বন্যা নিয়ন্ত্রন না হলে কৃষির সর্বাঙ্গিন উন্নতি অসম্ভব। কাজেই বন্যা নিয়ন্ত্রন অগ্রাধিকার ভিত্তিতে করা উচিৎ।

পশ্চিম বাংলা এবং অন্যান্য কয়েকটি Stateএ সরকার বেকারদের বেকার ভাতা দেওয়ার বিষয়ে বিচার বিবেচনা করে দেখছেন। কিন্তু এখানে Lt. Governor এর ভাষণে এই সম্পর্কে কোন আলোকপাত করা হয়নি বা রাজ্যের ভয়াবহ বেকার সমস্যা সমাধানের জন্য সরকার উল্লেখযোগ্য কোন পথেরও নির্দ্দেশ রাখেন নি। তাই আমি এই amendment রাখছি।

মাননীয় লেঃ গভর্ণরের ভাষণে বাজার উন্নয়ন সম্পর্কে উল্লেখ আছে কিন্তু মিউনিসিপ্যালিটির নির্বাচন সম্পর্কে কোন উল্লেখ নেই। আমার মতে মিউনিসিপ্যালিটির নির্বাচন করে জনপ্রতিনিধিদের হাতে এইসব উন্নয়নের দায়িত্ব দেওয়া উচিৎ। কৈলাসহর, খোয়াই প্রভৃতি সাবডিভিসনের বাজারগুলির উন্নতি আজ পর্য্যন্ত হয়নি। অন্যান্য উন্নতি তো দূরের কথা জল নিষ্কাশণের কোন ব্যবস্থা নেই। বর্ষাকালে সমস্ত বাজার জলের তলায় থাকে। আর ছোট ছোট মফঃস্বল বাজারগুলি কথা কি বলব—বাজারের কোনরকম উন্নতি তো দূরের কথা বাজারে যাওয়ার, অনেক জায়গায়, পথঘাট পর্য্যন্ত নাই। অধিকাংশ বাজারেই খাবার জলের কোন রকম

ব্যবস্থা নেই। কল্যাণপুর বাজারে একটা ছোট পুকুর ছিল সেটা আজ পর্য্যন্ত সংস্কার করা হয় নাই, বাজার তো দূরের কথা। গতবার Estimate committee থেকে আমরা কাঞ্চনপুর গিয়েছিলাম। কাঞ্চনপুর বাজারে ছোট একটা lake আছে। সেই লেকে গরু বাছুর থাল ধোয়া সব কাজই করা হয়, আবার সেই জল বাজারের লোকেরা খাচ্ছে। সেখানে পানীয় জলের একান্ত অভাব। কাঞ্চনপুর এলাকায় ৭৮টি রিংওয়েল আছে তার মধ্যে মাত্র ৩৪টি চালু আছে। সমগ্র ত্রিপুরায় রুরাল এলাকায় পানীয় জলের যে কিরূপ অভাব তা এই কাঞ্চনপুরের চিত্র থেকে পরিষ্কার বুঝা যাবে। সর্বত্রই প্রায় একরূপ অবস্থা। ত্রিপুরার বাজারগুলির সর্ব্বাঙ্গীন উন্নতির জন্য সহরাঞ্চলের সহর কমিটি এবং গ্রামাঞ্চলের ছোট ছোট বাজারগুলির জন্য বাজার কমিটি করে বাজারগুলির সর্বপ্রকার উন্নয়নের কাজ সেই কমিটির উপর দেওয়া হউক।

সহরগুলিতে কেবল হাসপাতাল আছে। গ্রামাঞ্চলের মানুষের যেন হাসপাতালের প্রয়োজন হয় না? সেখানকার মানুষ মরুক, গ্রামের মানুষ মরুক। এটাই যেন মনে হয় এখানকার সরকারের ইচ্ছা। সেই দিক থেকে লক্ষ্য রেখে ওনারা গ্রামে কোন হাসপাতাল তৈরী করার কোন প্রয়োজন বোধ করছেন না। এমন কি কল্যাণপুরে যে হাসপাতালটি আছে সেখানে যে কয়টি বেড্ আছে তার অতিরিক্ত রোগী সব সময়ই সেখানে থাকে এবং সেখানে যে কোন মুহূর্ত্তে এ্যাম্বুলেন্সের প্রয়োজন হয় কিন্তু কোন এ্যাম্বুলেন্স পাওয়া যায় না। সেই দিক দিয়ে লক্ষ্য রেখে যাতে হাসপাতালগুলির উন্নতি করা হয় এবং প্রত্যেক জায়গায় তার ব্যবস্থা করা হয় সেই জন্যই আমি এই amendment রাখছি। আইন শৃঙ্খলা বলতে আমাদের দেশে (ত্রিপুরাতে) আছে কিনা সেটা নিজেদের মধ্যে বিচার করে দেখলে পরে আমার মনে হয় ওনারা বুঝতে পারবেন। আমাদের এই এ্যাসেম্বলির ভিতরই আমরা বুঝতে পারি যে আইন শৃঙ্খলা আছে কিনা? মাননীয় স্পীকার মহোদয়ের কথাই যদি আগে বলি, ওনার ষ্টাফের কথা যদি বলি, শৃঙ্খলা যদি না থাকে তা হলে বাইরের পোষাক পরিচ্ছদ দেখে মানুষকে বিচার করা ওনার পক্ষে সম্ভব হবে না।

Mr. Speaker :—Hon'ble Member cannot speak anything against the staff of the Assembly Secretariat. মাননীয় সদস্য Secretariat Staff সম্পর্কে কিছু বলতে পারেন না ওরা Speaker এর staff।

Sri Bidya Ch. Deb Barma —Speaker এর Staff নয় আমি মার্শালের ষ্টাফ সম্পর্কে বলছি।

Mr. Speaker—Yes, they are also the staff of the Speaker.

Sri Bidya Ch. Deb Barma :—মানুষ উপহাস করছে তাও কি বলতে পারব না। এই যে watch & ward staff আছে মানুষ বলছে এরা নাকি ওয়ার্ড বয়।

(Interruption)

নিয়ম শৃঙ্খলা মেনে চলা একান্ত দরকার। প্রশাসনের সর্বস্তরে নিয়ম শৃঙ্খলার অভাবে বলে আমি এই—amendment এখানে এনেছি।

Mr. Speaker :—আপনার বলার সময় শেষ হয়ে গিয়েছে। আপনি আর বলবেন না। আপনার ১৫ মিনিট সময় শেষ হয়ে গিয়েছে।

Sri Bidya Ch. Deb Barma—amendment এর আর ২টি point রয়ে গিয়েছে। এই ২টি বিষয়ে আমার বক্তব্য আছে। আমার আর একটু সময় দিন।

Mr. Speaker :—বলুন আমার কোন আপত্তি নাই। House এর duration বাড়াতে হবে।

Sri Bidya Ch. Deb Barma :—জমির দাম দিন দিন বাড়ছে। বড় বড় জোতদার এবং বড় বড় কর্মচারীরা জুমিয়াদের জমি নিয়ে ছিনিমিনি খেলছে। জুমিয়াদের ভাল জমি থেকে উৎখাত করে দিচ্ছে। কাজেই তারা ভাল ফসল ফলাতে পারছে না। অমরপুর, কৈলাসহর, উদয়পুর, ধর্মনগর, আমাদের তেলিয়ামুড়াতেও দেখছি নিকৃষ্ট জমিতে জুমিয়ারা চাষ করছে। এতে যে ফসল হয় তাতে তাদের চলে না। অথচ সরকারের কোন দায়িত্ব নাই রেশন দেওয়ার। সিজনের সময় ত্রিপুরার গ্রামাঞ্চলে গুড় আলু ইত্যাদি ফসলের দাম একবারে পড়ে যায়। কৃষকরা বাজারে দর পায় না। অথচ সরকার ক্রয় কেন্দ্র খুলে এই সমস্ত ফসল কিনে কৃষকদের বাঁচাবার কোন ব্যবস্থা করে না। যদিও দুই এক জায়গায় ক্রয় কেন্দ্রে খুলে তার কোন পাত্তা পাওয়া যায় না। এই সব ফসলের (গুড়/আলুর) দর পায়না বলে জুমিয়া এবং কৃষকদের ক্রয় ক্ষমতা নেই। রেশনের দাম কম হওয়া সত্বেও তাদের কিনে খাওয়ার ক্ষমতা নেই।

আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী তার বক্তৃতায় যে কথা বলেছিলেন এখানে লেঃ গভর্ণরের ভাষণে ৩য় পৃষ্ঠায় ১ম কলমে সেই কথাটাই আছে যে আর্থিক অসচ্ছলতাই বিরাট বাধা। আর্থিক কষ্টই আমাদের প্রধান বাধা। অথচ নূতন tax বসানোর কথা চিন্তা করা হচ্ছে। পুলিশ মিলিটারীর খরচ বাড়ানো হচ্ছে। বড় বড় ব্যক্তিরা ত্রিপুরার উন্নতির জন্য অনেক ভাল ভাল কথা বলছেন। কিন্তু সেইসব বক্তৃতায় এবং কাগজ পত্রেই থেকে যাবে। কাজে কিছুই হবে না। কাজেই প্রকৃতই যাতে কাজ হয় তারজন্যই আমার amendment এবং amendment এর সমর্থনে আমার বক্তব্য এইখানেই শেষ করছি।

Mr. Speaker :—Sri Abhiram Deb Barma.

শ্রীঅভিরাম দেববর্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিগত ১৮ই মার্চ এই বিধান সভায় ত্রিপুরার প্রথম লেঃ গভর্ণর যে ভাষণ দিয়েছেন এই ভাষনের জন্য যে motion of thanks এখানে উপস্থিত করেছেন তার উপর আমি কয়েকটা amendment রাখছি। আমার amendmentগুলি আমি এখানে উপস্থিত করছি—That the motion of thanks to Lt. Governor's address be amended as it does not include the following :—

(a) Measures for protection of Bargadars from evicition.

(b) 50 percent reduction in rates of revenue & selami.

(c) Total cancellation of all arrear revenue and Government Agri. Loans.

(d) Restriction of exploritation by money lenders, setting up of Debt Settlement Board and return of all land that passed to Mahajan through distress sale.

(e) Stoppage of transfer of tribal land to non-tribals.

(f) Safeguard for protection of rights and Privileges of Scheduled tribes, scheduled castes, backward class and other minorities.

(g) Effective measures for stopping cattle lifting.

(h) Withdrawal of cases against Govt. employees, Workers, Kisan, Students and youth brought in connection with democratic movement.

(i) Measures against corrupt practises in Govt. machineries.

(j) Rehabilitation of Tribals, Jumias, Landless, and D. P. through realese of Government land from reserve forests.

(k) Immediate setting up of State Transport Corporation for playing of State Buses through all important Roads of Tripura.

(l) Speedy execution of Pilot Project for Rehabilitation of Tribal landless agriculturists at Amarpur.

(m) Speedy execution of Dumbur Hydel Project.

মাননীয় অধ্যক্ষ মহোদয় এখন কথা হচ্ছে আমার amendment সম্পর্কে আলোচনা করার আগে মাননীয় লেঃ গভর্ণর যে ভাষণ দিয়েছেন সেই সম্পর্কে কিছু বলা প্রয়োজন বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহোদয় এই আলোচনার সাথে সাথে আমার amendmentগুলিও touch করে যাওয়ার চেষ্টা করব। মাননীয় লেঃ গভর্ণরের ভাষণ পাঠ করলে পর মনে হয় ত্রিপুরারাজ্যে সমাজতন্ত্র এসে গিয়েছে। যেন এ রাজ্যে কোন অভাব অভিযোগ অশান্তি মানুষের কোন সমস্যা নেই, কোন দাবী নেই। যেন সব দূর হয়ে গিয়েছে। কিন্তু বাস্তব অবস্থা কি—দেখুন জুমিয়াদের হাহাকার, তাহাদের অভাব অভিযোগ কত বেড়েছে, কর্মচারী মহলে যান দেখবেন তাদের বিক্ষোভ, ছাত্রদের মধ্যে ক্রমশঃ বিক্ষোভ অসন্তোষ বাড়ছে কৃষকদের অভাব অভিযোগ আরও বাড়ছে তাদের কোন সমস্যারই সমাধান হয় নাই। কৃষকদের মধ্যে মহাজনের শোষণ আরও বেড়েছে আজকে ত্রিপুরার প্রত্যেকটি শ্রেণীর মানুষের কাছে কোন ভবিষ্যৎ নেই, তাদের বাঁচার মত কোন ব্যবস্থাও হচ্ছে না। গত ২২ বৎসরে কংগ্রেসী রাজত্বে যা হয়েছে তারই একটা রঙ্গিন চিত্র তিনি দিতে চেয়েছেন বাস্তব অবস্থার সঙ্গে যার কোন মিল নেই। আসলে আমরা দেখতে পাবো এই বাজেট বক্তৃতা হচ্ছে একটা গতানুগতিক। কারণ লেঃ গভর্ণর বাধ্য থাকেন যে তার মন্ত্রীসভা যে বক্তৃতা লিপিবদ্ধ করে দেবেন। তিনি সেটা এখানে পাঠ করবেন। সেই অনুসারে এই বক্তৃতা হচ্ছে একটা ছক কাটা। সেটা আগেই ছক কাটা করে

রাখা হয়েছে কারণ Administrator যখন গতবার এই বিধান সভায় ভাষণ দিয়েছিলেন তখনও আমরা দেখেছি যে এই ত্রিপুরা রাজ্য সম্পর্কে কত রঙ্গিন স্বপ্ন তুলে ধরেছেন। ত্রিপুরা রাজ্যের উন্নতি অগ্রগতি সম্পর্কে বক্তৃতা তিনি এই বিধান সভায় উপস্থিত করেছিলেন। তারই অনুসরণ করা হয়েছে এই লেঃ গভর্ণরের বক্তৃতায়। আসলে এই বক্তৃতা হচ্ছে নিস্প্রাণ, এর কোন প্রাণ নেই, তার কোন চলন শক্তি নেই। মানুষের বাঁচার মত, কোন ভবিষ্যৎ তুলে ধরার মত এই ভাষণে আমরা কোন কিছু দেখি না। তারপর আমরা কি দেখি এই ভাষণ পাঠ করার সঙ্গে সঙ্গে সারা ত্রিপুরার মানুষের কাছে একটা হতাশার চিত্র তুলে ধরেছেন। কারণ এই ভাষণের সঙ্গে বাস্তব অবস্থার কোন সামঞ্জস্য নেই। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয় এই যে ভাষণ, এই ভাষণ ত্রিপুরা রাজ্যের যে কোন শ্রেণীর মানুষকে কোন কিছু আশার চিত্র তুলে ধরতে পারেনি। তাই আমি এই ভাষণকে বলছি নিস্প্রাণ এবং হতাশাজনক। কাজেই এই ভাষণের দ্বারা ত্রিপুরা রাজ্যের কোন উন্নতির অগ্রগতি আমরা আশাই করতে পারি না। তিনি ভাষণের মধ্যে এই কথা তুলে ধরতে চেষ্টা করেছেন যে যারা বর্গাদার যারা বর্গা করেন তাদের অবস্থা কি? এবং তাদের অবস্থাকে কিভাবে সমাধান করা যায় তার কিছুটা ইঙ্গিত দিতে তিনি চেষ্টা করেছেন। আসলে যারা বর্গাদার তাদের অবস্থা আমরা কি দেখি এবং জমিগুলি কাদের কাছে গিয়ে জমা হচ্ছে। হয়তো কোন অকৃষক মহাজন, নয়তো কোন জোতদার, নয়তো কোন তালুকদার এদেরই কাছে সব জমিগুলি কেন্দ্রীভূত হচ্ছে। আর যারা গরীব যারা দুর্বল যাদের কাছে টাকা পয়সা নেই তাদের জমি হাতছাড়া হয়ে যাচ্ছে, উৎখাত হয়ে যাচ্ছে, ভূমিহীনে পরিণত হয়ে যাচ্ছে। তারপর এই যে অকৃষক যাদের কাছে গিয়ে জমিগুলি জমা হ'ল, তারা ঐ কৃষকদের শোষণ করার জন্য আরো সুযোগ পেল। এই ভাবে ত্রিপুরার একটা বৃহৎ অংশের মানুষের উপর কম অংশের মানুষ শোষণ করে চলেছে। তারপর আমরা কি দেখতে পেলাম তিনি বলেছেন অনেক শিল্প গড়বেন, কৃষিতে অনেক উন্নতিও করবেন, সবুজ বিপ্লবের কথাও তিনি বলতে ছাড়েন নি। কারণ মন্ত্রীরা তো সবুজ বিপ্লবের স্বপ্নই দেখে থাকেন। এই জন্যই তিনি সবুজ বিপ্লবের কথা উনার ভাষণের মধ্যে দিয়ে বলতে ভুল করেন নি। কাজেই সবুজ বিপ্লবের কথাও কিছুটা উঠেছে এই খানে স্বাভাবিক ভাবেই এখানে একটা প্রশ্ন উঠেছে যেখানে গত বৎসরও আমরা দেখেছি ত্রিপুরা রাজ্যের কত মানুষ দুমুঠো অন্নের জন্য হাহাকার করে ফিরেছে, ভিক্ষা করেছে, সেই ছৈলেংটায়, ছামনুতে মানুষ না খেয়ে মরেছে, যেখানে এক কেজি চাউলের বিনিময়ে মানুষ ২ দিন শ্রম করতেও দ্বিধা করেনি, যেখানে কৃষক ইরিগেশান লোনের সামান্য ১০০।২০০৲ টাকার জন্য এক বৎসর দেড় বৎসর পর্য্যন্ত ঘুরে মরছে সেখানে কি করে তিনি সবুজ বিপ্লবের কথা বলতে পারলেন তা আমরা জানি না অন্ততঃ ত্রিপুরার বর্ত্তমান বাস্তব অবস্থা তা বলে না। ত্রিপুরা রাজ্যের মধ্যে যারা টাকাওয়ালা, যারা জোতদার, যারা কংগ্রেসী মন্ত্রীদের সঙ্গে মিশে বেশী টাকা কামাই করতে সুবিধা পান মানুষ মারার বিপ্লব, মানুষকে অনাহারে মারার বিপ্লব যারা সৃষ্টি করতে পারেন তাদের মুখেই এই সবুজ বিপ্লবের কথা শোভা পায়। যারা ত্রিপুরাকে সমৃদ্ধশালী করতে চায়, ত্রিপুরাকে গড়ে তুলতে চায় তারা কোন দিনও এরকম কথা বলবে না। তাদের কাছে এটা পাগলের প্রলাপ। তিনি সমাজের দুর্ব্বল অংশের সম্বন্ধেও বলেছেন। ত্রিপুরা রাজ্যের জন সমাজের দুর্ব্বল অংশ হচ্ছে ত্রিপুরার

উপজাতী যারা শিক্ষাতে নেই, চাকুরীতে নেই, ব্যবসায়তে নেই। এই দুর্ব্বল উপজাতীরা মহাজনদের দ্বারা শোষিত হচ্ছে। সরকারী আইনে আছে Land Revenue আইনে আছে মহাজনরা শতকরা ৯৲ টাকার বেশী সুদ নিতে পারবে না। কিন্তু বাস্তবে কি হচ্ছে। মহাজনরা প্রতি একশত টাকার জন্য প্রতি তিন মাসে ৩ মণ থেকে ৫ মণ পর্য্যন্ত ধান আদায় করে। কোন কোন জায়গায় আমরা এও দেখছি মহাজনরা প্রতি তিন মাসে ১০০৲ টাকায় ১০০ থেকে ১৫০ টাকা সুদে আদায় করে। ত্রিপুরার এই দুর্ব্বল অংশের মানুষকে শোষণ করে মহাজনরা ফুলে ফেঁপে উঠেছেন, যারা ক্রমশ সমস্ত জমি নিজদের মুঠিতে নিয়ে আসছেন, যারা মানুষের খাদ্য শোষণ করে নিজেদের ভূমি বাড়িয়ে চলছে সেই মহাজনদের, শোষকদের শাস্তি দেওয়ার এবং এই শোষিত দলকে রক্ষা করার একটুকু ইঙ্গিতও উনার ভাষণের মধ্যে দেন নি। যেখানে কৃষকদের বকেয়া খাজনা সম্পূর্ণ মুকুব করার দাবী উঠেছে সেখানে ত্রিপুরা সরকার সেই বকেয়া খাজনার আংশিক মুকুব করার কথা চিন্তা করছেন এবং সেই ঘাটতি পুরণের জন্য নূতন কর বসানোর কথাও সরকার চিন্তা করিতেছেন বলে একটা অশুভ ইঙ্গিত উনার ভাষণে দিয়েছেন। আমাদের পার্লামেণ্টে এবারের বাজেটে ঘাটতি পূরণের জন্য ১১০ কোটির মত নূতন কর ধার্য্য করে ভারতবর্ষের মানুষকে তথা ত্রিপুরা রাজ্যের মানুষকে অভাব অনটন এবং আরও বিভীষিকার মধ্যে ঠেলে দিতে চেষ্টা করেছেন। আবার এই ছোট ত্রিপুরা রাজ্যে, যেটা ঘাটতি রাজ্য, যেখানে কোন শিল্প নেই, কৃষকদের কোন উন্নতির ব্যবস্থা নেই সেখানে এই কর বসানোর এই অশুভ ইঙ্গিত ত্রিপুরার উন্নতির পক্ষে সহায়ক নয়, ত্রিপুরার উন্নতির বিরোধী। কেন্দ্রীয় সরকারের বাজেটে আমরা আরও দেখেছি ২৫০ কোটি টাকার মত নূতন নোট ছেপে বাজারে ছাড়া হবে। এতে জিনিষপত্রের দাম আরও আকাশ ছোঁয়া হয়ে যাবে। কেন্দ্রীয় সরকারের রেলের ভাড়া বৃদ্ধি এবং নিত্যপ্রয়োজনীয় জিনিষের উপর নূতন কর সমস্ত সাধারণ ভোগ্যপণ্যের মূল্য আকাশ ছোঁয়া করে দিয়েছে এবং জনসাধারণকে অশেষ দুর্গতির মধ্যে ঠেলে দিয়েছে। জনসাধারণের জীবন এবং জীবিকাকে আরও দুর্বিসহ করে তুলেছে। এই অবস্থার মধ্যে এই ত্রিপুরাতেও আবার কর বসানোর প্রচেষ্টা চলছে। যেখানে ত্রিপুরার মানুষ খাজনা মকুবের জন্য দাবী করে চলছে সেখানে আবার নূতন করে কর বসানো ত্রিপুরার মানুষ নিশ্চয়ই নীরবে সহ্য করে নিবে না। এই সব অবস্থার পরিপ্রেক্ষিতে এই ভাষণকে আমরা সমর্থন করতে পারি না। এতে কোন আশার আলো নেই। গত ২২ বৎসর যাবৎ কংগ্রেস শাসন করছে। তারা কিছুই করতে পারে নি শুধু দুর্নীতিকে প্রশ্রয় দিচ্ছে। তারা আজ দ্বিধা বিভক্ত। কংগ্রেস সদস্যরাই আজ তাদের দলের দুর্নীতির বিরুদ্ধে অভিযোগ তুলেছেন তারা দ্বিধা বিভক্ত। আমি আশা করি এই আসার ভাষণকে তারাও সমর্থন করবে না। এই ভাষণ ত্রিপুরার দরিদ্র কৃষক, শ্রমিক, কর্ম্মচারী কাউকে আশার আলোক দেখাতে পারবে না কাজেই এই ভাষণকে আমি সমর্থন করতে পারি না।

Mr. Speaker :—Shri Promode Ranjan Das Gupta.

Shri Promode Rn. Das Gupta :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বাজেট অধিবেশনের প্রারম্ভে লেঃ গভর্ণর ডায়াস যে উদ্বোধনী ভাষণ দিয়েছেন সেই সম্পর্কে আলোচনা করার পূর্ব্বে একটা কথাই বলতে চাই যে জিনিষটা আমার ভাল লেগেছে সেটা হচ্ছে উনার ভাষণের

১২ পৃষ্ঠায়—"I have started learning Bengali and I hope that in due course I shall be able to address this Assembly in Bengali" এই দৃষ্টিভঙ্গিটাকে আমি appriciate করছি এই জন্য যে এখানে বাহির থেকে অনেক অফিসার আসেন কিন্তু সাধারণ মানুষকে বুঝবার এবং জানবার ইচ্ছা অনেকের থাকেনা। আঞ্চলিক ভাষাকে জানবার আগ্রহ অনেকেরই থাকে না। কিন্তু তিনি বাংলা ভাষাকে যে জানবার আগ্রহ প্রকাশ করেছেন এটা সাধারণ মানুষকে জানবার এবং বুঝবার আগ্রহ। এই অভিপ্রায়কে অভিনন্দন জানিয়ে আমি উনার বক্তব্যের কিছু বলছি।

প্রথম কথা হল এখানে লেঃ গভর্ণর যে ভাষণ দিয়েছেন এটাকে লেঃ গভর্ণরের ভাষণ বলা হবে, না এ্যাডমিনিষ্ট্রেটরের ভাষণ বলা হবে? কারণ আমাদের constitutionএ আছে "Save as otherwise provided by parliament by law every Union Territory shall be administered by President acting to such extent as he thinks fit, through an administrator to be appointed by him with such designation as he may specify". Parliament এটাকে specify করে দিয়েছে। অতএব ঐ যে একটা প্রশ্ন Administrator, তা ঠিক নয়। কারণ আমরা যখন Governor এর Speech টাকে আলোচনা করব তখন তার বক্তব্যটার মধ্যে কি আছে আর কি নাই, কতদূর ত্রিপুরার সম্বন্ধে তিনি বক্তব্য রেখেছেন সেটা সম্বন্ধে আমাদের বক্তব্য রাখা উচিত। তার সাথে সাথে Policy matter এর উপর সব বক্তব্য তিনি রেখেছেন তার উপর বক্তব্য রাখব, না কি details discussion এর উপর বক্তব্য রাখব। আমাদের বক্তব্য শুধু Policy matter এর উপর সীমাবদ্ধ রাখব। আমার প্রথমতঃ কথা হল আমাদের ত্রিপুরায় প্রথম Lt. Governor এসেছেন, তিনি বোধ হয় এখানে একটা ক্ষমতা নিয়ে এসেছেন। কিন্তু তা নয়। এ কথাটুকু ভুললে চলবে না Union Territory Act, 1963 অনুযায়ী যে Government ছিল, এর যে ক্ষমতা তা খুবই সীমিত, সেই Act অনুযায়ী আজও শাসন চলছে। আমাদের Lt. Governor পদ্মভূষণ পেয়েছেন কেউ কেউ বলছেন। কিন্তু পদ্মভূষণ পেলে কি হবে, তিনি Act এর বাইরে কাজ করতে পারেন না। নামের দিক দিয়ে পদবীর দিক দিয়ে আমরা যত পেয়েছি, কিন্তু তিনি আইনের বাইরে কাজ করতে পারেন না। আমরা যে State-hood চাই, সেই State hood এর পাদক্ষেপ হিসাবে আমরা Lt.Governor পেয়েছি কিনা সেটা আমরা জানিনা। তবে তারজন্য আমাদের আন্দোলন করতে হবে। Lt. Governor আসার সাথে সাথে আমি State hood এর চিন্তা আমি করিনি। তবে এই সীমিত ক্ষমতার মধ্য দিয়ে কাজ করা যায় না, এবং যাবেনা এটাই বলব। এর পূর্বে আমাদের প্রাক্তন চিফ কমিশনার শ্রীডি, কে, ভট্টাচার্য্য আমাদের Assembly তে যে speech রেখেছেন তার সাথে Lt. Governor এর ভাষণের মধ্যে ২।১টা পার্থক্য দেখতে পাচ্ছি। তবে এটাও আমাদের ভাবতে হবে এই ভাষণটা Lt. Governor তৈরী করেছেন নাকি Council of Ministers তৈরী করেছেন। Entire speech টাই Council of Ministers তৈরী করেছেন।

অতএব Council of Ministers এর বক্তব্য তিনি Houseএর সামনে রেখেছেন। আপনারা জানেন পশ্চিমবঙ্গের গভর্ণর ধরমবীর এই বাজেট বক্তব্য দিতে গিয়ে একটা Constitutional right এর নজীর তৈরী করেছেন। অতএব speechটা হল Council of Ministerএর তৈরী। Speechএর তৃতীয় পৃষ্ঠায় একটা জায়গায় লিখা আছে— A clear efficient and dedicated administration is a vital instrument for enabling the Government to achieve its social objectives. My Government, therefore, proposes to undertake measures for taking up the administration এখানে একটা জিনিষের implication আছে যে ত্রিপুরা administration fail করেছে বা যথারীতি function করতে পারছে না। সেই realisation Governmentএর আজ এসেছে। তাই Administrationটাকে properly function করতে হবে। সেখানে কি চাই? Democratic wayতে সেখানে function করাতে হবে। Democratic wayতে administration চালাতে হলে যারা administration চালান তাদের থাকতে হবে সহনশীলতা, আত্মবিশ্লেষণ। আর একটা দৃষ্টিভঙ্গি তাদের থাকতে হবে, জনসাধারণের বক্তব্য শুনবার একটা আগ্রহ এবং ইচ্ছা থাকতে হবে। এই তিনটি দৃষ্টিভঙ্গি থাকলে democratic wayতে administrationটাকে properly function করা যায়। আমার বক্তব্য হচ্ছে এখানে এই যে Policy mattersএর বক্তব্যের মধ্যে সেটা clean and efficient administration চাচ্ছেন এবং সেটাকে তিনি Grown up করতে চাচ্ছেন administrationএ তাই সেটাকে আমি অভিনন্দন জানাই। কিন্তু অভিনন্দন জানানোর সাথে সাথে এইটুকু সাবধান বাণী উচ্চারণ করছি যে যারা শীর্ষস্থানে আছেন তারা যদি গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গি না নেন, তারা যদি গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গি থেকে দূরে থাকেন তা হলে শত কথায়ও administration grown up করবে না। কারণ "আপনি আচরি ধর্ম্ম পরেরে শিখায়" অতএব আমাদের যারা Government এর Head of the employments এ আছেন তাদের আগে নিজেদের আচরণকে সংশোধন করতে হবে, সবদিকে তা হলে সমস্ত co-ordination করতে পারবে। It is fact যে আমাদের প্রধান crisis হচ্ছে crisis of co-ordination সুতরাং administrationএর মধ্যে আবার যদি co-ordinationতিনি আনতে পারেন তাহলে ত্রিপুরার কাজের অগ্রগতি প্রায় ৫০ ভাগ ত্বরান্বিত করতে পারবেন। কারণ তার একটা উদাহরণ আমি দিচ্ছি সেটা হচ্ছে যেমন ply wood factoryর একটা প্রস্তাব ইণ্ডাষ্ট্রিতে আছে কিন্তু ply wood factory যদি করতে চায় তবে কি দিতে হবে। Industry Deptt. এর যিনি Head তাকে তখন কতকগুলি amenities কতকগুলি privilege সেই সব partyকে দিতে হবে, না হলে ত্রিপুরার মত জায়গা যেখানে রেল নাই, যেখানে power এখনও আসে নি সেখানে যদি Capitalistদের allure করতে হয়, তাকে যদি আনতে হয় নানা রকম সুযোগ সুবিধা তাকে দিতে হবে। তার মধ্যে জায়গার সুবিধা তাকে দিতে হবে। Taxation, duty, এ সব ব্যাপারেও তাকে amenities দিতে হবে। এখন যদি ply wood factory হয় তার মধ্যে যদি আমাদের Forest Deptt. বলে যে আমার মাশুল ছাড়ব না, তাহলে ত্রিপুরাতে ply wood factory হবে না। অতএব Departmental

co-ordination বিশেষভাবে দরকার। ত্রিপুরাতে Development যাতে হয় তারই জন্য প্রয়োজন। তারপর আমি আর একটি জিনিষ বলছি সেটা হচ্ছে, আমার মাননীয় বন্ধু অঘোর বাবুর সাথে আমি একমত হতে পারছি না তিনটি Districtএর ব্যাপারে। ত্রিপুরার মোট এরিয়া হচ্ছে চার হাজার বর্গমাইল, তারপর কমিউনিকেশন ডিফিকালটিস্ এবং অন্যান্য অসুবিধা তো এরই জন্য আছেই। আজকে যদি তিনটি District হয় তিনটি জুডিসিয়াল কোর্ট হবে, জজ কোর্ট তিনটি হবে কিংবা সাব জজ কোর্ট হবে। তাতে কৃষকদের লেণ্ড ডিস্পুটের ব্যাপারে বা অন্য কারণে যে মামলা মোকদ্দমা থাকে এর জন্য কাহাকেও আগরতলা দৌড়াতে হবে না। সেই অসুবিধা থেকে তারা মুক্তি পাবে। এই District শহরগুলি কোথায় হবে সেটা অবশ্য আমি জানি না। সেটা আমাদের মন্ত্রী মহোদয়েরা ঠিক করবেন। তবে দুইটি জোন ঠিকই হবে সাউথ এবং নর্থে সেখানকার লোকেরা ঐসব সুবিধাগুলি পাবে যদিও ওনার সঙ্গে ঐ Pointএ আমি একমত হতে পারছি না। তবে আমার মনে হয় তিনিও চিন্তা করে দেখবেন যে সে সম্বন্ধে সুবিধা হয় কি না। তৃতীয় প্রশ্ন হচ্ছে যে আমাদের Government Employeesদের agitation সম্বন্ধে। হ্যাঁ এটা সত্যি কথা যে Government Employeesদের মধ্যে agitation চলছে এবং তারা কতগুলি দাবী দাওয়া করেছে। Agitation কাম্য নয়। কিন্তু তার সাথে সাথে অপর একটা দিক আছে সেটাকে অস্বিকার করার কোন উপায় নেই। তবে এই সম্পর্কে আমি একটা কথা বলব। প্রথমত: একটা কথা হচ্ছে এই যে এই সব কর্মচারী যারা আছেন Class III হউক, Class IV হউক তাদের বাঁচবার তাদের বেতনের ব্যপারে, তাদের anomalies in Pay Scale এর ব্যপারে তারা যে দাবা করে সেটা সত্যিই ঠিক আছে। কিন্তু এর সাথে সাথে একটা জিনিষ যেন তারা না ভুলেন সেই গ্রামের কৃষক, গ্রামের শ্রমিকরা যখন তাদের কাছে আসে, ওরা যখন তাদের কাছে দাবী নিয়ে বা কোন Petition নিয়ে আসেন তখন তারা যেন ভুলে না যান যে তারা যদি পেছনে থাকেন তাদের সমর্থন যদি পান তবেই দাবী আদায় হবে। কাজেই ওদের প্রতি যদি সহানুভূতি নিয়ে ব্যবহার করা হয়, ওদের কাজকর্মগুলি যদি তাড়াতাড়ি সেরে দেওয়া হয় তাহলে ওদের সহানুভূতি কর্মচারীরা নিশ্চয়ই পাবে। এই সঙ্গে সঙ্গে আমি একটি কথা বলব যে Class III Employeeদের কতগুলি anomalies in Pay Scale আছে মাননীয় Lt. Governor স্বীকার করেছেন যে No effort is being spared for a speedy redress of their legitimate grievances and it is expected that some of their long outstanding problems will shortly be resolved. Yes, I welcome this. কিন্তু বাস্তবে আমাদিগকে সেটা দেখতে হবে। কারণ আজকে বহু বৎসর যাবৎ কতগুলি third class employee as part time Craft Instructor হিসাব Education Departmentএ ৮০ টাকা Fixed Payতে ৮ ঘন্টা কাজ করতে হয়। সে কাগজ আমার কাছে আছে। আবার Library Sorter Class III Employees এর ৬০ টাকা বেতনে revision of pay scale হয়েছে। এই রকম আবার একই Job, একই responsibility কিন্তু different pay scale, আমি নীচের তলার কথা বলছি উপরের তলার কথা আমি বলছি না।

এই নীচের তলার অগণিত কর্মচারী যাদের অকুণ্ঠ ভালবাসা আমাদের পাওয়া দরকার। হাজার হাজার লাখ লাখ টাকা আমাদের খরচ হয়ে যাচ্ছে buildingএ, নানাহ কারণে অনেক টাকা চলে যাচ্ছে। তাদের এই anomaliesগুলি যদি দূর করে দেওয়া যায় তাহলে হাজার হাজার কর্মচারীর যে সুখ সুবিধা হবে সেই আশাটুকু নিয়েই আমি মনে করি যে আমাদের মাননীয় লেঃ গভর্ণর তাদের প্রতি সহানুভূতি দৃষ্টিভঙ্গি নিয়েই বোধ হয় এই Assurance দিয়েছেন এবং এই Assuranceটাকে যদি বাস্তবে রূপায়িত করা হয় তাহলে agitationএর কোন প্রয়োজন সেখানে যদি কোন agitation হয় তাহলে বলতে হবে Agitation for Agitation only, অতএব সেই Agitationএর পেছনে যে ইতিহাস অর্থাৎ indiscipline তাকে কেহ পছন্দ করে না। শৃঙ্খলা, it is a relative term শৃঙ্খলা কাকে বলে সেটা আমাদের বুঝতে হবে। শৃঙ্খলা যখন উপর থেকে ভঙ্গ করা হয়, কি শৃঙ্খলা ? নিয়ম এবং কানুন যেখানে নির্দেশ দিয়েছে, সংবিধান যখন তাকে নির্দেশ দিয়েছে তার যে অধিকার তার কাজের পরিমাণে উপযুক্ততা অনুসারে তার বেতন দেওয়া সেই সব সম্বন্ধে যেখানে সংবিধান নির্দেশ দিয়েছে সেখানে যদি তার ব্যতিক্রম করি সেটাও শৃঙ্খলা ভঙ্গ। শৃঙ্খলা একদিকে নয়, দু'দিকেই থাকতে হবে। এটাও সত্যি কথা ন্যায্য দাবী ছাড়া যদি কোনরকম Agitation হয় তবে Corrupt Practice should be discontinued এবং সেগুলি তিনি বলেছেন will have to be dealt with appropriately. Corrupt Practice যে কোন লোকের পক্ষে হউক, যে কোন কর্মচারীর পক্ষে হউক, কোন কর্মচারীর পক্ষে হউক, যে কোন অফিসারের পক্ষে হউক সে সমস্ত caseগুলি আমরা ভালভাবে deal করতে পারি। বিশেষতঃ অফিসারদের ক্ষেত্রে যারা চেয়ারে বসে আছেন তারা যদি corrupt practice follow করেন, Corrupt Practiceএর Definition কি ? টাকা মারলেই Corrupt Practice হয় না Corrupt Practice—it is also একজন কর্মচারীকে যদি ৫-১০ বৎসর পর্য্যন্ত কাজ করা সত্বেও quasi-permanent অথবা permanent না করে ফেলে রেখে দেওয়া হয় it is also Corrupt Practice কোন কোন জায়গায় আবার ৩।৪ বৎসর কাজ করার পরেও কোন কোন কর্মচারীকে quasi-permanent বা permanent করা হয়েছে। কাজেই Corrupt Practiceএর definition একভাবে দেখলে চলবে না। অতএব সরকারী কর্মচারীর প্রমোশান, ট্রেন্সফার, appointment এবং অন্যান্য ব্যাপারেও যদি পক্ষপাতিত্ব দেখানো হয় it is also Corrupt Practice. কারণ corrupt practiceএর definition আপনারা দেখেছেন যে বাংলা দেশে এবং অন্যান্য Provinceএ কয়েকটা Commission হয়েছে। সে সব commissionএর এবং কেরালায় যে commission বসেছে সেখানে যখন Corrupt Practice সম্পর্কে বলেছেন তখন এগুলিকেও corrupt practiceএর অন্তর্ভুক্ত করেছেন। অতএব সেই সম্বন্ধে আমাদের দেখতে হবে এবং আর একটা হচ্ছে সমস্যার সমাধান খুব তাড়াতাড়ি করা চলে, যে সব anomalies দূর করা চলে সেই সব anomalies যদি দেরী করে ইচ্ছাকৃতভাবে বঞ্চিত করা হয় কর্মচারীকে তার ন্যায্যপ্রাপ্তি থেকে

it is also corrupt practice. অতএব আমি আশা করি যে আশা এবং সদিচ্ছা তনি এখানে রেখেছেন সেটা কার্য্যে তাড়াতাড়ি পরিণত করবেন। তারপর হচ্ছে ত্রিপুরার Civil Service, ত্রিপুরার Police Service, ত্রিপুরার Judicial Service, আমি এই কথা বলব যে এই Act ত্রিপুরার Assemblyতে আনা উচিত এবং Tripura Junior Civil Service Act. immediately আনা উচিত। তারপর এটা সত্য কথা এই রুল constitutionএর ৩০৯ ধারা অনুসারে উনারা করেছেন, তবে আমি বলব আমাদের ত্রিপুরার পরিপ্রেক্ষিতে ত্রিপুরাতে এই Act আনা immediately প্রয়োজন এবং সেই Actকে in consultation with Public Service commission যেন এই Act আনা হয় তার জন্য আমি মুখ্যমন্ত্রীর নিকট অনুরোধ রাখছি। তারপর আমার বক্তব্য হচ্ছে আমার মাননীয় বন্ধু অভিরাম বাবু Green Revolutionএর শ্লেষাত্ব বোধক ব্যাখ্যা করেছেন। আমাদের লে: গভর্ণর শ্রী ড্যায়াস পূর্ব্বে ভারত সরকারের Food & Agricultureএর Secretary ছিলেন। আজ তিনি ত্রিপুরাতে এসেছেন এবং এখানে যে ভাষণ দিয়েছেন তাতে উনি Green revolutionএর কথা হয়ত বলেছেন কিন্তু উনিও green revolution হয়ে গিয়েছে একথা বলেন নি। তিনি বলেছেন measures should be taken; Measureগুলি কার্য্যতঃ নেওয়া হয় না। কারণ আমাদের Lt. Governor Shri A. L. Dias এবং Chief Ministerও সর্বত্র এগুলি দেখাতে পারেন না। কিন্তু এই যে measureগুলির কথা এখানে বলা হয়েছে প্রকৃতপক্ষে এগুলি নেওয়া হয় না। দ্বিতীয় হচ্ছে Co-operative systemএর কথা নাই বা বললাম। কারণ যেখানে Co-operative not in existence in fact. যেখানে এতসব গলদ সেগুলি দূর করতে হবে। First and foremost হচ্ছে Co-operativeএর Actকে amendment করতে হবে। সেই amendment এর resolution ৫ বৎসর আগে এসেছে। দুঃখের বিষয় অনেক সময় আমরা বলি কিন্তু এই যে statutory Resolution যে Resolution আগাগোড়া পরিবর্ত্তন করতে যাচ্ছেন Amendment করে, সেই resolution সম্বন্ধে আমরা ওয়াকিবহাল নই। কারণ Resolution নানা রকমের আছে। একটা আছে resolution on expression. আমি expression দিলাম যে এই এই করা হউক এবং House এটা accept করল। কিন্তু এটা করা না করা Govt.এর ইচ্ছার উপর নির্ভর করে। Statutory resolution is binding on the Government. কারণ তার পেছনে Legal Point আছে। এই সম্পর্কে আপনি যদি Kaulএর বক্তব্য দেখেন তাহলে দেখতে পারেন। তিনি স্পষ্টভাবে বলে গেছেন statutory resolution সম্পর্কে যে তার পেছনে একটা Legal force আছে এবং সেটা binding on the Government to give effect to each. কিন্তু দুঃখের বিষয় যে Statutory Resolutionসম্পর্কে আমাদের Deptt. Secretaryগণও সে জিনিষটা সেভাবে গ্রহণ করেন না। সেভাবে resolutionটা গ্রহণ করা না করা তাদের ইচ্ছা। তাই আজ ৫ বৎসর পরেও Co-operative একটা amendment আমাদের এখানে আসেনি। এবং তাই আমি বলছিলাম যে Co-operative systemটাতেও একটা revolutionএর প্রয়োজন হয়ে পড়েছে। Green

revolution যেমন দরকার তেমন Co-operative এর মধ্যেও revolutionএর দরকার। এবং সেটার আমূল পরিবর্ত্তন করা দরকার। আমূল পরিবর্ত্তন করে নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে Co-operative যদি করা যায় তাহলে Green revolutionকে আমি সমর্থন করতে পারি। Green revolution এর সাথে সাথে price supportকে implement করতে হবে। সেই বক্তব্য আমি এখানে রাখছি। মাননীয় Lt. Governor যে Policy matter এর উপর বক্তব্য রেখেছেন, সেই কথা বলতে গিয়ে আজকে বাস্তব দৃষ্টিভঙ্গি দিয়ে আমি যা দেখছি সেটা বলছি। দ্বিতীয়তঃ হচ্ছে Irrigation insufficient. আমাদের এখানে Minor Irrigation এর ব্যবস্থা আছে আমি তা স্বীকার করি। কিন্তু Irrigation যা করা হয়েছে সেই সম্বন্ধে Estimate Committee-র 1967-68 and 1968-69 এর report যদি পড়েন তাহলে সেখানে যে সব Irrigation করা হয়েছে সেগুলির মধ্যে দেখা যায় 50% Irrigation Scheme un-utilised, 25% partly utilised. This is the report of the Estimates Committee. তাই আমি বলব এই Irrigation Scheme এর আগে যে Irrigation হয়েছে তার একটা evaluation দরকার। কেন এগুলো fail করেছে? যদি evalution হয় তাহলে আমরা সেগুলো ঠিক করে Correct policy matter implement করতে পারব। এর সাথে সাথে power এর যে কথা উনি বলেছেন সেটাকে আমি স্বীকৃতি দিচ্ছি। Land Reforms সম্বন্ধে আমাদের এখানে Act করা হয়েছে। প্রয়োজন বোধে তার amendment করা হবে। Land Reforms Act, 1960 এর ১৫ ধারা অনুযায়ী যে নোটিশ serve করা হয় সেই নোটিশের উপর লিখা থাকে যে, তোমাকে কেন উচ্ছেদ করা হবেনা তার কারণ দর্শাও, এই হচ্ছে নোটিশের বয়ান। তাহলে বুঝা যায় যেইমাত্র লেখা হল যে, তোমাকে কেন উচ্ছেদ করা হবেনা তার কারণ দর্শাও, that implies যদি তার legitimate কারণ থাকে তাহলে তাকে উচ্ছেদ করা হবেনা, তাকে বন্দোবস্ত দেওয়া হবে। ত্রিপুরারাজ্যে Land Reforms Act এর 15 ধারা অনুসারে নোটিশ serve করে অনেককে পরচা দেওয়া হয়েছে এবং বন্দোবস্ত দেওয়ার জন্য সুপারিশ করা হয়েছে। অতএব আমার অনুরোধ হচ্ছে যারা landless তারা যাতে জমি পায়, এই Actটা সেইভাবে সংশোধন করা উচিৎ। এই Act এ কোন সুবিধা না থাকাতে জনসাধারণ কোন সুযোগ সুবিধা নিতে পারে না। কারণ সেখানে law আছে সেখানে অনেক পথ আছে। মাননীয় ভূতপূর্ব্ব চীফ্ কমিশনার শ্রী ডি, কে, ভট্টাচার্য্য এখানে তার ভাষণে বলেছিলেন যে land revenue instalmentএ দেওয়ার ব্যবস্থা করা হবে। তখনই আমরা বলেছিলাম যে instalment দিয়ে সেটা হবেনা, তাহা remission এর প্রয়োজন। তারপরই দেখা যায় remission of arrear land revenue is under consideration. সেদিক দিয়ে দেখা যায় remissionএর চিন্তা আমাদের আছে এবং আমিও সেটাকে সমর্থন করি। কিন্তু আমার কথা হল জরীপের জন্য খাজনাদি নেওয়া হয়নি। তাই বহু খাজনা বাকী পড়ে আছে। তাই পুরাপুরি যেন remission করা হয়। এখানে যদি একটা স্বীকৃতি পেতাম তাহলে আমি খুসী হতাম। আমরা যে জুমিয়া rehabilitation করেছি তাতে সম্পূর্ণ ভাবে ব্যর্থ হয়েছি

এই স্বীকৃতি দিয়ে যদি আবার এগিয়ে যাবার জন্য চেষ্টা নেওয়া হত তাহলে আমি খুশী হতাম। Public Accounts Committeeর 1968-69 এর report যদি পড়েন তাহলে দেখবেন যে জুমিয়া rehabilitation schemeএ যতগুলি কলোনী করা হয়েছে, যতগুলি rehabilitation দেওয়া হয়েছে, সামগ্রিকভাবে বলতে গেলে ২।৪টি ছাড়া সমস্তই failure. সেদিকে তাই আমাদের আজ একটা চিন্তা করা উচিত এবং addressএ তা থাকলে আমি খুব খুশী হতাম। তবে এই মাত্র আছে যে তারা চেষ্টা করছে টিলার মধ্যে effectively জুমিয়াদের rehabilitation দেওয়ার। সেই effective rehabilitation কিভাবে দিতে হয়, কিভাবে বিজ্ঞান সম্মতভাবে দিতে হয়, যাতে তারা চলে না যায়, সেই সম্পর্কে বিশেষভাবে চিন্তা করা উচিত। তাদের আর্থিক সাহায্যটাও বাড়ানো দরকার। জুমিয়াদের মাত্র ১৯১০ টাকা পুনর্বাসন লোন দেওয়া হয়। কারণ Project Scheme অনুসারে Project areaতে ১৯১০ টাকা দেওয়া হয়। Project area ছাড়া অন্য জায়গায় দেওয়া হয় মাত্র ৫০০-৩০০৲ ১৫০-৯০০৲ ৫০০-৩০০৲ এই টাকা নিয়ে তারা নষ্ট করে ফেলে, তাতে কোন কাজই হয়না। কাজেই এই টাকাটা wastage হচ্ছে। কাজেই এই wastage থেকে তাদের রক্ষা করা উচিত। তার চেয়ে না দেওয়া ভাল। ১৯১০ টাকা Project Schemeএ আছে। কাজেই সব জায়গাতে ১৯১০ টাকা দেওয়া উচিত বলে আমি মনে করি। না হলে জুমিয়া rehabilitation totally failure হবে।

তারপর forest based Industry সম্পর্কে বলছি। Forest আমাদের চাই, এটা আমাদের মঙ্গলের জন্য। Forest সম্পর্কে যে কথা বলেছেন তাহা সত্যি। Forest based Industry হওয়ার দিকেও প্রয়োজনীয় ব্যবস্থা হওয়া উচিত। যেমন Ply-wood। কিন্তু forestএর area এভাবে হওয়া উচিত যাতে মানুষ forestএর উপরে বিরূপ ধারণা নিতে না পারে। আমি আশা করি সেটা হবে। Gumti Hydro-Electric Project 1971-72তে চালু হবে বলা হয়েছে। এই সময়ের মধ্যে হবে কিনা জানিনা। তবে আমি আশা করি এবারের বক্তৃতায় সেটা আরেক বছর পিছুবে না। সেটা যদি হয় তাহলে আমাদের অনেকটা সুবিধা হবে। Industry সম্পর্কে specific কিছু নেই। ত্রিপুরাতে plywood factory ইত্যাদি হতে পারে। ত্রিপুরাতে India Govt. থেকে survey করে গেছে, এবং ত্রিপুরার মাটিতে যে materials আছে তাতে ভাল glass factory হতে পারে। এরকমও শুনেছি ২৫।৩০ বৎসরেও সেটা শেষ হবে না। কিন্তু সেই রকম সম্ভাবনা থাকা সত্বেও আজ পর্যন্ত glass factory করার দিকে কোন লক্ষ্য দেওয়া হচ্ছে না। আর rolling mill সম্বন্ধে আমি শুধু একটা কথা বলব। আমি জানিনা এটা হওয়ার পথে প্রতিবন্ধক কি আছে। কারণ এটার যে সুবিধা তাতে কোন private party এটাতে আসতে পারে। যে কারখানা থেকে ঐ Iron plate গুলি আসবে তারা সব সময় delivery দেয় to the destination, free of cost to the destination তারা delivery দেয় না। এটা একটা বিরাট লাভজনক ব্যবসা। কারণ এখন আমরা Calcutta থেকে আনি এবং বিরাট খরচ করি। কিন্তু ত্রিপুরার যে কোটা এবং ত্রিপুরার যে লাইসেন্স যদি আমরা কোন পার্টিকে দিতে পারি এবং ত্রিপুরার যে কোটা ও

লাইসেন্স সেটা দিয়ে যদি বলে দেই যে ত্রিপুরার যে কোটা তা ত্রিপুরাতে পৌঁছে দিতে হবে এবং সেটা যদি Government level এ করা হয় তাহলে অনেক পার্টি আছে আমাদের Re-rolling mill ত্রিপুরাতে করতে পারে। আমি আগে দু' একজনের সঙ্গে আলাপও করে দেখেছি। তারা বলেছে ঐ কোটাটা আমাদের দেওয়া হচ্ছে না। Re-rolling mill যদি এভাবে কোটা ছাড়া করা হয় তাহলে কোন পার্টিই সেখানে আসবে না। কিন্তু ত্রিপুরার যে কোটাটা সেটা destination পর্যন্ত বিনা পয়সায় পৌঁছে দেওয়ার দায় দায়িত্ব সেই factoryর। সে সুযোগে এই মিলটি আমাদের ত্রিপুরায় হতে পারে। কিন্তু কেন যে হচ্ছে না সেটাই সবচেয়ে আশ্চর্য্যের বিষয়। আমার ভয় হয় যে কোটার ব্যাপারে কোন রকম কারচুপি আছে কি না।

Oil and natural gas সম্পর্কে আমার কোন বক্তব্য নাই। সেটা ভাল একটা জিনিস। চা বাগান সম্পর্কে বলছি। চা বাগানে ১২ হাজার ওয়ার্কার আছে। কিন্তু দুঃখের বিষয় গত বছর এই ১২ হাজার ওয়ার্কারের জন্য ১০ হাজার টাকা ধরা হয়েছিল housing schemeএ। কিন্তু এ কথা চিন্তা করা হয় নি ১০ হাজার টাকায় কয়টা ঘর হতে পারে। অতএব আজকে ত্রিপুরার সবচেয়ে বড় প্রয়োজন যেটা সেটা হচ্ছে চা বাগানের যে labour তাদের গৃহ নির্ম্মাণ। যে ঘরে তারা বাস করে ভারতের নাগরিক হয়ে সেটা দেখতেও আমাদের লজ্জা অনুভব করা উচিত। এই ঘরের মধ্যে এই মানুষগুলির স্বাস্থ্য কোন রকমেই ভাল থাকতে পারে না। আমি জোর করে বলতে পারি যে শতকরা ১০।১৫টি লোক T. B. Suspectedএ ভুগছে। তার কারণই হচ্ছে যে ঘরে তারা বাস করছে সেটা most unhygenic. সেই জন্যই ১২ হাজার ওয়ার্কারের জন্য যে বিরাট অংক ধরা হয়েছে তা ঘরের জন্য দেওয়া উচিৎ। Housing Scheme নিয়ে একটি committee ও আছে। সে কমিটি কি করে জানিনা। সেটা করা হলে পরে শ্রমিকের খুবই মঙ্গল হত। আপনারা জানেন যে এইভাবে যদি ত্রিপুরার Tea Industry চলে তাহলে যেখানে ১২ হাজার শ্রমিক আছে আগামী তিন বৎসরের মধ্যে সে শ্রমিক সংখ্যা কমে আসবে ৭।৮ হাজারে। সব শ্রমিক বেকার হবে। কারণ মাত্র ১০।১২ টি বাগান ছাড়া বাকী বাগানগুলি নষ্ট হয়ে যাচ্ছে। Tea Industry মারফত যে বিরাট একটা টাকা আমরা অর্জ্জন করি, মানে central Govt. Excise duties নেয় এবং other duty নেয়, সেই Industy আজ মরে যাচ্ছে। সেই দিক দিয়েই আমাদের একটা scheme করা দরকার। এখানে একটা উত্তর হয়ত হতে পারে যে আসাম Industrial corporation মারফতে তো লোন দেওয়া হয়। কিন্তু সে লোন পাওয়া এত কঠিন—তার এত bottleneck যে সে লোন ত্রিপুরার চা বাগানের মালিকরা পায় না। অথচ সে লোনটা কি easier wayতে দেওয়া যায় তার ব্যবস্থা যদি করা হয় এবং সেইভাবে যদি ত্রিপুরার Industryকে সাহায্য করা হয় তাহলে আমার মনে হয় ত্রিপুরার যে only Industry সেটাতে আগামী ১০ বৎসরের মধ্যে ত্রিপুরায় ১২ হাজারের মধ্যে ১৮ হাজার শ্রমিকের সংস্থান হতে পারে ৫০০ কর্ম্মচারীর জায়গায় সেখানে হাজারের উপর কর্ম্মচারীর সংস্থান হতে পারে।

তারপর আমার বক্তব্য হচ্ছে কাটাখাল। কাটাখালের উপর ব্রীজ হচ্ছে ভাল কথা। কিন্তু কাটাখালের বাঁধে প্রতি বছর যে ভাঙ্গনের রূপ নেয় তার প্রতিকারের প্রতি কোন পন্থা

রিপোর্টে আমি পেলাম না। তাই আমি আবেদন করব কাটাখাল সম্পর্কে বিশেষ ভাবে চিন্তা করতে। আমি আরেকবার বক্তৃতায় বলেছিলাম যে তার diversion যদি সম্ভব হয় সেটা করা এবং তাহলে আমাদের জনগণের মধ্যে যে আতংক যার জন্য আমাদের উপর অনেক দোষারূপ করা হয় সে সম্বন্ধে আমি আশা করি মুখ্য মন্ত্রী বিশেষভাবে চিন্তা করবেন যাতে আগামী বর্ষার সময় এই সব জীবনগুলি বিপন্ন না হয়। ব্রীজের উপর গাড়ী যাবে। আনন্দের ব্যাপার। কিন্তু সাধারণ মানুষের আত্মরক্ষার বিষয়ে উনার ভাষণে কিছু পেলাম না। কাজেই আশা করি আমাদের বাঁধের ব্যাপারে তিনি চিন্তা করবেন।

তারপর আমার আর একটা কথা হচ্ছে Ex-servicemen সম্পর্কে। Ex-servicemen দের কি পর্য্যন্ত Rehabilitation হয়েছে সেটা আমার জানা নেই। এবং তারা অনেকেই শুনেছি এই জায়গা থেকে চলে গিয়েছে। এই সম্পর্কে একটা তদন্ত হওয়া দরকার। আমাদের Ex-servisemenদের Rehabilitation দেওয়া দরকার। তবে দেওয়ার আগে তদন্ত হওয়া দরকার যে এর মধ্যে কোন corrupt practice আছে কি না। আর Freedom fighter সম্পর্কে তিনি যা বলেছেন, তাতে আমার মনে হয় এই ভাষণ অনুযায়ী তাদের যদি ব্যবস্থা করা যায় তাহলে খুবই ভাল হয়। আর Municipality সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে Municipalityতে Election এর প্রচলন করা উচিত। আজ ১৪।১১ বৎসর যাবৎ Municipalityতে কোন Election নাই। এখানে বলা হয়েছে সব রকমের Preparation নেওয়া দরকার। তবে আমি জানি না কি প্রকারের Preparation নেওয়া হবে। আর অন্যান্য সাব ডিভিসনগুলি মিউনিসিপ্যালিটিতে রূপান্তরীত করার ব্যাপারে মানে Municipal Act সম্পর্কে কোন বক্তব্য এখানে নাই। কিন্তু আমার মনে হয় প্রত্যেকটি সাব-ডিভিসন টাউনগুলিকে মিউনিসিপ্যালিটিতে রূপান্তরীত করা একান্ত প্রয়োজন। এই বলে মিঃ ডায়াসের যে বক্তব্য তার প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Dr. Benode Behari Das.

Dr. Benode Behari Das :—Mr. Speaker Sir, আমাদের Budget Session এর প্রারম্ভে মাননীয় Lt. Governor Shri A. L. Dias যে ভাষণ রেখেছেন সেই ভাষণের পরিপ্রেক্ষিতে আমি আমার বক্তব্য রাখছি। বিস্তারিতভাবে সমালোচনা করতে গিয়ে কিংবা আলোচনা করতে গিয়ে মাননীয় সদস্য শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত মহাশয় তার বক্তব্য রেখেছেন। তাঁর বক্তব্যের মধ্যে যে সমস্ত গঠনমুলক যুক্তি তিনি দেখিয়েছেন তার প্রতি আমার সমর্থন আছে। শুধু আমাদের Lt. Governor একটা জায়গায় বলেছেন আগামী বছর আমার সরকার উপজাতি বিশেষতঃ তফশীলি জাতি, উদ্বাস্তু ও ভূমিহীনদের পুনর্ব্বাসনের দিকে বিশেষভাবে দৃষ্টি দেবেন। এই ভাষণটা যে কোথা থেকে আনল, এবং draftই বা কাদের সেই সম্বন্ধে মাননীয় সদস্য দাশগুপ্ত মহাশয় তুলে ধরেছেন। কাজেই এখানে আমরা ধরে নেব যে Council of ministers এটা তৈরী করেছেন। এটা সত্যি কথাও তার বক্তব্যে তিনি যে বলেছেন আগামী বৎসরে তফশিলী জাতি, উপজাতিদের দিকে লক্ষ্য রাখবেন সেটা যাতে ঠিক ঠিক মত কার্য্যকরী হয় তারজন্য সরকারকে আমি অনুরোধ করব। এইটুকু তিনি তার ভাষণে রেখেছেন

—সমাজের যারা দুর্বল অংশ হিসাবে গণ্য—যথা তফশিলী জাতি এবং তফশিলী উপজাতি এবং উদ্বাস্তু, তাদের কল্যাণে নিয়োজিত পরিকল্পনাগুলি যথাযথ রূপায়ণ ও উন্নয়নমূলক পরিকল্পনা রচনা এবং তাদের রূপায়ণের দিকে তারা লক্ষ্য রাখবেন। এ কথাটা উনি বলেছেন। এক্ষেত্রে আমাকে বলতে হচ্ছে গত কয়েক বৎসরে আমরা ত্রিপুরা রাজ্যে কি দেখলাম? তফশিলী জাতি, উপজাতি ও ভূমিহীনদের জন্য টাকা আসছে। এই Assembly Sessionএ আমরা জানতে পেরেছি যে ভূমিহীনদের প্রচুর টাকা এখনও রয়ে গেছে, তা খরচ হয়নি। Supplementary প্রশ্ন হল সেই টাকাগুলো কোথায়? সেই টাকাটা চলে গেল General Budgetএ।

চমৎকার জিনিষ। টাকা হল তফশিলী জাতি, ভূমিহীনদের উন্নতি জন্য, কিন্তু সেই টাকা চলে গেল General Budgetএ। তফশিলী সম্প্রদায়ের জন্য বা অনুন্নত সম্প্রদায়ের জন্য যে টাকা আসে সেই টাকা কিভাবে খরচ করতে হবে, কিভাবে পরিকল্পনা করতে হবে সেটা আলোচনা করা দরকার। আমি জানি তফশিলী ছাত্রছাত্রীদের ছাত্রাবাসের জন্য টাকা বরাদ্দকৃত হয়েছিল। বিশেষ করে আমি বলতে পারি ফটিকরায় যে Higher Secondary School এর যে বোর্ডিং হাউস সেই বোর্ডিং হাউস তফশিলী ছাত্রদের জন্য। গান্ধী মেমোরিয়েল স্কুলের সাথে যে বোর্ডিং হাউস আছে সেটা তফশিলী ছাত্রছাত্রীদের জন্য। কিন্তু এখানে আমরা কি উত্তর পেলাম? উত্তর পেলাম তফশিলী ছাত্রছাত্রীদের জন্য কোন বোর্ডিং হাউস নাই। তফশিলী ছাত্রছাত্রীরা একটা বোর্ডিং stipend পেয়ে থাকে। ১৯৬৭ সনে তারা পেয়েছিল ৩০৮ টাকা। কিন্তু আজকে তারা সেখানে পাচ্ছে ৩০২ টাকা। তফশিলীদের জন্য যে টাকা আসছে তাহা তাদের উন্নতিকল্পে যাহা করণীয় তাহা না করে নানাভাবে খরচ হচ্ছে। তাদের টাকা থেকে তারা বঞ্চিত হচ্ছে। এই হল আজ ত্রিপুরার তফশিলীদের উন্নতির নমুনা।

Mr. Speaker :—I would call on Shri Suresh Chandra Choudhury to take the chair in my absence for a few minutes.

Shri Benode Behari Das :—Mr. Chairman, Sir, তফশিলী জাতি, উপজাতি মিলিয়া ১৩০০০ ভূমিহীন কৃষক পরিবার আছে। আর আমরা সবুজ বিপ্লবের কথা বলে বেড়াচ্ছি। সবুজ বিপ্লব আমরা আনব এতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। সেখানে আমরা চেষ্টা করব, কিন্তু বাস্তব ক্ষেত্রে কি? তফশিলী জাতির লোকেরা যারা কৃষিকার্য্য পারদর্শী, কৃষিকার্য যাদের একমাত্র জীবিকা তাদের উন্নতির জন্য যে টাকা আছে সেই টাকা আমরা General Budgetএ তুলে নিলাম তাদের পুনর্বাসনের জন্য কোন চেষ্টা করলাম না। এ হচ্ছে বাস্তব চিত্র। তাই আমি মাননীয় chairman এর মাধ্যমে মাননীয় সদস্য এবং মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট আবেদন করছি তপশিলী জাতি, উপজাতিদের উন্নতির জন্য যে যে পরিকল্পনা আছে তার রূপায়নের দিকে আপনারা সজাগ দৃষ্টি দিন। মানবতার দোহাই দিয়ে বলছি যে আসুন তাদের উন্নতির জন্য আমরা চেষ্টা করি। রাজ্য সভায় গত ডিসেম্বর মাসে যখন bill পাশ হয়—"Ten years extenssion of reservation of seats of Sch. Castes/Tribes Bill সেখানে কি বলা হয়েছে?—In the Rajya Sabha also passing unanimously the constitution

23rd amendment bill--"The tax were cleared today extending by another years reservation in the Lok-Sabha and the State Legislatures for sch. castes sch. tribes and the Anglo Indians. কিন্তু last fewdays সেখানে কি ছিল—the final phase of discussion today was marked by un-equivocal admission of failure by all. The failure is on our part Mr. N. Mishra, leader of the oposition had stated. The failure is of ours the Law Minister Mr. G, Menon echoed, The entire Indian Community not just the Govt. or the oposition, Mr. Menon said would have to some serious heart searching to find an answer to the question.

সারা ভারতের বিজ্ঞ ব্যক্তিগণ এবং রাজনীতিবিদগণ সেখানে স্বীকার করে গিয়েছেন যে failure is our. Oposition leaders শ্রী মিশ্র এই কথা বলার সাথে সাথে আইন মন্ত্রী শ্রীগোবিন্দ মেনন সঙ্গে সঙ্গে তা স্বীকার করে নিয়েছেন। কিন্তু ত্রিপুরায় আমরা কি দেখতে পাচ্ছি—সেই সরলতা সেই উদারতা এখানকার মন্ত্রী মহোদয়ের আছে কি? সেই বাস্তবতা কে স্বীকার করার মত সরলতা তাদের আছে কি? আমি জানি তা নেই। এবং থাকতে পারে না। এখানকার রাজনৈতিক চক্র কিভাবে চলছে ত্রিপুরার sch. caste দের উন্নতি কি সমগ্র রাজ্যের তথা ভারতবর্ষের উন্নতি নয়? কাজেই সেই ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট এবং মাননীয় সদস্যদের নিকট আমার আবেদন থাকবে, মানবতার খাতিরে বলছি যে তাদের জন্য যে টাকা আসছে সে টাকা যেন তাদের জন্যই সৎভাবে ব্যয়িত হয়। তাদের যাতে উন্নতি হয়, সেই পিছিয়ে পড়া জাতি তারা যাতে এগিয়ে আসতে পারে সেইদিকে একটু নজর দিন। সেই রাজনৈতিক চক্রের একটি বা দুইটি মাত্র পোষ্য পুত্রের উন্নতিতে সারা ত্রিপুরা রাজ্যের তপশীলী সম্প্রদায়ের উন্নতি হবে না। এইটুকুই যেন এখানকার রাজনীতি চক্র মনে রাখেন। জনসাধারণ চিরকাল ঘুমিয়ে থাকবে না সেও সত্য কথা। মাননীয় chairman মহাশয়, আমি আমার বক্তব্য শেষ করবার আগে Mr. Dias এখানে যে বক্তব্য রেখেছেন এবং motion of thanks যা এখানে এসেছে সেই ক্ষেত্রে আমি মাননীয় সদস্য শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্তের যুক্তিগুলির প্রতি সমর্থন জানাচ্ছি। আর সঙ্গে সঙ্গে সেই motion of thanks এ সমর্থন জানিয়ে এবং oposition group এর memberদের amendment এর বিরোধীতা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Chairman (Sri S. C. Choudhury)—Now Chief Minister will reply.

Shri S. L. Singh—(Chief Minister)—মাননীয় Chairman, motion of thanksএর সমর্থনে আমি আমার বক্তব্য এখানে পেশ করছি। যে amendmentগুলি এখানে এসেছে তার বিরোধীতা আমি করছি। প্রথম বলা হয়েছে যে এখানে যে ভাষা কমিটি করা হয়েছে তারা কিছুই করছেন না। এখানে ভাষা কমিটি কতকগুলি সাব-কমিটি করেছেন তারা এই প্রস্তাবগুলি গ্রহণ করেছেন যে বাংলা দেশে পরিভাষার যে যে পুস্তকাদি প্রণয়ন হয়েছে সেটাকে এবং ত্রিপুরা রাজ্যে যে প্রচলিত ভাষা আছে উভয় ক্ষেত্রে সামঞ্জস্য বিধান করে অতি সত্বরই

আমরা এই পরিভাষা রচনা করব। তারপর গভর্ণরের ভাষণ সম্পর্ক বলা হয়েছে যে এটা নাকি administrator এর ভাষণ হবে। এই সম্পর্কে constitution এর উল্লেখও করা হয়েছে। আমার মনে হয় constitution সম্পর্কে পূর্ন জ্ঞান না থাকার জন্যই এমন কথা বলছেন। Constitution এ প্রেসিডেন্টের হাতে পূর্ণ ক্ষমতা দিয়ে বলা হয়েছে যে উনি Lt. Governor, Chief Commissioner নিয়োগ করবেন এবং সেই অনুসারে Mr, Dias appointed হয়েছেন as Lt. Governor. কাজেই সে ক্ষেত্রে কি করে যে ওনারা একথা বলতে পারেন তা আমি বুঝতে পারি না। তবে তা তারা বলতে পারেন এই জন্যে যে, এ সম্বন্ধে তাদের জ্ঞান সীমিত।

তারপরে তৃতীয় যুক্তি তারা দিয়েছেন যে date fix করে দেওয়া হয়নি। মাননীয় অধ্যক্ষ মহোদয় তারা মনোযোগ দিয়ে ভাষণটি পড়েননি। তাই একথা বলছেন। মনোযোগ দিয়ে ভাষণটি পড়লে পরে তারা দেখতে পাবেন যে, dateও fix করে দেওয়া হয়েছে। তিনি আরও উল্লেখ করেছেন তার বক্তৃতায় যে ত্রিপুরা রাজ্যের বর্ত্তমান বাজেটের অর্থ বরাদ্দের কথা ভাষণে নেই। বাজেটের টাকার অঙ্ক বাজেট পেপারে আগেই উনি দিতে পারেন না। তাও তারা নিশ্চয়ই জানেন। তবুও বলতে হবে সেজন্যই বলেছেন। বিরোধীতার জন্য বলতে হবে তাই বলেছেন।

প্রথম কথা হল এই যে, সমাজবাদের দিকে এগিয়ে যাবার জন্যই আমরা এই পরিকল্পনা গ্রহণ করেছি। এবং সেই অনুসারেই আমরা পদক্ষেপ নিচ্ছি এবং তার ভাষণে সেটা উনি রেখেছেন। তারা অনবরতই বলে বেড়াচ্ছেন যে, এই করলেই কি সমাজবাদ হবে? যারা একথা বলেছেন তাদেরে কি আমি জিজ্ঞেস করতে পারি যে, "এই করলেই কি হবে যে, অজয়, ডাঙ্গে, সুশীল ধাড়া—যুক্তফ্রন্ট ভাঙ্গলো যারা।" অতএব এদিকে লক্ষ্য রাখতে আমি তাদের বলবো। তাদের পথ ছাড়া অন্য কোন পথেই সমাজবাদ আসবে না—এই যদি ওরা মনে করে থাকেন, তাহলে তারা চিন্তা করে দেখুন যে, কম্যুনিষ্ট পার্টি আজ নক্সালপন্থী C. P. I., Centrist and Left (M) কাজেই কোন পথে আসবেন। সেই পথের ইঙ্গিত হয়ত তারা নিজেরাই বোঝেন না। কাজেই বলছিলাম যে. সমাজবাদে আমরা পদক্ষেপ করেছি। এবং সেই অনুসারেই এখানে অর্থের বরাদ্দ রাখা হয়েছে। যেমন ভূমি আইনকে আমরা বলবৎ করতে যাচ্ছি। পূর্ব্বে যে ভূমি আইন ছিল আমাদের তা amendment করতে হয় বর্গাদারের right আমরা স্বীকার করেছি। বর্গাকে উচ্ছেদ করতে পারবেন না। সে Tribalই হউক Non-Tribalই হউক আর Scheduled Casteই হউক, এখনও তারা সে সমাজবাদ প্রতিষ্ঠা করেছিল বলে যা বলছেন সেই দেশে এখনও সেই অধিকার স্থাপিত হয়েছে কিনা তা তারা বলুন। আমরা ত্রিপুরা রাজ্যে সেটা করেছি। শিক্ষার দিক দিয়েও আমরা class VIII পর্যন্ত free করেছি। তারা তা সেখানে করতে পেরেছেন কিনা। কিন্তু আমরা বলছিনা যে সমাজবাদ প্রতিষ্ঠা করেছি। আমাদের এখানে Primary stage free, class VIII পর্যন্ত free, Scheduled Caste,

Scheduled Tribe free এবং stipend, book grant, দেওয়া হয়। সেই দিকে বালোয়ারী সেন্টারে পোষাক পরিচ্ছদ ও দেওয়া হয়। তারা যে সমাজবাদ কেরালা ও ওয়েষ্ট বেঙ্গলে প্রতিষ্ঠা করেছেন এর নজির তারা দেখাতে পারবেন না। অতএব বাক্যবাগীশ ও শ্লোগান বাগীশ হয়ে সমাজবাদ প্রতিষ্ঠা করা যায় না। বাস্তবের মধ্য দিয়ে পদক্ষেপ দিয়েই আমরা সেখানে উপনীত হয়েছি। সেইভাবে আমরা এখানেও করেছি।

এখানে আজ যে শ্লোগান উঠেছে যে লাঙ্গল যার জমি তার সেটাকে ব্যর্থ করার জন্যে চিৎকার ও ধ্বনি দেওয়া হচ্ছে। কারণ বর্ণ বিদ্বেষ সমাজবাদের শত্রু, সাম্প্রদায়িকতা শত্রু। অতএব যারা landless যারা tillers they will be the owners of land এটাও সমাজবাদ নয় ? অতএব সেই দিকে আমরা যাচ্ছি কিনা সেটা ও আমাদের দেখা দরকার। জুমিয়া পুনর্বাসন, আদিবাসীও ভূমিহীনদের পুনর্বাসন। এখানে scheduled caste সম্বন্ধে বক্তব্য রাখতে গিয়ে অনেক কথা বলা হয়েছে। ত্রিপুরার যে majority যারা এখানে এসেছেন, scheduled casteদের মধ্যে, তাদের বেশীর ভাগই পাকিস্তান থেকে আগত। তাদেরও rehabilitation দেওয়া হচ্ছে। ১৯৪৯ থেকে ১৯৬৩ পর্য্যন্ত দেওয়া হয়েছে। অতএব দেওয়া হয়নি, কোন কিছুই করা হয়নি একথাটা যুক্তিযুক্ত নয়। অতএব সত্যকে deny করা উচিত নয়। তারপরও যারা আছেন তারা কবেকার সেটা দেখতে হবে। সেখানে বলা হয়েছে যে, refugee। এখন refugee নিয়ে সমস্যা এবং আমাদের land এর স্বল্পতা আছে। তাই আমরা ২৫ হাজার refugeeকে বাইরে পাঠিয়েছি। কারণ টিলা ছাড়া আর কোন ভূমি নেই। ঐ সমস্ত জায়গাতে আবার Tribal reserve আছে। অতএব সেই সমস্ত জায়গাতে বসাতে গেলে পরে যে সমস্যা তা আমি মাননীয় সদস্যদের চিন্তা করতে বলবো। কিন্তু তাই বলে আমি এ কথা বলতে চাই না যে, scheduled caste, scheduled tribeদের অর্থ নৈতিক বুনিয়াদ গড়ে তাদের স্বর্গ রাজ্যে বসিয়ে দিয়েছি একথা আমরা বলছি না। আমাদের সীমিত ক্ষমতার মধ্যে যা আছে সে ক্ষেত্রে আমরা তা করেছি যতটুকু সম্ভব। তবে অন্যান্য জায়গাতে scheduled caste এর উপর যে অত্যাচার হচ্ছে তা তারা বলতে পারেন। কিন্তু একথা জোর করে আমি বলতে পারি যে ত্রিপুরা রাজ্যে সেরকম একটিও অত্যাচারের ঘটনা ঘটে নি। কেউ কেউ হয়ত বা বলতে পারেন যে scheduled caste এর ছায়া মাড়ালেও পাপ হয়। কিন্তু আমরা তা স্বীকার করি না। কারণ আমরা তাদের এখানে মানুষের মর্য্যাদা দিয়েছি। তাদের আমরা মানুষের যে সম্মান তা দিয়েছি। অতএব আমাদের এখানে সেই অভিযোগ যদি করে থাকেন তাহলে তা বিদ্বেষ প্রসূত বলেই আমার মনে হয়।

সবুজ বিপ্লবে আমরা কৃতকার্য্য হয়েছি একথা আমরা বলিনি। আমরা বলছি যে সবুজ বিপ্লব করতে গেলে পরে, যারা ভূমিহীন বর্গাদার তাদের জমিতে অধিকার দিতে হবে, জমির উপর তার মায়া ও মমত্ব বোধ যদি সৃষ্টি করা চলে তাহলে আমরা সবুজ বিপ্লবকে জয়যুক্ত করতে পারবো। আমাদের প্রচেষ্টা সেইভাবেই এগোচ্ছে। বিরোধীপক্ষের মাননীয় সদস্যদের অনুরোধ করবো তারা যেন সেইভাবে চিন্তাধারা পরিবর্তন করেন। বর্গাদারদিগকে যেন মানুষ বলিয়া চিন্তা করেন।তিনি মুসলমান বা scheduled caste যে হউক না কেন, ভূমিহীনকে জমির

মালিকানা দেব কিনা তার কোন যুক্তি তারা রাখেন নি। তারা বর্ণ বিদ্বেষে সাম্প্রদায়িকতায় ভরপুর হয়ে কোন সমস্যার সমাধান করতে চাননি। মানুষের মনে হিংসা সৃষ্টি করে মানুষের মনে বিদ্বেষ সৃষ্টি করে ত্রিপুরা রাজ্যে dis-integration সৃষ্টি করার জন্য এইসব করছেন। যদি বাস্তবিকই তারা সমাজবাদী হয়ে থাকেন তাহলে তাদেরে আমি অনুরোধ করব তারা যেন সেই সমাজবাদী চিন্তা ধারাকে কাজে পরিণত করতে সেইভাবে চিন্তা করেন এবং কার্য্য করেন। তারপর আরও জুমিয়া উদ্বাস্তু এবং ভূমিহীনদের পুনর্ব্বাসন সম্পর্কে বলতে গিয়ে বলেছেন নাকি এ খাতে বরাদ্দকৃত অনেক টাকা ফেরত চলে গিয়েছে। আমার মনে হয় সত্যকে বিকৃত করা ছাড়া এ আর কিছু নয়। এই সব টাকা আমরা ঠিক ঠিক ভাবে ব্যয় করেছি। এই ভাবে সত্যকে বিকৃত করা বিদ্বেষ প্রণোদিত। তারপর আর একজন বলেছেন যে জুমিয়া লোনে জুমিয়াদেরে যে ২০০।৩০০ টাকা করে দেওয়া হয়েছে সেটা একবারে জলে গিয়েছে সেই টাকা না দেওয়া ভাল ছিল। জুমিয়াদেরে পুনর্ব্বাসন দিবার সময় চিন্তা করতে হবে যে তারা কোন দিন যান্ত্রিক cultivation করেনি। কাজেই তাদের দিয়ে যান্ত্রিক বা complex cultva-tion করাতে হলে তাদেরে প্রথম সেই জায়গাতে বসাতে হবে। সেই জায়গাতে কিছু দিন জুম করা যায় কিনা তা ভেবে দেখতে হবে। তাদের মানসিক প্রস্তুতি দরকার এবং সেই জন্য তাকে কিছুদিন জুম করতে দিতে হবে। তার এই উৎপাদনের কোন ভ্যালু কি নেই? এই টাকা না পেলে সে কি করে উৎপাদন করবে। অর্থ পেয়েছিল বলে উৎপাদন করতে পেরে-ছিল। অর্থ না দেওয়ার মানে হল উৎপাদন বহিত করে তাকে হত্যা করা। অমরপুরে জুমিয়া পুনর্ব্বাসনের জন্য একটি pilot project scheme করা হয়েছে এবং আমরা অর্থ বরাদ্দ করেছি। সেখানে আমরা এ পর্য্যন্ত কেবল মাত্র ৪০ জন লোককে বসাতে পেরেছি। ত্রিপুরা রাজ্যের সমস্ত জুমিয়াকেই অমরপুরে নিয়ে যাওয়া যাবে না; তারা একটা ছেড়ে আর একটাতে সহজে যেতে চায় না। কাজেই অমরপুরের এই project schemeএ যদি আমরা সফল হই তা হলে ত্রিপুরা রাজ্যের সর্ব্বত্র এই scheme আমরা প্রসারিত করব তারও ইঙ্গিত এখানে দেওয়া হয়েছে। তারপর বলা হয়েছে কাজ কম হচ্ছে। আমরা ত বসে নেই কাজ করে চলছি। নূতন কিছু করতে হলে পরীক্ষা নিরীক্ষা করে দেখতে হয়। নূতন ব্যবস্থাকে সহ্য করে নিতে হয়। প্রথম অবস্থাই পুরাতন ব্যবস্থাকে ছেড়ে দেওয়া যায় না। এবং সেই অনু-সারে প্রকল্পের কাজ চলছে।

তারপর কাটাখালের সম্পর্কে বলা হয়েছে—এখানে একটা মাত্র ব্রীজ। এটা পরিবহন ও মিলিটারী দিক দিয়ে খুব গুরুত্বপূর্ণ। এটাকে প্রশস্ত করার জন্য একটা পরিকল্পনা দিয়েছেন। এ পুলটা এমনভাবে করতে হবে যে এটা flood Protectionএর বাধা না হয়। মাননীয় সদস্যরা জানতে চেষ্টা করেন নি, চেষ্টা করলে জানতে পারতেন flood Protectionএর জন্য হাওড়া প্রকল্প হাতে নিয়েছি। কাটাখালও সেই সঙ্গে যুক্ত। হাওড়া প্রকল্পের সাথে এই কাটাখালের সমস্ত কাজ হবে। অনেক নদী প্রকল্প আছে যেমন খোয়াই নদী, ধলাই নদী, দাসদা নদী ইত্যাদি। উহাদের ভাবটা হচ্ছে প্রকল্পের কথা যখন বলা হয়েছে তখন সার্ভেটার্ভের দরকার নেই। সার্ভে হবে বিস্তৃত তথ্য সংগ্রহ করে পরীক্ষা করে তারপর একটা প্রকল্পের কাজ শুরু

হয়। কাজেই সার্ভে এবং সমস্ত পরীক্ষা নিরীক্ষার পর যখন কাজ শুরু হবে তখন আমরা বলতে পারব কোন নির্দিষ্ট পুলটা কতটুকু উঁচা হবে এবং কি রকম হবে। আর সে কাজ শুরু হওয়ার পূর্ব্বে প্রয়োজন অনুসারে কাজ করা হয়।

তারপর মিউনিসিপ্যালেটির নির্ব্বাচন সম্পর্কে বলা হয়েছে। আমরা প্রতিশ্রুতি দিয়েছি যত শীঘ্র সম্ভব তা আমরা করব। এইসব আইন মাফিক করতে হবে। যেমন ৬ মাসের নোটিশ দিতে হয়। এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ত্রিপুরার সামগ্রিক উন্নতির জন্য সমস্ত দিকে কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, কুটির শিল্প, জুমিয়া পুনর্ব্বাসন এবং বকেয়া খাজনা মকুব প্রভৃতি সমস্ত দিকে লক্ষ্য রেখে এই বাজেট রচনা করা হয়েছে। এই বাজেট সমাজবাদের সূচনা। এই বাজেট সমাজবাদ পত্তনে সাহায্য করবে। এবং তার উপর যে ভাষণ তা সামঞ্জস্যপূর্ণ এবং সুন্দর হয়েছে। সমাজবাদের পদক্ষেপ এই ভাষণে নিহিত আছে। তারা চিন্তা ভাবনা না করে গতানুগতিকভাবে বিরোধীতা করে যাচ্ছে। যারা মার্কসবাদ নিয়ে চিন্তা করেন আমি তাদের আরও চিন্তা করতে বলব। তারা যদি মনে করে থাকেন তাদের পকেটের মধ্যে revolution দিয়ে দিয়েছেন আর তারা সমাজবাদ পকেট থেকে বের করে পত্তন করবেন। এই চিন্তা ধারা নিয়ে তারা থাকতে পারেন। কিন্তু আমরা তা পারি না। তারা সমাজবাদ মুখে বলছেন তা প্রয়োগ করতে গেলেই তারা বিরোধীতা করবেন। বর্গাদারদের জমি অধিকার দেওয়া হবে কিনা সেই সম্পর্কে তারা পাস কাটিয়ে গেছেন। জোতদাররা যে সুযোগ পাচ্ছে তা গেলে তাদেরই অসুবিধা হবে। আমার ২০।২৫ একর জমি থাকবে আমি চাষ করব না। অথচ সম্পূর্ণ ভোগ করব। এই কি সমাজবাদ। অতএব, সমাজবাদের দৃষ্টিভঙ্গি নিয়ে সমাজবাদকে প্রতিষ্ঠিত করার কার্য্যক্রম নিয়ে মাননীয় Lt. Governor এখানে যে ভাষণ দিয়েছেন তাকে আমরা অভিনন্দন জানাচ্ছি। পুঁজিবাদী সমাজ ব্যবস্থাকে ভেঙ্গে সমাজের আমূল পরিবর্ত্তনের ব্যবস্থা এই ভাষণে আছে। এই বলেই আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

Mr. Speaker :—Discussion on the Lt. Governor's address is over. I now put the amendment to vote. Frist of all I put to vote the amendments of Shri Aghore Deb Barma—Sri Deb Barma moved that the following be added at the end of the address.

1. Absence of target date of implementation of the official Language Act.
2. Absence of Government action towards the removal of anomalies in the pay scales of Tripura Government employees.
3. Absence of mention of action of the Govt. in raising the standard of the union Territory Legislature of Tripura to the full fledged Legislature.
4. Absence of Policy regarding allotment of land to the Landless.
5. Failure to delegate the power to Panchayats.

6. Absence of mention to protect the Legitimate interest of Muslim minority and other Religious minorities.
7. Absence of mention to protect and develop the Tea Gardens.
8. Absence of mention to protect the existing small scale Industries like match-Factory Etc.
9. Absence of mention to implement the Administrative Reforms Commission recommendation regarding Tribals.

The ammendments were put to vote and Lost.

Mr. Speaker :—Next amendments are that of Shri Bidya Chandra Deb Barma. The question before the House is—

(a) Opening of 3 more Colleges and 30 new High/Higher Secondary Schools in Tripura.

(b) 100 lift irrigation sets for irrigation of land on both sides of rivers and streams.

(c) Immediate measures for protection of Sub-Divisional Towns from flood protection measures in rural areas.

(d) Adequate measures for creating employment opportunities, failing that provison of financial assistance to the un-employed.

(e) Measures for development of markets in towns and rural areas.

(f) Adequate facilities for drinking water in urban and rural areas.

(g) More beds in hospitals and Primary Health Centres and provision of Medical officers in all dispensaries.

(h) Absence of mention of action for improvement of Law & Order in the State.

(i) Immediate Opening of Ration Shop at rural areas of Amarpur, Kailashahar, Udaipur and Dharmanagar.

(j) Guarantees against imposition of new taxes.

The ammendments were put to vote and lost.

Mr. Speaker :—Next amendment of Shri Abhiram Deb Barma. The question before the House is that.

(a) Measures for protection of Bargadars from eviction.

(b) 50 Percent reduction in rates of revenue and selami.

(c) Total cancellation of all arrear revenue and Government agri. loans.

(d) Restriction of exploitation by money lenders, setting up of Debt. Settlement Board and return of all land that passed to Mahajan through distress sale.

(e) Stoppage of transfer of Tribal land to non-tribals.

(f) Safe guards for protection of rights and Privilleges of Sch. tribes, Sch. castes, backward class and other minorities.

(g) Effective measures for stoppoing cattle lifting.

(h) Withdrawl of cases against Govt. employees, workers, Kisans, students and youths brought in connection with democratic movement.

(i) Measures against corrupt practices in Govt, machineries.

(j) Rehabilitation of Tribals, Jhumias, landless and D. Ps. through release of Govt. land from Reserve Forests.

(k) Immediate Setting up of state Transport Corporation for plying of state buses through all important roads of Tripura.

(l) Speedy execution of Pilot Project Scheme for rehabilitation of tribal landless agriculturists at Amarpur.

(m) Speedy execution of Dambur Hydel Project.

Now—As many as are of that opinion will please say 'AYES'.

'AYES'

As many as are of contrary opinion will say 'NOES'.

'NOES'.

I think, NOES have it, NOES have it 'NOES have it. the amendments is lost.

Now I shall put the motion of thanks to vote. The question before the House is that :—

We the members of the Tripura Legislative Assembly aesembled in this session beg to offer our humble thanks to the Lt. Governor for the most excellent speech which he has been pleased to deliver to the House on 18-3-70.

As many as are of that opinion will please say 'AYES'.

As many as are of contrary opinion will say 'NOES'.

I think AYES have it, AYES have it, AYES have it, the motion is accepted.

Shri Aghore Deb Barma :—এখানে Rules 314এ আছে The relative Precedence of resolutions notices of which have been givien by Private members, shall be determined by ballot—

Mr. Speaker :—I am comming to that আমি আজকের মধ্যেই business শেষ করব।

Shri Aghore Deb Barma :—আমি বিশ্বাস করি না। আমি আমার বক্তব্যটা আগে শেষ করে নেই।

Mr. Speaker :—I am Coming to that, please sit down, I am coming to that I have received a notice of motion of breach of Privilege raised by Shri Benoy Bhushan Banerjee, M. L. A. on 20. 3. 70. The fact of the case is that Shri Banerjee on 6. 2. 70 supported the resolution of Shri Bidya Ch. Deb Barma, M. L. A. regarding starting of Colleges at Dharmanagar Udaipur and Khowai. But it was reported in Tribeg" an weekly paper and another Weekly Paper "Sandhani" that Shri Banerjee opposed the resolution. This, Shri Banerjee contends, has lowered his Prestige to the eyes of the People of Tripura, Specially to the People of Dharmanagar, Shri Banerjee therefore has moved a motion of breach of Privilege of the House of the members against the Editors of "Tribeg" and Sandhani". It has been contented by Shri Banerjee that this news was catered by the Publicity Department, Govt. of Tripura under signature of one Shri Ajoy Roy. I am Satisfied that there is a Prima-facie in the case and therefore I am asking the member Shri Banerjee to raise the matter as a question of breach of Privilege.

Shri Benoy Bhusan Banerjee :—Hon'ble Speaker, Sir, under Rule 135 of the Rules of Procedure and Conduct of Business. in the Tripura Ligislative Assembly, I beg to give notice of my intention to move the following question of breach of Privileges of the House. There is a publication on 12.2.70 which the editor of the weekly "Tribeg" by intentionally publishing the news under caption "বিধান সভা সংবাদ" has comitteed breach of privilege of the House and the Members. On 6.2.70 Shri Bidya Ch. Deb Barma, M. L. A. moved a Resolution in the House regarding starting of colleges at Dharmanagar, Udaipur & Khowai, which was supported and this will appear in the proceedings of the said session. But it has been published intentionally in the said news paper that I opposed the proposal and thus the editor has made a false publication in order to lower down my prestige to the people of Tripura, specilly to the people of Dharmanagar. It would not be out of place to mention here that as a result of such publication I have to face tremendous criticism at Dharmanagar. I also give notice of my intention to move the motion for breach of priviliges against the editor of "Sandhani" for its publication of the said subject dated the 4th March 1970 and 25th February, 1970. The said editor by its publication has also lowered down my prestige in the eyes of the people. This news was also catered by the publicity Deptt., Govt. of Tripura under signature of Sri Ajoy Roy, employee of the said Dept. which has been reliatbly learnt. I hope you will admit my question against the two editors of the said two papers and Shri Ajoy Roy and take necessary action as deemed necessary. Cutting of the said publication has been enclosed.

এই সম্বন্ধে মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে আরও কিছু বলব। এই Publication ধর্মনগরের কলেজের জন্য আগ্রহান্বিত বিরাট জনসাধারণের মনে বারুদখানায় আগুন দিলে যে অবস্থায় দাঁড়ায় ঠিক তেমনি অবস্থা তাদের মধ্যে সৃষ্টি হয়েছে। এটা সম্পূর্ণ উদ্দেশ্যমূলক আমি বলছি। এই কারণে আমি বলছি ধর্মনগরে কলেজের জন্য যখন জনসাধারণে আন্দোলন করছে ঠিক সেই সময়েই এই সংবাদটি তথায় গিয়ে উপস্থিত হয়।

Mr.Speaker :--I request the Hon'ble member to be very brief in his statement.

Shri Benoy Bhusan Banerjee :—এবং আর একটি বিষয়ে আমি আশ্চর্য্য যে এই বিধান সভায় বিগত তিন বৎসরের মধ্যে M.L. A হিসাবে ধর্ম্মনগর বিভাগে, তথা ত্রিপুরার অর্থ নৈতিক বা অন্যান্য উন্নতির কথা বলেছি। অথচ সেইসব সংবাদ অদ্যাবধি কোন কাগজে বের হয় নাই। এটা একটা আশ্চর্য্যজনক ব্যাপার যে এই একটি গুরুত্বপূর্ণ একটি সংবাদ ত্রিপুরার প্রায় সব পত্রিকাতে ছাপানো হইয়াছিল। বিভিন্ন সংবাদদাতা যদি সংবাদ দিত তাহলে বিভিন্ন রকমের সংবাদ হত। কিন্তু একই সংবাদ দাতার সংবাদ বলে সব কাগজে একই সংবাদ বেরিয়েছে এবং আমি যতটুকু জানি Publicity Deptt. থেকে তা পরিবেশিত হয়েছে বলে আমি খবর পেয়েছি। কাজেই আমাদের এই House এবং memberদের অধিকার—এবং সদস্যদের লোকচক্ষে হেয় প্রতিপন্ন করিবার জন্য যে পরিস্থিতি সৃষ্টি করেছে সেটা সংক্ষিপ্তভাবে আমি বললাম। আমি আশাকরি আমার এই অবস্থা সম্বন্ধে বিবেচনা করা হবে এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :—I am satisfied that there is a prima—facie in the case of so under Rule 139 of the Rules of Procedure I am referring the question to the committee of Privileges.

Now, Hon'ble Members, on the recommendation of the Business Advisory committee. the House allotted one and half hours for discussion of the Lt. Govornar's Address. If the House agrees, I can extend the duration of the sitting today by one hour.

Shri S. L. Sinnh :—I agree with you.

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এখন প্রায় ৪-৪০মিঃ বাজে, এখন পর্য্যন্ত Govt. Businessই চলছে। আজকে যে সমস্ত Private Members Resolution আছে সেগুলো আজকে আলোচিত হবে কি ? সেগুলো deemed to be with-drawn হিসাবে treat না করে the other day এগুলো আলোচনা করার সুযোগ দিন।

Mr. Speaker ;—তা সম্ভব হবে না, কারণ আমি বরাবরই এই সেসানে House এক ঘন্টা extension করে আসছি।

Shri Ershad Ali Choudhury :—Mr. Speaker, Sir, on a point of Information আমি একটা কথা বলতে চাই যে Question of breach of priviiege সাধারণতঃ

question hour এর পরে move করতে হয়। আমাদের Rule of Procedure এর ১৩১এতেও এ সম্বন্ধে আছে। কিন্তু এ সময়ে কি ভাবে Privilege motion মাননীয় সদস্য move করলেন সে সম্বন্ধে আমি জানতে চাই।

Mr. Speaker ;—মাননীয় সদস্য আমার power অনুসারে আমি question hour এর পরে না করে এই সময়ে breach of privilege move করতে দিয়েছি।

Shri Aghore Deb Barma :—আমার একটা Point of order আছে Sir Private Members' Resolution গুলো balloted হয়ে determine হয় কোনটার preference কখন হবে। ১) প্রথম পায়—শ্রীরাজকুমার কমলজিৎ সিং, ২) শ্রীদেবেন্দ্র কিশোর চৌধুরী, ৩) শ্রীএরসাদ আলী চৌধুরী। এখন আমার প্রশ্ন হচ্ছে ২নং বাদ দিয়ে ৩ নম্বরটা কি করে আসতে পারে? Missing কিভাবে হয়?

Mr. Speaker :—Missing নয়, I have disallowed it, I am now referring to the extract from the Practice of Procedure by More. I think that the Hon'ble Member knows that admissibility is considered after balloting. Even when initially admitted and brought in the order paper, its future course is not certain. The fact that a motion which appears on the order paper does not mean that the Chair has allowed that Motion. A point of order can always be raised when a motion is attempted to be moved and it is always open to the Chair to rule that motion out of order.

Shri Aghore Deb Barma :—স্যার, আমি তা স্বীকার করি। Balloting এর পরেও final হয় না। তখন যে সমস্ত প্রস্তাবগুলো disallowed করা হয় সেগুলোতে disallowed লিখে দেওয়া হয় কিন্তু এটাতে এত disallow লেখা নাই। এটা হল exception. এটা Houseএ না আনার তো কোন কারণই দেখছিনা।

Mr. Speaker :—Order যখন দেওয়া হয়নি, তখন বুঝা গেল এটা disallow করা হয়েছে। এভাবে আরও অনেক resolution আমরা disallow করেছি।

Shri Aghore Deb Barma :—প্রশ্ন হচ্ছে, Speaker এবং আমরা সবাই একটা rule দ্বারা guided এবং House টাই Rules দ্বারা guided. কাজেই জানলামনা এটা তো হতে পারে না। যদি disallowed হয়, এটা তো জানাবার কথা। এটা না আসলেই যে disallowed হয়ে গেল এটা কি একটা কথা হল? Disallow হলে disallowed লিখে দিতে হবে। কিন্তু এতে ও disallowd লিখা নাই। আমাদের সেটা Rules সেই Rule দ্বারা আমাদের guided হওয়া উচিত।

Mr. Speaker :—নাই যে সেটা আপনি এখন বুঝতে পারলেন। আমাদের rule সব সময় cover করেনা।

Shri Aghore Deb Barma :—Cover না করলে আপনি ruleটা amend করে নিন। We shall be guided by rules. আপনি ইচ্ছা মত করলে তো আর হবেনা।

Mr. Speaker :—Hon'ble Member, please don't loose your temper.

Shri Aghore Deb Barma :—Yes, আমি একশত বার বলব। Speaker dictator নন। Speaker also is guided by the rules. আপনি যা খুশী তাই করবেন এবং তাই আমাদের মানতে হবে, এটা কথাই নয়। If it is disallowed it should be disallowed in black & white. Why not ? Rulesএ এক কথা আছে আর আপনি অন্য কথা বলবেন কেন ?

Shri S. L. Singh (Chief Minister) :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এ সম্বন্ধে বলতে চাই। Rule এর ব্যাখ্যা হবে ঠিক ঠিক ভাবে Rule অনুসারে অতএব Ruleএর অপ-ব্যাখ্যা করে সময় নষ্ট না করে Houseএর business যথারীতি চলা উচিত।

Mr Speaker :—মাননীয় সদস্য, আমার মনে হচ্ছে Rule সম্পর্কে আপনি সম্পূর্ণভাবে ওয়াকিবহাল নন। Balloting এর পরে কোন question admitted হবে, কোনটা হবেনা তাহা Speaker এর decision এর উপর নির্ভর করে। Speaker has exercised his power according to tradition from the Pratcice and Procedure, by More. I have already gone through the same in the House, I have given my ruling.

Next item in the List of Business is private Members Resolution. I would call on Sri Rajkumar Kamaljit Singh to move his resolution that, "This Assembly requests the Govt. to take immediate step to enable the Linguistic Minority students of Tripura to receive education through their mother tongue.

Sri Rajkumar Kamaljit Singh—Hon'ble Speaker Sir, I beg to move that this Assembly requests the Govt. to take immediate steps to enable the Linguistic Minority students of Tripura to receive education through their mother tongue.

আজকে এই Houseএর সামনে একটা vital জিনিষ তুলে ধরেছি। সেটা হচ্ছে এই গণতান্ত্রিক ভারতবর্ষের যারা সন্তান তারা শিক্ষা পেয়ে সত্যিকারের মানুষ হয়ে সুনাগরিক হতে পারে তার চিন্তা করে আজ হাউসের মধ্যে আমি এই Resolutionটা এনেছি। আজকে পৃথিবীর বিভিন্ন দেশ এবং ভারতবর্ষ যেভাবে উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে তার সাথে তাল রেখে ভারতবর্ষের যে শিক্ষা পদ্ধতি সেই পদ্ধতিকে কিভাবে পরিবর্তন করানো যায় তার জন্য ভারত সরকার থেকে বিভিন্ন কমিটি expert educationistsদের নিয়ে নানাভাবে research করেছেন এবং অনেক ক্ষেত্রে তারা ভাল ভাল recommendation দিয়েছেন। সেই অনুযায়ী ভারত সরকার কর্তৃক গঠিত কোঠারী কমিশনের education recommendation এর report যে উদ্দেশ্যে করা হয়েছে সেখানে অনেকগুলি recommendation রাখা হয়। ভারত সরকারের education সম্পর্কে কতকগুলি comments এখানে আমি পড়ে শুনাচ্ছি। ওরা এক জায়গায় বলেছে Rapid social change. এই rapid social change এর সাথে মিলিয়ে আমাদের primary education···

Brought a Rapid Social Change—Another feature of the modern society is the quick, almost breadth taking rate at which social change takes place. In a traditional society, change is so slow that the conservation of the educational system docs comperatively little harm. In a modern society, on the other hand change is so rapid that the school must always be altered if it is to keep abreast of significant changes. There is, therefore, an imperative need for adopting a dynamic policy in such a situation. An educational system which does not continually renovate itself, becomes out of date and hampers progress because it tends to create a lag between its operative purposes and standards and the new imperatives of development both in quality and quantity. The very aim of education has to be viewed differently—it is no longer taken as concerned primarily with the imparting of knowledge or the preperation of a finished product, but with the awakening of curiosity, the development of proper interests, attitudes and values and the building up of such essential skills as independent study and the capacity to think and judge for oneself without which it is not possible to become a responsible member of a democratic society.

এই থেকেই প্রতীয়মাণ হয় বর্ত্তমানে আমাদের Education systemগুলো আস্তে আস্তে পরিবর্ত্তনের দিকে যাচ্ছে। Education অর্থে আমরা বুঝি এটা দিয়ে ভারতবর্ষের সুনাগরিক গঠন করা। কিন্তু অতীব দুঃখের কথা Primary stageএ আমরা যারা linguistic minority আছি, যারা ভাষা বুঝেনা, শিক্ষার দিক দিয়ে তাদের বেলায় একটা বিরাট gap থেকে যায়। আগের দিনে যে Education system ছিল তাতে আমরা Class I থেকে পড়াতাম, এখন যে system তা হচ্ছে before the Primary Education there is another School, it is called the pre-basic of the pre-primary যেখানে আগে Class I থেকে নয়, preparation দিয়ে Education দিযে ছেলেমেয়েদিগকে Class I এ ভর্ত্তিকরা হত। এই ক্ষেত্রে যে amendment বা শিক্ষা দেওয়ার যে objective, সেই objective এর বেলায় linguistic minority যারা, যারা ছোট শিশু, যারা ভাষা জানেনা তখন শিক্ষকদের মাধ্যমেই তাদের শিক্ষারম্ভ হয়। Class I থেকে Class IIতে উঠবার সময়ে মুখস্থ বিদ্যা দিয়ে তারা পাশ করে যেত, প্রকৃত জ্ঞান অর্জ্জন তাদের হতনা। কিন্তু আমাদের বর্ত্তমানের যে Education system সেই Education system টাকে Basic education system বলা হয়। এই systemটা হল খেলা ধুলার মাধ্যমে এবং হাতে কলমে ছাত্রদের শিক্ষা দেওয়া। কিন্তু আজকে linguistic minorityর যে ছেলেমেয়েরা আছে তারা এই system জানবার এবং অনুভূতি করবার সুযোগ না পাওয়ার দরুন, দেখা গেল Class I এ এক হাজার ছাত্র যদি আমরা ভর্ত্তি করি তবে Class IV পর্য্যন্ত এই ৪ বৎসরে more than 40% percent are not found in the School. তার কারণ হল এই ছেলেমেয়েদের মনের মধ্যে আমরা শিক্ষা পাওয়ার আগ্রহ সঞ্চার করতে পারিনি। কারণ যে ছেলেটা স্কুলে যাবে সে সত্যিকারের বইয়ের মধ্যে যা

লেখা আছে তা অনুধাবণ করতে পারবেনা। যেহেতু বইয়ের ভাষার সাথে তার কোন সম্পর্ক নাই। সেজন্য শিক্ষা গ্রহণ করার আগ্রহ বা attitude ঐ ছেলেদের মধ্যে আমরা দেখতে পাইনা। Article 350A পরিষ্কারভাবে এ কথা বলেছে It shall be the endeavour of every state and of every local authority within state to provide adequate facilities for instruction in the mother tongue at the primary stage of education to Children belonging to linguistic minority groups ; and the President may issue such directions to any state as he considers necessary.

সুতরাং কেন এটা অনুভব করা হয়েছে তার কারণ হচ্ছে আমাদের ভারতবর্ষ একটা democratic দেশ এখানে প্রত্যেকটি নাগরিকের সমান অধিকার দেওয়া হয়েছে। তারজন্যই আজকে যারা minority group তাদিগকে democratic atmosphereএ যদি ফেলে দেই, তাহলে linguistic minority যারা আছে তারা সেখানে স্থান পাবেনা বলেই তারা ঠিক সেইভাবে উন্নতি করতে পারবেনা। তাই আজকে Constitutionএ তার বন্দোবস্ত করা হয়েছে। কিন্তু এতগুলো সুযোগ সুবিধা দেওয়া সত্বেও আজকে ত্রিপুরা রাজ্যে educationএর developmentএর দিকে যদি আমরা লক্ষ্য করি তাহলে দেখতে পাব যে আমাদের ত্রিপুরা রাজ্যে শিক্ষাগত উন্নতির স্তর ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় অনেক উপরে। সেজন্য আমি আমাদের সরকারকে ধন্যবাদ না দিয়ে পারিনা। কিন্তু সঙ্গে সঙ্গে এ কথাও বলব যে linguistic minority যারা আছে তারা আরও পিছিয়ে যাচ্ছে। ব্যক্তিগতভাবে বলতে গেলে আমাকে বলতে হচ্ছে আমার ছেলেমেয়েরা যখন স্কুলে যায় আমি তাদের নিকট খোজ নিয়ে দেখেছি, স্কুলে মাষ্টার কি বলল অথবা আজকে কেন ছুটী দেওয়া হল ইত্যাদি কিন্তু তারা কিছুই বলতে পারেনা। স্কুলে কথ্য ভাষায়, বাংলায় এবং ইংরাজীতে যখন lecture দেওয়া হয় তখন তারা কিছুই বুঝেনা। কারণ তারা সেটা follow করতে পারে না। Linguistic Minoritiesরা এই যে difficulty face করছে এটাকে কিভাবে remove করা যায় তার জন্য আমাদের সচেষ্ট হওয়া দরকার। এটাও বুঝি যে আমাদের এই রাজ্য একটা Union Territory সব কিছু নির্ভর করতে হয় Central Govt. এর উপর। আমি ত্রিপুরা সরকারকে অনুরোধ করতে চাই যে এটা কিভাবে proper implementation করা যায় তার জন্য যেন চেষ্টা করেন। আমি এই যে প্রস্তাবটি move করছি এটা কোন political প্রস্তাব নয়। এটা একটি গুরুত্বপূর্ণ প্রস্তাব। Minority language কে একটা state language হিসাবে গ্রহণ করা হউক, এটা আমার প্রস্তাব নয়। আমার কথা হল সমস্ত ছেলে মেয়েরা যাতে মাতৃ ভাষার মাধ্যমে লেখাপড়ার সুযোগ সুবিধা পায় এবং তারা যাতে সুনাগরিক হিসাবে গড়ে উঠতে পারে সেজন্য আমি এই প্রস্তাবটা এনেছি। এমনও দেখা যায় tribal ও অন্যান্য linguistic minority students যারা হাই স্কুলে বা হাইয়ার সেকেণ্ডারী স্কুলে পড়তে আসে class xi পর্যন্ত এসেই I think, 60% of the students are going back to their home because they are unable to follow the present system of education. কারণ হচ্ছে এতদিন যেভাবে তারা মুখস্ত করে

লেখাপড়া করে এসেছিল এখন বাস্তব ক্ষেত্রে তারা আর পেরে উঠছেনা। তাই আমার কথা হল আজকে যারা linguistic minority আছেন তাদের জন্য constitutional যে বিধান আছে সেইভাবে শিক্ষা দেওয়ার জন্য একটা সুষ্ঠুনীতি implement করা হউক। আমি লক্ষ্য করেছি এই সব কারণে আজকে linguistic minority র ভিতরে একটা নৈরাশ্যের এবং সন্দেহের ভাব দেখা দিয়েছে যে educationএর development এর সুযোগ তাদেরকে দেওয়া হচ্ছে না। এই সন্দেহটা যাতে না আসতে পারে তার জন্যই একটা প্রতিকারের ব্যবস্থা সরকারের করা একান্ত প্রয়োজন। এই উদ্দেশ্য নিয়েই আমি আজ এই প্রস্তাবটি house এর সামনে এনেছি। আমি আশা করি হাউস আমার এই প্রস্তাবটি সর্বসম্মত ভাবে পাশ করবেন।

Mr. Speaker :—Is anybody willing to speak in the resolution ?

Shri Krishnadas Bhattacharjee :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীকমলজিৎ সিংহ মহাশয় যে প্রস্তাবটি এনেছেন সেই প্রস্তাবটির সারবত্তা আছে, এবিষয়ে আমার কোন সন্দেহ নেই। তবে কতগুলো বিষয় আমি এই সম্বন্ধে উল্লেখ করতে চাই। সেই বিষয়-গুলো মাননীয় সদস্যকে বিশেষভাবে বিবেচনা করতে বলব। এটা ঠিক কথা যে প্রাথমিক শিক্ষা মাতৃভাষার মাধ্যমে দেওয়ার জন্য সাংবিধানে নির্দ্দেশ আছে। প্রত্যেকেরই অধিকার আছে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা লাভ করার। সেই দিক থেকে যেসমস্ত ভাষা শিক্ষার ভাষা হিসাবে স্থান লাভ করেছে সেগুলো অনেক ক্ষেত্রেই আমরা গ্রহণ করেছি যাতে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দেওয়া যায়। যেগুলো ঠিক ভাষা বলা যায় না, ডায়লেক্ট যেগুলো, সেগুলো সেরকম উন্নত হয় নাই, সেগুলো উন্নত করার প্রচেষ্টা সর্বভারতীয় ভিত্তিতে আরম্ভ হয়েছে। ত্রিপুরাতেও তার ব্যতিক্রম হয়নি। এই সম্বন্ধে ১৯৬১ সালে যে census হয়েছিল তাতে দেখা যাচ্ছে যে ত্রিপুরাতে Total population এর মধ্যে বাংলা ভাষা ভাষী 63·2%, ত্রিপুরী 18·6%. অর্থাৎ ত্রিপুরী ডায়েলেক্ট, রিয়াং 4·6%, মনিপুরী 2.4% চাকমা, 2·0% হিন্দী 1·6% জমাতিয়া 1·3% উড়িয়া 1·0%, মগ 0·9%, হালাম 0·5%, গাড়ো 0·5% others 3·4% সেই দিক থেকে দেখা যায় বাংলা ভাষার পরই ত্রিপুরী ভাষা আসছে, বাংলার পরে সবচেয়ে বেশী কথা বলে ত্রিপুরী ভাষায়। এই সম্বন্ধে আমি উল্লেখ করতে পারি যে লুসাই ভাষাটি অনেকটা Develop করা হয়েছে, সেটা আসামে develop করা হয়েছিল এবং আমাদের এখানে যে লুসাই আছে তাদের মধ্যেও আমরা ঐ ভাষাতে শিক্ষার ব্যবস্থা করেছি এবং আসাম থেকে তার সিলেবাস এনে সেটাকে তাদের শিক্ষার জন্য ব্যবহার করেছি। তাছাড়া পশ্চিম বঙ্গ শিক্ষা পরিষদেও লুসাই ভাষার পরীক্ষা দেওয়ার ব্যবস্থা আছে। সেই জন্যই আমরা লুসাই ভাষায় পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করেছি। জম্পুইয়ে লুসাই ভাষায় যাতে পড়তে পারে তার জন্য একটি স্কুল করেছি। আর ত্রিপুরী সম্বন্ধে ত্রিপুরী ভাষা মানে ডায়লেক্টটি এখনও উন্নত হয়নি। ত্রিপুরী ভাষার সাথে কয়েকটি উপজাতীয় ভাষার সামঞ্জস্য আছে, সেই দিক দিয়ে ত্রিপুরী ভাষাকে উন্নত করার জন্য বিজ্ঞান সম্মতভাবে আমরা প্রচেষ্টা চালিয়েছি এবং সেই পরিপ্রেক্ষিতে আমরা শিক্ষা বিভাগ থেকে কয়েকটি বই বাইর করেছি। দুইটি primar গল্পের বই, একটি

Dictionery এই দুইটি primar আমরা বিভিন্ন স্কুলে experiment হিসাবে শিক্ষার জন্য দিয়েছি। কতকগুলি স্কুলে আমরা এমন শিক্ষক দিয়েছি যেখানে ত্রিপুরী ছাত্রও রয়েছে তাদের ভাষায় যাতে এই শিক্ষা দিতে পারে। ত্রিপুরী ভাষায় শিক্ষনীয় বিষয় পড়ানো হয় ১৯৬৭-৬৮ সালে এখন স্কুলের সংখ্যা ২৭ এবং ১৯৬৮-৬৯ সনে ১৫৮, The number of pupile having such facilities—1967-68 তে ছিল ৬১৬৪ আর ১৯৬৮-৬৯ এ ছিল ৭১২৮। No. of teachers having knowledge in Tripuri ১৯৬৭-৬৮ সালে ১৯৬, এবং ১৯৬৮-৬৯ সালে ২৩৪। তাছাড়া আমাদের শিক্ষকরা যাতে ত্রিপুরা ভাষা শিখতে পারে তার জন্য আমরা Basic Training Collegeএ একটা subject নিয়েছি যেটা তাদের পড়তে হয়। আর ত্রিপুরী ভাষা যারা শিখে তাদের জন্য বিশেষ পুরস্কারেরও ব্যবস্থা করা হয়েছে। Primary lower stageএ অর্থাৎ Class I এবং Class IIতে ত্রিপুরী ভাষায় শিক্ষা দেওয়ার ব্যাপারে আমরা বিবেচনা করেছি এবং experimental basisএ আমরা চালু করেছি। বিশেষ করে সদর এলাকায় বেশ কয়েকটি স্কুলে আমরা তা চালু করেছি। এর পরে Class III, IV এবং Class Vএ ত্রিপুরী ভাষায় বই করতে গেলে এই ভাষাটাকে আরও উন্নত করা দরকার। তার জন্যই Linguistic Commissionerএর কাছে গিয়েছিলাম যেন একজন language expert দেওয়া হয় যিনি এই ভাষাটার একটা বৈজ্ঞানিক অনুসন্ধান করে ভাষাটাকে develop করতে পারেন। কিন্তু Linguistic Commissioner আমাদের সেই ব্যাপারে এখনো বন্দোবস্ত করতে পারেন নি। আর তাছাড়া আমরা ডা: সুনীতিকুমার চাটার্জির কাছেও লিখেছিলাম। তিনি আমাদের এখান থেকে ত্রিপুরী ভাষায় যেসমস্ত বই Publish করা হয়েছে সেগুলো চেয়ে পাঠিয়েছেন। বলেছেন তিনি সেগুলো দেখবেন। কারণ একটা প্রাথমিক ভিত্তি তৈরী না হলে ঠিক ঠিকভাবে বৈজ্ঞানিকভাবে অনুসন্ধান করা যায় না। তাই নিজেও উৎসাহী হয়ে locally কতটুকু development করা হয়েছে সেটা তিনি জানতে চেয়েছেন। আরও একটা জিনিষ যেটা দরকার তাকে language map বলে। সেটাও তৈরী করা একটা দুরূহ কার্য। সেটা যাতে করা যায় তারজন্য আমরা চেষ্টা করছি। বিশেষ করে এবার যখন মিসেস্ চন্দ্রশেখর, এসেছিলেন তাকে আমরা বলেছি যে আমাদের জন্য ৪ লক্ষ টাকা দেওয়া হউক, যেটা আমাদের প্রয়োজন। বৈজ্ঞানিক ভিত্তিতে কাজ আরম্ভ করতে অন্তত: ৪ লক্ষ টাকা প্রয়োজন। আমাদের কিছু expert দেওয়ার জন্যও বলা হয়েছিল যাতে এই ভাষাটাকে বৈজ্ঞানিক ভিত্তিতে উন্নত করতে পারি। তিনি সেটা দেখবেন বলেছেন। আমরাও চেষ্টা করছি যাতে ত্রিপুরী ভাষাটাকে Class I, II থেকে আরও উন্নত করে Class III. IV এবং V পর্য্যন্ত বই লেখা যায়। মণিপুরী ভাষা সম্বন্ধে বলছি। মনিপুরী ভাষা দুই রকম মৈতি এবং বিষ্ণুপ্রিয়া। আমরা আসাম সরকারের নিকট লিখেছিলাম এবং মনিপুরের কাছে আমরা জানতে চেয়েছিলাম। আমার মনে হয় তারা শুধু মৈতী ভাষাই সেখানে introduce করেছেন। কিন্তু বিষ্ণুপ্রিয়া introduce হয় নি। সুতরাং বিষ্ণুপ্রিয়া ভাষায় বই লিখা হয়েছে বলে আমার জানা নেই। তবে মৈতী ভাষায় আসাম Govt এবং মনিপুর গভর্ণমেণ্টে যে সিলেবাস করেছেন

আমাদের এখানে সেরূপ সিলেবাস করা সম্ভব নয়। কারণ আমাদের এখানে একভাবে সিলেবাস তৈরী হয় আর আসামে বা মণিপুরে অন্যভাবে তৈরী হয়। এখানে Primaryতে ত্রিপুরী সম্পর্কিত বিষয়ে অনেক জ্ঞান দেওয়া হয়। মনিপুরে আবার মনিপুরী সম্পর্কিত বিষয়ে অনেক জ্ঞান দেওয়া হয়। যেহেতু এখানে regional language বাংলা, সেই কারণে মনিপুরীর সঙ্গে বাংলার সামঞ্জস্য রেখে সেই বইগুলো করতে হবে। তা না হলে যখন তারা উপরের Classএ যাবে তখন তাদের সেই mediumএ অন্যান্য বিষয় শিখতে অসুবিধা হবে। এর জন্যই text বই তৈরী করা প্রয়োজন। তার জন্যই আমরা মনিপুর Govt. থেকে তাদের সিলেবাসের বই এনেছি এবং পরীক্ষা করছি যে আমাদের এখানকার regional languageএর সঙ্গে সামঞ্জস্য রেখে এই বইগুলোকে কিভাবে সিলেবাসের অন্তর্ভূক্ত করা যায়। সেটাতে যদি আমরা সফলকাম হই তা হলে আমরা আশা করব মনিপুরী যারা student রয়েছেন তাদেরও আমরা according to recommendation of the Linguistic Commission, যেখানে যে ভাষাটা justify করে এবং number of students যেই পরিমাণ আছে সেখানে সেই ভাষা আমরা শিক্ষা দিতে পারব। সেই ভাষাগুলোতে মাতৃভাষায় শিক্ষা দেওয়ার কাজ আমরা বিশেষভাবে চালিয়েছি। Linguistic Minoritiesকে যাতে আঞ্চলিক ভাষাতে শিক্ষা দেওয়া হয় তার জন্য আলাদা-ভাবে একটা প্রকল্প করে কাজ চালাবার জন্য আমরা চিন্তা করছি। একটা section শুধু এই Minority language গুলো নিয়েই কাজ করবে এবং সেগুলো যাতে তাড়াতাড়ি develop করা যায় এবং ঐ ভাষাতে যাতে তাড়াতাড়ি বই পুস্তক লেখা যায় তার জন্য ঐ Section কাজ করবে, গবেষণা করবে। Mrs. Chandra Sekhar, যখন এসেছিলেন তখন উনার সাথে এ বিষয় নিয়ে আলোচনা হয়েছিল। আমাদের ত্রিপুরা সরকার এই বিষয়ে যে প্রচেষ্টা নিয়েছেন, মাননীয় সদস্যকে সেই বিষয়ে আমি অবহিত করলাম। মাননীয় সদস্যও এ বিষয়ে আমাদের উপদেশ দান করবেন এবং তার সহায়তাও আমরা সব সময় পাব আশা করি। যেহেতু আমরা এ বিষয়ে যথেষ্ট প্রচেষ্টা চালিয়েছি এবং উৎসাহিত সেই হেতু আমি অনুরোধ করব যে মাননীয় সদস্য এই প্রস্তাবটি যেন তুলে নেন। কারণ এই প্রস্তাবটি রাখার আর কোন অর্থ হয় না। মাননীয় সদস্য যে বিষয়টির উপর গুরুত্ব দিচ্ছেন এবং চাইছেন যে বিষয়টি এখানে হউক, সেই বিষয়টি নিয়ে আমরা already কাজ আরম্ভ করে দিয়েছি।

Sri Rajkumar Kamaljit Singh—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় শিক্ষা মন্ত্রীর ভাষণে আমার এই Resolution সম্পর্কে যা জানতে পেরেছি এবং এর পূর্বেও উনার সঙ্গে আমার আলোচনা হয়েছে তবুও হাউসে যারা আছেন তাদের জ্ঞাতার্থে কোঠারী কমিশনের যে report তা থেকে কয়েকটি কথা আমি এখানে উল্লেখ করতে চাই। 1961 এই language নিয়ে Chief Minister দের যে conference হয়েছিল তাতে একটি principle accept করা হয়েছিল। তদুপরি Education Minister দের 1949এ যে conference হয়েছিল তাতে implication of the modified formula কিভাবে করা যায় various

discussion এর পর conference ঠিক করেছে, তাতে minimum number of such children should be ten in a class and 40 in a school. It is desirable that such children should have working knowledge in the regional language also. তার জন্যই এই Basic কে রেখে ত্রিপুরা সরকার থেকে যে step নেওয়া হচ্ছে সেটার সঙ্গে সঙ্গতি রেখে যদি একটি schoolএ minimum 40 জন মনিপুরী ছাত্র থাকে, সেখানে as an experimental basis, অতি সত্বর যাতে মনিপুরী ভাষায় শিক্ষাদানের ব্যবস্থা হয় সেদিকে চেষ্টা করবেন বলে আমি আশা করছি। আরও একটি pointএর প্রতি আমি Education Minister এর দৃষ্টি আকর্ষন করতে চাই, লুসাইতে যেখানে population only 5,000 এবং জম্পুইতে 2,500 সেখানে তাদের primary education এর যে বইগুলি সেগুলি ত্রিপুরা রাজ্যের নয়, আসামের মিজো অঞ্চলের। ত্রিপুরা রাজ্যের basic ইতিহাসের সঙ্গে সেখানের কোন মিল নাই, তা আমি দেখেছি। আমি লুসাই অঞ্চলে গিয়ে দেখেছি যে তারা ত্রিপুরা রাজ্যের একজন minister এর নাম পর্য্যন্ত বলতে পারে না। সেদিকে আমরা mother tongue হিসাবে recognise করেছি। Manipuri language M. A. B. A. পর্য্যন্ত recognise করা এবং similarly মিজোদের যে ভাষা আছে তার সাথে এক সঙ্গেই recognise করা ছিল। তাই আজকে Manipuri ভাষার সময়ে মণিপুরে primary education এর পরেও pre-primary stage এর যে বইগুলি আছে তার সঙ্গে ত্রিপুরার ইতিহাসের সম্পর্কের প্রয়োজনীয়তা আছে কিনা সেটা দেখার জন্য আমি মন্ত্রী বাহাদুরকে অনুরোধ করব এবং tribal ও মণিপুরী language এর জন্য যে step নেওয়া হচ্ছে সেটা ত্বরান্বিত করার জন্য দৃষ্টি রাখতে বলব। এই বলেই আমি আমার resolutionটা withdraw করছি।

Mr. Speaker :—Now the question before the House is that the leave of House to withdraw the resolution moved by Shri Rajkumar Kamaljil Singh, be granted.

As many as are of that opinion will please say 'AYES'.

Voices—'AYES'.

As may as are of contrary opinion will please say 'NOES'.

I think 'AYES' have it, 'AYES' have it, 'AYES' have it, the leave is granted.

The Resolution is withdrawn.

Next resolution of Shri Ershad Ali Choudhury. I would call on Shri Choudhury to move his resolution that—এই বিধান সভা প্রস্তাব করিতেছে যে উদয়পুর বিভাগের বাগমা, শালগড়া, জামজুরী, মির্জা, কমলপুর বিভাগের সেলেমা এই পাঁচটি প্রাইভেট স্কুলকে সরকারী স্কুলে পরিণত করা হউক।

Shri Ershad Ali Choudhury :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার প্রস্তাবটা হল উদয়পুর বিভাগের বাগমা, শালগড়া, জামজুরী, মির্জা, কমলপুর বিভাগের সালেমা এই পাঁচটি স্কুলকে সরকারী স্কুলে পরিণত করা হউক। এখানে কোন সদস্য হয়ত বলতে পারেন এই পাঁচটি কেন আরও তো বহু স্কুল আছে। তবে সমস্ত বে-সরকারী স্কুলই সরকারী স্কুলে পরিণত করা হউক এটাই আমার ইচ্ছা। সুতরাং এখানে মাত্র ৫টা দিয়ে আমি আমার প্রস্তাবটা উত্থাপন করেছি। এই ৫টির সাথে সমস্ত বে-সরকারী স্কুলগুলিই পূর্ণ সরকারী স্কুলে পরিণত করা হউক এই হল আমার ইচ্ছা। সেই জন্যই আজকে আমি এই resolutionটা এনেছি। আমার কথা হল আমাদের এখানে বে-সরকারী স্কুলগুলির স্কুল কমিটি যে কি কষ্টের ভিতর দিয়ে চালাচ্ছেন সেটা যারা ভুক্তভোগী তারাই বুঝবেন। স্কুল কমিটি গ্রামের লোকদের নিকট থেকে ধান আদায় করে, চাঁদা আদায় করে এবং আরো কতভাবে টাকা সংগ্রহ করে স্কুল চালাচ্ছে। মাষ্টারদের বেতন দিচ্ছে। এইভাবে দীর্ঘদিন বিভিন্ন কষ্টের মধ্য দিয়ে স্কুল চালিয়ে স্কুল কমিটির মনের মধ্যে একটা হতাশার সৃষ্টি হয়েছে। সেই জন্য আমি এই প্রস্তাবটা এনেছি। আমি যে পাঁচটি স্কুলের কথা বলছি তারা বৎসরের পর বৎসর চাঁদা আদায় করে স্কুল চালাচ্ছে। বাগমায় যে স্কুলটি সেটা আজ অনেক বৎসর যাবৎ চলছে। এই স্কুলের হেডমাষ্টার হল ইংরেজীতে অনার্স পাশ। তারা হাই এডুকেটেড লোক দিয়ে স্কুল চালাচ্ছে এবং সে সমস্ত স্কুল থেকে পরীক্ষা দিয়ে বহু সংখ্যক ছাত্র পাশও করছে। উদয়পুরে যে high school আছে তা সেখান থেকে ছয় মাইল আর কাকড়াবনের স্কুল থেকেও ৬।৭ মাইল দূরে আছে। আমি দেখেছি উল্লেখিত স্থান থেকে স্কুলের ছাত্ররা দূরবর্তী হাইস্কুলগুলিতে যাওয়ার জন্য সকাল ৮॥ ঘটিকার সময় বাড়ী থেকে রওয়ানা হয় এবং বর্ষাকালে দেখা যায় বহু ছেলে বৃষ্টিতে ভিজে স্কুলে যাচ্ছে তাদের অসুখ-বিসুখ দেখা দেয়। এই অঞ্চলে অনেকগুলি Senior Basic School আছে এবং একটি বে-সরকারী High School তারা চালু করেছে। এই বে-সরকারী স্কুলটি আজ পর্যন্ত সুষ্ঠুভাবে চালু করতে পারে নাই। অথচ সেখানে বহু লোকের বাস আছে। শালগড়াতেও ঠিক সেই অবস্থা। বর্ষাকালে ছাত্রদের নদী পার হয়ে আসতে হয়। তাতে ছাত্রদের খুব অসুবিধা হয়। জামজুরীর অবস্থা সেই প্রকার, মির্জার অবস্থাও সেইরকম, সালেমার অবস্থাও সেইরূপ। যেভাবে আজকে স্কুলগুলো হচ্ছে এটার মধ্যে একটা justification থাকা দরকার। দেখা যাচ্ছে চন্দ্রপুরে একটা হাইস্কুল হচ্ছে। মাতার বাড়ীর সামনে ত্রিপুরেশ্বরী হাইয়ার সেকেণ্ডারী স্কুল চন্দ্রপুর থেকে ১ মাইল বা দেড় মাইল দূরে। এই দূরত্বের মধ্যে ২টি স্কুল হয়ে গেল। আমি আপত্তি করছি না, স্কুলটি হউক। কিন্তু priority তো দেখতে হবে, স্কুলের strength দেখতে হবে, education survey দেখতে হবে, আর্থিক সঙ্গতি দেখতে হবে, কতগুলো ছাত্র পাশ করল তাও দেখতে হবে। তারপর এইসব দেখে যারা priority পাবে তাদেরকে যাতে দেওয়া হয় সেজন্য আমি শিক্ষামন্ত্রীর নিকট অনুরোধ রাখছি। আজকে দেখা যায়, শালগড়াতে ৫।৬ মাইলের মধ্যে কোন স্কুল নাই। সেখানে স্কুল হচ্ছে না, সেলেমাতে স্কুল হচ্ছে না, মির্জাতে স্কুল হচ্ছে না, জামজুরীতে স্কুল হচ্ছে না। কিন্তু কোন কোন ক্ষেত্রে

দেখা যায়, ১।১॥ মাইলের মধ্যে স্কুল হচ্ছে। তাই আমার বক্তব্য হল সমস্ত ত্রিপুরাতে priority দেখে যেখানে স্কুল দরকার সেখানে স্কুল করার জন্য সরকার যেন চেষ্টা করেন। ত্রিপুরা রাজ্যে যে ভাবে উদ্বাস্তু আগমন করছে তাতে প্রতি বৎসরই এখানে জনসংখ্যা অত্যধিক বৃদ্ধি পাচ্ছে। তাই priority দেখে স্কুলের সংখ্যা আরও বাড়ানো দরকার। বাগমা স্কুলের কথা আমি আগেও বলেছি। সেখানকার আর্থিক অবস্থা সাংঘাতিক রকমের খারাপ। যাতায়াতের কোন Bus Service নাই। অথচ চাঁদার উপর নির্ভর করে ভাল ভাল শিক্ষক দিয়ে বৎসরের পর বৎসর স্কুল চালাচ্ছে। শালগড়া Constituencyতে সেখানে ৬০।৭০ হাজার লোকের বাস, কিন্তু মাত্র ১টি হাইস্কুল। সুতরাং আমি শিক্ষামন্ত্রীর নিকট অনুরোধ করি ঐ ৫টি স্কুলকে যাতে সরকারী স্কুলে পরিণত করা হয়। যদি সরকারী স্কুলে পরিণত না করা হয় তবে যেন সরকারী সাহায্যপুষ্ট করা হয়। আমি আশা করি House আমার এই প্রস্তাবটি সমর্থন করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :—Hon'ble Education Minister.

Shri Krishnadas Bhattacharjee :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীএরসাদ আলী চৌধুরী যে প্রস্তাবটি এনেছেন উদয়পুর বিভাগের বাগমা, শালগড়া, জামজুরা, মির্জা ও কমলপুর বিভাগের সেলেমা এই প্রাইভেট স্কুলগুলিকে Govt. স্কুলে পরিণত করা হউক। একটি কথা আমি প্রথমে এই হাউসের সামনে বলতে চাই যে, এই সমস্ত জায়গাতে কোন প্রাইভেট হাইস্কুল আছে বলে সরকারের জানা নেই। কারণ প্রাইভেট হাইস্কুল আমরা এটাকে বলি, যে স্কুলগুলি Govt. recognition পেয়েছে এবং Secondary Boardএর recognition আছে। যে নামগুলো এখানে বলা হয়েছে তার একটিও Govt.এর recognition নাই। আর Secondary Boardএরও কোন recognition নাই। সুতরাং আইনের চোখে সেগুলোকে হাইস্কুল বলা চলে না। অতএব এটা Coaching Centre হতে পারে। তবে মাননীয় সদস্য শ্রীচৌধুরী মহাশয় যে শালগড়া এলাকার অবস্থা বলেছেন সেটা আমরা অনুভব করি। তবে সদস্য মহাশয় নিশ্চয়ই অবগত আছেন যে, আমাদের হাইস্কুলের সংখ্যা কত এবং সেটি আমাদের বাজেটেও বলা হয়েছে। শুধু বাজেটে নয় Planএতেও দেখানো হয়েছে। নীতিগত ভাবে প্রতি বৎসর আমরা তিনটি করে High School দিতে পারি। কিন্তু ত্রিপুরার চাহিদা খুব বেশী। বিভিন্ন জায়গায় প্রাথমিক স্কুল, Senior Basic School গড়ে উঠেছে এবং Senior School থেকে পাশ করে High Schoolএ পড়তে চায়। বিভিন্ন জায়গায় High School এর চাহিদা উঠেছে। কিন্তু তিনটির বেশী আমাদের দেওয়ার কোন ক্ষমতা নাই। তিনটির বেশী যদি আমরা দেই তাহলে ভারত সরকারের অতিরিক্ত একটির টাকাও দিবেন না এবং একটি স্কুলের যে অর্থের প্রয়োজন সেই অর্থ বাজেটের যে টাকা তা থেকে Savings করে যে চালানো সেটাও সম্ভব নয়। কারণ প্রত্যেক খাতেই অর্থের চাহিদা প্রচুর এবং ত্রিপুরার উন্নয়নের কাজে প্রত্যেকেই যথেষ্ট সক্রিয় হয়ে উঠেছে;

কাহারো নিকট থেকে Savings পাওয়ার কোন উপায় এখন আর নেই বা খুব কম। এই অবস্থায় Planএ যে তিনটি স্কুল করার বরাদ্দ ধরা হয়েছে এবং অতিরিক্ত স্কুল করা সরকারের পক্ষে সম্ভব নয় এবং সেটা করতে হলে জনসাধারণকে কর দিতে হবে, মানে কর বসাতে হবে জনসাধারণের উপর। সেই দিক দিয়ে চিন্তা করে আমরা তিনটি High School দিয়েছি, একটি চন্দ্রপুর, একটি অম্পি আর একটি হালাহালিতে। সুতরাং হালাহালিতে দেওয়াতে সালেমাতে দেওয়ার এখন আর কোন প্রশ্নই উঠেনা, কারণ হালাহালি কমলপুর সাব-ডিভিশনে। তবে এটা আমি ঠিক অনুভব করছি যে শালগড়া তহশীলে একটি High Schoolএর প্রয়োজন এবং শালগড়া তহশীলের কোথায় স্কুল দেওয়া যায় এবং সেটা আগামী বৎসরে করা হবে কিনা সক্রিয়ভাবে চিন্তা ও বিবেচনা করা হচ্ছে কিছুদিন পূর্ব্বে মাননীয় সদস্য শালগড়ার কিছুলোক নিয়ে আমার নিকট এসেছিলেন। তখন আমি বলেছি যে আমি নিজেও সেখানে গিয়েছি, বাগমা এবং বুলংপাশা এলাকা আমি ঘুরেছি। আমি মনে করি সেখানে একটি স্কুল হওয়া দরকার। তবে আমাদের আর্থিক অপ্রতুলতা এবং স্থান নির্ব্বাচন প্রভৃতি নানা প্রকারের অসুবিধার দরুন আমরা সেটা করতে পারছিনা। তবে আগামী বৎসর আমরা নিশ্চয়ই একটা suitable যায়গা নির্ব্বাচনের চেষ্টা করব, যাতে ঐ এলাকার সমস্ত ছাত্রছাত্রীরাই পড়াশুনা করবার সুযোগ সুবিধা ভোগ করতে পারে। সেইরূপ একটা জায়গা নির্ব্বাচন করে একটি High School গড়াতে সক্রিয় ভাবে বিবেচনা করব। এই বলেই আমি মাননীয় সদস্যকে অনুরোধ করব উনি যেন উনার প্রস্তাবটি withdraw করে নেন।

Shri Ershad Ali Choudhury :—মাননীয় শিক্ষামন্ত্রী আমার প্রস্তাবটার আলোচনায় আশ্বাস দিয়েছেন যে আগামী বৎসরে শালগড়া তহশীলে একটি High school করবেন এবং তিনটির মধ্যে যাতে অগ্রাধিকারগুলি ও হয় সেই অনুরোধ করে আমি আমার প্রস্তাবটি withdraw করছি। তবে আমি আর একটি আবেদন রাখব যে সকল বেসরকারী স্কুলগুলি secondary board থেকে এখনও recognisation পায় নাই তারা মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট অনেকবার এসেছেন এবং দরখাস্ত দিয়েছেন এবং সেই পরিপ্রেক্ষিতে তারা যাতে তাড়াতাড়ি recognisation পাইতে পারেন সে দিকে দৃষ্টি রাখবেন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—The question before the House is that the leave of the House to withdraw the resolution moved by Shri Ershad Ali Choudhury be granted.

As many as are of that opinion will please say AYES.

VOICES 'AYES'

As many as are of contrary opinion will please say 'NOES', No.—Voices

I think AYES have it. AYES have it. AYES have it.

The leave is granted. The Resolution is withdrawn.

The House stands adjourn till 11 A. M. on Tuesday, 24th March 1970.

ANNEXURE "A"

STARRED QUESTION NO. 2.

By Shri Bajuban Riyan

QUESTION

১) ইহা কি সত্য যে ২৯-১ -৬৯ইং তারিখে অমরপুর কর্তৃক আদর্শ আদিবাসী কলোনীর অধিবাসীবৃন্দ মুখ্য প্রশাসকের নিকট গণ দরখাস্ত দিয়াছিল ও দরখাস্তের বিষয় ছিল নিজ লুংগা জমির সংলগ্ন টিলা ভূমি বন্দোবস্ত পাওয়ার প্রার্থনা।

২। যদি সত্য হয়, এ বিষয়ে সরকার কি চিন্তা করিতেছেন ?

ANSWER

১)
২) তথ্যাদি সংগ্রহাধীন আছে।
৩)

STARRED QUESTION NO. 25.

By Shri Aghore Deb Barma

QUESTION

১) ভাটি অভয়নগর কবরস্থলা প্রায় এক বৎসর যাবত কোন এক হিন্দু পরিবার কর্তৃক জোর পূর্বক গৃহ নির্মাণ করে বসবাস করার ব্যাপারে স্থানীয় মুসলমান সম্প্রদায়ের লোক উক্ত কবরস্থলা রক্ষার আবেদন করে জেলা শাসকের নিকট একাধিকবার দরখাস্ত ও representation দিয়েছে কিনা ;

২) যদি এই ব্যাপারে কোন দরখাস্ত ও representation দেওয়া হয়ে থাকে, উক্ত কবরস্থলা রক্ষার জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ;

৩) যদি কোন ব্যবস্থা গ্রহণ করা না হয়ে থাকে তার বিস্তৃত বিবরণ ?

ANSWER

১) ২) ৩) তথ্যাদি সংগ্রহাধীন আছে।

STARRED QUESTION NO. 42

By Shri Abhiram Deb Barma

QUESTION

১) Auto Rickshaw & Tempo Transport Co-operative Society Ltd. টি যখন Registered হয় তখন কি Shri P. K. Deb Barma, Registrar ছিলেন।

২) ইহা কি সত্য যে এই Societyর President এবং Secretary তাহার নিকট আত্মীয় ;

৩) এই societyকে Shri P. K. Deb Barma Registrar হিসাবে কি কোন ঋণ মঞ্জুরের সুপারিশ করিয়াছিলেন ? করে থাকলে মোট গৃহীত ঋণের পরিমাণ,

৪) এই Society কয়টি Auto Rickshaw এবং Tempo চালু করিয়াছিলেন এবং বর্তমানে কয়টি চালু আছে।

৫) ইহা কি সত্য যে এই Society র President ও Secretary সরকারী অর্থ তছরূপ করিয়াছেন, যদি করিয়া থাকেন তাহাদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

ANSWER

১) হঁ্যা।

২) হঁ্যা, তাহারা শ্রী পি, কে, দেববর্ম্মা মহাশয়ের আত্মীয়।

৩) না।

৪) সমিতি ৪ (চারি) খানি Tempo (দুই খানি যাত্রাবাহী ও দুই খানি মালবাহী) ক্রয় করিয়াছিলেন। সব কয়টিই এখন বিকল হইয়া গিয়াছে।

৫) বিষয়টি শিলং এর সেণ্ট্রালবুরো অফ ইনভেষ্টিগেশন এস-পি-ইর অনুসন্ধানাধীন আছে।

STARRED QUESTION NO. 69.

By Shri Bajuban Riyan

QUESTION

১) অমরপুর বাজার সংস্কারের পরিকল্পনা সরকারের আছে কি ?

২) অমরপুর বাজার পরিবর্দ্ধন করার জন্য সরকার কোন দরখাস্ত পাইয়াছেন কি ?

ANSWER

১) তথ্যাদি সংগ্রহাধীন আছে।
২)

STARRED QUESTION No. 94.

By Shri Rajkumar Kamaljit Singh M. L. A.

QUESTION

১) ১৯৬৯ইং জানুয়ারী সেসানে আনষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৪৯৯ এর উত্তরে কোন চাউলের কল মজুত খাদ্যের ঘোষণা দেন নাই বলিয়া জানান হইয়াছে, ইহা কি রাইস মিলিং ইনডাষ্ট্রীজ (রেগুলেশান) এ্যাক্ট, ১৯৫৮ এ্যাণ্ড রুলস ১৯৫৯ ভায়লেট্ করে নাই ?

২) যদি ভায়লেট করিয়া থাকে, তবে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহন করা হইয়াছে ?

৩) যদি না হইয়া থাকে, তবে কারণ কি ?

ANSWER

১) না।

২) প্রশ্ন উঠে না।

৩) প্রশ্ন উঠে না।

STARRED QUESTION NO. 109

By Shri Abhiram Deb Barma.

QUESTION

১। ধান্য লেভীর ব্যাপারে সংশ্লিষ্ট মামলায় খোয়াই এর উত্তর রামচন্দ্র ঘাটের জনৈক উপজাতীয় নারীর বিরুদ্ধে আদালতে মামলা চালু আছে কি ?

২। সরকার এ মামলা প্রত্যাহারের জন্য কোন আবেদন পাইয়াছেন কি ?

৩। যদি পাইয়া থাকেন ; এ সকল মামলা প্রত্যাহার করা হইবে কি ?

ANSWER

১। হঁ্যা।

২। হঁ্যা।

৩। বিষয়টি বিবেচনাধীন আছে।

STARRED QUESTION NO. 112.

By Shri Abhiram Deb Barma.

QUESTION

১। ইহা কি সত্য যে কমলপুর ও খোয়াইয়ের অধিকাংশ কোর্ফা রায়ত ১৯৬০ সালের ভূমি আইন চালু হওয়ার পূর্ব্বে কোর্ফা স্বত্ব ক্রয় করিয়াছেন ?

২। যদি সত্য হয়, তবে তাহাদের পুনরায় এই জমির রায়তি স্বত্বের জন্য ক্ষতিপূরণ আদায় করা কি ঠিক হইবে ?

৩। এই ব্যাপারে সরকার প্রয়োজন হইলে ভূমি আইন সংশোধন করিবেন কি ?

ANSWER

১। হঁ্যা।

২। হঁ্যা।

৩। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য এ ব্যাপার সরকার চিন্তা করছেন।

STARRED QUESTION NO. 116.

By Shri Bidya Ch. Deb Barma.

QUESTION

1. Whether there is any Housing Co-operative at Agartala ;
2. If so, the names of those Co-operatives and the names of members of the Executive Committee ;
3. Achievements made by each of them so far ?

ANSWER

1. Yes, one Society.

2, (a) Name of the Society is—Hrishidas Co-operative House Building Society Ltd.

(b) **Name of the Board of Directors are as follows :—**

(a)	The Addl. District Magistrate & Collector (I)	... President.
(b)	Sri Tarit Mohan Das Gupta, Vice-Chairman, Tripura Terri-torial Council.	...Vice-President.
(c)	Sri Chitta Ranjan Deb, Secretary, Harijan Sevak Sangh, Tripura Branch.	... Secretary.
(d)	The Divisional Forest Officer, Tripura.	... Member.
(e)	The Executive Officer, Agartala Municipality.	... Member.
(f)	Sri Pyari Mohan Hrishidas.	... Member,
(g)	Sri Paresh Ch. Hrishidas.	... Member.
(h)	Sri Rabindra Ch. Hrishidas.	... Member.
(i)	Sri Suresh Chandra Hrishidas.	... Member.
(j)	Sri Har Chandra Hrishidas.	... Member.
(k)	Sri Sukumar Hrishidas.	... Member.
(l)	Sri Lalit Mohan Hrishidas.	Member.
(m)	Co-operative Inspector (Municipal Area), Agartata.	... Member.

3. The Society purchased land at a cost of Rs. 10,125.25 on which it constructed dwelling houses for its members at a cost of Rs. 7,647.92 p. In addition it excavated a tank by spending Rs. 2,413.48 p.

STARRED QUESTION NO. 133.

By Shri Bidya Ch. Deb Barma.

QUESTION

১। সাব্রুমের ছোট খিলের বিনিময়কারী ২১টি উদ্বাস্তু পরিবারের জমি সংক্রান্ত বিরোধের মীমাংসা হইয়াছে কি ?

২। যদি না হইয়া থাকে, উহা মীমাংসার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

৩। ইহা কি সত্য যে বিরোধের জন্য অনেক জমি দীর্ঘদিন অনাবাদি পড়িয়া আছে ?

ANSWER

১।
২। তথ্যাদি সংগ্রহাধীন আছে।
৩।

STARRED QUESTION NO. 159.

By Shri S. C. Dutta.

QUESTION

(ক) ১৯৬৯ সালে কমলপুর মৌজার কৃষক শ্রীপ্রতাপ গোস্বামীকে সরকারী খাস ভূমি হইতে উচ্ছেদ করার পর ঐ জমির প্রতাপ গোস্বামার ফলায়িত ফসলের মূল্য বাবত কত টাকা কমলপুর তহশীল অফিসে জমা আছে ;

(খ) ঐ ফসল কাটাইতে ও সংগ্রহ করিতে সরকারী ব্যয় কত টাকা হইয়াছে ;

(গ) শ্রীপ্রতাপ গোস্বামী সরকারী সর্ত্তে তাহার ফলায়িত ফসল কাটিবার ও সংগ্রহ করিবার জন্য কমলপুর এস, ডি, ও অফিসে প্রার্থনা দাখিল করিয়াছেন কিনা ?

ANSWER

১। }
২। } তথ্যাদি সংগ্রহাধীন আছে ।
৩। }

STARRED QUESTION NO. 162.

By Shri Ershad Ali Choudhury.

QUESTION

সম্প্রতি উদয়পুর বিভাগে যে পঞ্চায়েত নির্বাচন হইয়া গিয়াছে তাহার মধ্যে সমস্তগুলি সরকারের নির্দ্ধারিত তারিখে সম্পন্ন হইতে পারিয়াছে কিনা ? পঞ্চায়েত রাজ Act অনুসারে নির্বাচন করার জন্য কোন মোকদ্দমা আইনের বিধান অনুযায়ী করা হইয়াছে কিনা ?

ANSWER

উদয়পুর উপ-বিভাগের অন্তর্গত ৩৩টি গাঁওসভার নির্বাচন ক্ষেত্রে বিগত ৪-২-৭০ এবং ৬-২-৭০ ইং তারিখে পঞ্চায়েত নির্বাচনের দিন ধার্য্য ছিল। নির্দ্ধারিত তারিখে দুইটী নির্বাচন কেন্দ্র যথা : আমতলী ও গকুলপুর গাঁওসভা ব্যতিরেকে অন্যান্য ৩১টি গাঁওসভার নির্ব্বাচন কার্য্য সুষ্ঠভাবে সম্পন্ন হয়। গকুলপুর ও আমতলী নির্ব্বাচন কেন্দ্রের ভারপ্রাপ্ত প্রিসাইডিং অফিসারদ্বয় নির্বাচন কার্য্য পরিচালনায় বাধাপ্রাপ্ত হওয়ায় ১৯৬১ সনের ত্রিপুরা পঞ্চায়েত রাজ নিয়মাবলীর ১৯(ঙ) নিয়মের অনুস্থিতিতে নির্বাচন কার্য্য আশু স্থগিত রাখিতে বাধ্য হন। প্রাক উক্ত স্থগিত নির্বাচন বিগত ১৬-২-৭০ ইং তারিখে উভয় কেন্দ্রেই সুষ্ঠভাবে সম্পন্ন হয়।

প্রচলিত পঞ্চায়েত রাজ আইনের সংশ্লিষ্ট ধারার আওতায় ১৯৬১ সনের ত্রিপুরা পঞ্চায়েত রাজ নিয়মাবলীর ২৪নং নিয়মের অনুস্থিতিতে সর্ব্বমোট ৬টি নির্ব্বাচনী আবেদন (Election petition) স্থানীয় উপ-বিভাগীয় ভারপ্রাপ্ত কর্মাকারক সমীপে দাখিল হওয়া প্রকাশ পায়।

STARRED QUESTION NO. 172.

By Shri Ershad Ali Choudhury.

QUESTION

বর্ত্তমান জরীপে কোন বিভাগে কত পরিমাণ ভূমি ট্রাইবেল রিজার্ভে পড়িয়াছে ? যে সমস্ত মৌজায় ট্রাইবেল রিজার্ভের ভূমি পড়িয়াছে তাহা demarcate করা হইয়াছে কি না ?

ANSWER

ট্রাইবেল রিজার্ভে পতিত ভূমির মহকুমা ভিত্তিক আনুমানিক হিসাব নিম্নরূপ :—

সদর	১৬ বর্গমাইল
কৈলাসহর	২৩১ ,,
বিলোনীয়া	১০০ ,,
অমরপুর	৪৯৬ ,,
উদয়পুর	৪৬ ,,
সাব্রুম	১১৮ ,,
খোয়াই	২৯৫ ,,
মোট	১৩৫৯ ,,

মহারাজা কর্ত্তৃক ঘোষিত উপজাতি সংরক্ষিত এলাকা (Tribal Reserve area) পিলার ইত্যাদি দ্বারা চিহ্নিত করা না থাকায় বর্ত্তমান জরীপেও উহা আলাদা করে জরীপ করা হয় নাই।

STARRED QUESTION NO. 202.

By Shri Promode Ranjan Das Gupta,

QUESTION

1. Total quantity of wheat purchased from the Central Government in the year 1967-68, 1968-69, 1969-70 (showing each year separately) ;
2. total quantity sold in each year and the balance carried over to the next year ;
3. whether huge stock of unsold wheat turned unfit for humen consumptions ?

ANSWER

1. 1967 68 ... 18,042 M.T.
   1968-69 ... 27,192 M.T.
   1969-70 ... 13,443 M.T.

2.

Year	Quantity sold	Balance carried over.
1967-68	18,076 M.T.	1,049 M.T. as on 1.4.67
1968-69	20,887 M.T.	1,015 M.T. as on 1.4.68
1969-70 (upto 28.2.70)	13,167 M.T.	7,320 M T. as on 1.4.69

3. No.

STARRED QUESTION NO. 205.

By Shri Jatindra Kr. Majumder.

QUESTION

ক) সদর বিভাগের জিরানীয়া ব্লক অন্তর্গত কতটি রেভিনিউ মৌজা ট্রাইবেল রিজার্ভভুক্ত ?

খ) কিসের ভিত্তিতে মৌজাগুলিকে সম্পূর্ণ অথবা অংশতঃ ট্রাইবেল রিজার্ভভুক্ত করা হইয়াছে ?

গ) রিজার্ভভুক্ত মৌজার উপজাতি এবং অ-উপজাতি জনসাধারণ স্বকার্য্যে তাহাদের জোতের জমি বিক্রি করিতে তাহাদিগকে কোনরূপ অসুবিধার সম্মুখীন হইতে হয় কি ?

ANSWER

ক, খ, ও গ—তথ্যাদি সংগ্রহাধীন আছে।

STARRED QUESTION NO. 268.

By Shri Nishi Kanta Sarkar.

QUESTION

ট্রাইবেল রিজার্ভ এলাকাস্থিত ট্রাইবেলের সম্পত্তি ট্রাইবেলের নিকট বেচা-কেনার কোনরূপ বাধা নিষেধ আছে কি না ?

ANSWER

Tribal Reserve order এ উল্লিখিত পাঁচ সম্প্রদায়ের মধ্যে বেচা-কেনা ব্যতীত বাধা নিষেধ আছে।

STARRED QUESTION NO. 274.

By Shri Monoranjan Nath.

QUESTION

১। ত্রিপুরা চা বাগানের জমির ceiling limit ধার্য্য আছে কি ; এবং

২। না থাকিলে তাহার বিবরণ ?

ANSWER

১। হঁ্যা।

২। প্রশ্ন উঠে না।

ANNEXURE—"B"

UNSTARRED QUESTION NO. 102.

By Shri Abhiram Deb Barma.

QUESTION

১) ত্রিপুরার কোন চা বাগানে Govt. এ vested land এর পরিমাণ কত তাহার বাগান ভিত্তিক হিসাব।

২) ঐ বাগান জমি ভূমিহীনদের মধ্যে বিলির জন্য সরকার কোন সিদ্ধান্ত লইবেন কি

ANSWER

	সাব-ডিভিশনের নাম	বাগানের নাম	১৩৫ ধারা মতে সরকারে ন্যস্ত হওয়ার আদিষ্ট ভূমির পরিমাণ
১)	সদর	হরিশনগর চা বাগান	৫০৪.৮৪ একর
২)	,,	কৃষ্ণপুর চা বাগান	১০৪.৩৪ ,,
৩)	,,	মেঘলিপাড়া চা বাগান	১৭১.১৭ ,,
৪)	,,	সীমনাছড়া চা বাগান	১৪৪.৯০ ,,
৫)	খোয়াই	কল্যাণপুর চা বাগান	২৮.২৬ ,,
৬)	কমলপুর	মহাবীর চা বাগান	১৪৪.৮০ ,,
৭)	,,	রামদুর্লভপুর চা বাগান	৩৫.৩৪ ,,
৮)	,,	বড়সুরমা চা বাগান	৫৮.২৬ ,,
৯	,,	দারংটিলা চা বাগান	১৯৬.৬৮ ,,
১০)	সাব্রুম	লীলাগড় চা বাগান	৪২৭.২৫ ,,

২) এখনও এরূপ কোন প্রস্তাব নাই।

UNSTARRED QUESTION NO. 104.

By Shri Abhiram Deb Barma

QUESTION

১) ত্রিপুরার মহকুমা শহরের বাজারগুলির উন্নয়নের জন্য ১৯৬০ হইতে '৬৯ এর মধ্যে কোন বাজারের জন্য কত টাকা খরচ করা হইয়াছে তাহার বাজারভিত্তিক হিসাব।

২) এই অর্থ বরাদ্দ যথেষ্ট কিনা।

৩) খোয়াই বাজারের এক অংশ সুভাষ পার্কে স্থানান্তরিত হওয়ায় তাহার জন্য সরকার অর্থ বরাদ্দ করিবেন কি?

ANSWER

১)
২) } তথ্যাদি সংগ্রহাধীন আছে
৩)

UNSTARRED QUESTION NO. 128

By Shri Bidya Chandra Deb Barma

প্রশ্ন

১। ১৯৬৮ এবং ১৯৬৯ সালে ত্রিপুরার ও বাহিরের কোন পত্রিকা (দৈনিক, সাপ্তাহিক ও অন্যান্য) কত টাকার সরকারী বিজ্ঞাপন পাইয়াছেন তাহার বছর ভিত্তিক হিসাব।

২। ঐ বিজ্ঞাপনের জন্য ঐ দুই বছর কত টাকা payment করা হইয়াছে এবং কত টাকা payment করা বাকী আছে তাহার বছর ভিত্তিক ও পত্রিকা ভিত্তিক হিসাব।

৩। ইহা কি সত্য যে ত্রিপুরার সকল দৈনিক ও সাপ্তাহিক পত্রিকা ত্রিপুরা সরকারের বিজ্ঞাপন পান না; যদি না পাইয়া থাকেন তাহার কারণ ও ঐ সকল পত্রিকার নাম।

উত্তর

১। ১৯৬৮ এবং ১৯৬৯ সালে ত্রিপুরার ও বাহিরের কোন পত্রিকাকে (দৈনিক, সাপ্তাহিক ও অন্যান্য) বিজ্ঞাপন বাবত কত টাকা দেওয়া হইয়াছে তাহার বছর ভিত্তিক ও পত্রিকা ভিত্তিক হিসাব নিম্নে দেওয়া হইল :—

পত্রিকার নাম	১৯৬৮ সালের হিসাব ক্ল্যাসিফাইড	১৯৬৮ সালের হিসাব ডিসপ্লে	১৯৬৮ সালের হিসাব মোট টাকা	১৯৬৯ সালের হিসাব ক্ল্যাসিফাইড	১৯৬৯ সালের হিসাব ডিসপ্লে	১৯৬৯ সালের হিসাব মোট টাকা
১	২	৩	৪	৫	৬	৭
ত্রিপুরা হইতে প্রকাশিত						
জাগরণ (দৈনিক)	২০,১৮৯·০০	১,৭৯৭·৫০	২১,৯৮৬.৫০	১৬,৭৩০·০০	১,৩০১·৫০	১৮,০৩১·৫০
গণ-অভিযান ,,	১২,৮০৭·০০	৫,০৬২.৭২	১৭,৮৬৯·৭২	২,৭৬৩·০০	৩,০৩৯·০০	৫,৮০২,০৫
গণরাজ ,,	—	৩৭৮·১০	৩৭৮·১০	৯,৪২১·০০	৭৮০·৯০	১০,২০১·৯০
ভাবীভারত ,,	১৬,৮৪০·৯০	৮০৯·৬৫	১৭,৬৫০·৫৫	১৪,৬৪৩·০০	১,৯৬০·৫০	১৬,৬০৩·৫০
মানুষ (অর্দ্ধ সপ্তাহিক)	৫,৪৪৮·০০	৪,৬৩৭·৮৫	১০,০৮৫·৮৫	৩,৯৭৪·০০	৭৭৩·৩০	৪,৭৪৭·৩০
সমাচার (সাপ্তাহিক)	৫,৮০৪·০০	২,৭৯৫·৭১	৮,৫৯৯·৭১	২,৪৫৬·০০	২,৬৭৪·৯৯	৫,১৩০·৯৯
অগ্রগতি ,,	১,৯৮৫·০০	৭৭৬·১৫	২,৭৬১·১৫	২,৯৬৩·০০	২,৫১৪·৮৯	৫,৪৭৭·৮৯
ত্রিপুরা ,,	৪,৬৮৯·২৫	২,৪০৮·৭৬	৭,০৯৮·০১	৩,৯৩৯·০০	২,১৮০·৭৩	৬,১১৯·৭৩
সীমান্ত ,,	৪৯৯·০০	৪৬৩·৫০	৮৬২·৫০	৩,৩৫২·০০	২,৪৭২·০০	৫,৮২৪·০০
রুদ্রবীণা ,, (১৮ই মে '৬৮ হইতে দৈনিক)	৪৩,৩৪২·০০	১,২২৫·১০	৫,৫৬৭·১০	৬,৩৮৭·০০	১,৯৯৩·১০	৮,৩০০·১০
ত্রিপুরার কথা (সাপ্তাহিক)	২,২৮৭·১০	৩২৩·০০	২,৬১০·১০	২,৭৮৭·০০	৩৭৪·৩০	৩,১৬১·৩০
ন্যায় দণ্ড ,,	৪,৭৮৩·০০	৬২৩·১০	৫,৪০৬·১০	৩,৬৮৩·০০	৭৮০·৯০	৪,৪৬৩·৯০
ত্রিপুরা টাইমস ,,	৪,২৭৫·০০	১,৬৪৩·১০	৫,৯১৮·১০	৩,৪৭৪·০০	১,৫৩৯·৯৫	৫,০১৩·৯৫
গণ-অভিযান ,,	৪,২৩৭·২০	১,৮৬৩·০০	৬,১০০·২০	১,৯৬০·০০	১,৫৮৪·০৯	৩,৫৪৪·০৯
সেবক ,,	১,৯১১·৮০	৪০·০০	১,৯৫৯·৮০	—	—	—
ভারত কল্যাণ ,,	৩,৫১৩·০০	১,৯২১·৬০	৫,৪৩৪·৬০	২,১৫১·০০	১,২৬৪·০০	৩,৪১৫·০০
সন্ধ্যানী ,,	১,১৩৪·০০	৩৮৯·২০	১,৫২৩·২০	১,৯৬৩·০০	৮৯৮·৭০	২,৮৬১·৭০
সমবার বার্তা ,,	৩,২৪৭·০০	৭৫৪·১০	৩,৯০১·১০	২,৪০৯·০০	৪০২·৮০	২,৮১১·৮০

পত্রিকার নাম	১৯৬৮ সালের হিসাব ক্ল্যাসিফাইড	১৯৬৮ সালের হিসাব ডিসপ্লে	১৯৬৮ সালের হিসাব মোট টাকা	১৯৬৯ সালের হিসাব ক্ল্যাসিফাইড	১৯৬৯ সালের হিসাব ডিসপ্লে	১৯৬৯ সালের হিসাব মোট টাকা
২	২	৩	৪	৫	৬	৭
বিবেক (সাপ্তাহিক)	৪,২৯৮·০০	১,২৪৬·৫০	৫,৫৪৪·৫০	৩,৩৩২·০০	২,২১৪·১৫	৫,৫৪৬·১৫
ইয়াপ্রি ,,	৪,৪৭৩·০০	৭৫৮·৬৫	৫,২৩১·৬৫	৩,৮৪৩·০০	১,২৪০·৭০	৫,০৮৩·৭০
নবজ্যোতি ,,	১,৪৬৯·০০	১,৬৮৩·১৫	৩.১৫২·১৫	—	৩,৯৪০·৮৩	৩.৯৪০·৮৩
আর্য্যশক্তি ,,	১,৭৮২·০০	১,০৯৮·৭০	২,৮৮০·৭০	৪,৪৩১·০০	১,৫৮৪·১২	৬,০১৫·১২
মারূপ ,,	—	—	—	—	৬৮৯·৭০	৬৮৯·৭০
আমাদের কথা ,,	—	১,৪৭৭·১৫	১,৪৭৭·১৫	—	৫৫০·০০	৫৫০·০০
অনির্বান (ত্রৈমাসিক)	—	—	—	—	১০০·০০	১০০·০০
উদ্দিক্ত ,,	—	২,০৮৫·০০	২,০৮৫·০০	—	২.০৮০·০০	২,০৮০·০০
ত্রিদিব (মাসিক)	—	৫২৫·০০	৫২৫·০০	—	২১২·৮০	২১২·৮০
মহাব্রত (সাপ্তাহিক)	—	—	—	—	১,৯৪৩·২৫	১,৯৪৩·২৫
গণসংহতি ,,	—	—	—	৬৪৮·০০	৯৯২·১০	১,৬৪০·১০
স্বাগতম (ত্রৈমাসিক)	—	৬৫০·০০	৬৫০·০০	—	১,৩৮৯·৭১	১,৩৮৯·৭১
কাকলী ,,	—	৮০·০০	৮০·০০	—	—	—
নান্দীমুখ (মাসিক)	—	১০০·০০	১০০·০০	—	১০০·০০	১০০·০০
জোনাকী ,,	—	১০০·০০	১০০·০০	—	১৫০·০০	১৫০·০০
নন্দিনী ,,	—	—	—	—	১·১০৩·১৩	১,১০৩·১৩
বং বেরং ,,	—	১০০·০০	১০০·০০	—	—	—
নাদছন্দা ,,	—	১০০·০০	১০০·০০	—	১০০·০০	১০০·০০

১	২	৩	৪	৫	৬	৭
কলিকাতা হইতে প্রকাশিত						
আনন্দবাজার (দৈনিক)	২৯,২৫৬.০৫	১,৯৪৪.৮০	২৯,২০০.৮৫	১৪,৮৪২.৭২	—	১৪,৮৪২.৭২
অমৃতবাজার ,,	২৩,৯৩৯.১০	—	২৩,৯৩৯.১০	১৮,০৩২.৭২	—	১৮,০৩২.৭২
যুগান্তর ,,	৭,২১০.০৯	—	৭,২১০.০৯	৩,৫৫০.৯৩	—	৩,৫৫০.৯৩
বসুমতি ,,	৮,১২৯.০০	—	৮,১১৯.০০	৬,৩৪০.৪০	—	৬,৩৪০.৪০
ষ্টেটসম্যান ,,	৭,৭৮৮.৩১	—	৭,৭৮৮.৩১	১১,০৭৪.৩৯	—	১১,০৭৪.৩৯
হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড ,,	৯৫৮.২০	১,২৯০.৪০	২,২৪৮.৬০	১,৩৪০.৪০	—	১,৩৪০.৪০
জনবাণী (সপ্তাহিক)	—	২,১৫০.০০	২,১৫০.০০	—	২.৪০০.০০	২,৪০০.০০
বসুমতি ,,	—	৯১০.৮০	৯১০.৮০	—	—	—
স্বস্তিকা ,,	—	২,৬০০.০০	২,৬০০,০০	—	—	—
ক্রুসিয়ার ,,	—	৮৫০.০০	৮৫০.০০	—	৪৫০.০০	৪৫০.০০
নাউ ,,	—	৯১৭.৫০	৯১৭.৫০	—	১,০৫০.০০	১,০৫০.০০
সাংবাদিক (পাক্ষিক)	—	২,০৬০.০০	২,০৬০.০০	—	—	—
বেতার জগৎ ,,	—	৮০০.০০	৮০০.০০	—	—	—
গণবার্ত্তা (মাসিক)	—	১২৫.০০	১২৫ ০০	—	৪০০.০০	৪০০.০০
শিক্ষক ,,	—	৫৫০.০০	৫৫০.০০	—	১৫০.০০	১৫০.০০
প্রভাত ,,	—	১,৬৬০.০০	১,৬৬০.০০	—	১,৪৪০.০০	১,৪৪০.০০
সাহিত্য পত্র ,,	—	১২৫.০০	১২৫.০০	—	২০০.০০	২০০.০০
কপিটেল ,,	—	—	—	—	১,৪২৪.৫০	১,৪২৪.৫০
সারস্বত (ত্রৈমাসিক)	—	—	—	—	২১২,৫০	২১২.৫০
চতুরঙ্গ ,,	—	২২৫.০০	২২৫.০০	—	২২৫.০০	২২৫.০০
এক্ষণ ,,	—	১৫০.০০	১৫০.০০	—	১৫০.০০	১৫০.০০

পত্রিকার নাম	১৯৬৮ সালের হিসাব ক্লাসিফাইড	ডিসপ্লে	মোট টাকা	১৯৬৯ সালের হিসাব ক্লাসিফাইড	ডিসপ্লে	মোট টাকা
১	২	৩	৪	৫	৬	৭
মধুরেন	—	৫৪০,০০	৫৪০.০০	—	৭০০,০০	৭০০.০০
আগামী	—	৪০০,০০	৪০০.০০	—	—	—
সোসিয়েল এণ্টার প্রাইজ		৫০০,০০	৫০০.০০	—	—	—
জয়শ্রী	—	১০০,০০	১০০.০০	—	—	—
আসাম হইতে প্রকাশিত						
আসাম ট্রিবিউন দৈনিক	২,৪৪২.৯৩	—	২,৪৪২.৯৩	২,২।৭.৭০	—	২,২৭৯.৭০
ক্রন্টিয়ার টাইমস ,,	১০০.৩২	—	১০০.৩২	—	—	—
যুগশক্তি (সাপ্তাহিক)	—	—	—	১৭৬.৪০	—	১৭৬.৪০
দিল্লী হইতে প্রকাশিত						
হিন্দুস্থান টাইমস (দৈনিক)	২,৭৯৩.১৯	—	২,৭৯৩.১৯	১৭৫৫.৭৭	—	১৭৫৫..৭৭
টাইমস অব ইণ্ডিয়া (দৈনিক)	২২৪.৪০	—	২২৪.৪০	২৫৮৪.৯৫	—	২৫৮৪.৯৫
কওমী একতা (সাপ্তাহিক)	—	৬৬০.০০	৬৬০০০	—	—	—
ফত্তেউইকলি ,,	—	৩৫০.০০	—	—	৮৮৫.০০	৮৮৫.০০

১	২	৩	৪	৫	৬	৭
অর্গানাইজার সাপ্তাহিক দিল্লী হইতে প্রকাশিত	—	৫২২.৫০	৫২২.৫০	—	—	—
শঙ্করস উইকলি	—	৬৫২০.৮০	৬৫২০.৮০	—	—	—
লিঙ্ক (সাপ্তাহিক)	—	৩৩৭৬.০০	৩৩৭৬.০০	—	১,৬৮৩.০০	১৬৮৩.০০
স্পোকসম্যান ,,	—	১৯২৫.০০	১৯২৫.০০	—	১৫০০.০০	১৫০০..০০
যোজনা (পাক্ষিক)	—	৭০০০.০০	৭০০০.০০	—	৮৩৭.৫০	৮৩৭.৫০
সোসালিষ্ট কংগ্রেস ম্যান ,,	—	৩৫০.০০	৩৫০.০০	—	৭০০.০০	৭০০.০০
ট্যুরিষ্ট ট্রেড অব ইণ্ডিয়া (মাসিক)		২৫০.০০	২৫০.০০	—	—	—
ইউনিয়ন এজেন্সি কেরালা হইতে প্রকাশিত	—	৫০০.০০	৫০০.০০	—	—	—
মালয়মনোরমা (দৈনিক) বোম্বে হইতে প্রকাশিত	—	৫০০.০০	৫০০.০০	—	—	—
ইণ্ডিয়ান এক্সপ্রেস (দৈনিক)	৭৭.৬০	—	৭৭.৬০	৭৮৯.৮০	—	৭৮৯.৮০
কমার্স (সাপ্তাহিক)	—	১০০০.০০	১০০০.০০	—	—	—

২। ঐ পত্রিকার বিজ্ঞাপনের জন্য ১৯৬৮ এবং ১৯৬৯ সালে কত টাকা দেওয়া হইয়াছে তাহার বছর ভিত্তিক ও পত্রিকা ভিত্তিক হিসাব ১নং প্রশ্নের ৪নং এবং ৭ নং কলমে দ্রষ্টব্য। পত্রিকাগুলি হইতে প্রাপ্ত বিলের ভিত্তিতেই এই হিসাব রচিত হইয়াছে। কোন কোন বিল এখনও পাওয়া যায় নাই।

৩। হ্যাঁ:। শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন বিলির ব্যাপারে পত্রিকার প্রচার সংখ্যা, পত্রিকার মর্য্যাদা, বয়স, জনমতে আস্থা, সাংবাদিকতার মান, পাঠকশ্রেণী, পত্রিকাটি নিয়মিত প্রকাশ হয় কিনা ইত্যাদি বিচার করিয়া দেখা হয়। যে যে পত্রিকা সাম্প্রদায়িক অপপ্রচার অথবা শ্রেণীগত বৈষম্যমূলক তথ্য পরিবেশন করিয়া বিভ্রান্তির সৃষ্টি করে তাহাদের কোন বিজ্ঞাপন দেওয়া হয় না।

বর্ত্তমানে নিম্নলিখিত পত্রিকাগুলি কোন সরকারী বিজ্ঞাপন পায় না।

(১) দেশের ডাক, (২) অগ্রদূত, (৩) সুকুমার, (৪) দৈনিক সংবাদ, (৫) কাণ্ডারী, (৬) নাগরিক, (৭) জনতার ডাক।

UNSTARRED QUESTION NO. 176

By **Shri Aghore Deb Barma**

QUESTION

1) Total number of peasants who own land upto basic holding and its division-wise break-up ;

2) Total number of peasants who own land more than basic holding but not exceeding family holding and its division-wise break up ; and

3) Total number of peasants who own land more than family holding and its division-wise break-up.

ANSWER

1)
2) Materials are under Collection.
3)

UNSTARRED QUESTION NO. 280

By **Shri Manoranjan Nath**

QUESTION

a) Total number of cases instituted due to violation of Excise Act and Rules during 1968 and 1969 (Sub-division wise break up) ? and

b) Whether the number of cases are on the increase ?

ANSWER

a) 175 cases were instituted during 1968 and 145 cases during 1969. Sub-dlvision wise break up of the cases yearwise is given below :

Name of Sub-Division	Year	
	1968	1969
Sadar	66	46
Khowai	7	5
Kamalpur	2	1
Kailashahar	60	39
Dharmanagar	14	27
Udaipur	11	13
Amarpur	2	2
Belonia	8	8
Sabroom	1	2
Sonamura	4	2
	175	145

b) No.

UNSTARRED QUESTION NO. 907

By **Shri Abhiram Deb Barma**

QUESTION

১। ১৯৬০এর ভূমি আইনের ১৩৬ ধারা মতে মহারাজ শ্রীকীরিট বিক্রম কিশোর মাণিক্য বাহাদুর যে সকল ভূমি তাহার খাস দখলে রাখিবার অধিকারী তাহার বিবরণ উপরোক্ত আইনের নিয়মাবলীর ৫৩ নং ফর্মে নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিল করিয়াছেন কি ;

২। যদি দাখিল করিয়া থাকেন তবে উক্ত ভূমির বিস্তৃত বিবরণ ;

৩। মহারাজ কর্ত্তৃক দাখিলকৃত বিবরনের উপর উপযুক্ত কর্ত্তৃপক্ষ চুড়ান্ত আদেশ প্রদান করিয়াছেন কি ; এবং

৪। যদি করিয়া থাকেন তবে কি কি ভূমি মহারাজ নিজ দখলে রাখার অধিকারী সাব্যস্ত হইয়াছেন তাহার বিবরণ ?

ANSWER

১। হ্যাঁ

২। হিজ হাইনেস মহারাজার ভূমি রাজস্ব ও ভূমি সংস্কার আইনের ১ (বি) ধারার ৫৩১.৩১ একর ভূমি রাখার জন্য ৫৩ নম্বর টি আর এল আর ফরমে রিটার্ণ দাখিল করিয়াছেন। ঐ ৫৩১.৩১ একর ভূমি মধ্যে ২৮১.২৩ একর ব্যক্তিগত চাষাবাদে রাখার এবং ২৫০.০৮ একর তাহার দখলে অরচার্ড ভূমি।

৩। না।

৫। প্রশ্নের ৩নং আইটেমের উত্তরের পরিপ্রেক্ষিতে প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTION NO. 920.

By Shri Abhiram Deb Barma

QUESTION

Will the Hon'ble Minister-in-charge of the Revenue Department be pleased to state :—

১। ত্রিপুরার কোন চা বাগানে গত সেটেলমেণ্ট জরীপে কত পরিমাণ বাড়তি জমি (excess land) রেকর্ড করা হইয়াছে তাহার হিসাব ;

২। ঐ বাড়তি জমি যদি কোন বাগানকে allot করা হইয়া থাকে তবে তাহার বিবরণ ;

৩। ঐ বাড়তি জমিতে চা শ্রমিক বা ভূমিহীন কৃষক থাকিলে তাহার বাগান ভিত্তিক হিসাব ; এবং

৪। ঐ বাড়তি জমি চা শ্রমিক ও ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করার কোন পরিকল্পনা আছে কিনা ?

ANSWER

১। বন্দোবস্তীয় ভূমির সীমানা মধ্যে বন্দোবস্ত আদেশের উল্লিখিত ভূমির অতিরিক্ত যে ভূমি গত সেটেলমেন্ট জরীপে পাওয়া গিয়াছে তাহার চা বাগান ভিত্তিক হিসাব নিম্নে দেওয়া গেল :—

চা বাগানের নাম—	বাড়তি ভূমি—
১। নটিংছড়া টি. ই,	৪৮.৮৬
২। সোভা টি. ই.	২.৫৮
৩। রেংরাং টি. ই.	৬৭.৬৭
৪। মহেশপুর টি. ই.	৪২.২৮
৫। ডারং টীলা টি. ই.	১৫.৫১

চা বাগাণের নাম	বাড়তি ভূমি
৬। মেথলি পাড়া টি. ই.	২৭.৩৩
৭। পিয়ারা ছড়া টি. ই.	১.১৮
৮। হালাইছড়া টি. ই.	৪১.৫৪
৯। মালাবতি টি. ই.	২৪.৬২
১০। রামদুল´ভপুর টি. ই.	১৭৭.৫৫
১১। মহাবীর টি. ই,	৫৬.৭৪
১২। গাবাদ টীলা টি, ই.	৪.৯৮
১৩। কালাছড়া টি. ই.	১.৯৬
১৪। মনতলা টি. ই.	৮৮.০৯
১৫। কলকলিয়া টি. ই. (উত্তর)	৮৪.৬২
১৬। কলকলিয়া টি. ই. (দক্ষিণ)	১১৭.৬০
১৭। রাণীবাড়ী টি. ই.	১২৫.৫৮

২। বাড়তি জমি কোন চা বাগানকে এখনও বন্দোবস্ত দেওয়া হয় নাই ;

৩। বাড়তি জমির অবস্থান পৃথকভাবে দর্শানের সুবিধা না থাকায় ঐ জমি কোন চা শ্রমিক বা ভূমিহীন কৃষকের দখলে আছে কিনা বলার সুবিধা নাই।

৪। প্রশ্নের তিন নম্বর আইটেমের পরিপ্রেক্ষিতে প্রশ্ন উঠে না।

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT, 1963

24th March, 1970

The House met in the Assembly Chamber, Agartala at 11 A. M. on Thursday, the 24th March, 1970.

PRESENT

Shri Manindra Lal Bhowmik, Speaker in the Chair, the Chief Minister, four Ministers, the Depnty Speaker, the Deputy Minister and twenty-one Members.

QUESTIONS

Mr. Speaker :—To-day in the list of business are the following questions to be answered by the Ministers concerned. Starred Question. Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :—Question No. 964.

Shri Tarit Mohan Das Gupta :—Question No. 964 Sir.

QUESTIONS

1) Whether it is fact that all the Accounts books and Stook ledgers of harvs and bhasma of the Manufacturing Unit of the Ayurvedic Dispensary relating to the years 1960 to 1963 with Shri Biresh Chakraborty were taken by the D. H. S. as per direction of the Medical Minister in 1963 :

2) Whether it is a fact that all those accounts books were not returned uptil now :

3) If so, what are the reasons and what action have taken by the authority ?

ANSWERS

1) D. H. O. along with Dr. N. C. Deb Choudhury inspected dispensary on 6.12.63 and took charge of account books, stock ledgers and other relevant Khatas for verification.

2) Some of these are still in the Directorate.

3) Baised on the report,fresh instructions were issued regarding management of Dispensary and Manufacturing Unit.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, (এখানে বলা হয়েছে এইগুলি নেওয়া হয়েছে ১৯৬০'এ, আর এখন হচ্ছে ১৯৭০), এতদিন পর্য্যন্ত এটাকে ঝুলিয়ে রাখার কারণ কি ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—ঝুলিয়ে রাখার কোন প্রশ্ন নেই। যেখানে যে অর্ডার ইস্যু করা দরকার সেই অর্ডার ইস্যু করা হয়েছে, যে বইগুলি ফেরত দেওয়া দরকার সেগুলি ফেরত দেওয়া হয়েছে, আর যেগুলি ফেরত দেওয়া দরকার নেই বলে অথরিটি মনে করেছেন, সেগুলি ডাইরেক্টরেটে রেকর্ড হিসাবে রেখে দেওয়া হয়েছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, যে ডিপার্টমেন্ট থেকে এই কাগজপত্র নেওয়া হয়, কনসার্ণ ডিপার্টমেন্টকে সেগুলি ফেরত দেওয়ার নিয়ম আছে কিনা ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—সেটা নির্ভর করবে অথরিটির উপর, কোন রেকর্ড কোথায় থাকবে। তারা যেগুলি কাজে দরকার হতে পারে মনে করেছেন, সেইগুলি ফেরত দিয়েছেন, আর যেগুলি ফেরত দেওয়া দরকার নেই মনে করেছেন, সেগুলি ডাইরেক্টরেটে রেকর্ড হিসাবে রেখে দেওয়া হয়েছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে চান, পরীক্ষা নিরীক্ষার জন্য এইগুলি নেওয়া হয়েছিল ? যদি এটা হয়ে থাকে, সেইসব কাগজপত্রে কি কি বিষয়বস্তু পাওয়া গেছে জানাবেন কি ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমিতো বললাম। তারপর অর্ডার দিয়ে কিভাবে কাজকর্ম করতে হবে তার ব্যবস্থা করে দেওয়া হয়েছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—কি কি কারণ ঘটেছিল যার জন্য এইগুলি নিতে হয়েছিল ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—ঘটনাটি হচ্ছে ১৯৬৩'র। কাজেই সব কারণ, এর কথা আমি বলতে পারবনা। তারপর সেটার সুব্যবস্থা করার জন্য ডাইরেকটর আবার একটা নতুন অর্ডার ইস্যু করেন, সেটার তারিখ ছিল জুলাই, ২৭, ১৯৬৬, কিভাবে কাজগুলি চালান হবে, কে কি চার্জে থাকবেন, মেনুফেকচারিং এর চার্জ কার কাছে থাকবে, ষ্টক কার কাছে থাকবে, এই সমস্ত ব্যবস্থাগুলি তিনি তখন করে দেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় মন্ত্রী মহোদয় এখানে এড়িয়ে যাওয়ার চেষ্টা করছেন। আমার প্রশ্ন হচ্ছে, যে কাগজগুলি নেওয়া হল নিশ্চয়ই সেখানে একটা কারণ ঘটেছে, সেই কারণটাই আমি জানতে চেয়েছিলাম কেন এইগুলি নেওয়া হল ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—আমি আগেই বলেছি যে তারা ইনসপেকশানে গিয়েছিলেন, ইনসপেকশানে গিয়ে তারা মনে করেছেন যে কাগজপত্রগুলি দেখা উচিত, সেজন্য কাগজপত্র নিয়ে এসেছেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মনে করার কারণ কি, কেন মনে করলেন সেটাই আমি জানতে চাইছি।

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—ইন্সপেকশানের জন্য নিয়েছেন, এই আমার বক্তব্য এর বেশী ডিটেলস আমার জানা নেই।

মিঃ স্পীকার :—মাননীয় সদস্য আপনি শুনুন আপনাদের দৃষ্টি আকর্ষণের জন্য বলছি। আপনারা এত বেশী সাপ্লিমেন্টারী কোয়েশ্চান জিজ্ঞাসা করলে, আপনাদেরই সময় নষ্ট হবে এবং অন্য সদস্যরা সময় পাবেন না।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—কেন নেওয়া হয়েছিল, কি কারণ ঘটেছে, সেই সম্পর্কে ক্লীয়ার উত্তর দিলেই হয়ে যায় :

মিঃ স্পীকার :—মন্ত্রী মহোদয় বলেছেন যে ইন্সপেকশানের জন্য নিয়েছেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—নিশ্চয়ই একটা কারণ ঘটেছে।

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—ঘটনাটি এইরকম হতে পারে যে কোন জায়গা থেকে কমপ্লেন পেয়েছেন, কিন্তু আমার কাছে সে কাগজ নেই বলে আমি বলতে পারছিনা। পুরোপুরি ইনফরমেশান না থাকলে পরে সেটা আমার পক্ষে বলা সম্ভব নয়। সেপারেট প্রশ্ন করলে পরে সেটা দেখা যাবে।

Mr. Speaker :—You may ask for separate question.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আপনি চেয়ার থেকে একটা ডাইরেকশান দিলেই চলেনা।

Mr. Speaker :—Yes I can do that. But the Chair can not force the Minister to give reply.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমার প্রশ্নোত্তর যতক্ষণ ক্লীয়াবলি আমি না পাই, ততক্ষণ আমি প্রশ্ন করব।

মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন সেখানে পরিষ্কার একটা অভিযোগ ছিল, সেই অভিযোগের মূলে তদন্ত করা হয়েছিল এবং সেই অভিযোগের সত্যতা প্রমাণ করার জন্যই কাগজ পত্রগুলি নিয়ে আসা হয়েছিল, এটা তিনি স্বীকার করেন কি না ?

Shri Tarit Mohan Das Gupta :—I want a separate notice for that Sir.

Mr. Speaker :—Shri Aghore Deb Barma, Shri Ershad Ali Choudhury and Shri Monoranjan Nath, brackated.

Shri Aghore Deb Barma :—Question No. 5.

Shri T. M. Das Gupta :—Question No. 5 Sir.

Mr. Speaker :—Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :—Starred Question No. 5 (Shri Ershad Ali Choudhury & Shri Monoranjan Nath brackated).

Shri T. M. Das Gupta :—Starred Question No. 5 Sir.

QUESTION

1. Total number of registered un-employed upto 31st January, 1970.
2. Total number of School Final, Higher Secondary, B.A., B.Sc., B.Com., Master of Arts., Science and Commerce., B.E., Overseers passed—registered un-employed ;
3. Total number of women registered un-employed ;
4. Total number of tribals and Scheduled Castes registered un-employed men/women separately ;
5. Action so far taken by the Government to solve the un-employment problem ;
6. Whether Government have any contemplation to give allowance to the un-empleyed persons ?

ANSWER

1. Total—21,783 (both men and women).

2.

S.F.	H.S.	B.A.	B.Sc.	B.Com.	M.A.	M.Sc.	M.Com.
7050	1854	620	256	175	28	11	11

B. E.	Overseer.	Total.
26	185	10,226

3. Total Female—3,751.

4.

Scheduled Castes.			Scheduled Tribes.		
Men	Women	Total	Men	Women	Total
622	88	710	1095	106	1201

5. Employment Exchange renders assistance by :—(1) Supply of information of Vacancies notified to the Employment Exchange by different Employers and Director General of Employment & Training, New Delhi. (2) Supply of information of opportunities for training in and outside Tripura. (3) By imparting Vocational Guidance and Occupational information to assist un-employed persons in choosing career for which they are suited by their attainments. (4) Sponsoring candidates for employment and training.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে সমস্ত আন-এমপ্লয়েড রেজিষ্টার্ড আছে, তাদের কত জনের নাম এমপ্লয়মেণ্ট এক্‌চেঞ্জ থেকে বিভিন্ন ডিপার্টমেণ্টে এমপ্লয়মেণ্টের জন্য পাঠানো হয়েছে, আর কত জনের নাম পাঠানো হয়নি ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—ইট ইজ. এ লেংথী প্রসেস সারা বছর ধরে বিভিন্ন এম্‌প্লয়ারের কাছে মাসে মাসে কি পরিমাণ রিকুইজিশান এসেছে এবং সেই রেস্পন্সে কতজনের নাম পাঠানো হয়েছে, তা এক্ষুনি বলা সম্ভবপর নয়। কাজেই আই ওয়াণ্ট স্পেসিফিক কোয়েশ্চান ফর দিস্।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে এম্‌প্লয়মেন্ট এক্সচেঞ্জে যদি নাম রেজিষ্ট্রি করা হয়, তার পর থেকে ২/৩ মাসের মধ্যে যদি কোথাও হতে কর্ম্ম সংস্থানের জন্য বা এ্যাডভারটাইজমেন্ট আসলে পরে সেই সমস্ত জায়গাতে তাদের নাম পাঠানো হয় না। এখন কতদিনের মধ্যে সেই আন-এম্‌প্লয়েডের নাম পাঠানো হবে, এই রকম কোন নিয়ম আছে কিনা ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—নরম্যালী যারা পুরানো, তাদের নাম পাঠানো হয়ে থাকে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—স্যার আমার প্রশ্নটা ছিল, যে এম্‌প্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যেসব নাম পাঠানো হয় চাকুরীর জন্য, সেই নামগুলি পাঠানোর ব্যাপারে এমন কোন নির্দ্দেশ আছে কিনা সরকার থেকে যে একটা স্পেসিফিক ডেট না পার হলে, কারো নাম পাঠানো যাবে না ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—আমি স্মৃতির থেকে বলছি যে ক্লিয়ার ডাইরেক্‌শানের ব্যাপারে সেখানে নরম্যালী তিন মাসের আগে হলে সাধারণতঃ নামগুলি পাঠানো হয়। আর যদি কোন এ্যাক্সেপ্‌শানাল কেস হয়, তাহলে আই ওয়ান্ট নোটিশ ফর ইট।

শ্রীরাধিকারঞ্জন গুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে এম্‌প্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম পাঠানোর ব্যাপারে কোন সুনির্দিষ্ট নীতি সরকারের আছে কিনা ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—এম্‌প্লয়মেন্ট এক্সচেঞ্জের একটা গাইড লাইন আছে এবং সেইভাবে তারা সেটা করে থাকেন।

শ্রীরাধিকা রঞ্জন গুপ্ত :—সেটা পালন করা হয় কিনা, মাননীয় মন্ত্রী মহোদয় সেই সম্পর্কে বলবেন কি ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—আমি যতদূর জানি সেটা পালন করা হয়।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় ইন্‌কোয়েরী করতে রাজি আছেন কি যে আফটার টু ইয়ার্স অব রেজিষ্ট্রেশান কারো নাম পাঠানো হয় না ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—স্পেসিফিক কোন কম্‌প্লেইন দিলে পরে, আমি নিশ্চয় সেটা করব।

শ্রীমতী রেণু চক্রবর্ত্তী :—মাননীয় মন্ত্রী মহোদয়, এম্‌প্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রি করার পর ছেলেদের সমান হারে মেয়েদেরও নাম পাঠানো হয় কিনা ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—চাকুরীর উপযুক্ত যোগ্যতা থাকলে পরে সেখানে কোন প্রাকার ডিস্‌ক্রেমিনেশান করা হয় না।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে এম্‌প্লয়মেন্ট এক্সচেঞ্জের অফিসারের ইন্টারভিউ নেওয়ার কোন ক্ষমতা আছে কিনা বা তার ইন্টারভিউ নেওয়ার কোন অথরিটি আছে কিনা ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্তঃ—এমপ্লয়ার বা মালিক যদি সেই রকম কিছু চান, তাহলে তার ইচ্ছার সঙ্গে সংগতি রেখে তিনি সেটা করতে পারেন। যেমন মালিক পক্ষ থেকে যদি বলা হয় যে আপনি যে সমস্ত প্রার্থীর টাইপের স্পীড ৩০শের নীচে, তাদের নাম পাঠাবেন না,

তাদের সেক্ষেত্রে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসার তার অফিসে রেজিষ্ট্রিকৃত প্রার্থীদের টাইপের স্পীড নিয়ে, যার যার ৩০শের বেশী স্পীড আছে শুধু তাদেরই নাম তিনি সেই এমপ্লয়ারের কাছে পাঠাতে পারেন। এই ধরণের যদি ইন্টারভিউ হয়, তাহলে তিনি সেটা করতে পারেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয়, যে সমস্ত কর্মপ্রার্থী এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তাদের নাম রেজিষ্ট্রি করান, সেই সব প্রার্থীদের কার নাম পাঠাবেন, আর কার নাম পাঠাবেন না, এই ধরণের কোন সিলেক্‌শান করার ক্ষমতা ঐ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসারের আছে কিনা, সেটাই আমি জানতে চাই ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—নিশ্চয়, তার হাতে সেই ক্ষমতা আছে, থাকবে না কেন ?

শ্রীএস'াদ আলী চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে সমস্ত আন-এমপ্লয়েড এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তাদের নাম রেজিষ্ট্রি করান, তাদের প্রতি তিন মাস অন্তর সেই রেজিষ্ট্রেশান কার্ড রিনিউ করতে হয়, তা না হলে সেটা খারিজ হয়ে যায়। এটা তিন মাসের পরিবর্ত্তে ৬ মাস করার একটা প্রস্তাব ছিল, সেটা করা হয়েছে কিনা ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত : আই ডিমাণ্ড নোটিশ, স্যার।

শ্রীমতি রেণু চক্রবর্ত্তী :—এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে রেজিষ্ট্রিকৃত কর্মক্ষম কোন মেয়ের চাকুরী পাওয়াইয়া দেওয়ার ক্ষেত্রে সাহায্য করবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা, মাননীয় মন্ত্রী মহোদয়, জানাবেন কি ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—স্যার, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যদি কোন ভ্যাকান্সীর খবর আসে, তাহলে যে এমপ্লয়ার চাইল, তার কাছে নাম পাঠায় এবং সেখানে এ্যামপ্লয়ার যদি মেয়ে ক্যাণ্ডিডেট চান, তাহলে তারা সেখানে মেয়েদেরও নাম পাঠান।

শ্রীমতি রেণু চক্রবর্ত্তী :—মাননীয় মন্ত্রী মহোদয়, মেয়েদের জন্য কোন নির্দ্দিষ্ট চাকুরীর ব্যবস্থা আছে কিনা, জানাবেন কি ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—যেমন শিক্ষকতার কাজে আছে।

শ্রীমতি রেণু চক্রবর্ত্তী :— অন্যান্য ক্ষেত্রে যদি মেয়েদের যোগ্যতা থাকে, তাহলে তাদেরকে সেখানে চাকুরী দেওয়া হয় কিনা, মাননীয়, মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—যেখানে মেয়েদের ছেলেদের মত সমান যোগ্যতা আছে যেমন শিক্ষকতার ক্ষেত্রে, সেখানে ছেলেদের সাথে মেয়েদের নামও পাঠানো হয়ে থাকে।

শ্রীমতি রেণু চক্রবর্ত্তী :— তাহলে মাননীয় মন্ত্রী মহোদয় স্বীকার করবেন কি যে যোগ্যতা অনুযায়ী যে হারে ছেলেদের পাঠানো হয়, সেই হারে মেয়েদেরও পাঠানো হয়ে থাকে ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত : — সেখানে কোন পার্সিয়ালিটি করে পাঠানো হয় কিনা, তা আমার জানা নেই।

শ্রীমনোরঞ্জন নাথ :— যারা কোয়ালিফাইড বি, ই, এবং ওভারশিয়ার আছেন, তাদেরকে সরকার থেকে লোন দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা জানাবেন কি ।

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—এটা সেপারেট কোয়েশ্চান স্যার, ফর দ্যাট আই ওয়াণ্ট নোটিশ। তবে যারা ইঞ্জিনীয়ার আছেন, তাদের নাম বাহিরে চাকুরীর জন্য পাঠানো হয়ে থাকে এবং এভাবে আমাদের এখানকার কয়েকজন বাহিরে চাকুরীও পেয়েছেন।

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয়, আমার কোয়েশ্চানটা ছিল, যারা কোয়ালিফাইড ইঞ্জিনিয়ার এবং ওভারসিয়ার আছেন, তাদেরকে ফার্ম ইত্যাদিতে প্রভাইড করার জন্য সরকার থেকে লোন দেওয়ার কোন স্কীম আছে কিনা? বা লোন দেওয়ার কোন ব্যবস্থা হবে কিনা?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :— স্যার, আমি সেজন্য বলছি যে ইট ইজ এ সেপারেট কোয়েশ্চান, ইট সুড গো টু দি রেস্পেক্টিভ ডিপার্টমেণ্ট।

শ্রীবিনয় ভূষণ বানার্জি :—মাননীয় মন্ত্রী মহোদয়, যারা এ্যাম্প্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রি করছেন, তারার সবাই কি আমাদের ত্রিপুরা অধিবাসী?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—আমি জানি যে ত্রিপুরাতে বাস করলেই ত্রিপুরার অধিবাসী হন, কাজেই ভারতীয় হিসাবেই তাদের নাম রেজিষ্ট্রি করা হয়।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে যারা নিরক্ষর তাদের নাম এ্যাপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে রেজিষ্ট্রি করার কোন সুযোগ আছে কিনা?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—যেমন ক্লাশ ফোর ইত্যাদির চাকুরীর জন্য তাদেরকে এ্যাপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে সাহায্য করা হয়ে থাকে, কণ্টিজেণ্ট ইত্যাদির চাকুরীর জন্য সাহায্য করা হয়ে থাকে।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—মাননীয় মন্ত্রী মহোদয়, এ্যাপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে এমন কোন নির্দ্দেশ দেওয়া আছে কিনা যে সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবসদের কোটার ভিত্তিতে যেন তাদের নাম বিভিন্ন ডিপার্টমেণ্টের ভ্যাকান্সী পূরণের জন্য পাঠানো হয়?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—এ্যামপ্লয়মেণ্টে এক্সচেঞ্জে এখন যেটা আছে, সেটা হ'ল যদি কোন এ্যামপ্লয়ার চায় যে তার পার্টিকুলার পোষ্টের জন্য এত জন লোকের দরকার, তাহলে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে সিডিউল্ড কাষ্ট সিডিউল্ড ট্রাইবস এবং অন্যান্য মিলিয়ে একটা লিষ্ট তার কাছে পাঠানো হয়। আর যদি কোন এমপ্লয়ার চায় যে তার শুধু মাত্র সিডিউল্ড কাষ্ট বা সিডিউল্ড ট্রাইবস ক্যাণ্ডিডেট দরকার, তাহলে সেখানে ঐ পার্টিকুলার কাষ্ট ট্রাইবসদের নাম পাঠানো হয়ে থাকে।

শ্রীক্ষিতিশ চন্দ্র দাস :—মাননীয় মন্ত্রী মহোদয়, বর্ত্তমানে সিডিউল্ড কাষ্টের রিজার্ভেশনের পারসেন্টেজ কত, জানাবেন কি?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—ফর দ্যাট আই ওয়াণ্ট সেপারেট নোটিশ, স্যার।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—স্যার, আমার প্রশ্নটা ছিল সিডিউল্ড ট্রাইবসদের যে রিজার্ভেশান কোটা আছে, সেটা অনুসারে তাদের নাম বিভিন্ন এমপ্লয়ারের কাছে পাঠানো হয় কিনা, এই রকম কোন সরকারী নির্দ্দেশ আছে কিনা?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :— এটা রেসপেক্টিভ ডিপার্টমেণ্ট করেন স্যার। তার কারণ হ'ল যিনি এমপ্লয়ার তিনি যদি চান তাহলে সেটা করা হয়, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের থেকে শুধুমাত্র নাম পাঠানো হয়ে থাকে।

শ্রীঅভিরাম দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, যে ডম্বুর হাইডেল প্রজেক্টের জন্য এন, পি, সি, সি, ত্রিপুরা রাজ্যের এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে কতজন কর্ম্মচারী নিযুক্ত করেছেন।

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :— আই ওয়াণ্ট সেপারেট নোটিশ, স্যার।

Mr. Speaker :—Shri Bidya Ch. Deb. Barma.

Sri Bidya Ch. Deb Barma — Question No. 28.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir; Question No, 28.

QUESTION

১) Amarpur এ pilot scheme এ landless resettlement এর জন্য ১৯৬৯-৭০তে কত টাকা বরাদ্দ ছিল এবং এ পর্য্যন্ত কত টাকা খরচ হইয়াছে তাহার হিসাব।

২) উহাতে কত জন landless agriculturist এর পুনর্ব্বসতির ব্যবস্থা হইয়াছে।

৩) কোন অর্থ saving হইলে তাহার কারণ।

ANSWER

১) অমরপুর Pilot Project schemes এ জুমিয়া এবং ভূমিহীন আদিবাসীদের পুনর্ব্বাসনের জন্য ১৯৬৯-৭০ সালে ১৫ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছিল।

২) ৪০০ পরিবারের মধ্যে ৫০ পরিবার ১৯৬৯-৭০ সালে পুনর্ব্বাসন দেওয়া হইবে।

৩) আদিবাসীদিগকে পার্ব্বত্যভূমি বন্দোবস্ত দেওয়ার ব্যাপারে ভূমি সংস্কার এবং উন্নয়নের কাজ উপযুক্ত সংখ্যক দক্ষ শ্রমিকের অভাবে যথেষ্ট পরিমাণ শ্লথ হইয়াছে। ইহার ফলে ২নং item এ উল্লিখিত বরাদ্দের টাকা উদ্বৃত্ত হইয়াছে।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে ৫০টি পরিবারকে পুনর্ব্বাসন দেওয়া হয়েছে তার মধ্যে স্থানীয় এবং অমরপুর বিভাগে কতজন ?

শ্রী এস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, স্থানীয় বলতে তিনি কি বুঝাতে চেয়েছেন সেটা আমি জানতে চাই।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—অমরপুর বিভাগ এবং তার বাইরের কতজন আছে ?

শ্রীএস, এল, সিংহ :—এটা হল পাইলট প্রজেক্ট স্কীম জুমিয়া উদ্বাস্তুদের জন্য। অতএব ত্রিপুরা রাজ্যের যে কোন অধিবাসী সেখানে পুনর্ব্বাসন পেতে পারেন।

শ্রীঅভিরাম দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে ৫০ জন আদিবাসী জুমিয়াকে পুনর্ব্বাসন দেওয়া হয়েছে তারা কোন বিভাগের ?

শ্রী এস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আগেই বলা হয়েছে ৪০০ পরিবারের মধ্যে ৫০ পরিবারকে পুনর্ব্বাসন দেওয়া হয়েছে। এখনও পুনর্ব্বাসন দেওয়া শেষ হয় নাই।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—অমরপুর কুলাই হইতে ৪৫টি পরিবার এখানে এসেছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীঘণশ্যাম দেওয়ান :—এই ৪০০ পরিবারের মধ্যে ৫০টি পরিবারের পুনর্বাসন দেওয়া হল এবং বাকীগুলি দেওয়া হল না. এটা কি অ্যাডমিনিষ্ট্রেটিভ অদক্ষতার জন্য হয়েছে ?

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে বলাই হয়েছে যে ৪০০ পরিবারের মধ্যে ৫০টি পরিবার ১৯৬৯-৭০ সালে পুর্নর্বাসন দেওয়া হইবে। আদিবাসীদিগকে পার্বত্যভূমি বন্দোবস্ত দেওয়ার ব্যাপারে ভূমিসংস্কার এবং উন্নয়নের কাজ উপযুক্ত সংখ্যক দক্ষ শ্রমিকের অভাবে যথেষ্ট পরিমাণ শ্লথ হইয়াছে। ইহার ফলে ১নং আইটেমে উল্লিখিত বরাদ্দের টাকা উদ্‌বৃত্ত হইয়াছে।

শ্রীরাধিকা রঞ্জন গুপ্ত :—এই উদ্‌বৃত্ত টাকা কি ফেরৎ গিয়েছে না অন্য কোন কাজে ব্যয় করা হয়েছে ?

শ্রীএস, এল, সিংহ :—এখনও সেটা ব্যয় করা হয় নাই।

শ্রীরাধিকা রঞ্জন গুপ্ত ;—যারা তৃতীয় কিস্তির টাকা পান নাই এমন কয়েক শত আদিবাসী পরিবার আছে। তাদের এই টাকা থেকে তৃতীয় কিস্তির টাকা দেওয়া হবে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—আই ডিমাণ্ড নোটীশ স্যার।

শ্রীরাজকুমার কমলজিৎ সিং :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে ৪০০ পরিবারকে পুনবাসন দেওয়া হয়েছে এই ৪০০ পরিবার কি সরকার থেকে সিলেকশান করা হয় না যারা ল্যাণ্ডলেস আছে তাদের চাহিদা অনুযায়ী পুনর্বাসন দেওয়া হয় ? এ সম্পর্কে সরকারের পলিসি কি ?

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ওখানকার যারা আদিবাসী সাধারণতঃ ভায়েরা আছেন তারা প্রথমত কতগুলি জায়গা দেখে, দেখার পর এস, ডি, ও,কে তারা দরখাস্ত করে, তখন এস, ডি, ও, সার্ভে সেটেলমেন্ট ডিপার্টমেন্টের কাগজ পত্র দেখেন তাদের ঐ জায়গাতে দেওয়া যায় কি না। তখন এ, ডি, এম, এর কাছে চিঠি পাঠানো হয় এবং তারপর এ, ডি, এম, ডেভেলপমেন্ট যিনি আছেন এবং তাদের এইরকম সেকশান আছে, তারা ঠিক করেন যে কোথায় তাদের দেওয়া হবে। এই হল প্রসেস।

শ্রীরাজকুমার কমলজিৎ সিং :—আমার প্রশ্ন ছিল ইট ইজ ওপেন ফর অল ট্রাইবেল অব ত্রিপুরা। পার্টিকুলার একটা পাইলট প্রজেক্ট করা হয়েছে অমরপুর সাবডিভিশনে। অন্য কোন জায়গায় হয়েছে কিনা তারা জানে না। সেইজন্য তারা বলতে পারে না যে আমাকে অমুক জায়গায় দাও। এই যে সিলেকশান সেটা কে করবে ?

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদেয়, আমি আগেই বলেছি যে সেখানে এস, ডি, ও, যারা আছেন তারা সেই সমস্ত জায়গাতে দেখেন, আর অমরপুর পাইলট প্রজেক্টের যে অফিসার আছে তিনি সেখানে সরেজমিনে থেকে সেটা ঠিক করেন।

শ্রীরাজকুমার কমলজিৎ সিং :—অমরপুরে পাইলট প্রজেক্টে যে অফিসার আছে এবং এস, ডি, ও, যারা আছে তারা কি ট্রাইবেলদিগকে জানিয়েছেন যে এখানে একটা পাইলট প্রজেক্ট আছে ?

শ্রীএস, এল, সিংহ :—আমার কথা হল যারা ল্যাণ্ডলেস জুমিয়া তাদের যে জুমিয়া পুনর্বাসন দেওয়া হয় তারাই সেই সমস্ত জায়গাগুলি বের করেন এবং পরে তারা এস, ডি, ও, এর কাছে বলে যে আমাদের এখানে এত পরিবার আছে তারা জুমিয়া বা আদিবাসী ভূমিহীন এবং সেই অনুসারে তখন এস, ডি, ও, জায়গা দেখেন। তখন সার্ভে সেটেলমেন্টকে জানাতে হয় যে সেই জায়গা সত্যিই খাসে আছে কিনা এবং সেই অনুসারে জায়গা থাকলে ডিমার-কেশনের কাজ আরম্ভ হয়, তারপর সেখানে ট্রাইবেল ডিপার্টমেন্ট থেকে ঠিক করা হয় কাকে কাকে কোথায় দেওয়া হবে এবং সেটাও এস, ডি, ও, এর সংগে পরামর্শ করেই সাধারণত: করা হয়। আর অমরপুর পাইলট প্রজেক্টের হল আলাদা একটা স্কীম। সেখানে একটা অফিসার নিয়োজিত হয়েছে। তিনি সেখানে আছেন এবং সেখানে সেই স্কীম অনুসারে সমস্ত লোককে জায়গার অবস্থা দেখে বন্দোবস্ত দেওয়ার একটা পরিকল্পনা রয়েছে এবং তার মধ্যে ৪০০ ছিল, ৫০ পরিবারকে দেওয়া হয়েছে এবং বাকী রয়ে গেছে সেটাও আমি এখানে বলেছি।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে সমস্ত জুমিয়া বা ল্যাণ্ডলেস সিলেক্টেড হয় তাদের সিলেক্সনের ভিত্তি কি ? শুধু এস,ডি,ও, দের স্যাটিসফ্যাক-শনের উপর সেটা নির্ভর করে না তার কোন সুনির্দিষ্ট ভিত্তি আছে ?

শ্রীএস, এল, সিংহ :—ল্যাণ্ডলেস যারা তাদের ভিত্তি আছে, যারা জুমিয়া তাদের ভিত্তি আছে এবং ল্যাণ্ডলেস যারা তাদিগকে দেওয়া হয়। ল্যাণ্ডলেসের ভিত্তি ল্যাণ্ডলেস, জুমিয়ার ভিত্তি জুমিয়া।

শ্রীঘণশ্যাম দেওয়ান :—তাহলে কি এটাই প্রমাণিত হয় যে এই স্কীম ডিফেক্টিভ যার জন্য সেখানে উপযুক্ত পুনর্বাসন ট্রাইবেলরা পাচ্ছে না ?

শ্রীএস, এল, সিংহ :—সেটা যদি মাননীয় মেম্বার জানেন যে এই পর্য্যন্ত যাদের দেওয়া হয়েছে কোন জায়গাতে তারা জুমিয়া নয় বা তারা ল্যাণ্ডলেস নয় তাহলে আমরা দেখবো তদন্ত করে উনি যদি স্পেসিপিক বলে দেন।

শ্রীঘণশ্যাম দেওয়ান :—আমি মন্ত্রী বাহাদুরকে এই কথা বলছি না যে যারা পেয়েছে তারা ল্যাণ্ডলেস নয় বা জুমিয়া নয়। আমি বলছি যে জুমিয়ারা যেহেতু আগ্রহী নয় সেই হেতু এটা প্রমাণিত হয় কিনা যে দি প্ল্যান ইজ ডিফেক্টিভ যার জন্য জুমিয়ারা সেখানে যাচ্ছে না।

শ্রীএস, এল, সিংহ :-এমন কোন জায়গা আমার জানা নাই যে জুমিয়ারা সেখানে যাচ্ছে না। যেখানে তারা জায়গা পায় সেখানে তারা যায় এবং তার জন্য তারা দরখাস্ত করেন এবং সেই অনুসারে তাদের দেওয়া হয়েছে। জুমিয়া বা ল্যাণ্ডলেস ট্রাইবেল যায় না এমন কোন জায়গা আমার জানা নাই। তবে যদি তিনি সেটা বিশদভাবে জানান তাহলে আমি দেখতে পারি যে কোন জায়গাতে তারা যায়নি।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী বাহাদুর কি বলবেন, পাইলট প্রজেক্ট এলাকায় যারা পূর্ব হইতে সেখানে দখল করে আছেন, তাদের সেখান থেকে উচ্ছেদ করা হবে কি না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন, যে ৪০০ পরিবার সেখানে পাওয়া গেল না, এটা কি সেখানে জুমিয়া নাই, কিংবা ল্যাণ্ডলেস নাই বলে করা গেল, না কেউ এ্যাপ্লাই করে নাই ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি উত্তর আগেই দিয়েছি—আদি-বাসীদিগকে পার্বত্যভূমি বন্দোবস্ত দেওয়ার ব্যাপারে ভূমি সংস্কার এবং উন্নয়নের কাজে উপযুক্ত সংখ্যক দক্ষ শ্রমিকের অভাবে রিক্লেম করা যায় নাই, সেইজন্য দেওয়া যায় নাই। যথেষ্ট পরিমাণ শ্লথ হইয়াছে। ইহার ফলে এক নং আইটেমে উল্লিখিত বরাদ্দের টাকা উদ্বৃত্ত হইয়াছে।

শ্রীঅভিরাম দেববর্ম্মা :—ইহা কি সত্য যে সেখানে পানীয় জলের ব্যবস্থা নাই, এইজন্য জুমিয়ারা যাইতে চায় না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আগেই বলা হয়েছে যে রিক্লেম করা যায় নাই সেইজন্য সেটা আমরা করতে পারি নাই।

শ্রীঅভিরাম দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন সেখানে পানীয় জলের কি ব্যবস্থা করা হয়েছে ?

শ্রীএস, এল, সিংহ :—আমি নোটিশ চাই স্যার।

শ্রীবিদ্যা চন্দ্র দেববর্ম্মা :—ইহা কি সত্য, সেখানে কোন ঔষধ পত্রের ব্যবস্থা নাই ?

শ্রীএস, এল সিংহ :—আই ডিম্যাণ্ড নোটিশ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—এই জায়গাগুলি রিক্লেম করার দায়িত্ব কার, সেটা কি সরকারের না জুমিয়াদের ?

শ্রীএস, এল, সিংহ :—জুমিয়া এবং সরকার এই উভয়ের সহযোগেই ইহা হয়ে থাকে।

মিঃ স্পীকার :—শ্রীঅভিরাম দেববর্ম্মা।

শ্রীঅভিরাম দেববর্ম্মা :—কোয়েশ্চান নাম্বার ৪৪।

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—কোয়েশ্চান নাম্বার ৪৪ স্যার।

প্রশ্ন

(১) কৈলাশহর গোলকপুর চা বাগানের কর্ম্মচারী শ্রীধীরেন্দ্রমোহন দাস কি তাহার **Retirement এর পর Provident Fundএর পুরা টাকা পায় নাই বলিয়া কোন অভিযোগ করিয়াছেন।**

(২) **ইহা কি সত্য যে শ্রম দপ্তর তাহাকে জানাইয়া দিয়াছেন যে এই ব্যাপারে তাহাদের কিছু করণীয় নাই।**

(৩) ত্রিপুরা সরকার ত্রিপুরায় Provident Fundএর জন্য কোন State Board বা Regional Commission খোলার জন্য দাবী জানাইবেন কি ?

উত্তর

(১) হ্যাঁ,

(২) হ্যাঁ,

(৩) ত্রিপুরায় একটি স্বয়ং সম্পূর্ণ দপ্তর খোলার জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হইয়াছে ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে এই অনুরোধ কোন বছরে এবং কত তারিখে করা হয়েছিল ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—গত ফিনানশ্যাল ইয়ার'এ স্যার।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, এর উত্তরে কেন্দ্রীয় সরকার কিছু বলেছেন কি না ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—ফর দ্যাট আই ওয়াণ্ট সেপারেট নোটীশ স্যার।

শ্রীঅভিরাম দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন এই অভিযোগ কবে দায়ের করা হয়েছিল ?

Shri Tarit Mohan Das Gupta :—The story of this in brief is this—"Shri Birendra Mohan Das approached to this Directorate on 22. 2. 69 for realisation of old age pension gratuity from the Management of Golakpur Tea Estate. The Provident Fund Act was introduced in Tripura in 1961. The Employees of the Golakpur Tea Estate were contributing to provident fund since 1955 due to a mutual arrangement with the Company. A Tripartite settlement was arrived at on 23. 12. 59 wherein gratuity was admissible till the introduction of Provident Fund. Accordingly, gratuity of Shri Das was calculated upto 1955. On 14. 6 68 Shri Das had given vouchers after receiving the payment on accounts of gratuity and Provident Fund as calculated by the Company. Later he approached this Directorate alleging that he was paid less. The Labour Directorate has already intimated him that gratuity may not be admissible beyond the date of introduction of Provident Fund i. e. 1955 in view of the term No. 1 of the Tripartite settlement dated 23. 12. 59. between Tripura Tea Association and Tripura Tea Employees, Union. He has also been asked to take up the matter with the Regional Provident Fund Commissioner, Calcutta if there is any discripency. The Regional Provident Fund Commissioner, Calcutta has taken up the

matter and endorsed us a copy of the letter written to the Management calling for records from the Management. There is no statutory provision regarding payment of gratuity. Gratuity can be paid only when there are Tripartite settlement, Bipartite settlement or Awards are in operation. In Tripura there is no voluntary scheme formulated by the Employers save and except the agreement made on 23. 12. 59. The Labour Directorate have no action to take in this regard at this stage as the Employees Provident Fund Act is administered by the Regional Provident Fund Commissioner, West Bengal and the matter is still under consideration by him. This Government have already requested the Government of India to open a full fledged Provident Fund Office in Tripura.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে রিকোয়েষ্ট সেনট্রাল গভর্ণমেণ্টকে ত্রিপুরা সরকার করেছেন, তাকে রিকোয়েষ্ট করেই দায়িত্ব শেষ করেছেন, না কি পুনরায় পারস্যু করার জন্য রিমাইণ্ডার দেওয়া হয়েছে ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—এই বিষয়ে রিমাইণ্ডার দেওয়া হয়েছে, আমিও এই বিষয়ে আলাপ করেছি।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন প্রভিডেণ্ট ফাণ্ড ব্যাপারে উচ্চ ক্ষমতাসম্পন্ন একটা অফিস এখানে খোলা হবে কি না ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—আই হ্যাভ অলরেডি রিপ্লাইড স্যার।

মিঃ স্পীকার :—শ্রীবাজুবন রিয়ান, শ্রীসুরেশ চৌধুরী। শ্রীক্ষিতীশচন্দ্র দাশ।

শ্রীক্ষিতীশ চন্দ্র দাশ :—কোয়েশ্চান নাম্বার ১৪৫।

শ্রীপ্রফুল্লকুমার দাশ :—কোয়েশ্চান নাম্বার ১৪৫ স্যার।

প্রশ্ন	উত্তর
(ক) মড়াছড়া, হালাহালিতে ভেটেরিনারী ডিস্‌পেনসারীর দাবী বহুদিনের। মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এ স্থানগুলিতে ডিস্‌পেনসারী কখন হইবে ?	(ক) বর্ত্তমান বৎসরে (১৯৬৯-৭০) মড়াছড়া ও হালাহালিতে কোনও ডিসপেনসারী খোলার পরিকল্পনা নাই। চতুর্থ পরিকল্পনা কালে যে সকল ভেটেরিনারী ডিস্‌পেনসারী খোলা হইবে তখন অন্যান্য স্থানের সঙ্গে মড়াছড়া ও হালাহালির বিষয়ও বিবেচনা করা হইবে।
(খ) কী ভিলেজ ব্লক কমলপুরে হবে কি ?	(খ) বর্ত্তমান বৎসরে (১৯৬৯-৭০) কমলপুরে কী ভিলেজ ব্লক স্থাপন করার পরিকল্পনা নাই।

শ্রীক্ষিতিশ চন্দ্র দাস :—মাননীয় মন্ত্রী মহোদয়, চলতি বছরের তো আর মাত্র কয়েকদিন বাকী আছে, কাজেই আসছে বছরে কমলপুরে কী ভিলেজ ব্লক হবে কি ?

শ্রীপ্রফুল্ল কুমার দাস :—চতুর্থ পরিকল্পনাকালে যে সকল ভেটেরিনারী ডিসপেনসারী ও কী ভিলেজ ব্লক খোলা হইবে, তখন অন্যান্য স্থানের সংগে কমলপুর সম্পর্কেও বিবেচনা করা হবে।

Mr. Speaker :—Shri Ershad Ali Choudhury.

Shri Ershad Ali Choudhury :—Starred Question No. 164.

Shri Tarit Mohan Dasgupta :—Starred Question No. 164, Sir.

QUESTION

1) Number of T. B. patients treated in different hospitals and dispensaries in Tripura during the year 1968 to 1969 ;

2) What financial assistance is given to T. B. patients for purchase of diet and medicines ?

ANSWER

1) 1968 — 956 patients
   1969 — 953 patients
   Total :—1909 patients

2) Only refugee T. B. patients are being given financial assistance @ Rs. 20/- p. m. for himself and @ Rs. 5/- for each dependent member of his family subject to maximum of Rs. 50/- p. m. for a period of one year.

Tribal T. B. patients are given financial assistance on the merit of individual cases.

শ্রীএরসাদ আলী চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয়, টি, বি, পেসান্টদের যে ফাইনানসিয়াল এ্যাসিসটেন্স্ দেওয়া হয়, সেটা কি ইন কাইণ্ডস দেওয়া হয় না ক্যাস দেওয়া হয় জানাবেন কি ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—ইন ক্যাশ দেওয়া হয়।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে টি, বি, পেসান্টদের যে সাহায্য দেওয়া হয়, তার পরিমাণ কত ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—টোটাল টাকা যেটা টি, বি, পেসান্টদের দেওয়া হয়, সেটা নিম্নরূপ :—

রিফুইজিদের বেলায় দেওয়া হয়—৬২,১৫৮·৫০ পঃ (১৯৬৯-৭০)

আর ট্রাইবেলদের যে ফাইনানসিয়াল এ্যাসিসটেন্স দেওয়া হয়—৫,২২৯·০০ পঃ (১৯৬৮-৬৯)

শ্রীনরেশ রায় :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে, এই সাহায্য দেওয়ার ব্যাপারে ট্রাইবেল এবং নন-ট্রাইবেলদের মধ্যে কোন তারতম্য করা হয় কিনা ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—ফাইনানসিয়াল এ্যাসিসটেন্‌স দেওয়া হয় রিফুইজি এবং ট্রাইবেলদের বেলায়। আর অন্যদের ব্যাপারে যদি কারো ম্যাডিসিন এর দরকার হয়, তাহলে সেটা হাসপাতাল থেকে ফ্রি দেওয়া হয় এবং যদি ভর্ত্তি করার প্রয়োজন হয়, তাহলে সেই সুযোগও দেওয়া হয়।

শ্রীনরেশ রায় :—স্যার, আমার প্রশ্নটা ছিল, এই ফাইনান্‌সিয়াল এ্যাসিসটেন্‌স দেওয়ার ব্যাপারে ট্রাইবেল এবং নন-ট্রাইবেলদের মধ্যে কোন তারতম্য করা হয় কিনা ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—স্যার, আমি বললাম তো যে ট্রাইবেলদের এবং রিফুইজিদের বেলায় কি হয়। রিফুইজি হলে পরে সে রোগী যদি বাড়ীতে থেকে চিকিৎসিত হয়, তাহলে রোগীর জন্য মাসে ২০ টাকা আর পরিবারের মেন্‌টেনান্‌সের জন্য ৫ টাকা করে দেওয়া হয়, সেখানে ম্যাক্‌সিমাম সেটা দেওয়া হয়, সেটা হল ৫০ টাকা পর্যন্ত। আর ট্রাইবেল রোগী হলে পরে ইন্‌ডিভিজুয়েল কেসের মেরিট বিবেচনা করে সেটা দেওয়া হয়।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয়, যে টাকার সাহায্য দেওয়া হয়, ইন্‌ডিভিজুয়েল কেসে পার হেড, তা কত করে দেওয়া হয়। কম কত, বেশী কত ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—রিফুইজিদের বেলায় আমি বললাম যে, কম হচ্ছে ২০ টাকা আর বেশী হচ্ছে ৫০ টাকা, এটা এক বছর পর্যন্ত দেওয়া হয়। আর ট্রাইবেলদের বেলায় আমি বললাম ইন্‌ডিভিজুয়েল কেসের মেরিট এর উপর সেটা দেওয়া হয়। যেমন ট্রাইবেল রোগীকে যদি তার ট্রিটমেন্টের জন্য কলকাতায় নিয়ে যেতে হয় বা আগরতলাতে এনে চিকিৎসা করাতে হয়, তাহলে তার আনা নেওয়ার এবং চিকিৎসার সমস্ত খরচ সরকার থেকে বহন করা হয়ে থাকে। আর কোন কোন ক্ষেত্রে এক সংগে একটা লামসাম গ্রেন্টও দিয়ে দেওয়া হয়। অর্থাৎ হাসপাতাল অথরিটি ইন্‌ডিভিজুয়েল কেসে যে রকম রিকমেণ্ডেশান করেন, সেই রকম দেওয়া হয়ে থাকে।

শ্রীমতী রেণু চক্রবর্ত্তী :—এই পর্য্যন্ত রিফুইজিদের যেটা দেওয়া হয়েছে, তার মোট সংখ্যা কত ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—আই ডিমাণ্ড নোটিশ, স্যার।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয়, পার হেড যেটা দেওয়া হচ্ছে, তা কোন ভিত্তিতে দেওয়া হচ্ছে, জানাবেন কি ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—আমি তো বললাম যে যদি রোগী রিফুইজি হয় তাহলে তাকে মিনিমাম ২০ টাকা এবং মেক্‌সিমাম ৫০ টাকা দেওয়া হয়। আর ট্রাইবেল হলে পরে ইন্‌ডিভিজুয়েল কেসের উপর বিবেচনা করে সেটা দেওয়া হয়ে থাকে। এখন যদি দেখা যায় যে কোন একটা ইন্‌ডিভিজুয়েল কেস কলকাতা পর্য্যন্ত নিয়ে যেতে হবে, তাহলে তার সমস্ত খরচ বহন করতে হবে আর যদি দেখা যায় যে তাকে আগরতলাতে ট্রিটমেণ্ট করানো যাবে তাহলে তাকে তার বাড়ী থেকে আগরতলাতে ট্রিটমেন্ট করে তাকে বাড়ীতে পৌছিয়ে দেওয়ার খরচ সরকারকে বহন করতে হবে। এখানে একটা জিনিষ হিসাব করলে দেখতে পাওয়া যায় যে, আমি যে টাকার অংক দিয়েছি, ৫,২২৯ টাকা সেটা যদি ৪৭ জনকে দেওয়া হয়ে থাকে তাহলে ভাগ করলে দেখা যাবে এভারেজ ১১২ টাকার মত দেওয়া হয়েছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমার কথা হ'ল মিনিমাম কত, আর ম্যাক্সিমাম কত ট্রাইবেলদের দেওয়া হয়েছে। এটা তো আর আন-লিমিটেড হতে পারে না?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—বাহিরে যাওয়ার মত যদি কোন রোগী হয়, তাহলে তার সমস্ত খরচ বহন করা হচ্ছে। আর যদি এখানে হয় তাহলে—it should be decided in individual merits of the case, that is the decision.

শ্রীমতী রেণু চক্রবর্তী :—মাননীয় মন্ত্রী মহোদয়, ট্রাইবেল রিফুইজিদের মধ্যে কতসংখ্যক লোককে এই ফিনানসিয়াল এ্যাসিসটেন্স দেওয়া হয়েছে এবং সরকার থেকে যে ফাইনানসিয়াল এ্যাসিসটেন্স দেওয়া হয়, সেখানে কি রোগীর পথ্য বা রোগীর খাওয়া খরচ বাবত না তাদের পরিবার ম্যান্টেনানসের জন্যই খরচ হয়ে যায়?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—এটা তাদের ফেমিলী ম্যান্টেনানসের জন্য দেওয়া হয়, আর ঔষধপত্র সরকার থেকে ফ্রি দেওয়া হয়ে থাকে।

শ্রীমতী রেণু চক্রবর্তী :—মাননীয় মন্ত্রী মহোদয়, জেনারেল রোগীদের জন্য কে ফাইনানসিয়াল এ্যাসেসটেন্স দেওয়ার কোন ব্যবস্থা নেই?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—না।

শ্রীমতী রেণু চক্রবর্তী :—মাননীয় মন্ত্রী মহোদয়, জেনারেল রোগীদের মধ্যে যদি কেউ অভাবগ্রস্ত লোক হয়, তাহলে কি ব্যবস্থা করা হবে জানাবেন কি?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—সেই রকম বিশেষ কেস বিবেচনা করে দেওয়া হবে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—এই যে সাহায্য দেওয়া হয়, সেটা কোন ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়?—এটা কি পাবলিক হেলথ ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয় না ডি, এম, থেকে দেওয়া হয় এবং মিনিমাম কত টাকা করে দেওয়া হয়?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—টাকাটা হচ্ছে ট্রাইবেল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের এবং সেখান থেকেও দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু এটা আবার মেডিক্যাল ডিপার্টমেন্টের থেকে আসে। কাজেই এই দুই ডিপার্টমেন্টের সহায়তায় এটা দেওয়া হয়ে থাকে। আমার ডি, এম, অফিস থেকেও দেওয়া হয়। আর রোগী যদি মফঃস্বলে থাকে তাহলে টাকাটা এখান থেকে তুলে মফঃস্বলে পাঠিয়ে দেওয়া হয়।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—স্যার, আমার প্রশ্নটা ক্লিয়ার হয়নি। যাদেরকে এখান থেকে ট্রিটমেন্ট করে ছেড়ে দেওয়া হল তাদেরকে এ্যাসিসটেন্স দেওয়ার একটা নিয়ম আছে, ট্রাইবেল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়, আর হেলথ ডিপার্টমেন্ট থেকে রিকমেণ্ড করে পাঠিয়ে দেওয়া হয়। এখন আমার জিজ্ঞাসা হ'ল মাসে কত টাকা করে দেওয়া হয়?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—আমি তো বললাম যে ট্রাইবেলদের মাসে দেওয়ার তেমন কোন ফাষ্ট এ্যাণ্ড হার্ড রুলস নেই।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় স্পীকার, স্যার, আমাদের রুলস ৩৯ নং আছে "Unless the Speaker otherwise directs, the first hour of every sitting shall be available for the asking and answering of questions, short notice questions

having precedence over others." কিন্তু এখানে যেভাবে ডিসকাশনের মত হচ্ছে, তাতে করে আমরা আরও যেসব সদস্য আছি, আমাদের যে প্রশ্নগুলি আছে, সেগুলির উত্তর হয়তো আমরা পাব না, সেজন্যই আমি মাননীয় স্পীকার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পীকার :—সেটা ত মাননীয় সদস্যদেরই দেখা উচিত।

শ্রীঅঘোর দেববর্মা :—স্যার, যদি এইভাবে আমাদের প্রশ্নের উত্তর দেওয়া মাননীয় মন্ত্রীরা এভয়েড করেন, তাহলে আমাদেরও নানা ভাবে প্রশ্ন করতে হয় কেন না, প্রশ্ন করে যদি আমরা উত্তর না পাই, তাহলে আমাদের প্রশ্ন করার কোন সার্থকতা নেই। আর যদি আমাদের প্রশ্নের উত্তর মাননীয় মন্ত্রীরা দিয়ে দেন তাহলে আমাদের খুব বেশী প্রশ্ন করার কোন প্রয়োজন থাকে না, কিন্তু তা তো হচ্ছে না, স্যার।

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—স্যার, উনারা যে সব প্রশ্ন করেন এবং আমাদের কাছে যে সব ইনফরমেশান আছে, সেই মত আমরা তাঁদের প্রশ্নের উত্তর দিয়ে যাচ্ছি। কিন্তু এ্যাসপায়ারেশান হলে, কি করে আর উত্তর দেওয়া যাবে ?

মিঃ স্পীকার :—শ্রীযতীন্দ্র কুমার মজুমদার

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—কোয়েশ্চান নাম্বার—২০৬।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার—২০৬ স্যার।

প্রশ্ন

ক। ১৯৬৮—৬৯, ১৯৬৯—৭০ ইং আর্থিক বৎসরের ২৮শে ফেব্রুয়ারী পর্য্যন্ত সদরের জিরানীয়া ব্লক অন্তর্গত এলাকায় ট্রাইবেল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট হইতে কতটি নূতন রাস্তা করা হইয়াছে ?

খ) এর মধ্যে পুরাতন আগরতলা নির্বাচন ক্ষেত্রাধীন এলাকায় কতটি এবং উত্তর দেবেন্দ্রনগর নির্বাচন ক্ষেত্রাধীন এলাকায় কতটি (আলাদা আলাদা ভাবে)।

উত্তর

১। }
২। } তথ্য সংগ্রহাধীন আছে।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—স্যার, আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আমার এই প্রশ্নটির উপর—এখানে সদর জিরানিয়া ব্লক অন্তর্গত এলাকায় ট্রাইবেল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট কতটি নূতন রাস্তা করেছে ? স্যার এই জিরানীয়া অঞ্চলটা তো মাননীয় মন্ত্রী মহোদয়ের নাকের ডগার উপরেই আছে, সেখানে ট্রাইবেল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের ব্লক কয়টি রাস্তা করেছে বা করেনি তা দেখার বা খোঁজ খবর নেওয়া তো মাত্র এক ঘণ্টাতেই সম্ভব অথচ উনারা সেটা করতে পারেন নি। এটা যে কেমন ব্যাপার আমি অন্ততঃ বুঝি না।

Mr. Speaker :—Yes, you are also raising a discussion.

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলেছি তথ্য সংগ্রহাধীন আছে। কোথায় কয়টা রাস্তা হল, স্পেসিফিকেশন হল কিনা, এটা কতটা সোজা ও কোথায় কতটা ব্রিজ হল তার স্পেসিফিকেশন হল কিনা এইসব অনেক কিছু নির্ভর করে। অতএব সেইজন্য তথ্য সংগ্রহাধীন আছে বলা হয়েছে।

Mr. Speaker :—Shri Ghanashyam Dewan.

Shri Ghanashyam Dewan :—Question No. 241.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, question No. 241.

Question	Answer
1. Reservation of percentage in Government. Services of Tripura for Scheduled Tribe according to census in 1951 and 1961 ?	1. 30% (Thirty percent)

Mr. Speaker :—Shri Promode Rn. Das Gupta.

Shri P. R. Das Gupta :—Mr. Speaker, sir, question No. 250.

Shri T. M. Das Gupta :—Mr. Speaker, sir, question No. 250.

Question	Answer
1) Whether any unknown disease has broken out at Khowai, Tripura.	1) Investigation did not confirm existence of unknown disease.
2) If so, the step taken to eradicate the same ?	2) Does not arise.

Mr. Speaker :—Shri Nishi Kanta Sarkar.

Shri Nishi Kanta Sarkar :—Question No. 267.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, question No. 267

প্রশ্ন	উত্তর
১) ত্রিপুরা রাজ্যের রিয়াং, জমাতিয়া চাকমা, কাইবাং, কলই, মরছুম, কুকী, মুরাসিং, নোয়াতিয়া, মগ, উচই, গারো সম্প্রদায়ের লোক ট্রাইবেল পর্য্যায়ভুক্ত কিনা ?	১) হঁ্যা।

শ্রীনিশিকান্ত সরকার :—ট্রাইবেল যদি হয়ে থাকে তাহলে তারা তাদের মধ্যে সেই সম্পত্তি কেনা বেচা করতে পারে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—প্রথম হল রিজার্ভ ট্রাইবেল হল ফাইভ ক্লাস। তারা ছাড়া যারা আছে তাদের বিক্রি করতে গেলে পারমিশন নিতে হয়। এমন কি ট্রাইবেলও যদি নন-ট্রাইবেলের কাছে বেচতে চায় তাহলে ঐ ফাইভ ক্লাসকেও নিতে হবে।

শ্রীনিশিকান্ত সরকার :—কথাটা আমি বলতে চাচ্ছি এই জন্য এদের স্বীকার করা হয়েছে ট্রাইবেল বলে। তবে রিয়াং চাকমা উচই বা মগ তাদের মধ্যে সম্পত্তি কেনা বেচা করতে পারে না কেন ? ট্রাইবেল রিজার্ভ হোক আর নন-রিজার্ভ হোক।

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আগেই বলা হয়েছে যে পাঁচটা সম্প্রদায় আছে তারা হল ত্রিপুরী, নোয়াতিয়া, জমাতিয়া, রিয়াং এবং হালাম। তাছাড়া বাকী যারা আছে তাদের যদি জমি বিক্রি করতে হয় তাহলে পারমিশন নিতে হবে।

শ্রীনিশিকান্ত সরকার :—অধ্যক্ষ মহোদয়, মন্ত্রী এখনি বলেছেন যে এরা ট্রাইবেল হিসাবে পুনর্বাসন পাচ্ছে। রিয়াং যেমন ট্রাইবেল চাকমাও তেমনি ট্রাইবেল। কিন্তু রিয়াং এর সম্পত্তি কেন চাকমার কাছে বিক্রি করতে পারবে না ?

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আগেই বলা হয়েছে যে ফাইভ ক্লাসকে রিজার্ভ করে রাখা হয়েছে। তাদের বাইরে যারা আছে তারা যদি ট্রাইবেল হয় তাহলেও বিক্রি করতে গেলে পারমিশন লাগবে।

শ্রীনিশিকান্ত সরকার :—অধ্যক্ষ মহোদয়, তারা ৫টা ট্রাইবেল স্বীকার করছেন। বাকীগুলিকেও ট্রাইবেল হিসাবে স্বীকার করছেন। কিন্তু কেনা বেচার বেলায় তারা নন্ ট্রাইবেল হচ্ছে কেন ? এটা কি বে-আইনী হচ্ছে না ?

শ্রীএস, এল, সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলেছি মহারাজার আমলে যে অর্ডার ছিল বর্তমানেও সেই আইন চলছে।

শ্রীনিশিকান্ত সরকার :— অধ্যক্ষ মহোদয়, আমি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে মহারাজার আমলে যে আইন ছিল ভূমি সংস্কার আইনে সেই আইন বাতিল হয়ে গেছে।

শ্রীএস, এল, সিংহ :— আইন নিশ্চয়ই সংশোধন হয় এবং হচ্ছেও, আইন তো চিরস্থায়ী নয়। প্রত্যেকটি আইনেই পারিপার্শ্বিক অবস্থার সাথে বিবেচনা করে তার পরিবর্তন পরিবর্ধন হয়ে থাকে।

Mr. Speaker :—Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—Question No. 277.

Shri T. M. Das Gupta :—Mr. Speaker, sir, question No. 277

প্রশ্ন

a) বিভিন্ন মেডিকেল কলেজএ পড়াশুনার জন্য ত্রিপুরার ছাত্রদের জন্য যে যে seat reserve রাখা হয় তাহা পর্য্যাপ্ত কিনা ?

b) উক্ত seat সংখ্যা বৃদ্ধি করার জন্য চেষ্টা করা হইতেছে কি ?

c) Ex-Military দিগের ছেলে মেয়ে মেডিকেল পড়ার জন্য কোন seat পৃথক রিজার্ভ থাকে কি ?

উত্তর

ক) না

খ) হ্যাঁ

গ) Ex-Serviceman দিগের ছেলেমেয়েদের জন্য ভারত সরকার কতিপয় seat সংরক্ষিত রাখেন।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এক্স মিলিটারীদের ছেলেমেয়েদের জন্য কোন সীট ত্রিপুরায় রিজার্ভ আছে কিনা ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :— ত্রিপুরা বলে কোন সীট রিজার্ভ নাই। ত্রিপুরাতে ত্রিপুরার ছেলেমেয়েদের জন্য রিজার্ভ আছে। আর ভারত সরকারের এক্স্ মিলিটারীদের জন্য সীট রিজার্ভ আছে আলাদা ভাবে। তারা এক্স মিলিটারী সংস্থা ইত্যাদির মাধ্যমে জানায়। সেখান থেকে রিজার্ভ করার কথা জানানো হয়।

শ্রীমনোরঞ্জন নাথ—মাননীয় মন্ত্রী মহোদয়ের জানা আছে কি অন্যান্য প্রত্যেক ষ্টেটে ওল্ড মিলিটারীদের ছেলেমেয়েদের জন্য সীট রিজার্ভ থাকে ?

শ্রীতড়িৎমোহন দাশগুপ্ত :—আই টেক দি ইনফরমেশন ক্রম দি অনারেবল মেম্বার।

Mr. Speaker :—Shri Naresh Roy.

Shri Narash Roy ;—Question No. 319.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, question No. 319.

QUESTION

1) Is it a fact that people of Kanchanpur-Longai Block area are facing acute water crisis and

2) If so, step taken by the Govt. for its solution ?

ANSWER

1. Yes

2. Provision for construction of R. C. C. well/Tube well and construction of bund is being made in scarcity area as per availability of funds in a particular year.

শ্রীনরেশ রায় :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি কতদিন যাবত তারা এই ওয়াটার ক্রাইসিস ভোগ করে আসছেন ?

শ্রীএস, এল, সিংহ :—ত্রিপুরা রাজ্যে ওয়াটার সাপ্লাই সম্বন্ধে বলেছি যে আমাদের পাঁচ হাজার ভিলেজ আছে। তার মধ্যে হাফ আমরা করেছি এবং সেটাও খুব ভাল অবস্থায় আছে তা নয়, অতএব এটা অনেক দিন ধরেই চলছে। অতএব অর্থসংস্থান হলে পরেই আমরা সে সমস্ত জায়গাতে টিউবওয়েল, রিংওয়েল করতে চেষ্টা করব।

Mr. Speaker :—Question Hour is over. The ministers may lay on the Table of the House the replies to the Unstarred Questions and also to the Starred question which were not replied

Shri T. M. Das Gupta :— Mr. Speaker, Sir, I lay on the Table of the House the replies to the Unstarred Questions and Starred Questions which were not replied.

Shri S. L. Singh :—I am also laying the replies.

Mr. Speaker :—Replies to the Starred and Unstarred Questions are being laid.

GOVERNMENT BUSINESS (FINANCIAL).

Motion for Vote on Account

Mr. Speaker :—Next Business of the House is Motion for Vote on Account. I shall request the Hon'ble Finance Minister to move his motion for Vote on Account.

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার একটা কলিং এ্যাটেনশান নোটিশ দেওয়া ছিল।

মিঃ স্পীকার :—That I have refused. It is not so important as to be admitted.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—সেটা আমাদের জানান দরকার ছিল।

Mr. Speaker :—Have you not been informed ?

Shri Aghore Deb Barma :—No.

Mr. Speaker :—You will be informed.

Now the Hon'ble Finance Minister is to move his motion for Vote on Account.

Shri Krishna Das Bhattacharjee :—Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a sum not exceeding Rs. 7,54,60,000/-, exclusive of Charged Expenditure of Rs. 34,90,000/-, be granted on account for or towards defraying the charges for the different services and purpose during the year ending 31st March, 1970.

Mr. Speaker :—You may have debate on this.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সাপ্লিমেন্টারী বাজেটের উপর ডিসকাশনের আগে একটা বিষয়ে মাননীয় অধ্যক্ষ মহোদয় এর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

Shri Krishnadas Bhattacharjee :—This is vote on Account. Discussion should be on the Vote On Account and not on the Budget.

Mr. Speaker :—Yes, Vote on Account.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমি একটা সাবজেক্টের উপর মাননীয় অধ্যক্ষ মহোদয়'এর দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে—আমি যে কলিং এ্যাটেনশান দিয়েছি, সেটা মাননীয় অধ্যক্ষ মহোদয় রিফিউজ করেছেন, সেটা আমি এইমাত্র জানলাম। সেটা আমার জানা দরকার, পাওয়া দরকার। আমাদের এডজোর্নমেন্ট মোশান বরাবরই রিফিউজ করে দেন। কলিং এ্যাটেনশানও যদি এইভাবে রিফিউজ করতে থাকেন, তাহলে কোন একটা বিষয় বস্ত সম্পর্কে আমরা যদি হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই বা আমরা যদি কিছু জানতে চাই, তাহলে আমরা কোন পদ্ধতি গ্রহণ করব আমি বুঝতে পারছিনা। বিপ্লাই দেবার দায়িত্ব হচ্ছে মিনিষ্টারদের। আমরা যদি কোন একটা ইমপর্টান্ট বিষয়ে জানতে চাই, সেইগুলি যদি সব রিফিউজ করা হয়, তাহলে আমাদের জানবার আর কি পথ আছে? আমার এই কলিং এ্যাটেনশানটা একটা ইমপর্টান্ট ইস্যুর উপর দেওয়া হয়েছিল, মাননীয় অধ্যক্ষ মহোদয় সেটা কি কারণে রিফিউজ করলেন, আমি যে কি দিলাম, হাউস সেই সম্পর্কে কিছুই জানাল না, তারপর আপনি কেন রিফিউজ করলেন সেটা আমাকে লিখিত না দেন, কিছু বলে দেওয়া উচিত ছিল।

মিঃ স্পীকার :—এখন আমি আপনাকে বলেছি। According to procedure I am to inform you that the Calling Attention Notice has been refused by me on the ground that it is not an important matter to be raised in the House.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমি কোন বিষয় বস্তুর উপর দিয়েছিলাম সেটা হাউসকে জানান দরকার।

মিঃ স্পীকার :—নিয়ম হচ্ছে হাউসে জানান, আমি সেটা জানালাম। কি বিষয়ে আপনি দিয়েছিলেন সেটা জানাবার বিষয়বস্তু নয়।

শ্রীঅঘোর দেববর্মা :—কথাটা হচ্ছে যেটা আউট সাইড ত্রিপুরা লটারী টিকিট বিক্রয় করে লক্ষ লক্ষ টাকা নিয়ে যাচ্ছে, ত্রিপুরা সরকার কিছুই জানেন না এটা যদি ইমপোর্টেন্স না পায় তাহলে কোনটা ইমপোর্টেন্স পেতে পারে আমি বুঝতে পারি না। অন্ততঃ ত্রিপুরা সরকার এই বিষয়ে কিছু বলুক, এই সম্পর্কে তাদের কাছে কোন কাগজপত্র এসেছে কি না, এই সম্পর্কে অন্ততঃ হাউসে কমিউনিকেট করা দরকার। যদি এই ভাবে এইসব ঘটনা ঘটতে থাকে, ত্রিপুরা সরকারের ইচ্ছায়ই হউক আর অনিচ্ছায়ই হউক, ত্রিপুরা সরকারকে এটার মধ্যে টেনে নিয়ে আসছে, আমি মনে করি এতে ত্রিপুরার বদনাম হচ্ছে। কাজেই আজকে লক্ষ লক্ষ টাকা সারা ভারতবর্ষের মধ্যে ত্রিপুরা ষ্টেট লটারীর নামে লুট করা হবে, এই সম্পর্কে হাউসের দৃষ্টি আকর্ষণ করলে আমরা খবর পাবনা, আমাদের তাহলে আর উপায় কি ?

মিঃ স্পীকার :—অনারাবল মেম্বার প্লীজ টেক ইউর সীট।

শ্রীরাজকুমার কমলজিৎ সিংহ :—পয়েন্ট অব অর্ডার স্যার। আমাদের ফিনান্স মিনিষ্টার ভোট অন এ্যাকাউন্ট হাউসে প্লেস করেছেন। এখানে আমাদের মাননীয় সদস্য অঘোর বাবু যে কি বলছেন আমরা বুঝতে পারছিনা। এটা কি তিনি ভোট অন এ্যাকাউন্টসের উপর ডিসকাশান করছেন না অন্য কিছু একটার উপর ডিসকাশন হচ্ছে সেটা বুঝতে পারছি না।

মিঃ স্পীকার :—তিনি একটা বিষয়ে জানতে চেয়েছেন, তার উত্তর আমি দিয়েছিলাম। Next business is Motion for Vote on Account. I would request the Hon'ble Member to discuss on the Vote on Account.

শ্রীঅঘোর দেববর্মা :—আপনি আমাদের একটা রাস্তা বলে দেন! অন্ততঃ কনসারনড মিনিষ্টার বলুন যে এমন কোন ঘটনা নাই।

Mr. Speaker :—I would request the Hon'ble Member to take his seat and let me finish the Financial Business.

Now the question before the House is the Motion for Vote on Account moved by the Hon'ble Finance Minister that a sum not exceeding Rs. 7,54,60,000/-, exclusive of Charged Expenditure of Rs. 34,90,000/-, be granted, on account for or towards defraying the charges of the different services and purposes during the year ending 31st March, 1971.

The Motion was carried by voice vote.

(Interruption).

Mr. Speaker :—You will have opportunity to discuss on this matter during budget discussion.

শ্রীঅঘোর দেববর্মা :—বাজেট ডিসকাশানের সময় মিনিষ্টাররা উত্তর দিতে পারবেন না। এইভাবে যদি হাউস চলতে থাকে আমাদের কি করণীয় আছে আমি বুঝতে পারছিনা। এইভাবে হাউস চলতে পারে না।

Mr. Speaker:—Next Business of the House, the Appropriation (Vote on Account) (No. 2) Bill, 1970 (Bill No. 6 of 1970) is to be introduced in the House. I shall request the Hon'ble Finance Minister to move his motion for leave to introduce the Bill.

Shri Aghore Deb Barma :—(Interruption).

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker Sir, I beg to move for leave to introduce the Appropriation (Vote on Account) (No. 2) Bill 1970 (Bill No. 6 of 1970) be granted.

The leave to introduce the Bill is granted by voice vote.

(Interruption)

The Secretary read the title of the Bill.

Govt. BUSINESS (Legislation)

Mr. Speaker .—Introduction of the Appropriation (Vote on Account) (No. 2) Bill, 1970 (Bill No. 6 of 1970).

Next business of the House, the Appropriation (Vote on Account) (No. 2) Bill, 1970 (Bill No. 6 of 1970) is to be introduced in the House. I shall request the Hon'ble Finance Minister to move his motion for leave to introduce the Bill.

Shri Krishnadas Bhattacharjee—Mr. Speaker Sir, I beg to move for leave to introduce the Appropriation (Vote on Account) (No. 2) Bill, 1970 (Bill No. 6 of 1970).

Mr. Speaker :—Now, the question before the House is the Motion moved by the Hon'ble Finance Minister for leave to introduce the Appropriation (Vote on Account) (No. 2) Bill, 1970 (Bill No. 6 of 1970) be granted.

As many as are of that opinion will please say 'AYES'

(Voices—AYES)

As many as are of contrary opinion will please say 'NOES' Voices—NOES

I think 'AYES' have it.

'AYES' have it, 'AYES' have it.

The leave to introduce the Bill is granted.

Secretary—A BILL to provide for the withdrawal of certain sums from and out of the Consolidated Fund of the Union Territory of Tripura for the services of a part of the financial year 1970-71.

Mr. Speaker—I shall call on Hon'ble Finace Minister to move his motion to introduce the Appropriation (Vote on Account) (No. 2) Bill, 1970 (Bill No. 6 of 1970).

Shri Krishnadas Bhattacharjee—Mr. Speaker Sir, I beg to introduce the Appropriation (Vote on Account) (No. 2) Bill, 1970 (Bill No. 6 of 1970).

Mr. Speaker :—The question before the House is the Motion moved by the Hon'ble Finance Minister that the Appropriation (Vote on Account) (No. 2) Bill, 1970 (Bill No. 6 of 1970) be introduced.

As many as are of that opinion will please say 'AYES'

Voices—'AYES'

As many as are of contrary opinion will please say 'NOES'

Voices—'Noes'

I think, 'AYES' have it, 'AYES' have it, 'AYES' have it.

The Bill is introduced.

Members are requested to collect their copies of the Bill from the Notice Office.

Next item in the List of Business is General Discussion on Supplementary Estimates for 1969-70.

I would like to draw the attention of the Hon'ble Members to the scope of debate on the Supplementary Estimate which is to be confined to the items constituting the same and no discussion is permitted to be raised on the original grants nor policy underlying them save in so far as it may be necessary to explain or illustrate the particular items under discussion.

When the Supplementary demand does not refer to any new service there cannot be any discussion of principle or policy.

Before the discussion begins I would request the Members to give their names who would like to participate in the debate so that I shall be able to arrange the time schedule for them.

Now I would call on the member from the opposition to raise the discussion on the Supplementary Estimates for 1969-70.

Shri Aghore Deb Barma—Continued saying something (Noise).

Mr. Speaker :—Would you not stop your speech ? Now, I would request the Hon'ble Member from the Ruling Party to raise discussion.

Shri U. K. Roy :—In this present circumstance, how it is possible for a member to raise the discussion ?

Mr. Speaker :—Then what to do ?

Shri U. K. Roy :—What you will do, how can I say ?

Mr. Speaker :—I would request you to take your seat (to Shri Aghore Deb Barma), (Pandamonium).

Mr. Speaker :—(addressing to the members of the House) Hon'ble Members, he is disturbing the proceedings of the House. I draw the attention of the House.

Shri T. M. Dasgupta :—স্পীকার স্যার, আমি মনে করছি এই অবস্থায় হাউসের কাজ চালানো সম্ভব নয়। কেননা এখন যদি কোন মেম্বার কিছু বলতে উঠেন তাহলে তাঁর বক্তব্য আমরা ভালভাবে বুঝতে পারব না। আর যদি কোন মেম্বার মাননীয় স্পীকার মহোদয়ের আদেশ পালন না করে, হাউসের প্রসিডিংস ডিষ্টার্ব করেন, তাহলে মাননীয় স্পীকার তাঁকে শাস্তি দিতে পারেন, এই ক্ষমতা উনার আছে। কাজেই আমি মনে করি যে অন্ততঃ ১৫ মিনিটের জন্য হাউসের কাজ মূলতবী করে রাখা হলে ভাল হবে।

Mr. Speaker :—The House stands adjourned for fifteen minutes.

Mr. Speaker :—Now I would request Shri Abhiram Deb Barma to raise debate on the Supplementary Budget Estimates.

Shri Abhiram Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, হাউসের সামনে যে অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে, এই অতিরিক্ত ব্যয় বরাদ্দটা প্রতি বৎসরেই হাউসের সামনে উপস্থিত করা হয় এবং এটা পাশ করিয়ে নেওয়া হয়। এবারও গতানুগতিকভাবে এই ব্যয় বরাদ্দটা উপস্থিত করা হয়েছে। আমি এই ব্যয় বরাদ্দের বিরোধীতা করছি। এইখানে ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে ৮,৫৪,৬০,০০০ টাকা। যে সমস্ত খাতে এই ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে সেই সমস্ত খাতে এতগুলি টাকা ব্যয় করা উচিত ছিল না। তবুও করা হয়েছে। এই যে সাপ্লিমেন্টারী ব্যয় বরাদ্দ প্রতি বৎসরেই চাওয়া হয় তবুও আমরা দেখি যে জুমিয়াদের ক্ষেত্রে তাদের সেকেণ্ড ইনষ্টলমেন্ট দেওয়ার টাকা থাকে না, তারপর শিক্ষা ক্ষেত্রেও দেখা যায় যে ছাত্রদের বোর্ডিং ষ্টাইপেণ্ড প্রভৃতি দেওয়া হয় না বা ছাত্রদের পক্ষ থেকেও পায় না। এমনকি শ্রমিকদের বোনাস প্রভৃতির ব্যাপারে এই সমস্ত দেখা যায়। কিন্তু প্রতি বৎসরেই আমরা দেখতে পাই যে ব্যয় বরাদ্দ ধরা হয় এবং সেটা বিধান সভায় পাশ করিয়ে নেওয়া হয়। কিন্তু যেখানে সত্যিকারের দেওয়া দরকার সেখানে দিলে পরে আমাদের বিরোধিতা করার কিছু থাকতো না। কিন্তু যেখানে অতিরিক্ত ব্যয় করার প্রয়োজন নাই সেখানেও অতিরিক্ত খরচ করা হয়। সেজন্য এই সাপ্লিমেন্টারী বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে ফিনান্স মিনিস্টার ৮,৫৪,৬০,০০০ টাকা ব্যয় বরাদ্দ চেয়েছেন। এই সম্পর্কে যখন বাজেট পাশ করা হয় আমরা বরাবরই এই কথা বলে থাকি যে এই বাজেট ত্রিপুরার সঙ্গে সংগতি রেখে আনা হয় নি। হেড অব দি ডিপার্টমেন্ট যারা তারা বাজেট এষ্টিমেট করে দেন। এইগুলি পাশ করা হয়। কিন্তু বাস্তব অবস্থার সঙ্গে সঙ্গতি রেখে করা হয় না। এইজন্য বাজেট আমরা লাস্ট ইয়ারেও সমালোচনা করেছি এবং কি কি করা দরকার এবং আরও যে ব্যয় বরাদ্দ রাখা দরকার তাও বলেছি। তখন মিনিষ্টারদের পক্ষ থেকে বলা হয়েছে যে এইগুলি এইগুলি করব। কিন্তু ব্যয় বরাদ্দের মধ্যে যে দৃষ্টিভঙ্গী আমরা দেখি সেইভাবেই আমরা সমালোচনা করি। তারা বাজেট প্রেস করে জাষ্টিফিকেশান দেখানোর চেষ্টা করে থাকেন। কিন্তু বছর ঘুরে এলেই আমরা যে সব বক্তব্য রাখি সেখানেই আবার তাদের

ঘুরে আসতে হয়। কাজেই আগেই বলা হয়েছে যে এই বাজেট বাস্তবের সঙ্গে সামঞ্জস্য রেখে করা হয় নি। বছরের শেষে, তাও আবার মার্চমাসের শেষ দিকে এটা করা হয়। এর মধ্যে কোন টাকা খরচ করা হয়, আবার কোন টাকা খরচ করা হয় না। এইভাবে এলোমেলো ভাবে সাপ্লিমেন্টারী বাজেট আনা হয়। যদি সাপ্লিমেন্টারী বাজেট আনতেই হয় তাহলে সেটা অন্ততঃ নভেম্বর মাসের মধ্যেই আনা উচিত। কিন্তু তাও করা হয় না। নভেম্বর ডিসেম্বরে যদি আনা হতো তাহলে সেই টাকাগুলি খরচ করার একটা সময় থাকে। কিন্তু যদি মার্চমাসের ২৪ তারিখে বাজেট পাশ হয়, তাহলে এটা আবার রাষ্ট্রপতির কাছে পাঠিয়ে দেওয়া হবে তার এসেন্ট নিতে। সেই এসেন্ট নিতে নিতেই মার্চ মাস শেষ। কিন্তু দেখা যায় যে খরচ ঠিকই হয়েছে। এটা কি করে হয়? তার কারণ তারা আগেই টাকাটা ড্র করে নেন। এই সমস্ত ইরিগুলারিটিজ, বছর বছর অডিট অবজেক্শানও হচ্ছে। কিন্তু কিছুই পরিবর্তন হচ্ছে না। এইগুলি যে ফিনান্স মিনিষ্টার জানেন না তা নয়। কিন্তু এই খরচটা তবুও সময় থাকতে করা হয় না। সুতরাং এই যে সাপ্লিমেন্টারী বাজেট এটা বে-আইনী বাজেট। এটা সমর্থনের কোন প্রশ্নই উঠে না। এটা যদি অন্তত জানুয়ারী মাসেও করা হোত তাহলেও এর জাষ্টিফিকেশন থাকতো। এটা অনলী টু মেন্টেন দি ফরম্যালিটি। কাজেই সেই দিক দিয়ে আমি কিছু কাটমোশন দিয়ে রেখেছি। এইগুলি হেডওয়াইজ আমি বলতে চেষ্টা করব। কাজেই সামগ্রিকভাবে এটা আমি বে-আইনী বলে মনে করি। গতবারও সাপ্লিমেন্টারী বাজেট ডিস্কাশনের সময় আমরা বলেছি এবং মিনিষ্টার এটা স্বীকারও করেছেন যে যদি আরও আগে আনা যেত তাহলে ভাল হতো। কাজেই ভবিষ্যতে ঠিক ঠিকভাবে যথা সময়ে করা দরকার। আজকে খরচের দিকে যদি আমরা দেখি তাহলে দেখতে পাই অনেক সময় মার্চ মাসে অর্থাৎ ফিনানসিয়াল ইয়ারের শেষে এইগুলি করা হয়। যেহেতু খরচ দেখাতে হবে তাই আগেই ড্র করে রেখে দেওয়া হয়। কাজেই সেখানে সুন্দর সুষ্ঠুভাবে কাজকর্ম করা এবং টাকা পয়সা খরচ করা হয়ে উঠেনা। যেটা করলে ঠিক ঠিকভাবে খরচ করা যেত সেটা তাড়াহুড়া করে করা হয়। কাজেই সেই দিক দিয়ে এই বাজেট নীতিগতভাবে হাউসের সামনে দিলেও আমি আপত্তি করছি। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে এই পর্যন্ত বলেই আমি শেষ করছি।

শ্রীউপেন্দ্রকুমার রায় :—মাননীয় অধ্যক্ষ মহোদয় সাপ্লিমেন্টারী ডিম্যাণ্ডসের উপর জেনারেল ডিসকাশন যে হচ্ছে, প্রথমে আমি এই সম্বন্ধে দুই একটি কথা বলছি। আমার ধারণা সাপ্লিমেন্টারী ডিম্যাণ্ডের উপর কোন জেনার‍্যাল ডিসকাশন হয় না, হতে পারেনা। আমি এই সম্বন্ধে কাউলের প্রাক্টিস এণ্ড প্রসিডিওর ইন পার্লামেন্ট, তার ৫৬৪ পৃষ্ঠার প্রতি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা আমি এখানে পড়ছি—

"The debate on the supplementary demands for grants is confined to the items constituting the same and no discussion can be raised on the original grants nor on the policy underlying them save in so far as it is

necessary to explain or illustrate the particular items under discussion. In respect of schemes which have already been sanctioned in the main Budget, no discussion on any question of principle or policy is allowed. As regards demands for which no sanction has been obtained, the question of policy has to be confined to the items on which the vote of the House is sought. General grievances cannot be ventilated on a supplementary grant. A member can only say whether the supplementary demand is necessary or not."

এবারকার সাপ্লিমেন্টারী বাজেটে কোন নিউ আইটেম ধরা হয় নাই, ওল্ড আইটেমের উপর আরও কিছু এ্যাডিশন্যাল টাকা ধরা হয়েছে। ওরিজিন্যাল বাজেট যখন করা হয়, সেই সময়ে অনুমান করে একটা ব্যয় বরাদ্দ করা হয় যে এই পর্যন্ত হয়তো খরচ হতে পারে, সেই অনুসারে সংখ্যা ঠিক করা হয়। কিন্তু কাজ যখন চলতে থাকে, বছর এগিয়ে চলে, তখন দেখা গেল যে এ্যামাউন্টটা বরাদ্দ করা হয়েছিল, তাতে হয়তো কুলোবেনা, তখন অতিরিক্ত ব্যয় বরাদ্দ করবার প্রয়োজন হয়ে পড়ে। কোন কোন ক্ষেত্রে দেখা গেল যা ব্যয় বরাদ্দ করা হয়েছিল সেটা সবটা লাগবেনা, তখন রিভাইজড এষ্টিমেট করতে হয়, এক্সেস—সেভিংস ষ্টেটমেন্ট করে, তারপর সেটা ঠিক করতে হয়। কাজেই সাপ্লিমেন্টারী ডিম্যাণ্ডসের উপর সেটা নিতে হয়। এখন কথা হল ওরিজিন্যাল বাজেট'এ এই ডিসকাশান হয়েছিল, এখানে নূতন কিছু সার্ভিস নেই, নূতন কোন সার্ভিস যদি থাকে, তখন সেটার জাষ্টিফিকেশান বা যদি কোন দোষ ত্রুটি যদি দেখাতে হয়, তাহলে ডিসকাশান চলতে পারে। আমি গতবারেও এই বিষয়ে তুলেছিলাম, আমার এই বিষয়ে আইডিয়া ছিল, কিন্তু কোথায় সেটা আমি ঠিক দেখি নাই, কিন্তু এবারে আমি কাউল সাহেবের বইতে পরিষ্কারভাবে দেখতে পাচ্ছি এবং এর যুক্তি আছে সম্পূর্ণ। এই গেল আমার একটা কথা।

মিঃ স্পীকার :—মাননীয় সদস্য আপনি যে কথা বলেছেন যে ডিসকাশান হতে পারেনা। সেকথা আমি নোটে বলেছি।

শ্রীইউ, কে, রায় :—নোটে গতবারেও ছিল। But it was not followed in practice.

Mr. Speaker :—Yes, the member did not follow it.

Shri U. K. Roy :—The Speaker must see that his duty does not end with giving the instruction. He is the Headmaster of the institute. He must see that it is carried out.

Mr. Speaker :—Hon'ble Member can easily feel how our advice is being followed by our Hon'ble Members.

Shri U. K. Roy :—I am extremely sorry for that. If we do not observe the fundamental ...

Mr. Speaker :—You can easily feel by experiences.

Shri K. Bhattacharjee :—It is pity that the Speaker is so helpless.

Mr. Speaker :—You can easily feel my helplessness.

Shri U. K. Roy :—My second point is—I shall mention only the points. আরেকটা হল এই যে আমাদের সাপ্লিমেন্টারী ডিমাণ্ড হাউসে প্রেস করা হল, আজকে হচ্ছে মার্চের ২৪ তারিখ, ফিনানশ্যাল ইয়ার শেষ হতে আর মাত্র ছয় দিন বাকী আছে। এই ডিমাণ্ড পাশ হতে আরও দুই তিন দিন লাগবে, অতএব ২৭শে মার্চ এটা শেষ হবে, তারপর এ্যাপ্রপ্রিয়েশান বিল পাশ করে, প্রেসিডেন্টের এ্যাসেন্ট আসতে হয়তো ফিনানশ্যাল ইয়ার শেষ হয়ে আরও কিছু দূর এগিয়ে যাবে। কাজেই সাপ্লিমেন্টারী ডিমাণ্ড এই সময়ে পেশ করার কি সার্থকতা, এর অর্থ কি? এটা সাফিশ্যান্ট এ-হেড যখন এটা প্রথমে ধরা পড়ে যে বাজেটে কোনটা বেশী খরচ হয়ে গেছে, আবার কোনটা কম হয়েছে রিভাইজ্‌ড বাজেট যখন করা হয়, সেই সময়ে সাপ্লিমেন্টারী ডিম্যাণ্ডগুলি যদি হাউসের সামনে নিয়ে আসা হয়, তাহলে হাউসের স্যাংশান পাওয়া যেতে পারে। একথাটা ঠিক গভর্ণমেন্ট মানী প্রভিশান করবেন, কিন্তু এক্সপেণ্ডিচারের ক্ষমতা তার নেই যে পর্য্যন্ত না সেটা লেজিসলেচারের ভিতর দিয়ে পাশ হয়ে যায়। অবশ্য আমাদের লিমিটেশান সম্পর্কে আমি জানি—everything is tight to the Centre. তাহলেও একটা ফরম্যালিটি আমাদের অবজার্ভ করতে হয়। আজকে ফিনানশ্যাল ইয়ার যখন শেষ হয়ে গেল তখন আমরা সাপ্লিমেন্টারী ডিম্যাণ্ড আনলাম। সেটা খরচ করব কখন? খরচ করবার সময় নাই। ইট ইজ হাইলি ইরেগুলার। এটা যাতে রেগুলার হতে পারে, ইন টাইম হতে পারে, ঠিক সময়ে সাপ্লিমেন্টারী ডিমাণ্ডগুলি হাউসের সামনে প্রেস্‌ড হয় সেই দিকে আমি অনুরোধ রাখব। আর যদি এই হয় যে খরচটা হয়ে গেছে, তাহলে সেটা সাপ্লিমেন্টারী ডিম্যাণ্ডে আসবেনা, সেটা একসেস-সেভিংস ষ্টেটমেন্টে আসবে। যখনই ডিটেকটেট হবে যে এক্সপেণ্ডিচার হয়ে গেছে, সংগে সংগে হাউস থেকে সেটা স্যাংশান করিয়ে নিতে হবে। এদিক থেকে আমাদের একটা ইরেগুলারিটি চলছে বলে আমি মনে করি। আশা করব মাননীয় অধ্যক্ষ মহোদয় এটা দেখবেন এবং আমি আমাদের সরকারকে অনুরোধ করব যাতে নাকি রেগুলার ওয়েতে সাপ্লিমেন্টারী ডিম্যাণ্ডের টাকা পেতে পারেন তার ব্যবস্থা যেন করা হয়।

তৃতীয়তঃ হচ্ছে এই যে আমাদের বাজেট করা হয়, গতবারেই আমি বলেছিলাম যে বাজেটের মধ্যে ডিফেক্ট থাকে। মানে একটা কাজের জন্য, একটা ডিপার্টমেন্টের জন্য কত টাকা লাগবে সেটা আমরা একিউরেট ধরতে পারি না, যদিও একিউরেট ধরা সম্ভব নয়, ইট ইজ আফটার অল এষ্টিমেট হলেও হিসাবটা তার কাছাকাছি যাবে। তারপর নূতন খরচের কথা বলব। ধরুণ আনফোরসীন একটা খরচ এসে পড়ল, তার জন্য সাপ্লিমেন্টারী প্রভিশান করতে হবে। কিন্তু সেটা এমনভাবে করা দরকার যাতে করে মোটামুটি যে টাকাটা দরকার, সেখানে পৌছাইতে পারে। আমরা যদি এ্যাপ্রপ্রিয়েশান একাউন্ট কনসাল্ট করি তাহলে দেখব ওরিজিন্যাল ডিম্যাণ্ড আছে, তার উপর সাপ্লিমেন্টারী ডিম্যাণ্ড করা হল, সেটাতে টোট্যাল এমাউন্ট যা হল, খরচ করতে গিয়ে দেখা গেল কোন কোন ক্ষেত্রে অনেক সেভিংস হয়ে গেছে, আবার কোন কোন ক্ষেত্রে দেখা যায় সেভিংস নয়, আরও অতিরিক্ত খরচ

হয়ে গেছে। আমি এই সম্পর্কে দুইটি কেসের কথা এখানে বলব। ১৯৬৮-৬৯র এ্যাপ্রপ্রিয়েশান এ্যাকাউন্টস থেকে, কারণ লাষ্ট ইয়ারের এ্যাকাউন্টস আমার কাছে নেই, সেখানে এডুকেশানের হেডে ওরিজিন্যাল ডিমাণ্ডে ধরা হয়েছিল তিন কোটি পঁচিশ লক্ষ আশি হাজার টাকা, সাপ্লিমেণ্টারী বাজেটে ধরা হয়েছিল ৫২,৪২,০০০ টাকা, টোট্যাল গ্র্যাণ্ট দাঁড়াল—৩,৭৮,২২,০০০ টাকা। এ্যাকচুয়েল এ্যাকসপেণ্ডিচার হল—৩,৮৬,১৬,২১৭ টাকা। এখানে একসেস খরচ হয়ে গেল ৭,৯৪,২১৭ টাকা। এই যে এক্সেস হল এটাকে রেগুলারাইজ করে নিতে হবে। আবার আরেকটা কেস্ আছে—ইণ্ডাষ্ট্রী'র হেডে। সেটা আরও চমৎকার। সেখানে ওরিজিন্যাল প্রভিশান ছিল ৩৩,৯০,০০০ টাকা, সাপ্লিমেণ্টারী করা হল—৩,৫১,৫০০ টাকা, টোট্যাল গ্র্যাণ্ট হচ্ছে—৩৭,৪১,৫০০ টাকা। এ্যাকচুয়েল একসপেণ্ডিচার হচ্ছে—৩১,৮০,২৮১ টাকা। কাজেই এখানে সেভিংস হয়ে গেল—৫,৬১,২১৯ টাকা। আরও চমৎকার আমরা দেখছি যে—the amount surrendered during the year, March, 1968—সেটা হল ১,৮২,৪০০ টাকা।

আর ক্যাপিটেল এ্যাকসপেণ্ডিচার হলো ৩৭ লক্ষ ৪১ হাজার ৫ শত টাকা। টোটাল গ্রেণ্ট অরিজিন্যাল প্লাস সাপ্লিমেণ্টারীতে এ্যাকচুয়েল এ্যাক্সপেণ্ডিচার হ'ল ৩১ লক্ষ ৮০ হাজার ২৮১ টাকা। কাজেই সেভিংস হয়ে গেল ৫ লক্ষ ৬১ হাজার ২১৯ টাকা, আবার এ্যামাউণ্ট সারেণ্ডার্ড ডিউরিং দি মার্চ, ১৯৬৮, ১ লক্ষ ৮২ হাজার ৪ শত টাকা। Savings of Rs. 5.61 lakhs i.e., 15 per cent of the provision—in view of the savings in supplementary grants for Rs. 3 lakhs 52 thousand obtained in March' 68 for pay & allowances of the staff proved unfruitful. কাজেই ভবিষ্যতে বাজেটে প্রভিশান করবার সময় এটা লক্ষ্য রাখা উচিত। কিন্তু এটা সম্ভবপর নয়, তা আমি জানি। কারণ এনহ্যান্সড ডি, এ, স্যাংশান হয়ে গেল, এটা তো আর কেউ ফোরসিন করতে পারে না। কাজেই এনহানস স্যাকশান যাতে না হয় সেদিকে লক্ষ্য রাখা দরকার। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—মাননীয় স্পীকার স্যার, আমাদের সামনে যে বিজনেস রাখা হয়েছে, জেনারেল ডিস্কাশান অন দি সাপ্লিমেণ্টারী এষ্টিমেটস ফর নাইনটিন সিকস্টি নাইন—সেভেণ্টি, সেই সম্পর্কে আমি কিছু বলব। প্রথম কথা সাপ্লিমেণ্টারী বাজেটের উপর কোন জেনারেল ডিস্কাসশান হয় না। গত বারের বাজেট স্পীচেও আমি, এই কথা বলেছিলাম এই সম্বন্ধে। যা হউক এই যে ১৯৬৯-৭০ সনের সাপ্লিমেণ্টারী বাজেট এখানে আনা হয়েছে, তা হচ্ছে আমাদের গত বছরের প্রয়োজনীয় খরচের জন্য। অর্থাৎ আমরা গত বছর যে বাজেট পাশ করেছিলাম, সেটা ইন্সাফেসিয়াণ্ট ফর দ্যাট ইয়ার হয়েছে। এটা কেন হয়? হয়, হোয়েন এ নীড হ্যাজ এরাইজেন ডিউরিং দ্যাট ফাইনান্সিয়াল ইয়ার, তারজন্য আমাদের খরচ করতে হয়, সেই খরচ না করে পারা যায় না অথবা যদি কোন নিউ সার্ভিস এর জন্য খরচ করতে হয়, তা'লে পরে সেই এ্যাডিশান্যাল এ্যাক্সপেণ্ডিচারের জন্য আমাদের সাপ্লিমেণ্টারী করতে হয়। কেন আমি এই সব প্রশ্ন করছি তার

কারণ হ'ল এই বাজেটের মধ্য থেকে এমন কতগুলি আইটেম আমি তুলে ধরছি, যেগুলি একটা সাঙ্ঘাতিক ব্যাপার। এই সাপ্লিমেন্টারী বাজেটটা কোন সময়ে আনা উচিত, এই সম্বন্ধে অনেকে অনেক বক্তব্য রেখেছেন। এটা একটা এ্যাক্সপেণ্ডিচার, এই এ্যাক্সপেণ্ডিচার কোন অবস্থায় করা যায় না যতক্ষণ পর্য্যন্ত এটার স্যাংশান না পাওয়া যায়। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে আর মাত্র বছরের ৬ দিন বাকী আছে, এর মধ্যে যদি একটা এ্যাক্স-পেণ্ডিচার হয় যেমন ধরুন ডিমাণ্ড নাম্বার ২৮, এতে যে ৫ লক্ষ ৬৪ হাজার টাকা এ্যাক্সেস ডিউ টু ইন্‌ক্রিজ ইন দি ওয়ার্কস ফর রেষ্ট্রীকশান অব ফ্লাড ডেমেজেস এ্যাণ্ড অলসো ফর দি প্রভিশান ফর মেনিটনান্স অব এ ফিউ নিউ স্কীমস—কন্‌টেমপ্লেটেড আণ্ডার ক্যাপিটেল হেড অব এ্যাকাউন্টস। ৬ দিনে এই ৫ লক্ষ ৬৪ হাজার টাকা খরচ হয়ে গেছে বা যাবে, এটা কেমন করে সম্ভব হতে পারে? আর একটা আছে, আমি দেখেছি যে রিলিফের ব্যাপারে যেখানে ৩ লক্ষ টাকা ধরা হয়েছিল সেখানে এবার আরও ধরা হয়েছে ২ লক্ষ টাকা। কাজেই এই টেষ্ট রিলিফের ব্যাপারে সেখানে প্রশ্ন উঠবে যে ৬ দিনের মধ্যে এত টাকা খরচ হবে না, হতে পারে না। অথচ এই টাকাটা আগেই খরচ হয়ে গেছে। আর একটা হচ্ছে দুধ কেনার ব্যাপারে—সেখানে ৯২ হাজার টাকার দুধ ৬দিনে কিনতে হবে।

(...মন্তব্য—শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য) আপনি এ্যাডমিট করুন আর না করুন তাতে আমার কি? এখানে ঠাকুরদাদার ইনষ্ট্রাকশানে চলবে না। আমরা চালাব আমাদের বিজনেস, আমাদের রুলস এ্যাণ্ড প্রেক্‌টিস অনুসারে। কাজেই কোন ঠাকুর-দাদা আমাকে চালাতে পারবে না, সেই ঠাকুরদাদা দিল্লীতেই থাকুক আর যেখানেই থাকুক।

Mr. Speaker :—The House stands adjourned till 2 P. M. to-day. The member speaking will have the floor.

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—তবে আরেকটা জিনিষ আমি বলছি সেটা হচ্ছে অন্যান্য stateএ সেটা জানুয়ারী বা ডিসেম্বর মাসে হয়। এমন কি Parliamentএ দেখা গেছে যে একটা Supplementary Grant আগে করা হয়েছে, অথচ দেখা গেছে যে প্রয়োজন হওয়াতে আবার December মাসে করা হয়েছে। কিন্তু এত দেরী করে March মাসে কোন stateএ Supplementary Grant চাওয়া হয়েছে এমন কথা আমার জানা নেই। এ সম্বন্ধে আমি বলেছিলাম যে অনেকগুলিতে খরচ হয়ে গেছে। তবে মাননীয় অর্থ মন্ত্রী বলেছেন যে, হ্যাঁ, খরচ হয়েছে এবং করতে পারি। এসম্বন্ধে একটা সুষ্ঠু নির্দেশ কাউলে দেওয়া আছে ৫৬৪ পৃষ্ঠায়। সেখানে লিখা আছে—"Demands for money already spent in excess of voted grant are not made by way of supplementary grant, but in the form of excess grant." কাজেই এটা excess grant হিসাবে এই Houseএ আনা উচিত। কিন্তু মার্চের শেষ সপ্তাহে supplementary grant হিসাবে একটা আসা উচিত নয় কোন মতেই। এর কৈফিয়ৎ হয়ত তারা দিতে পারেন। "যেমন Central Govt.এর sanction আমরা সময় মত পাই না বা আনতে পারি না ইত্যাদি যেহেতু আমরা Union

Territory" অন্যান্য যে সব Union Territory আছে সেখানেও সময়মত টাকা খরচ করার আগেই Supplementary Grant নেওয়া হয়ে থাকে। আর আজকে বছর শেষ হওয়ার ৬।৭ দিন আগে এই বিধান্ সভায় যে টাকা খরচ হয়ে গেছে, সেই টাকার ব্যয় বরাদ্দের দাবী supplementary grant হিসাবে চাওয়া হয়েছে সেটা Excess Grant হিসাবে আসা উচিত ছিল। Supplementary grantএর প্রয়োজনীয়তা আছে এটা অনস্বীকার্য্য। কিন্তু March মাসের শেষ দিকে এই Supplementary Budget না এনে, December বা January মাসে আনা উচিত। এদিকে দৃষ্টি রাখার জন্যে আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করবো। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Shri Rajkumar Kamaljit Singh.

শ্রীরাজকুমার কমলজিৎ সিং :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই House মাননীয় অর্থমন্ত্রী যে Supplementary Budget পেশ করেছেন ব্যয় বরাদ্দের জন্য আমি তা নীতিগতভাবে সমর্থন করছি। একটি জিনিষ এই যে, গত sessionও 1964-65এর একটি Excess Grant আমরা এই House থেকে মঞ্জুর করেছিলাম। এখন একটি হচ্ছে Excess Grant আর একটি হচ্ছে Supplementary Budget. এই বাজেটে যেসব খাতে অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবী চাওয়া হয়েছে, সেখানে অনেক ক্ষেত্রেই আমরা দেখতে পাই যে, Administration এর Execution টি properly হয় না বলেই বেশী টাকা খরচের প্রশ্ন উঠছে। একটা জিনিষ আমরা দেখতে পাচ্ছি এখানে যে, Block Budget এ আমাদের যে Plan work গুলি আছে সেগুলি আস্তে আস্তে Normal Deptt. এ নিয়ে আসা হচ্ছে। সেখানে Agriculture বা Industryর staffগুলো আছে। This is not a normal plan. যদি আমরা দেখি যে, এই Blockটি এই phase এ যাচ্ছে, second stage এগোচ্ছে, বা pre-stage or post stage এ যাচ্ছে তাহলে Deptt.এর staff গুলিকে plan থেকে Non-planএ চলে যাবে। এটাও plan এর মধ্যে ধরা থাকে। গত 1969-70তে Original যে বাজেটটি সেটিতে এটা স্থান না পেয়ে এই Supplementary Budget এ ধরা হয়েছে, তাতে আমরা দেখতে পাবো এখানে যে, যে Departmentএ যারা plan করছেন, যারা Education এর plan করছেন তাদের মধ্যে এই planটি সত্যিকার রূপায়িত হয় নি বলেই Supplementary ধরতে হয়েছে। কতগুলি জিনিষ আছে আমরা দেখতে পেয়েছি, কতগুলি জিনিষ আমরা দেখতে পাইনি। Supplementary Budget is essential. কারণ অনেক সময় unforeseen অনেক expenditure থাকে, plan করার পরও plan work এর জন্য additional expenditure দরকার হয়ে পড়ে। কিন্তু বাজেটে আমরা দেখতে পাই যে, Departmentগুলো plan workগুলো ঠিক ঠিক মতো execute করতে পারে না। তাই অনেক সময় আমাদের Budget এর কতগুলো টাকা lapse হচ্ছে বা কখনও টাকা উদ্বৃত্ত হচ্ছে।

মাননীয় সদস্য প্রমোদ বাবু যেসব কথা বলেছেন, সেটা appropriate. যদিও আমরা Union Territoryতে আছি তবুও আমাদের Budget বরাদ্দের টাকাগুলো properly আমাদের utilise করা উচিত। একটি দৃষ্টান্ত আমি এখানে দেব।

গত session এ আমাদের এখানে মাননীয় Speaker, Dy. Speaker, Ministers এবং other members এর যে সেলারী বিলটি পাশ হয়েছে, সেটা ব্যস্ততার সাথে Houseএ উত্থাপিত হয় এবং সেই ভাবেই পাশ হয়ে যায়। তাতে বুঝা যাচ্ছে যে Union Territoryতে আমরা আছি এই ভাগ্য নিয়েই। Central Govt. হঠাৎ করে একটা Declaration দিয়ে Administration এ যারা আছেন তাদিগকে একটা false position এ ফেলে দেন বলে আমার ধারণা। তাই আমি House এর কাছে এই প্রস্তাবটা রাখতে চাই যে আমাদের যে সব grant গুলি আছে, বা Excess grant, এইগুলি খরচ হয়ে যাওয়ার পর Houseএ যখন আসে তখন আমাদের মঞ্জুর না করে কোন উপায় থাকে না। কিন্তু supplementary grant এর বেলায় April থেকে আরম্ভ করে ছয় মাস খরচ করার পর Next Sixth monthsএ যে excess হচ্ছে বা কোন কোন Deptt. এ divert হচ্ছে সেটা আমরা দেখতে পাই, তখন সেইগুলি পূরণের জন্য Supplementary Budget এর প্রয়োজন হয় এবং তা করার সুযোগ সুবিধাও Central Govt. আমাদের দিয়ে দিয়েছেন। কোন এক সদস্য বলেছেন এই supplementary Budget গুলি Octoberএ আনার জন্য। কিন্তু আমি বলব Octoberএ না এনে December বা Januaryতে যদি place করি তবে ভাল হয়। আর একটি জিনিষ হচ্ছে Govt. loan যেটা Additional provision is required for making payment of Interest on loans taken from the Central Government এই রকম কোন কিছু supplementary Budgetএ আসার কথা নয়। তার কারণ Govt. এর যা লোন আসছে annual budget করে সে লোন দেওয়া হচ্ছে। annually কত টাকা করে এই ভাবে আমাদিগকে payment দিতে হবে সেটা পূর্ব্বেই নির্দ্ধারিত হয়ে যায়। কাজেই এটা একটা ধরা বাঁধা নিয়ম। কিন্তু একটা বিরাট অঙ্কের টাকা এখানে ধরা হয়েছে। সুতরাং এই যে loan এর টাকা সেটা supplementary budget এর মধ্যে আনার কোন প্রয়োজন আমি উপলব্ধি করি না। যাই হউক আমি main supplementary budget এর উপর আলোচনা করে আর সময় নষ্ট করব না। আমি আলাদা আলাদা ভাবে supplementary budget demand এর উপর আলোচনার সুযোগ গ্রহণ করব। এই বলেই আমি supplementary budget এর উপর সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Shri Bidya Ch. Deb Barma,

Shri Bidya Ch. Deb Barma :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে house এর supplementary budget সম্পর্কে আলোচনা করছি। এটা প্রকৃত পক্ষে বাস্তবের সাথে সম্পর্ক আছে বলে আমার মনে হয় না। কারণ এতে নূতনত্ব কিছুই নাই। এতে নূতনভাবে উন্নয়নমূলক কিছুই উল্লেখ নাই। তাই আমি এই supplementary budgetটিকে পূর্ণভাবে সমর্থন করতে পারছিনা। তাই আমি বিরোধিতা করছি। Demand No. 4এ যে provision আছে তাতে Astt. transport commisioner নিযুক্ত করা হয়েছে। কিন্তু তারা আজ পর্যন্ত কি করেছে তা আমার জানা নাই। কাজেই এই সব budget করার

কি অর্থ আছে আমি বুঝতে পারি নাই। কাজেই সেইদিক Govt. এর কোন scheme করার প্রয়োজন মনে করি না। কারণ যেখানে আইন নেই, শৃঙ্খলা নেই, সেখানে যেসমস্ত demand চাওয়া হবে তা দুর্নীতির আড্ডায় গিয়ে পৌঁছবে সেটা আমরা কেহই চাই না। কাজেই সেই দিক দিয়ে precaution নেওয়া দরকার বলে আমি মনে করি। লে: গভর্ণরের অন্তত: সেই দিকে নজর দেওয়া দরকার। কোন কোন সময় আমরা দেখি যে সরকারী গাড়ীগুলি সরকারী কর্মচারী এমন কি মিনিষ্টারদের পর্য্যন্ত আনা নেওয়া করে। শৃঙ্খলা ভঙ্গ করে কে? এবং এই দিক থেকেই অন্তত: প্রত্যেকের বুঝা দরকার যে—আমি উল্লেখ করে বলতে পারি যে কারা তেলিয়ামুড়ায় গিয়েছেন সরকারী গাড়ী নিয়ে, সরকারী তৈল খরচ করেছেন অথচ এইদিকে যারা অনাহারে দিন কাটাচ্ছে তাদের জন্য কিছুই হচ্ছে না। কাজেই এই দিক দিয়ে এই সমস্ত demand চাওয়ার কোন অর্থ হতে পারে না।

তারপর সরকারী কর্মচারীদের বেলায় যে সমস্ত scale এখানে দেওয়া হয়েছে বা চাওয়া হয়েছে। আমাদের এখানে central scale দেওয়া হয়েছে কিন্তু কোন কোন জায়গায় আমরা দেখেছি central scale চায় না। যেমন হিমাচল প্রদেশের তারা Punjub এর scale চেয়েছে। ঠিক সেইরূপভাবে আমাদের এখানে পশ্চিমবঙ্গে স্কেল চালু করা দরকার বলে আমি মনে করি। এই সমস্ত কারণে আমি supplementary demand সমর্থন করতে পারি না। প্রথম থেকে যদি ঠিকমত demand করা হ'ত তাহলে ত্রিপুরার অনেক কল্যাণ হ'ত। কাজেই এই সমস্ত demand গুলির সম্পূর্ণ বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Shri Ghanashyam Dewan.

Shri Ghanashyam Dewan :— মাননীয় অধ্যক্ষ মহোদয় অর্থমন্ত্রী যে supplementary demand আমাদের সামনে রেখেছেন আমি তার সমর্থনে কিছু বলব। আমাদের ত্রিপুরার জনগণের প্রয়োজনেই এই budget হয় এবং এই budgetএ যখন সংকুলান না হয় তখনই আমাদের supplementary budget করে আমাদের প্রয়োজন মেটাতে হয়। এই প্রয়োজন মেটাতে গিয়েই administration থেকে এই budget করা হয় এবং যে টাকা মঞ্জুর করার জন্য চাওয়া হয় সেটা আমাদের জন্যই চাওয়া হয়। কিন্তু বাজেট করাটা বড় কথা নয়। বাজেটের টাকা ঠিক ঠিক মত খরচ করা হ'ল বড় কথা। Demand No. 29 famine relief এখানে যে দুই লক্ষ টাকা চাওয়া হয়েছে ত্রিপুরার অবস্থার পরিপ্রেক্ষিতে দেখা যায় খরা এবং বন্যা প্রায় লেগেই আছে। কারণ ত্রিপুরার নদীগুলির অত্যাধিক জলস্ফীতি রোধ করার কোন ব্যবস্থা নেই। এবং অত্যাধিক খরার সময়েও আমাদের এখানে এমন কোন ব্যবস্থা নেই যাতে জলসেচ করে চাষ বাসের ব্যবস্থা এবং পানীয় জলের সুষ্ঠু ব্যবস্থা করতে পারি। আমি মনে করি যে টাকাগুলি ধরা হয়েছে সেগুলি ঠিক ঠিক মতো খরচ করতে পারলেই আমাদের কাজ হবে। কিন্তু অনেক সময় দেখা যায় যে অনেক টাকা ফেরত যায়। তার কারণ হল এই যে, ত্রিপুরার জন্য যে বাজেট করা হয় সেটা অনেকটা কেন্দ্রের উপর নির্ভর করে যেহেতু আমাদের এটা একটা union territory, আমাদের রাজ্যের পূর্ণ ক্ষমতা নেই সুতরাং আমাদের বাজেটের অনেক কাট ছাট করা হয়, যার দরুন আমাদের এই supplementary budget এর উপর নির্ভর

করতে হয়। সুতরাং আমাদের প্রয়োজনেই এই supplementary budget, এটা বে আইনি নয়। কারণ জনগণের যখন সেই চাহিদা, তা মিটানোর জন্য এই টাকার প্রয়োজন। কাজেই এই টাকাটা যাতে জনগণের কল্যান মূলক কাজে আমরা ঠিক ঠিক ভাবে ব্যয় করতে পারি সেটা হল বড় কথা। আমি আশা করব, আমাদের মন্ত্রী মহোদয়ের যারা আছেন, যারা ত্রিপুরার জন্য plan করেন, তারা যদি ঠিক ঠিক মতো বাজেট করতেন তাহলে আজ এরকম সাপ্লিমেণ্টারী বাজেটের প্রয়োজন হতো না। আগামী কয়েক দিনের মধ্যেই আমরা আগামী বৎসরের বাজেট সম্বন্ধে আলোচনা করব। সেই সময় বাজেটের বিশ্লেষণ হওয়া দরকার এবং এমন ক্ষমতা থাকা দরকার যাতে efficient administration এর জন্য ঠিক ঠিকভাবে বাজেট ওনারা করতে পারেন। যাতে এই অসময়ে অতিরিক্ত ব্যয় বরাদ্দের জন্য কেন্দ্রের নিকট যেতে না হয়। এবং যেন আমরা বাজেটের টাকা ঠিক ঠিক মত খরচ করতে পারি। আমি এই supplementary budget সমর্থন করি। আমার বক্তব্য এখানেই আমি শেষ করছি।

Mr. Speaker :—Shri Jatindra Kr. Majumder.

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রতি বৎসরই আমাদের হাউসে সাপ্লিমেণ্টারী গ্র্যাণ্ট আগে পাশ হয়। অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় যে এই টাকাটা শুধু allowance বা dearness allowance ইত্যাদি বাবদে। বাস্তব ক্ষেত্রে জনসাধারণের বিশেষ প্রয়োজনে খুব বেশী একটা কিছু এর মধ্যে আছে বলে আমার মনে হয় না। আর একটি অসুবিধা হচ্ছে এই যে,—যেমন দেখা যায় যে Medical and Public Health এ supplementary grant চাওয়া হয়েছে 15,20,800/- টাকা বিভিন্ন খাতে আছে কি কিভাবে খরচ হবে। এক জায়গায় আছে—The excess amount will be necessary for digging of more tube-well and wells and repair and reconstruction of old tube-wells, R.C.C. wells, tanks etc. in rural & urban areas for pure drinking water.

এখন মার্চ মাস শেষ হতে আর ৬ দিন বাকী। কাজেই এই যে জিনিসগুলি purchase করার জন্য টাকা চাওয়া হয়েছে, এই টাকা কি করে খরচ হবে—সেটা আমার বোধগম্য নয়। এখানে rural and urban areaর, tube-well, R.C.C. well ইত্যাদির জন্য যে সমস্ত parts কেনা হবে, সেগুলো খরচ করতে গেলে পর R.W.S. থেকে tender call করতে হবে। এখানে থেকে যখন এটা পাশ হয়ে যাবে, তারপর রাষ্ট্রপতির assent পাবে, তারপর Department, এ যাবে তারপর খরচ করার জন্য যখন sanction পাবেন তখন তারা খরচ করবেন। কি করে এতগুলো টাকা তারা খরচ করবেন আমি বুঝতে পারি না। কারণ Tender call করা হবে, Contractor Tender দিবে; Lowest বা above scheduled rate হবে. এই করতে করতে সময় লেগে যাবে। এবং কি করে যে rural এবং urban areaতে ঐ সকল কাজে টাকাগুলো এত অল্প সময়ের মধ্যে খরচ করা হবে এটা ভেবে আমি অবাক হয়ে যাই।

আর একটা কথা হচ্ছে যে, Demand No. 23—Misc. Social & Developmental Organisations সেটা Head আছে এটা সেই পাঁচটা হেড্ হচ্ছে (A) Statistical, (B) Procurement of rice & Paddy, (C) Procurement of Essencial Commodities. (D) Statistics. (E) Welfare of Schedule Caste, Scheduled Tribes & other Backward Communities. আজকে আমি একথাই উল্লেখ করতে চাই যে এই যে excess grant ধরা হয়েছে, সেটা আমরা পাশ করবো। এটা হযত বিশেষ প্রয়োজনে আমাদের হঠাৎ দরকার হয়ে পড়েছে ; এরকম ক্ষেত্রে আসা উচিত ছিল। কারণ আজকে গ্রাম দেশে দেখা যায় urban areaতে বা rural areaতে drinking waterএর যে অসুবিধা, Communication বা রাস্তার যে অসুবিধা, সেই সব বিশেষ প্রয়োজন ক্ষেত্রে আমাদের supplementary grant আমরা যখন পাশ করি তখন আমাদের satisfaction আসে যে, Supplementary Grant আমাদের বিশেষ দরকার। এটা পাশ করে দেওয়া দরকার এতে আমাদের সন্তুষ্টিও আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে আমার একটা প্রশ্ন ছিল সেটা হচ্ছে 206 জিরানীয়া এক এলাকায় ট্রাইবেল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট থেকে, কতটা রাস্তা করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহোদয় বলেছেন উত্তর সংগ্রহাধীন আছে। কিন্তু আমি জানি যে একটিও রাস্তা হয় নাই। 1968-69, 1969-70 ২টি আর্থিক বৎসরে Tribal Welfare Deptt. থেকে সেখানে রাস্তা হয় নাই। কারণ সেখানে কি Tribal, Schedule Caste বা other backward Communities নেই ? কেন হয় না ? কাজেই আমি মনে করি Supplementary Grant যখন আমাদের কাছে আসে আমি এই সব ক্ষেত্রে বিশেষ প্রয়োজন, rural areaতে যারা আছে। তাদের drinking waterএর জন্য, রাস্তার জন্য যাতায়াতি ব্যবস্থা করার জন্য supplementary grant আসলে সেটা সবাই সমর্থন করবে। আমি বলছিনা যে suplementary grant আসবে না। April মাসের কোন সময় এসব কাজ হবে তার ঠিক নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয় অনেক টাকাই ধরা আছে। কিন্তু মার্চ মাসের মাত্র আর ৬ দিন বাকী। এ টাকা তারা এই ৬ দিনে কি করে খরচ করবেন আমি বুঝতে পারি না। আমি জানি এমন অনেক অফিসার আছেন, যারা এই কয় দিনে টাকা খরচ করতে সাহস পান না। অনেক revenue officerরা আছেন তারা অনেকেই জানেন না যে estimate টাকা খরচ হবে কিনা। তবে এমন সময় তারা মার্চ মাসের শেষ ভাগে টাকা চান সে সময় তারা টাকাটা খরচ করতে পারবেন কিনা তারাই বলতে পারেন না। মাননীয় অধ্যক্ষ মহোদয় যাহা হউক আমি মাননীয় মন্ত্রীমহোদয়ের মাধ্যমে অনুরোধ রাখব যে supplementary grant একটু আগেভাগে চাওয়া যায় কিনা সে বিষয়ে চেষ্টা করতে। কারণ বাজেটে টাকা বরাদ্দ করা হবে অথচ জনহিতকর কাজে তা ব্যয়িত হবে না, এটা ঠিক সমর্থন যোগ্য নয়। আমরা চাই জনসাধারণের কাজে টাকা ব্যয়িত হ'ক এবং জনসাধারণের যথার্থই মঙ্গল সাধিত হবে। এই কথা বলে supplementary budgetএর সমর্থনে বক্তব্য রেখে আমি এইখানে শেষ করছি।

Mr. Speaker :—Now I call on Shri Naresh Roy.

Shri Naresh Roy :—মাননীয় Speaker, Sir, মাননীয় অর্থমন্ত্রী আমাদের সামনে যে Supplementary Demand রেখেছেন সেটা আমি সমর্থন করি। ত্রিপুরা এমন একটা জায়গা স্বাভাবিকভাবে যখন আমরা বাজেট করি সেই স্বাভাবিক অবস্থা অনেক সময়ে অস্বাভাবিক হয়ে দাঁড়ায়। এবং সেটা কেউ অনুমানও করতে পারে না যে ত্রিপুরায় এমন ঘটনা ঘটবে অথবা ঘটতে পারে। সুতরাং সাম্ভাব্য বাজেটকে ছাড়াইয়া গিয়া supplementary বাজেট প্রায়ই আনতে হয় এই কথা কেউ অস্বীকার করতে পারে না। এমনও ত হয় আমরা যখন Assemblyতে আসি তখন হয়ত ঠিক করে আসি আজকে Business সম্পর্কে এই এই কথাগুলি বলব। কিন্তু Assemblyতে এসে এমন ঘটনা হয় যে প্রতিদিনই কিছু অতিরিক্ত কথা বলতে হয়। এই supplementary কথা যে বলতে হবে এটাত আগে জানতাম না। প্রতিদিনই supplementary কথা হয়। যার জন্য অধিক সময় নষ্ট হয়ে যায়। এবং সময় যে নষ্ট হয় সেটাও অস্বাভাবিক। সুতরাং মাননীয় সদস্যরা যদি বাজেটের বাহিরে কথা বলতে পারেন তাঁদের চিন্তাধারার বাহিরে কথা বলতে পারেন তাহলে বাজেটের বাহিরে যে কাজ করতে সরকার বাধ্য হবে না তা কি করে তারা ধারণা করতে পারেন। অতএব যে Supplementary বাজেট এসেছে সেটা অতি স্বাভাবিক। শুধু ত্রিপুরায় নয় প্রত্যেক Govt. Supplementary demand আনেন। Supplementary Demandএ যে টাকাটা সেটা খরচ হয়ে গেছে বা খরচ হবে। কাজেই এই বাজেট সেসনেই এই ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। আর একটা কথা হ'ল এই যে, একটা সেসানের ৬ মাস পর আর একটা সেশন থাকতে হয়। অবশ্য ৬ মাসের মধ্যে সেশান ডাকা যায়। কিন্তু কেবলমাত্র Supplementary budget পাশ করার জন্যে একটা সেশান ডাকা চলে না, অন্যান্য ফেক্টরও থাকতে হয়। গত সেশনের পর এটাই প্রথম সেশন এবং earliest opportunityতেই এই Supplementary budget পেশ করা হয়েছে। তবে ২।৩ মাস পূর্বে এই টাকাটা sanction করা যেতো তাহলে কাজের পক্ষে ভাল হতো। কারণ টাকার অভাবে অনেক ক্ষেত্রে উন্নতিমূলক কাজ করতে বিলম্ব হয়। অনেক অফিসে আমি গিয়াছি। সেখানকার অফিসাররাও বললেন যে সময় মত আমরা sanction পাই না বলে আমাদের কাজে বিলম্ব হয়। যদি তারা যথা সময়ে টাকাটার sanction পেতেন তাহলে কাজ করতে তাদের পক্ষে সুবিধা হতো।

এখানে দেখা যায় যে, এই যে Excess Demand এটাতে দেখা যাবে যে, শুধু Pay & allowances বাবদই বেশীর ভাগ টাকা খরচ হয়েছে। জনসাধারণের উন্নতিমূলক কোন কাজে অতিরিক্ত খরচ হয় নাই। যেসব সদস্যরা সব সময় বলে থাকেন যে, employeesদের বেতন ও ভাতা বাড়াতে হবে, তারাই আবার এখানে কি করে employeesদের বেতন ও ভাতা বাবদ বাড়তি খরচের বিরোধীতা করেন এটা আমি বুঝতে পারি না। তাহলে বুঝতে হবে emploeesদের সুযোগ সুবিধা তারা আন্তরিকতার সহিত চান না। শুধু রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য employeesদের জন্য মায়াকান্না করে থাকেন। আজ যদি সত্যি সত্যিই তারা employeesদের মঙ্গল কামনা করেন তাহলে তাদের উচিত এই ডিমাণ্ডের বিরোধীতা না করে

সমর্থন করা। তাই আজকে যারা employee আছেন, তারা বুঝতে পারবেন যে, সত্যি সত্যিই এই বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা তাদের মঙ্গল কামনা করেন, নাকি রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির উদ্দেশ্যে তাদের দাবীর প্রতি শুধু মৌলিক সমর্থন ও দরদ দেখান।

আজকে সারা ভারতবর্ষে refugee problemটা খুব বড় হয়ে দেখা দিয়েছে। আগে জানা নেই শুনা নেই হঠাৎ করে একদল লোক পাকিস্তান থেকে এসে হাজির হলো। যেমন ইদানিং দেখা যাচ্ছে যে, পাকিস্তান থেকে শত শত পরিবার হঠাৎ করে ত্রিপুরায় এসে আশ্রয় প্রার্থী হয়েছে। ছ'মাস আগেও আমরা এটা জানতাম না। এই সব নবাগত রিফিউজি পরিবারদের সবাইকে আশ্রয়, খাওয়া পড়ার ব্যবস্থা সরকারকে করতে হচ্ছে। তা না করা হলে আবার এই বিরোধীপক্ষের সদস্যরাই চীৎকার করে প্রচার করবেন যে, মানুষ আশ্রয়হীন তারা না খেয়ে মরছে। এভাবে সহর বন্দরে অপপ্রচার চালিয়ে মানুষকে বিভ্রান্ত করবেন। কাজেই আজকে এই refugeeদের জন্য যদি কোন অতিরিক্ত খরচ হয়ে থাকে তাহলে তাকে আমরা অযৌক্তিক খরচ বলতে পারি না।

আবার Educationএর ব্যাপারে আমরা যে সম্ভাব্য ব্যয় বরাদ্দ নির্দ্ধারণ করি তাতে দেখা যায় যে, বৎসরের শেষে সেই বরাদ্দ টাকা যথাসময়ে ব্যয় হয় না। কারণ সমাজদ্রোহীদের কার্য্যকলাপে বাধাবিঘ্ন ঘটে। অনেক সময় দেখা যায় সমাজদ্রোহীরা জনসাধারণের মধ্যে বিভিন্ন ভাওতা দিয়া তাদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করে, অতিরিক্ত ব্যয় বরাদ্দ যে অন্যায় নয় এটা ঠিক।

কাজেই এই ব্যয়কে যারা সমর্থন না করবেন আমি মনে করি। তারা চিরকালই এটা বিরোধীতা করতে চান, সত্যকে অস্বীকার করতে তারা দ্বিধাবোধ করে না, Supplementary grantএর টাকা অথবা original বাজেটের টাকা যদি ফেরত যায়, তাহা হলে এটা বড়ই দুঃখের বিষয়, আমাদের সমাজের মধ্যে এমন কতগুলো কাজ আছে যেগুলো না হলে চলে না। যেমন কতক্ষণ আগে M. L. A. ক্ষিতীশবাবু বলেছেন যে, আমাদের ত্রিপুরার গ্রামে গ্রামে পানীয় জলের অত্যধিক অভাব আছে, ইহা বাস্তবিকই সত্য কথা, পাড়ায় পাড়ায় ঘুরলে দেখা যায় যে, আমাদের ত্রিপুরায় এমন কতগুলো গ্রাম আছে যেখানে পানীয় জলের যে ব্যবস্থা সরকার করছেন তা অত্যন্ত নগণ্য। চৈত্র বৈশাখ মাসে সেখানে পানীয় জলের জন্য একটা হাহাকার পড়ে যায়। এমনও দেখা যায় যে এক গ্লাস জল চাইলে পানীয় জল পাওয়া যায় না, ত্রিপুরার যে ভৌগলিক অবস্থা তাতে ত্রিপুরায় প্রত্যেকটি পাড়ায় পানীয় জলের সুব্যবস্থা করা অত্যন্ত প্রয়োজন, ত্রিপুরায় প্রায় অধিকাংশ ভূমি টিলা ভূমি সেখানে পুকুর বা Ring well করেও জলের ব্যবস্থা করিতে পারে না। সেই জন্য সরকার থেকে প্রতিটি পাড়ায় tube well ও ring well এর ব্যবস্থা করা দরকার। বর্ত্তমানে মানুষের যে আর্থিক অবস্থা তাতে নিজ খরচে এ সমস্ত tube well বা ring well বসানো সম্ভব হয় না। সেইজন্য সরকার এ বিষয়ে উদ্যোগী হওয়া দরকার। জল ছাড়া মানুষ বাচতে পারে না। খাদ্য ও জল মানুষের বাচার জন্য একান্ত প্রয়োজন Supplementary grantএ যদি ত্রিপুরার পানীয় জলের ব্যবস্থার জন্য কোন বরাদ্দ থাকতো তাহলে এটি বড়ই আন-

ন্দের ব্যাপার হতো। কারণ ত্রিপুরায় এমন জায়গা অতীব বিরল যেখানে পানীয় জলের অভাব দেখা যায় না, Ring well ও tube well যেগুলোর ব্যবস্থা সরকার করেছে সেগুলো অনেক জায়গায় serviceable অবস্থায় থাকে না। সুতরাং এই পরিপ্রেক্ষিতে যদি পানীয় জলের ব্যবস্থার জন্য supplementary grant এর ব্যবস্থা থাকতো তাহলে এটি অত্যন্ত সুখের কথা হতো। জনসাধারণ আমাদের আশীর্বাদ করতো। পানীয় জলের যে অতীব গুরুত্বপূর্ণ ব্যাপার, তজ্জন্য supplementary grant এর কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না, Agriculture এর জন্য যে ব্যয় বরাদ্দ ধরা হয়েছে তাতে Grow more Food এরজন্য বেশী বরাদ্দ করা হয় না। কিন্তু Grow more Food খাতে ব্যয় বরাদ্দ বেশী থাকা উচিত ছিল, থাকলে আমি বড়ই আনন্দিত হতাম মানুষের যে জিনিষগুলো অত্যন্ত প্রয়োজন যে সমস্ত বিষয়ে যদি supplementary grantএ ব্যয় বরাদ্দ ধরা হতো তাহলে সেটা আমাদের পক্ষে আনন্দের ব্যাপার হতো। অর্থাৎ মানুষের দৈনন্দিন অত্যাধিক প্রয়োজনে যে যে জিনিষপত্রের প্রয়োজনে এবং তারজন্য কোন Demandএ যদি কোন অর্থ ব্যয় বরাদ্দ ধরা হয় তাহলে কোন বিবেক সম্পন্ন মানুষ তাকে সমর্থন না করে পারে না। এবং যে সময়ে হউক বাজেট পাশ করানোর ব্যাপারে সকলে সেটাকে সমর্থন করবেন। সুতরাং আমার কথা হল মানুষের important চাহিদার জন্য যদি কোন টাকা একান্ত প্রয়োজন হয় এবং তার জন্য কোন Demand এর প্রযোজন হয় তাহা আমরা নিশ্চয়ই সমর্থন করব। আমাদের মূল বাজেটের যে টাকা থাকে প্রয়োজন বোধে সেই টাকা থেকেও যেন ধরা হয় এবং ধরা হয়ে মানুষের আসল প্রয়োজনে তাহা যথাযথ যেন ব্যয় করা হয়। আজকে বিভিন্ন দিকে crisis রয়ে গেছে। আমি জানি সেই crisis এর জন্য প্রয়োজনের থেকেও অনেক বেশী অর্থ খরচের দরকার হয়ে পড়ে। তাই মূল বাজেটের টাকার সঙ্কুলান হয়ে উঠে নাই। আমি একটা কাগজে দেখেছি, যে ত্রিপুরাতে বর্তমানে ১,৭৪৫ ring well, tube wells আছে। তার মধ্য 50% অকেজো, ত্রিপুরার গ্রামের সংখ্যা যদি দেখি তাহলে দেখা যায় ত্রিপুরাতে ৩ হাজার থেকে সাড়ে তিন হাজারের মত গ্রাম আছে। তাহলে দেখা যায় গ্রামের সংখ্যার তুলনায় tube wells এবং ring wellsএর সংখ্যা নগণ্য এবং ন্যায়সঙ্গতভাবে আমরা জলের ব্যবস্থা করতে পারি নাই। বিভিন্ন দিকে খরচ কিছুটা কমিয়ে দিয়েও এই পানীয় জলের ব্যবস্থার জন্য আরও ring wells এবং tube wells স্থাপন করা দরকার। কারণ জল মানুষের বাচবার পক্ষে একান্ত প্রয়োজন। আমরা অনেক সময় দেখি মূল বাজেটে যে টাকা ধরা হয় সেই টাকা ঠিক ঠিক ভাবে অনেকাংশে ব্যয় হয় না। রাস্তাঘাটের দিকে যদি লক্ষ্য করি তাহলে দেখা যায় যদি কোন রাস্তার জন্য ৫০ হাজার টাকার কাজ হয়, দেখলে মনে হয় তারজন্য ১০।১৫ হাজার টাকার কাজ হয়েছে। রাস্তার দুই পার্শ্বের যে জনসাধারণ থাকে, তাদের সাথে যদি আলাপ করা হয় তাহলে তারাও বলবে যে সম্পূর্ণ টাকা খরচ করা হয়নি। কাজেই মূল বাজেটের যে টাকা খরচ করা হয় সেটা যাতে ঠিক ঠিক ভাবে খরচ হয় সেদিকে আমাদের লক্ষ্য করতে হবে। টাকা কিভাবে নষ্ট হল সেদিকে আমাদের কোন তাগিদ নেই, কিন্তু supplementary Demands এর বেলায় টাকা আমরা ধরে বসলাম। বিভিন্ন দিকে জনসাধারণের সাথে আলাপ আলোচনা করলে মানুষের মন থেকে একটা দুঃখের আবহাওয়া আসে যে এই

ভাবে টাকা খরচ হচ্ছে, অথচ ঠিক ঠিক ভাবে কাজ হচ্ছে না। সম্পূর্ণ সত্য না হলেও অনেকাংশে সত্য। কাজেই যাতে এভাবে money mis use না হয় সেদিকে আমাদের প্রচেষ্টা থাকা দরকার। সেদিকে যদি প্রচেষ্টা করি তাহলে আমার মনে হয় Supplementary Demand যে আমরা করি, তাহা অনেকাংশে না ধরলেও চলবে। কারন যে টাকা ধরা হয় সেটা যদি ঠিক ঠিক ভাবে কাজে লাগানো হয় তাহলে Supplementary Demands অনেক সময় প্রয়োজন হয় না।

Supplementary Demands এর প্রয়োজন আছে এটা আমি অস্বীকার করছি না। তবে মুল বাজেটের টাকা যথাযথভাবে কাজে লাগালে Supplementary Demand প্রতিটি ক্ষেত্রে প্রয়োজন হয় না, এটাও সত্য কথা। আমরা অনেক ক্ষেত্রে এই সমস্ত ব্যাপারে তদ্বির নিতে পারি না। কাগজে পত্রে অর্থের ব্যয় ঠিকই থাকে, কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখলে দেখা যায় তাহা বিপরীত। একটা প্রবাদ গ্রাম দেশে প্রচলিত আছে সেটা হল "মুন্সী বাড়ীর গাই, কিতাবে আছে, দোহাইলে নাই।" ঠিক আমাদের অবস্থাও অনেক সময় সেই রকম হয়। অর্থাৎ মৌলানা সাহেব তার প্রতিটি শিষ্যের বাড়ীতে সারা বৎসর ঘুরাঘুরির পর প্রত্যেক শিষ্য ১টা করে গাই মৌলবীকে কিভাবে দান করত। মৌলবী সাহেব তখন খাতাতে প্রত্যেক শিষ্যের নামে একটা করে গাভী লিখে রাখত, কিন্তু দুধের যখন প্রয়োজন পড়ে তখন এক ফোটা দুধ নাই। কারণ গাভাই নাই, দুধ আনবে কোথা থেকে, গাভী থাকে কাগজেপত্রে। কিন্তু কেউ জিজ্ঞাসা করলে মৌলবী সাহেব বলে "আমার ২০০ গাভী আছে"। যদি জিজ্ঞাসা করে গাভী কোথায় দুধ কোথায়? বলে, "কিতাবের মধ্যে আছে"। কিতাবের মধ্যে থাকলে তো দুধ পাওয়া যাবে না। আমরাও যখন বাজেটের টাকা খরচ করি কাগজেপত্রে এমন সুন্দর এবং নিখুঁতভাবে হিসাবপত্র লিখা থাকে যে এমন কোন লোকের ক্ষমতা নাই এটার ভুল ধরবে। কিন্তু বাস্তব ক্ষেত্রে যখন যাই তখন দেখা যায় অনেক ভুল ত্রুটি আছে। সুতরাং আমার কথা হল জনসাধারনের টাকা, দেশের টাকা হল অতি দুঃখের টাকা। এই টাকা যেন ঠিক ঠিক কাজে ঠিক ঠিক ভাবে খরচ করা হয়। তারপরেও যদি আমরা Supplementary grant ধরি তাহলে তাহা কোন দোষের কাজ হয় না। এবং সেটা সকলেই সমথন করবে। সেটা শুধু আমাদের Houseই সমর্থন করবে না, দেশের সমস্ত মানুষই সেটা সমর্থন করবে। এইভাবে ব্যয় করে যদি আমরা দেশকে উন্নতির দিকে নিয়ে যাই তাহলে আমরা ত্রিপুরাকে সুন্দর ও সমৃদ্ধ করে গড়ে তুলতে পারব।

সুতরাং আমি এই supplementary demandকে সমর্থন করি এবং এই আশা নিয়েই সমর্থন করি যে ভবিষ্যতে supplementary demands রচনা করার সময় জনসাধারণের মঙ্গল এবং উন্নতির দিকে লক্ষ রেখে এই demand রচনা করবেন। মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট আমি অনুরোধ করব এই supplementary demands এর টাকা যাতে আমরা ঠিক ঠিকভাবে কাজে লাগাতে পারি তার দিকে তিনি যেন নজর দেন। এই বলে supplementary demands কে সমর্থন করে আমি আমার বক্তব্য এখানে শেষ করলাম।

Mr. Speker :—Shri Nishi Kanta Sarker :— আপনি অনুগ্রহ করে ১০ মিনিট বলুন।

Shri Nishi Kanta Sarker :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে যে supplementary grant অর্থমন্ত্রী রেখেছেন তার উপর অনেক সদস্য বক্তৃতা রেখেছন এবং অনেক যুক্তি রেখেছেন। এই বিষয়ে তাই আলোচনার বিশেষ কিছু নেই i তবে ২।১টা কথা আমি এখানে বলব। অনেক সদস্যই বলেছেন মূল বাজেটের টাকা খরচ করে তারপর অতিরিক্ত খরচের প্রয়োজন হয় তখন supplementary grant এর প্রয়োজন হয়। এটা ঠিক। কাজ করতে গিয়ে অসংখ্য demands আসে। আজ কাল দেখা যায় সারা বৎসরই বেতন বৃদ্ধি, allowance বৃদ্ধি, stipend বৃদ্ধি বিভিন্ন রকম খরচ আসে। বৎসরের শেষে এটা দিতে হবে তাই এখানে supplementary grant আনা হয়। তবে মূল বাজেটের যে টাকা ধরা হয় সেটার দিকে দেখতে হবে সারা বৎসর আমরা কোথায় কি কাজটা করলাম। এ বিষয়ে মাননীয় সদস্যরা অনেক আলাপ আলোচনা করেছেন। পানীয় জল এবং tribel welfare সম্বন্ধে আমি প্রথমত বলব। আদিবাসীদের জলের ব্যবস্থা করা দরকার। আমি অনেক sub-division এ গিয়েছি। প্রতি বছরই tribal welfare Deptt. থেকে tube well, ring well এবং রাস্তা ঘাটের জন্য অবশ্য টাকা রাখা হয়। কিন্তু এই house এ যখন প্রশ্ন করি যে tribal wel fare deptt. থেকে কোথায় কোথায় রাস্তা করা হয়েছে তার নাম তখন দেখা যায় উত্তর পাই তথ্য সংগ্রহ করা হইতেছে। ইত্যাদি বলা হয়। আমার উদয়পুর সাবডিভিসান ব্রজেন্দ্র নগর বলে একটি এলাকা আছে সেখানে ৭টি গাঁও সভা আছে।

সেখানে ১৫ বৎসর পর্যন্ত চেষ্টা করেছিলাম যে কয়েকটি ring well দেওয়া যেতে পারি কিনা যেখানেই সবাই আদিবাসী জমাতীরা রিয়াং মুরমুয, কাইনার ইত্যাদি কোন মান্দাতার আমলে tube well বসানো হয়েছিল সুতরাং নতুনভাবে development এর সময় যদি tube well বসানো হয়েছে তা তুলে দিলে সরকারের কাজ অশুদ্ধ হয়ে যাবে, তার জন্য কোন budget নেই, গ্রামের লোক এখন tube well and ring well চায়, টিপ দিলেই জল এভাবে এরকম ব্যবস্থা তারা চায় না তারা মেহনত করে জল আনতে চায়, বছর বছর ৫০।৬০ হাজার করে টাকা প্রত্যেক block এ দেওয়া হয়, কিন্তু tube well এবং ring wellএর জন্য আমাদের এখানে কোন ব্যবস্থা করা হয় না। এই যে একটা অবস্থা জনৈক মাননীয় সদস্য বলেছেন block development department এ পর্যাপ্ত staff এর ব্যবস্থা নেই, কিন্তু মাথা ভারী staff এর কি দরকার। প্রত্যেক blockএ enginer আছে agriculture staff আছে education deptt. এর staff আছে, আর অতিরিক্ত staff এর প্রয়োজন নেই, block এর কাজগুলো সেখানকার বিভিন্ন deptt. এর staff এরা করতে পারে, overtime এ কাজ করে অতিরিক্ত staff লাখ লাখ টাকা খরচ করার কি তাৎপর্য আছে শিক্ষা বিভাগের কাজের জন্য টাকা দেবে এইভাবে প্রত্যেক বিভাগ block এব স্ব স্ব বিভাগের কাজের জন্য টাকা দেবে Industry কাজের এতবড় একটা Industry deptt আছে, তখনি block Industryর জন্য কতগুলো officer দিয়ে রেখেছে কাজের মধ্যেত কিছু কেই বসে বসে শুধু বেতন গুনছে। জনসাধারণের টাকা জনসাধারণ কল্যাণে ব্যয় হোক যদি উন্নতি করার জন্য আরো টাকার দরকার হয় কেন্দ্রের থেকে টাকা আনতে হবে, কেন্দ্রীয় সরকারকে এই জন্য টাকা দিতে হবে। যতদিন না আমরা উন্নতি করতে পারি। এখন মার্চ মাস আসছে অনেক কাজ হয়ে গেছে কাজের কিছু টাকা

দেওয়া হয়ে গেছে কিছু টাকা দেওয়া হয় নাই, অনেক বিলের টাকা বাকী সেগুলো দিতে হবে। চট করে একটা order যাবে কাজ করার জন্য বাতি জ্বালিয়ে ইট ভাঙ্গ, কুড়াল আন, কুড়াল দাওরে, ক্ষম্বা দাওরে, কাজের তাড়াহুড়া পড়ে যাবে, কারণ টাকা payment করতে হবে। তারপর scheduled caste এবং scheduled tribe housing এর জন্য ৫০০ টাকা করে দেওয়ার ব্যবস্থা আছে। এরকম টাকা দেওয়ার জন্য ভূরি ভূরি scheduled caste & tribe এর নাম আসে কিন্তু আমি একজনকেও টাকা দেওয়ার ব্যবস্থা করিতে পারি নাই। এই ত অবস্থা। টাকার বাজেট বরাদ্দ হলে টাকা দেওয়ার ব্যবস্থা হবে। কিন্তু এই টাকা আগে দেওয়ার ব্যবস্থা করলে কি হয়। এখন মোদ্দা কথা হল অধ্যক্ষ মহাশয় আমাদের টাকা টেলিফোন বিল, বেতন বৃদ্ধি বিল, বিভিন্ন allowance এর বাবদ খরচ হয়ে গেছে। কারন বৎসরের শেষে এই অতিরিক্ত টাকা চুকিয়ে দিতে হয়। কিন্তু এই যে ভূমিহীন কৃষক বা ভূমিহীন ট্রাইবেল তাদের জন্য টাকা কমই ব্যয় হয়। ট্রাইবেল ওয়েলফেয়ার থেকে যদি একটা কাজ হয় তাও সম্পূর্ণ হয় না যেমন ধ্বজনগরে একটি রাস্তা নির্ম্মাণের জন্য ৫০,০০০ ৬০,০০০ টাকা ব্যয় হয়ে গেছে কিন্তু সেই রাস্তার উপরে পুল নাই, কোথাও রাস্তায় মাটি নাই ইত্যাদি, সুতরাং এই সব কাজের জন্য ট্রাইবেল ওয়েলফেয়ারকে পূর্ত্তবিভাগের হাতে দেওয়া কি উচিত। দরকার হলে আরোও ইঞ্জিনীয়ার রাখতে হবে। ট্রাইবেল ওয়েলফেয়ার থেকে রাস্তা করলে কি মেরামতের জন্য টাকা দেওয়া হয় না। পূর্ত্ত বিভাগের কাছে গেলে পূর্ত্ত বিভাগ বলে এটা ট্রাইবেল ওয়েলফেয়ার ডিপার্টমেণ্টের রাস্তা। এটা মেরামতের কাজ আমাদের না, সুতরাং এই সমস্ত কাজের জন্য বাজেট করবার সময় আর একটু চিন্তা করতে হবে যে রাস্তা, রিংওয়েল, টিউবওয়েল এগুলোর জন্য repair এবং maintanence দরকার হয়। কারণ রাস্তা করলে রাস্তার উপর পুলের মেরামতের ব্যবস্থা করতে হয়। রিংওয়েল, টিউবওয়েল করলে এগুলোর, বছর বছর মেরামত করতে হয় সুতরাং বাজেট করার সময় আর একটু চিন্তা ভাবনা করা দরকার। ব্লক থেকে একটি রাস্তা করা হলে পরের বছর দরকার হলে ইহার মেরামতের জন্য টাকা দেওয়া হয় না। বলা হয় এগুলো অপব্যয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বাজেটের বিরোধীতা করছি না। আমি বাজেটকে সমর্থন করছি। কিন্তু বৎসরের শেষে এই যে লাখ লাখ টাকা চাওয়া হয় এগুলো কি যে কাজ শেষ হয়েছে তার জন্য না পরবর্তী আরও কাজ হবে সেই বাবদ। এটাই আমার বিবেচ্য বিষয়। আমাদের বিরোধী সদস্য যে যুক্তি তর্কের অবতারণা করে উত্তর দিয়েছেন তাতে এক একজনের এক একরকম তাতে যোগ বিয়োগের বালাই নাই। ব্রাহ্মন পূণ্যবান আর ব্রাহ্মনী আগেই খেয়ে বসে থাকে। সুতরাং পাপ পূণ্য একই হয়ে যায়। পাপও হয় না পূণ্যও হয় না সুতরাং কোন কাজেই লাগে না। এদের স্বভাবই হল কোন যুক্তিত দিবেই না শুধু হৈ হুল্লা করা আর বাইরে গিয়ে বলা আমরা এই করছি সেই করছি এবং প্রচারের জন্য কিছু বলা। আমরা কর্ম্মচারীদের যে বিভিন্ন ন্যায্য দাবী এবং বেতন বৃদ্ধি, allowance দেওয়া DA দেব TA দেব ইত্যাদি পূরণ করার জন্য আমরা বাজেটে টাকা বরাদ্দ করি। কিন্তু আমরা house এ চীৎকার করি পশ্চিম বঙ্গের হারে বেতন দিই না house বলবে কর্মচারীদের এই বেতন ভাতা দিওনা এটা অতিরিক্ত। ওদের যুক্তি আমাদের যুক্তির মধ্যে মিলবে না কারণ ওদের স্বভাবই আলাদা। আমার কথা হচ্ছে

আমরা আরো টাকা চাই আরো দেব এবং গরীবের টাকা গরীবের কাজের জন্যই যেন খরচ করা হয়। যার টাকা তার কাজেই যেন ব্যয় করা হয়। এই আমার sub-division এ টিউব-ওয়েল বসাতে গিয়ে আমি নিজেও হয়রাণ হয়ে গিয়েছি। আমি ব্যবস্থা বলব পানীয় জলের পঞ্চায়েতের হাতে ছেড়ে দেওয়া হোক। Government চিন্তা করুক। ব্লকের মধ্যে আর করা যায় না। জলের জন্য সব খানেই হাহাকার এবং জল চেয়েও ভাল জল পাওয়া যায় না। গ্রামের যে জনসাধারণ তারা চায় পানীয় জল এবং স্কুলের ব্যবস্থা। তারা আর কিছু চায় না সুতরাং তাদের এই যে পানীয় জলের প্রয়োজনীয়তা সেটা মেটাবার ভার পঞ্চায়েতের মাধ্যমে হোক অথবা ভিন্ন ডিপার্টমেন্ট করে তার উপর ভার দেওয়া হোক। গ্রামের মধ্যে কয়টা রিংওয়েল বা টিউবওয়েল আছে এবং কোথায় রিংওয়েল টিউবওয়েলর দরকার তাহা গ্রাম পঞ্চায়েতের জানা আছে সুতরাং এই কাজের জন্য টাকা এবং কাজের ভার তাদের উপরই দেওয়া হোক। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার একটা আবেদন হল Central Govt. থেকে যে টাকা দেওয়া হয় এগুলির জন্য যখন scheme করা হয় তখন তার একটা তদারক করা দরকার যাহাতে তাহা মানুষের কাজে লাগে। যে কাজটাই হবে অন্ততঃ সেটা যেন কিছুকাল স্থায়ী হয়। আমি এই বলে supplementary grant কে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Hon'ble Chief Minister. I request the Hon'ble Chief Minister to speak only for 15 minites.

Shri S. L. Singh :—মাননীয় অধ্যক্ষ মহোদয় Supplementary Demand এর উপর আলোচনা করতে গিয়ে মাননীয় সদস্যরা যে যুক্তির অবতারনা করেছেন আমার মনে হয় অজ্ঞতা বশতই সেটা করা হয়েছে। Supplementary and additional grant সম্বন্ধে procedure আছে Parliament. If the amount authorised to be expended for a particular service in the current financial year is found to be insufficient for the purpose of the year or when need leaves generally during the Current financial year for supplementary or additional expenditure upon some new service not contemplated in the Budget to that year or any money has been spent on any service during a financial year in excess of the amount granted to that service and to that year, the President Causes to be laid before both the House of Parliament another statement showing the estimated amount of that expenditure or causes to be presented to Lok Subha a demand for such excess as the case may be.

অতএব এই Supplementary Demandsএ কাউল সম্বন্ধে মাননীয় সদস্য যেটা উল্লেখ করেছেন সে সম্বন্ধে আমি বলব। Supplementary grant কখন চাওয়া হয় আমার মনে হয় সেই Point টা খেয়াল করেন নি। তাই উল্লেখ করেছেন।

Supplementary grantএ demand যখন চাওয়া হয় তখন to ventilate the demands কাউলের অনুসারে আমি বলব সেটাতে কি আছে। ventilation of grievanceএর জন্য supplementary grant নয়। সেটা necessary কিনা তা দেখতে হবে। কাউলের

অনুসারে বলব যে এখানে এর স্থান নেই এবং Indian Parliamentএর procedure অনুসারে বলব যে এখানে এর স্থান নেই। এক জন মাননীয় সদস্য বললেন যে Assembly ভেঙ্গে দেওয়া হউক। আমার একটি কথা মনে হয়, বালকেরা অনেক কিছু বলে, তাই এইদিক দিয়ে লক্ষ্য রেখে হাউস তাহাদিগকে হয়ত সতর্ক করে দেয়না. একথাটা এখনে উথ্থাপন করা বা এই Point টা এখানে রাখা চলবে না। আর একজন মাননীয় সভ্য বলেছেন বাজেট যখন করা হয় তখন একটা নির্দিষ্ট বাজেট করা উচিত। নির্দিষ্ট করে যদি বাজেট করত তাহলে supplementary এর প্রশ্ন আসতনা। Rule অনুসারে এখানে supplementary Demand উথ্থাপন করা হয়েছে। supplementary grant রাখা দরকার কি দরকার না সেটা নিয়ে চিন্তা করতে পারি। ধরুন যোগেন্দ্র নগরে আগুন লেগে গেছে, fire victimsদের আমরা সাহায্য দিব কিনা তা আমরা আগে বলতে পারিনা, তাই নির্দিষ্ট করে এই সব ব্যাপারে অর্থ বরাদ্দ করা যায়না, তাই এইসব unforseen ব্যাপারের জন্য supplementary grantএর দরকার হয়। মাননীয় সদস্য যে বলেছেন Assembly ভেঙ্গে দাও, এই কথা বলার মানে হল গণতন্ত্রের প্রতি বিশ্বাস ভঙ্গ করা। তারা জনসাধারণের নিকট বিশ্বাসঘাতক বলে প্রমানিত হবে। Supplementary Demandsএর আলোচনা করতে গিয়ে যারা এসেম্বলী ভেঙ্গে দিতে বলেন তারা গণতন্ত্রকামী তো নয়ই গণতন্ত্র ধ্বংস করা করতে চান। এটা তাদের বক্তব্যে তারা ফুটিয়ে তোলে গণতন্ত্রযদি কোন জায়গাতে চালু না থাকে তা হলে তাদের চিন্তা ধারাতে যে সরকার আসবে সেটা কি আসবে? অসভ্য বর্বর সরকার আসবে। সেই সরকারের জন্যই তারা বলছে। আমরা Agriculture Deppttএর Headএ ১ হাজার টাকা চেয়েছি। কেন চেয়েছি সেটা দেওয়া আছে।

For drawal of special pay for the month of september, 1968 to February 1969 by the Income Tax officer as the authority for drawal of the same was not received during 1968-69 by the officer concerned.

তারপর due to sanction of Dearness Allowances at enhanched rate in West Bengal pattern with effect from 27.3.69, তারপর increase cost of publication. এই তিনটি increase হওয়াতে আমরা supplementry grant এ ১ হাজার টাকা চেয়েছি। এই সম্বন্ধে বলতে গিয়ে Mr. Roy বলেছেন যে বাজেট করতে এমনভাবে করতে হবে যাতে ঠিক বাজেটই থাকে। এটা কোন রকমেই সম্ভব নয়। নতুন কোন work আসলে তার জন্য অর্থের প্রয়োজন হয় এবং supplementary এর দরকার হয়। মাননীয় সদস্য যদি মনোযোগ দিয়ে পড়তেন তাহলে তিনি তা জানতে পারতেন। Interest on debt and other obligations তারজন্য চাওয়া হয়েছে ১১,৫৩,৮০০ টাকা।

যারা বলেছেন যে এটা আইনত নয়, আইনের দিক দিয়ে ঠিক হয়নি তারা হয়ত সেটা লক্ষ্যই করেননি। তাই বলতে হবে, সেজন্য তারা বলেছেন। Additional provision is required for making payment। অতএব ঐজন্য এই জায়গত ১১,৫৩,৮০০ টাকা আমরা রেখেছি। State/Union Territory Legislatures এর জন্য আমরা চেয়েছি ২,৪৫,৮০০ টাকা (i) Exces due to sanction of pay of Speaker

Dy. Speaker and sumptuary allowance of Speaker with effect from 1. 5. 69.

2. Due to sanction of conveyance allowance and D. A. at enhanced rate with effect from 1. 5. 69 and inclussion of more provission of T. A. as two parliamentary delegation visited different Assemblies and Lok Sabha this year.

3. Due to sanction of pay at enhanced rate to the present Secretary and payment of leave salary to the retired Secretary. আমার মনে হয় উনারা ভালভাবে পড়ে তারপর সমালোচনা করলে ভাল হত। তবে আমি এলব উনাদের কথাগুলো বাগভাষিত এবং আশা করব House সেই দিক দিয়ে বিচার বিবেচনা করবেন। Due to sanction of Dearness Allowance at enhanced rate with effect from 27.3.69 in West Bengal pattern. West Bengal pattern এ কর্মচারীদের D.A. দেওয়া সরকারের vital নীতি, তাই সেই নীতি অনুযায়ী তাদের তা দিতে হবে। উনারা কি বলতে চান কর্মচারীদের তা দিতে লাগবে না? Due to revision of Electoral Rolls, printing cost of Electoral Rolls and remuneration to enumerating staffs. India Govt, এর একটা circular ছিল immediately general election এর preparation এর প্রয়োজনীয় কার্য্যাদি আরম্ভ করার জন্য। সেই অনুসারে সেই কার্য্য আরম্ভ করা হয়েছিল। সেই অনুসারে এই headএ ২,৪৫,৮০০ টাকা বৃদ্ধি করা হয়েছে। General Administrationএ ৪,৩৮,৯০০ টাকা চাওয়া হয়েছে।

(1) Excess in Tour Expenses of the Administraton on the basis of actuals. (2) Due to drawal of Dearness Allowances at enhanced rates with effect from 27. 3. 69. Demand No. 10. Administration of Justiceএ 62,000/- চাওয়া হয়েছে (1) due to sanction of Dearness Allowance at enhanced rate w. e. f. 27. 3. 69. (2) Due to revision of Scales of pay of the 3 posts of Stenographer and also sanction of one post of Suits Clerk. (3) Increase Provision is necessary for payment of Diet and T. A. to witnesses in Session Cases and payment of Election Charges for the new Court Building and for purchase of furniture for 4 Courts. অতএব কেউ কেউ বলেছেন কারচুপি করা হয়েছে। কারচুপি করার কোন প্রয়োজনীয়তা এখানে নেই, বিশেষভাবে ব্যাখ্যা করে রাখা হয়েছে কিসের জন্য ব্যয় করা হয়েছে। তারপর Jails Deptt.এর জন্য ১৮,০০০ টাকা রাখা হয়েছে (a) making provision for Dearness Allowance at enhanced rates, (b) Increased number of provisioners and high prices of essential commodities. Increase number of provisions, সেটা হয়েছে anti-Social activities এর জন্য। এইসব সেই দিক দিয়ে anti-social activities যদি তার সমর্থন করেন তাহলে জেলের সংখ্যা বাড়বে। তারপর Police Deptt.এর জন্য চাওয়া হয়েছে ৩৮,৯৭,০০০ টাকা, (a) Due to drawal of dearness allowance at enhanced

rates with effect from 27. 3. 69, (b) Excess is due to purchase of Arms & Ammunitions, (c) Due to re-imbursement of arrear claims of Bihar Govt. on account of deputation of Bihar Police to Tripura.

তারপর Missellaneous Deptt.এর জন্য চাওয়া হয়েছে ১৯,০০০ টাকা, (1) Due to sanction of Dearness Allowance at enhanced rate w. e. f. 27. 3. 69.

ii) Due to intensive tour by the Inspector in connection with procurement of Food Grains.

iii) To meet the cost of more office contingencies according to requirements.

তারপর Education এর জন্য ৮,৪৭,১০০ টাকা চাওয়া হয়েছে—Excess is due to drawal of Dearness Allowance at enhanced rates w. e. t. 27. 3. 69.

তারপর Medical Deptt. এ আমরা চেয়েছি ৩১,১৪,২০০ টাকা, a) Due to payment of arrear messing & other allowances sanctioned w. e. t. 1.4.69.

b) Excess is due to adjustment of B. T. bills of previous years.

c) Payment of past libilities.

d) Purchase of more medicine etc. for increasing numbers of patients both in out-door and in-door and also for opening of Mental and Eye-Wards. এখানে চীৎকার করবে medicine দেওয়া হউক, ভাল পথ্য দেওয়া হউক। supplementary grant করে যখন তার জন্য অর্থ চাওয়া হবে, তখন তারা বলছেন যে আমরা এটার বিরোধীতা করছি।

অতএব কোনটা যে ঠিক আর কোনটা যে ঠিক নয়, কিভাবে করলে ভাল হবে আর কিভাবে করলে ভাল হবে না সেই দিক দিয়ে দৃষ্টি দেওয়ার জন্য আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব। Due to payment of compensation money towards performances of more sterilisation operation I. U. C. D. in inserition under Family Planning programme. Family Planning programme এর জন্য অতিরিক্ত অর্থের প্রয়োজন হয়েছে এবং তার জন্য এ টাকাটা চাওয়া হয়েছে।

Public Health এর জন্য 15,20,800/- increase is due to :—

i) Extension of services of the seasonal Vaccinators, Senior Field Workers etc. for a longer period in the current financial year 1969-70 there is usual in the past years,

ii) Drawal of Dearness Allowance at enhanced rate w. e. t. 27.3-69.

iii) Mainly due to drawl of Dearness Allowance at enhanced rate w. e. t. 27. 3. 69.

iv) The excess amount is necessary for purchase of more tube-wells as well as repair and reconstruction of old tube-wells, R.C.C. wells, tanks etc. in rural and urban areas for drinking water. একদিকে তারা জল চাই, জল

চাই বলবে, আর অন্যদিকে additional অর্থ আমরা এই ব্যাপারে যা চেয়েছি তার বিরোধীতা করবে। তার মানে হল এই যে জনসাধারণকে জল দিও না, পথ্য দিও না এবং ঔষধ দিও না।

ix) Due to drawal of arrear pay.

vi) Excess is due to :—

i) Payment of freight and carrying charges of D.D.T.

ii) Purchase of spare parts, spraying equipments, petrol, lubricants etc.

তারপর Agriculture এর জন্য চাওয়া হয়েছে ২,৪৪,০০০ টাকা। a) Due to meeting expenditure towards salaries of some staff of Agriculture Deptt. engaged in Blocks who have been transferred to their normal Deptt. owing to conversion of three Blocks into post stage II as per decision of the Govt. of India.

b) Due to sanction of D.A. to enhanched rates w. e. f. 27.3.'69 and more expenditure on T. A. etc.

c) Due to meeting expenditure towards acquisition cost of land for establishment of regulated market at Bishalgarh as decreed by the District Judges Court, Tripura is in L. A. Case No. 1/55 of 1966 (Charged Expenditure).

তারপর Animal Husbandry Deptt. এর জন্য চাওয়া হয়েছে ১,০৬,৯০০ টাকার।

a) Due to sanction of D.A. at enhanced rates w. e. t. 27.3.69.

b) Due to increase in the rate of ration required for cattle/birds etc.

c) Due to purchase of more milk to satisfy the increased demand of Public for the same.

আমার মনে হয় আমরা birds আনব cattle আনব কিন্তু তাদের increased rateএ খাওয়া দাওয়া দিব না এটাই তারা বলতে চান।

তারপর Co-operative Deptt. এর জন্য চাওয়া হয়েছে ৩,১৬,১০০ টাকা।

a) Due to making provision in respect of staff transferred from Block to normal Deptt. as well as due to making provision for the staff created during the Third Plan period as to be treated as Non-Plan and for which no provision is included in 4th plan schemes.

b) Due to reasons as stated in (a) above and also due to sanction of D.A. at enhanced rate w. e. f. 27.3.69 and to meet deputation charges of Inspecting Officers outside the State for Training of Cooperatives.

c) Due to making additional provision for maintenance of Departmental vehicles, contingent expenditure and for purchase of furniture.

Industryর জন্য ১,০২,৮০০ টাকা চাওয়া হয়েছে।

(a) Due to sanction of Dearness Allowance at enhenced rates with effect from 27th March, 1969 and more expenditure for payment of T. A. Bills, Children Education Allowances and Medical re-imbursement bills etc.

(b) Due to excess expenditure of Mobil, Petrol etc.

(c) Due to repairing and electrification of building, engagement of sweepers and excess expenditure on Mobil, Petrol etc. এই সব কাজের জন্য এই অতিরিক্ত টাকা চাওয়া হয়েছে।

Community Development Projects, National Extension Service and Local Development Worksএ 44000/- টাকা চাওয়া হয়েছে—due to drawal of Dearness Allowance at enhanced rates with effect from 27. 3. 69.

Miscellaneous, Social and Developmental organisationএর জন্য 7,51,000 টাকা চাওয়া হয়েছে—Increase due to sanction of Dearness Allowance at enhanced rates with effect from 27/3/1969 and payment of Medical reimbursement bills and Children Educational Allowance.

(b) Change of incumbents.

(c) Increase due to creation of some posts as mentioned below :--

(i)	Director—	1 (one)
(ii)	Sub-Divisional Controller-	12 (twelve)
(iii)	Store keeper—	6 (six)
(iv)	Dusting Operator—	6 (six)
(v)	Store Guards	25 (twenty five)
	Total—	50

(d) Increase due to meet the Administrative cost for care and to meet additional expenditure in respect of service postage Stamps, Telegram, Trunkcall, Petrol, Lubricant and Spare parts etc.

(e) Additional expenditure is necessary for inplementation of Plan Schemes under T. D. Blocks in different Sub-Divisions.

Irrigation, Navigation, Embankment and Drainage Works এর জন্য 5,65,000 টাকা ধরা হয়েছে—Excess is mainly due to increase in works for restoration of flood damages and also for inclusion of Provision for maintenances of a few new schemes completed under Capital head of account.

(b) Due to drawal of Dearness allowance at enhanced rates with effect from 27/3/69. Electricity Schemes এর জন্য 9,49,000 টাকা চাওয়া হয়েছে। Excess is due to installation of additional generating set and also for higher cost of materials for maintenance.

(b) Due to drawal of Dearness Allowance at enhanced rates with effect from 27/3/1969.

বক্তৃতায় বলা হয়েছে আমরা electricity চাই electricity না হলে চলে না, power না হলে চলে না। সেই কার্য্যের জন্যই এই ১,৪৯,০০০ টাকা ধরা হয়েছে। সাথে সাথে আবার বলা হয়েছে না, না আমরা তা চাই না।" বাইরে বলবেন "আমরা চাই" আর ভিতরে বলবেন আমরা তা চাই না। কারণ Contradictory in both ways.

Public Worksএর জন্য ৫ লক্ষ ৩৫ হাজার টাকা চাওয়া হয়েছে। আমাদের original grant ছিল 3,17,38,000 টাকা। আর মধ্যে চাওয়া হয়েছে বর্ত্তমানে ৫,৩৫,০০০ টাকা। The additional amounts are required for (a) making payment of arrear pay ; (b) increased rate of dearness allowance, (c) filling up of vaccant posts. অতএব সন্দেহের কোন কারণ তার মধ্যে নেই। তারপর আরও কাজের জন্য এ টাকা দরকার। সেটা হ'ল Due to purchase of more Tools & Plants as well as to meet the running maintenance cost of the vehicles.

(2) Due to purchase of furniture for issue to residences. (b) Due to less provision in the sanctioned budget.

Capital outlay on Public Works এর Original grant ছিল 9,75,000 টাকা। আমরা চেয়েছি 2,51,000 টাকা। Additional amounts required for (a) rapid progress of works ; (b) taking up of certain new works. (c) Excess due to taking up of certain new works.আমরা চাই যে রাস্তাঘাটের এবং বিল্ডিংএর কাজগুলো ত্বরান্বিত করা হউক, অফিসের জন্য currect চাই, রাস্তা চাই একথা বাইরে বলা হচ্ছে। আর এখানে এসে তার বিরোধিতা করা হচ্ছে। যদিও এখানে বিরোধিতা করা হলো তারা পার্লামেন্টকে, constitutionকে obey করেন না বলেই এসব কথা বলছেন। তারা জনসাধারণের উন্নতিমূলক কাজ চান না এটাই তাদের বক্তব্যের মধ্য দিয়ে ফুটে উঠছে এবং তাহা যে গণতন্ত্র বিরোধী সেটাও ফুটে উঠছে।

Famine Reliefএর জন্য ২,০০,০০০ টাকা আমরা এখানে চেয়েছি—Due to providing employment of the in natural indigents due calamities through "Test Relief Works, so as to enable them to earn their bread. এই জন্য রাখা হয়েছে। আর তারা এখানে এসে বলবেন যে "না তাদের Test relief"এর কাজ দিতে পারবে না। কারণ তাহলে আমরা তাদের কাঁধে flag লাগিয়ে চিৎকার করে মিছিল করে constitutionএর বিরুদ্ধে তাদের লাগিয়ে দিতে পারবো না।" এই উদ্দেশ্যেই ওরা তার বিরোধিতা করছেন।

Pension and other Retirement Benefitএর জন্য 1,91,000 টাকা চাওয়া হয়েছে—Due to increase in number of Pensioner and also for making of provision for pensioners transferred from East Pakistan.

Stationery & Printing এর জন্য 61,000 টাকা চাওয়া হয়েছে—to meet the actual cost of Composing and Costing etc., Machine.

Miscellaneousএ চাওয়া হয়েছে 15,95,600 টাকা, (a) the additional provision is necessary during this year 1969-70 for improvement of Town Roads. (b) Increase is due to increase in expenditure for adjustment of outstanding Bills for the maintenance of the unremunerative post offices and Public call offices, (c) To meet the excess expenditure on account of maintenance cost of inmates. (d) To meet the expenditure for payment of Union Territory share to the Union Territory Special Fund as sanctioned by the Government of India, Ministry of Defence in their letter No. 12(2)/69/ D (AG—I) dated the 27th January 1970. (e) Additional amount is required for the Republic Day Celebration at Head quarter and Sub-Divisional Head quarters and also for meeting the expenditure for presentation of cultural troop and table at Delhi. (f) Due to purchase of Ambulance car for Civil Defence organisation. (g) Due to change of incumbants. (h) Due to sanctioned Dearness Allowance at enhanced rates with effect from 27/3/1969. (i) To meet the expenditure in connection with Panchayat Election in three Development Blocks. (J) Due to change of incumbants. (k) Due to increased number of New Migrants than anticipated previously. (l) For adjustment of maintenance loan converted into grants of the old Refugees as approved by the Government of India. (m) Due to sanction of Dearness Allowance at enhanced rates with effect from 27/3/1969.

Capital Outlay on Electricity Schemes এর জন্য চাওয়া হয়েছে Rs. 85,88,500/-. The additional amounts are required for :- (a) accelerated progress of works than anticipated ; (b) purchase of more materials as a result of well progress at works ; (c) meeting the additional expenditure of new Divison ; (d) travelling allowance for having the works spread over wide areas as well as drawal of more medical bills.

তারপর Capital Outlay on Public Works এরজন্য চাওয়া হয়েছে Rs. 98,82,000 টাকা (a) Excess amount is required due to rapid progress of works.

তারপর Loans & Advances by the State/Union Territory Governments এর জন্য আমরা চেয়েছি Rs.41,700 টাকা (a) The excess amount is necessary for payment of Agricultural Loan to the victims of natural calamities. (b) Due to payment of the amount as decreed by the court. তারপর Charges on Account of Repayment of Debtএ আমরা চেয়েছি Rs. 400/- টাকা (a) Excess amount is required for the full repayment of conditional, loans upto the year 1968-69, as falls due according to conditions sanctioning the loans by the Government of India এই সমস্ত development কার্য্যের জন্য আমরা এই supplementary grant চেয়েছি। আশা করি হাউস তা সমর্থন করবে।

Mr. Speaker :—Today in the list of Business are 15 Demands viz demand.

Nos. 1—Taxes on Income other than corporation Tax—Agricultural Income tax, 4—Taxes on vehicles, 8—Parliament, State/Union Territory Legislature, 9—General Administration, 10—Administration of Justice, 13—Miscellaneous Department, 23—Misc. social & Developmental organisation, 34—Miscellaneous, 32—Stationery & Printings, 45—Loans & Advances by the State/Union Lerritory Governments, 14—Education, 15—Medical, 16—Public Health, 30—Pension and other retirement benefits and 29—Famine Relief are to be disposed of.

Members have received the List of Business along with the Appendix showing demands to be moved by the Finance Minister and the Cut-Motions to be moved by the Members.

Now, the Finance Minister will move his demand standing in his name one by one when called by me and as soon as the Finance Minister will move his demand, I shall take all the cut motions to be moved and there will be discussion on the demand and the cut motion. Thereafter when the debate is closed I shall dispose of them one after another by voice vote. I may also inform the Hon'ble Members that I have decided to request the Finance Minister to move the demand Nos. 1 and 4 together, 8, 9 and 10 together 13, 23, 34, 32 and 45 together 15 & 16 together, Nos. 13 & 29 together respectively. And I shall have one general debate on these demands as they are of allied nature; of course I shall dispose of the demands seperately.

Shri Aghore Deb Barma :—Let me say, debate সম্পর্কে আমি কিছু বলতে চাই Sir Business advisory committee যে টাইম এলট করেছেন general and voting on demands for 1969-70, only 1-40 minutes. কাজেই আমি Finance Ministerকে অনুরোধ করব তিনি যেন সবকয়টি demand এক সঙ্গে move করেন। তাহলে এক সঙ্গে আলোচনা করতে সুবিধা হবে।

Mr. Speaker ;—Now, I call on Hon'ble Finance Minister to move his demand No. 1-Taxes on in-come other than corporation tax—Agricultural Income tax and 4—taxes on vehicles together.

Sri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, on the recomendation of the administrator I beg to move that a further sum not exceeding Rs.1000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st march, 1970 in respect of demand No. 1-Taxes on income other than corporation tax—Agricultural income tax.

Mr. Speaker, Sir, on the recomendation of the administrator, I beg to move that a further sum not exceeding Rs. 15,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of demand No. 4—taxes on vehicles.

Mr. Speaker :—Now, there is a cut motion on demand for grant No. 4 to be moved by Shri Aghore Deb Barma. I would request Shri Deb Barma to raise discussion.

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, Demand No. 4 এর উপর আমার cut motionটি হল that the demand be reduced by Rs. 5,000/- to discuss on shifting of the office to another rented office. এখানে আমার economy cutটা হল A. 4—Miscellaneous head এ 5,500 টাকা রাখা হয়েছে for shifting of the office to another rented building. এক স্থান থেকে অন্য একটি ভাড়াটে দালানে সরিয়ে নেওয়ার জন্য ৫,৫০০ টাকাটা অস্বাভাবিক বলেই আমার মনে হচ্ছে। কারণ এমন কি কাগজ পত্র বা materials আছে যা সরিয়ে দিতে এত টাকার প্রয়োজন। সময় অত্যন্ত কম। কাজেই এ সম্বন্ধে আমি আর বেশী সময় নেব না। শুধু মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব তিনি যেন বিষয়টি পরিষ্কারভাবে এখানে বুঝিয়ে বলেন। এই বলেই আমি আমার cut motion এর স্বপক্ষে বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Any other member ?

শ্রীনরেশ রায় :-মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে ৫,৫০০টাকার ব্যয় বরাদ্দ সেটার প্রয়োজন আছে বলেই ধরা হয়েছে। যে অফিসটা স্থানান্তর করা হবে, সেই অফিস মাননীয় সদস্য দেখেছেন বলে আমার মনে হয় না। দেখে থাকলে তিনি ঐ একটা কথা বলতেন না। এটা জনসাধারণের স্বার্থেই করা দরকার। কাজেই, মাননীয় সদস্য বিশেষ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে এই cut motion এনেছেন। আজ কাল দুর্মূল্যের দিনে এই ৫,৫০০ টাকা লাগাটা অস্বাভাবিক কিছুই নয়! কাজেই মাননীয় সদস্যের cut motion এর বিরোধীতা করে এবং demand এর সমর্থনে আমার বক্তব্য রেখে এখানেই শেষ করছি।

Mr. Speaker :—Now the Hon'ble Finance Minister may give his reply.

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কাজ কর্ম বেড়ে যাওয়ায় এবং কর্মচারী সংখ্যা বেড়ে যাওয়ার সাথে সাথে অতিরিক্ত accommodation এর প্রয়োজন হয়ে পড়ে। আমাদের সেক্রেটারিয়েটেও কর্মচারীদের মধ্যে একটা অসন্তোষ আছে যে স্থান সঙ্কুলান হচ্ছে না। অথচ secretariat building এ এবং আশে পাশের অফিসগুলিতে আর স্থান সঙ্কুলান হচ্ছে না। কাজেই আমাদের নিজস্ব সরকারী building হওয়া সাপেক্ষে এই অফিস অন্যত্র ভাড়াটে বাড়ীতে স্থানান্তর করা ছাড়া উপায় নেই। তাই এই অফিসটাকে একটা rented houseএ নিতে হবে এবং তার জন্যই ভাড়া বাবদ এ টাকা ধরা হয়েছে। এটা প্রয়োজনীয় খরচ। মাননীয় সদস্য, এটা এখন পরিস্কার ভাবে বুঝতে পেরেছেন বলেই আশা করি। এই হাউস আমার এই demandটা সমর্থন করবেন বলে আশা করি। Cut motion এর বিরোধীতা করে আমার বক্তব্য এখানেই শেষ করলাম।

Mr. Speaker :—Now discussion on demand No. 1 & 4 is over. Now I am putting to vote the demand for grant No. 1. The question before the House is that a further sum not exceeding Rs. 1000/- be granted

to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1969 to 31st March 1970 in respect of Demand No. 1—Taxes on Income other than Corporation Tax—Agricultural Income Tax.

The demand was put to vote and passed by voice vote.

Mr. Speaker :—Now I am putting to vote the cut motion moved by Shri Aghore Deb Barma on Demand No. 4. The question before the House is that the Demand be reduced by Rs. 5000/- to raise discussion on shifting of the office to another rented office.

The cut motion was put to vote and lost by voice vote.

Mr. Speaker :—Now I would call on Hon'ble Finance Minister to move his Demand No. 8. 9 and 10 together.

Shri Rajkumar Kamaljit Singh :—Kaul এর practise and Procedure of Parliament থেকে আমি একটা extract পড়ে শুনাচ্ছি, তা হল—"Discussion on Supplementary or excess Demands—When the supplementary or excess demands are taken up in the House for discussion, the Minister concerned does not formally move any motion regarding these damands; the demands are deemed to have been moved and are placed before the House by the Speaker. Some times the Minister makes a few observations to indicate to the House as to what the over all excess or supplementary demand is and what are the major heads under which he wants those demands and the reasons in support of those demands. এখানে convention আছে তা আমাদের মেনে চলা দরকার।

Shri Rajknmar Kamaljit Singh :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কথা হল আমাদের এই Convention কে বাদ দিয়ে কাউলের বইতে যে convention আছে সেটা আমরা follow করতে পারি কিনা তা বিবেচনা করতে বলছি। এখানে বার বার Minister demands move করতে হয়।

Mr. Speaker ;—No, We should follow our own Convention. I will now put the main motion to vote. The question before the House is that a further sum not exceeding Rs· 15,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 4—Taxes on vehicles. As many as are of that opinion will pleas say 'Ayes'—Voices, 'Ayes'. As may as are of cantrary opinion will please say "Noes". No voice. I think, Ayes have it, Ayes have it. The Demand is passed.

Mr. Speaker :--Now, I would request the Finance Minister to move his Demand No. 8, 9 and 10 together.

Shri Krishnadas Battacharjee :—Mr. Speaker Sir, কাউন্সের Conventionটা আমাদের এখানে চালু করলে আমার মনে হয় ভাল হয়। Supplementary Demandsগুলো পর পর move করা একটু অসু বধা এবং সময় সাপেক্ষ, ইহাতে Houseএর সময়ও অনেক নষ্ট হয়। Original Demandsগুলো Finance Minister move করতে পারেন।

Mr. Speaker :—আচ্ছা এ বিষয়ে আমি পরে ভেবে দেখব। We may now finish our business today as we have done previously.

Sri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, on the recommendtion of the Administrator I beg to move that a further sum not exceeding Rs.2,41,300/- exclusive of charged expenditure of Rs. 4,500/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March 1970 in respect of Demand No. 8—Parliament, State/Union Territory Legislature.

Mr. Speaker Sir, on the recommendation of the Administrator, I beg to more that a further sum not exceeding Rs. 4,32,900/- exclusive charged experditure of Rs.6,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1969 to 31st March, 1970 in respect of Demand No. 9—General Administration.

Mr. Speaker Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 62,900/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March 1970 in respect of Demand No.—10 Administration of Justice.

Mr. Speaker :—There is no cut motion on these Demands. So I am putting to vote the Demands one after another. The question before the House is that a further sum not exceeding Rs. 2,41,300/- exclusive charged expenditure of Rs. 4,500/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No.—8-Parliament, State/Union Territory Legislature.

The Demand was put to vote and passed.

I am putting the Demand No. 9 to vote. The question before the House is that a further sum not excesding Rs.4,32,900/- exclusive charged expenditure of Rs. 6,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 9—General Administration.

The Demand was put to vote and passed by voice vote.

Now I am putting to vote the Demand for grant No. 10—Administration of Justice. The question before the House is that a further sum not exceeding Rs. 62,900/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 10—Major Head 21—Administration of Justice.

The Demand was put to vote and passed by voice vote.

Mr. Speaker :—I would request the Hon'ble Finance Minister to move his Demand No. 13, 23, 34, 32 & 45 together.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs 99,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 13—Major Head 26—Misc. Deptt.

Mr, Speaker Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 7,50.800/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 23—Misc. Social & Developmental Organisation.

Mr. Speaker Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 15,95,600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 34—Miscellaneous.

Mr. Speaker Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 61,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 32—Major Head 68—Stationery & Printing.

Mr. Speaker Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 35,700/- exclusive charged expenditure of Rs. 6,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 45—Major Head "Q"—Loans & Advances by the State/Union Territory Governments.

Mr. Speaker :—Now there is a cut motion on Demand for grant No. 13 raised by Shri Aghore Deb Barma that the Demand be reduced by Rs. 25,000·00 to discuss an intensive tour by the Inspector in connection with procurement of food grains.

Smt. Renu Chakraborty :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, Demand No —23. Supplementary Demands for grant এ দেখলাম 7.51,000/- কিন্তু এখানে দেখছি 7,50.800/- এটা কি typing mistake, না ঠিকই আছে সেটা ঠিক বুঝতে পারলাম না ?

Shri Krishnadas Bhattacharjee :—Yes, Rs. 7,51,000/- instead of Rs. 7,50,800/-. পরে উহা correction করা হয়েছে।

Mr. Speaker :—Now we discuss on cut motion, demand for grant No. 13.

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয় demand No. 13এ আমার cut motion আছে intensive tour by the Inspector in connection with procurement of food grains. এখানে B এর মধ্যে allowances and honoraria etc. এর মধ্যে 32,000/- টাকা ধরা হয়েছে। কারণ হল intensive tourএর জন্য Inspectorকে food grains procurement করা ইত্যাদির জন্য এই টাকা দেওয়া হয়েছে। কাজেই আজকে এই বাজেটের মধ্যে 25,000/- টাকা কমিয়ে দেওয়ার জন্য আমি economic cut এখানে রাখছি। এর উদ্দেশ্য হল এই খরচটা আরো কম হলেও চলত। আজকে বুঝা যায় কাজ যতটুকু হয় খরচ হয় তার চেয়ে বেশী, অর্থাৎ "গৌরী সেনের টাকা" টাকা লুটতে হবে, মারতে হবে একটা উপলক্ষ্য করে। কাজ হউক বা না হউক, কাজেই food grains একটা provision আছে, তাই এই provisionএ এত টাকা ধরা হয়েছে। কিন্তু আজকেঠিক ঠিক মত কাজ কর্মগুলি যাচাই করার পর টাকা বরাদ্দ করার প্রয়োজন আছে। ইচ্ছা করলে আরো কম খরচে করা যাইত। আমি জানি সুযোগ পাইলে কে কি ভাবে টাকা রোজগারের জন্য ব্যস্ত থাকে। আরো কম টাকা রাখলেও এখানে চলত তাই আমি এখানে এই cut motionটা রাখছি। আরেকটি হচ্ছে demand No. 23 এর মধ্যে আমার cut motionএ আছে indaequacy of provision for the sch. tribes,, sch. castes and backwards classes, ত্রিপুরা রাজ্যের মধ্যে তারা অর্থনৈতিক ভাবে অনুন্নত এবং পশ্চাদপদ। তাই আজকে central govt. থেকে যারা অনুন্নত এবং sch. tribes sch. castes, তাহাদিগকে উন্নত স্তরে যাওয়ার জন্য বিভিন্ন দিক থেকে সাহায্য সহায়তা দেওয়া হচ্ছে এবং টাকাও কম বেশী খরচ হচ্ছে। sch. tribe and sch. castes জনসাধারণের উন্নতি সাধনের জন্য প্রচেষ্টা সেটা যদি আমরা সামগ্রীক ভাবে দেখি তবে দেখতে পাব main budgetএ তাদের উন্নতির জন্য যে ব্যয় বরাদ্দ রাখা হয়েছে সেটা বাস্তবের বা প্রয়োজনের সাথে মোটেই কোন সঙ্গতি নাই। আজকে schoolএ যে book grant, stipend, boarding stipend গুলি দেওয়া হয় এবং বিভিন্ন খাতে উন্নয়নমূলক যে কাজ যেমন পানীয় জলের ব্যবস্থা, রাস্তাঘাটের ব্যবস্থা' অর্থাৎ social development বলতে যেগুলিকে বুঝায় সেগুলির দিকে লক্ষ্য রেখে এই অনুন্নত sch. castes and sch. tribesদের উন্নত করতে হবে। বাস্তব অবস্থার দিকে লক্ষ্য রেখে আরো ব্যয় বরাদ্দ করা দরকার।

অনেক সময় আমরা দেখেছি কাজ করা হয় না, পরে এই ব্যয় বরাদ্দের টাকা ফেরত দেওয়া হয়। অনেক সময় এমন ঘটনাও দেখা যায় কোন কোন গ্রাম পঞ্চায়েত উপযুক্ত সময়ে লক্ষ্য করে না বলে পানীয় জল ইত্যাদির ব্যবস্থা করতে পারে না। যদিও এই ব্যাপারে টাকা বরাদ্দ থাকে। কাজেই উপযুক্ত সময়ে যদি না করা হয় তবে সময় অতীত হলে লোক দেখানো কাজের কোন সার্থকতা নাই। কিন্তু বাজেট এ যাহা রাখা হয় তা যদি ঠিক ঠিক ভাবে খরচ করা হয় তাহলে অনেকটা উন্নতি, অগ্রগতি বা সাফল্য দেখা যাইত। কিন্তু আজকে সামগ্রীকভাবে দেখলে পর আমরা কি বুঝি? আমরা দেখেছি দিনের পর দিন যে টাকাগুলি খরচ হইতেছে তার সাথে সাথে ঘটনাগুলির বাস্তব অবস্থা যদি মিলাইয়া দেখি তবে আমরা দেখব কিছুই হচ্ছে না। ক্রমে ক্রমে তাদের economic deterioration বলতে যাহা বুঝায় অর্থাৎ তাদের অবস্থা খারাপের দিকে চলছে। কাজেই এই অবস্থার দিকে দৃষ্টি রেখেই যেন ঠিক ঠিকভাবে খরচ করা হয় বা অপচয় না ঘটে। তবে একটা কথা বলতে কি টাকা যখন আসে তখন খরচ ও হয়। কিন্তু সেটা ঠিকভাবে খরচ হয় না। যেখানে হওয়ার দরকার সেখানে হয় না। যেখানে না হইলে চলে সেখানে বেশীর ভাগ খরচটা দেখানে হয়। কাজেই আজকে ঠিক ঠিকভাবে progress বলতে যেটা বুঝায় সেটা হচ্ছে না। Demand No. 34এ আমার একটা Cut motion আছে। সেটা হচ্ছে Failure to improve Town Roads etc. Demand No. 34এর মধ্যে the additional provision is necessary during the year 1969-70, for improvement of Town Roads. এখানে এর মধ্যে আছে Rs. 1,70,000/- Grant to Agartala Municipality, construction of Katcha Road ইত্যাদির জন্য ব্যয় বরাদ্দ রাখা হয়েছে। আগরতলা শহরের বাস্তব অবস্থা যদি আমরা দেখি তবে আমরা কি দেখতে পাই। যদিও বছর বছর বহু টাকা পয়সা খরচ করা হচ্ছে, প্রচুর টাকা খরচের খাতে ধরা হচ্ছে কিন্তু রাস্তাগুলি যদি দেখি তবে দেখতে পাই রাস্তাগুলি আরো deteriorate করছে। কোনটা Solling করা হয়েছে, পরবর্তী সময়ে তা আর হয় নাই আর কতকগুলি তাও করা হয় নাই। রাস্তাগুলির বুকের মাঝে কেবল গর্তেতে ভর্তি। সামান্য বৃষ্টি হইলে ত আর কোন কথাই নাই। যেখানে সেখানে রিক্সা চলার মত কোন অবস্থা নাই। যে কোন মুহূর্তে যে কোন জায়গায় এক্সিডেন্টও হইতে পারে। উদাহরণ হিসাবে বলছি বোধজং চৌমুহনী হইতে ভুতুরিয়া পর্যন্ত যে রাস্তাটি আছে তাহা কোন মান্ধাতার আমলে তৈরী করা হয়েছিল তারপর আর এটার সংস্কারের জন্য কোন নজরই দেওয়া হয় নি। কর্ণেল চৌমুহানী হইতে নাজির বাড়ী পর্য্যন্ত যে রাস্তাটি আছে তাহা কোন মান্ধাতার আমলে তৈরী করা হইয়াছিল তারপর আজ পর্য্যন্ত এটার দিকে আর নজর দেওয়া হয়নি। রামনগর, কৃষ্ণনগরে বা অন্যান্য জায়গাতে এই রকম অনেক আছে। কোন কোন জায়গায় দেখা যায় ইট solling করা হয়েছিল কোনও এক সময়ে কিন্তু আজ পর্য্যন্ত ভাঙ্গা ইটগুলো রাস্তার দু'ধারে পড়ে আছে, তাতে জনসাধারণের চলাচলের খুবই অসুবিধা হচ্ছে। আমরা প্রতি বৎসরই বাজেটে এই খাতে বেশ অর্থ ব্যয় বরাদ্দ ধরি। কিন্তু এই রাস্তাগুলোর অবস্থা একই রকম চলছে, তাহা দূর করা দরকার। আজকে মাননীয়

মন্ত্রী মহোদয় যদি বাজেট দেখিয়েই প্রমাণ করতে চান যে আমরা বাড়াবাড়ি করছি তাহলে ঠিক হবে না। কারণ বাস্তবে তা হচ্ছে না। কাজেই এদিক দিয়ে নজর রাখা দরকার। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Smt. Renu Chakraborty :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, Demand No. 13, 23, 34, 32 & 45 যে মাননীয় অর্থমন্ত্রী হাউসে উত্থাপন করেছেন তা আমি সমর্থন করি এবং বিরোধী দলের মাননীয় সদস্য Demand No. 13এ যে Cut motion এনেছেন Intensive tour by the Inspector in connection with procurement of food grains আমি তার বিরোধিতা করছি। কারণ এই Demandটা একটা জরুরী বিষয়। এই গুরুত্বপূর্ণ কাজে প্রথমে দেখতে হবে কৃষকদের কতটুকু জমি আছে, কতটুকু ধান উৎপাদন হয়েছে এবং কতটুকু পর্যন্ত procurement করা যায় তা যদি ঠিকভাবে assesment করা না যায় তাহলে দেশের গরীব কৃষককুল suffer করবে। এই কারণেই এই Deptt.এ Inspectorদের নিয়োগ করা হয়। এই ত্রিপুরাতে Food Deptt.এর সমস্ত প্রয়োজনীয় কার্যাদির জন্য যে সমস্ত ব্যয় বরাদ্দ হয়েছে আমি মনে করি প্রয়োজনের তুলনায় তা অনেক কমই রাখা হয়েছে। সুতরাং মাননীয় সদস্য এর উপর যে Cut motion এনেছেন আমি তার বিরোধিতা করছি।

Demand No. 23--Miscellaneous, Social & Developmental Organisationএর উপর মাননীয় সদস্য শ্রীঅঘোর দেববর্মা মহাশয় যে cut motion এনেছেন Inadequacy of Provisions for the Scheduled tribes/Castes and backward classes, আমি তার বিরোধিতা করছি। কারণ এটার উপর cut motion আনার কোন মানে হয় না। আমাদের original budgetএ ও এই খাতে টাকা ধার্য্য ছিল। এখন যে টাকাটা অতিরিক্ত প্রয়োজন তাহা অতিরিক্ত Plan এবং Scheme কার্যকরী করার জন্য লেগেছিল। সেজন্য এই Supplementary Grant চাওয়া হয়েছে। সেখানেও আমরা দেখতে পাই টাকার সংখ্যা কম নয়। যেখানে ২,৫৪,০০০ টাকা ধার্য্য করা হয়েছে। যে টাকাটা সত্যিকারে প্রয়োজন হয়েছে সেই টাকাটা এখানে চাওয়া হয়েছে সুতরাং এখানে যে cut motion এনেছেন আমি তার বিরোধিতা করছি।

Demand No. 34—Miscellaneousএ মাননীয় সদস্য শ্রীঅঘোর দেববর্মা মহাশয় যে cut motion এনেছেন এটারও আমি বিরোধিতা করছি। টাউনের রাস্তাঘাট যে খারাপ নয়—আমি তা অস্বীকার করি না। সত্যিই টাউনের রাস্তাগুলো খুবই খারাপ। যদি আগের থেকে রাস্তাগুলোর দিকে নজর দেওয়া হত তাহলে রাস্তাগুলোর অবস্থা এই রকম হত না। সেই বরাদ্দকৃত টাকার অঙ্কটা কম নয়। আমি দেখতে পাই ১,৭০,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে শুধু Town roads improvement এর জন্য। সুতরাং Town roadsএর প্রয়োজনীয়তা যে সরকার উপলব্ধি করেন নাই এটা আমি স্বীকার করি না। তার জন্যই এই Supplementary Demand চাওয়া হয়েছে। তাই আমি এই Demandএর উপর যে Cut motion আনা হয়েছে তার বিরোধিতা করছি। মাননীয় মন্ত্রী মহোদয় আর যে যে Demand এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য এখানে শেষ করছি।

Raj Kumar Kamaljit Singh :—Hon'ble Speaker, Sir, মাননীয় মন্ত্রী মহোদয় আজ এখানে ৫টি Demand পেশ করেছেন আমি সেগুলি সমর্থন করছি এবং তার উপর বিরোধী দলের সদস্যরা যে cut motion এনেছেন আমি তার বিরোধিতা করছি। Demand No. 13এ বিরোধী দলের মাননীয় সদস্য যে বক্তব্য রেখেছেন আমি সেটা সমর্থন করতে পারছি না। আমাদের ত্রিপুরা সরকার আজকে ফসলের Procurement এর ব্যাপারে যে নীতি চালু করেছেন এবং খাদ্যের মূল্য এবং distribution এর যে সমতা রক্ষা করে চলেছেন তার জন্য আমি সরকারকে ধন্যবাদ জানাই। সরকারের এই নীতির কারণে হয়ত মাননীয় সদস্যের গায়ে ঘা লেগেছে তাই হয়ত তাঁর এই আপত্তি। কয়েকজন Inspector যে গ্রামে গ্রামে Inspectionএ গিয়েছেন সেজন্য হয়ত উনাদের ঘা লেগেছে। অতি সূক্ষ্মভাবে বিচার করলে আপনারা দেখতে পাবেন sanction of Dearness allowance at enhance rate w. e. f. 27. 3. 69, আমাদের কর্মচারীদের Dearness Allowance বৃদ্ধি হওয়ার দরুন যে টাকার প্রয়োজন হয়েছে অতি বুদ্ধিমানের সঙ্গে সেটা এড়িয়ে গিয়েছেন। কিন্তু ধান চাউলের দর এবং distributionএর সমতা রক্ষার জন্য Inspector রা যে গ্রামে গ্রামে গিয়ে কাজ করেছেন তার উপর মাননীয় সদস্য বক্তব্য রেখেছেন। এটার কোন যৌক্তিকতা নাই। কারণ তারা সরকারের সুষ্ঠু নীতি রূপায়ণে কাজ করেছেন।

Demand No. 23তে আমরা নূতনভাবে একটা জিনিষ দেখতে পেলাম Increase due to creation of some posts as mentioned below :—Director, Sub-Divisional Controller, Store-Keeper, Dusting Operator, Store Grand. আমরা এটা পরিষ্কার ভাবে বুঝতে পারলাম না, Director, Sub-divisional Controller, store guard কোন্ Deptt. এর জন্য। আমাদের procurement বা buffer stock maintain করার জন্যই কি এই Director এবং Sub-Divisional Controller? আমি আশা করি মাননীয় মন্ত্রী মহোদয় আমাদের নিকট এই সম্বন্ধে বিশেষ ভাবে বিবরণ দিবেন। আমরা যে সমস্ত সম্প্রদায় backward classএর অন্তর্ভুক্ত, শিক্ষার দিক ছাড়া অন্য কোনও ব্যাপারে আমরা facility পাই না। সেই দিক দিয়ে Sch. Caste/Sch. Tribes অনেক অনেক facility পায়। অতএব Inadequacy of provision যা বলা হয়েছে আমি তা সমর্থন করতে পারছি না। আর মাননীয় অর্থমন্ত্রীর নিকট আমি অনুরোধ রাখতে চাই যেখানে আমরা backward classes যারা আছি তারা সরকার থেকে বিশেষ কোন সুবিধা পাচ্ছি না, অথচ কাগজে কলমে লিখে আমাদের facility দেওয়া হচ্ছে বলে প্রচার করা হচ্ছে, এটা খুবই দুঃখের ব্যাপার।

Mr. Speaker :—Hon'ble Member, your time is over.

Shri Raj Kumar Kamaljit Singh :—আমাদের আগরতলায় টাউন রোড maintenance সম্বন্ধে যা বলা হয়েছে, সেই সম্পর্কে আমি বলতে চাই টাউন রোডগুলির অবস্থা বর্তমানে অনেক খারাপ হয়ে গিয়েছে এটা অস্বীকার করার উপায় নাই। সঙ্গে সঙ্গে এটাও ঠিক কথা সরকার এই রাস্তাগুলোর সংস্কারের জন্য কিছু কিছু কাজ করছেন।

অতএব মাননীয় সদস্য যে cut motion এনেছেন এটার কোন যৌক্তিকতা নাই। আর একটি বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহোদয়দের দৃষ্টি আকর্ষণ করছি। আগরতলা শহরের drainge system টা আরও উন্নত করা দরকার। কারণ বর্ষাকালে তাড়াতাড়ি জল সরে যেতে পারে না বলে শহরে flood হয়ে পড়ে। এই বলে cut motion এর বিরোধীতা করে মূল Demand এর উপর সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Now I am putting vote the cut motion moved by Shri Aghore Deb Barma. The question before the House is that the demand be reduced by Rs. 25,000/- to discuss on intensive tour by the Inspector in connection with the procurement of food grains. Now as many as are of that opinion will please say—'Ayes'—(Voice-Ayes). As many as are of contrary opinion will please say—'Noes'—(Voice—Noes). I think Noes have it, Noes have it, Noes have it. The motion is lost. Now I am putting the Demand for grant No. 13 to vote. The question before the House is that a further sum not exceeding Rs. 00,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1969, to 31st March, 1970 in respect of Demand No. 13—Miscellaneous Dept. As many as are of that opinion will please say—'Ayes'—(Voice Ayes). As many as are of contrary opinion will please say—'Noes'. I think Ayes have it, Ayes have it, Ayes have it. The Demand is passed.

Now I am putting to vote the cut motion raised by Shri Aghore Deb Barma under Demand No. 23- that the Demand be reduced by Rs. 100/- to discuss on Inadequacy of provision for the Scheduled Tribes, Castes and Backward Classes. As may as are of that opinion will please say 'Ayes' (Voice—Ayes) As many as are of contrary opinion will please say 'Noes' (Voice—Noes). I think Noes have it, Noes have it, Noes have it. The motion is lost.

Now I am putting Demand for grant No. 23 to vote. The question before the House is that a further sum not exceeding Rs. 7,51,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to March, 1970 in respect of Demand No. 23—Misc. Social and Developmental Organisation. As many as are of that opinion will please say 'Ayes'—(Voice—Ayes). As many as are of contrary opinion will please say Noes—I think Ayes have it, Ayes have it, Ayes have it, The Demand is passed.

Now I am putting the cut motion on Demand for grant No. 34 to vote. The question before the House is that the Demand be reduced by Rs. 100/- to Discuss on failure to improve Town Roads etc. As many as are of that opinion will please say—'Ayes' (Voice—Ayes). As many as are of that opinion will please say 'Noes' (Voice—'Noes'). I think Noes have it, Noes have it, Noes have it. The motion is lost.

Now I am putting the demand for grant No. 34 to vote. The question before the House is that a further sum not exceeding Rs. 15,95,600/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1969 to 31st March, 1970 in respect of demand No. 34 Miscellaneous. As many as are of that opinion will please say. 'Ayes' (voice Ayes). As many as are of contrary opinion his please say Noes. I think Ayes have it. Ayes have it. Ayes have it.,The demand is passed.

Now I am putting the demand for grant No. 32 to vote. The question before the House is that a further sum not exceeding Rs. 61,000/- be granted to defrary the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of demand No. 32 Printing & Stationery. As many as are of that opinion will please say Ayes (voice Ays). As many as are of contrary opinion will please say 'Noes'. I think Ayes have it. Ayes have it. Ayes have it. The demand is passed.

Now I am putting the demand for grant No. 45 to vote. The question before the House is that a further sum not exceeding Rs. 35,700/- exclusive of charged expenditure of Rs. 6000/- be granted to defray the additional charges which wiil come in course of payment during the period from 1st April 1969 to 31st March, 1970 in respect of demand No. 45 Loans & Advances by the state U. T. Government. As. many as are of that opinion will please say Ayes (Voice Ayes). As many as are of contrary opinion will please say Noes. I think Ayes have it. Ayes have it. Ayes have it. The demand is passed.

I would now request the Hon'ble Finance Minister to move his demand for Grant No. 14.

Shri Krishnadas Bhattacharjee:—(Finance Minister) Hon'ble Speaker Sir, I beg to move that a further sum not exceeding Rs. 8,48,100/- be granted to defray the additional charges which will come in course of payment during the period for 1st April 1969 to 31st March, 1970 in respect of Demand No. 14 Education.

Mr. Speaker :— There is no cut motion under grant No. 14. So, I am putting the Demand to vote. The question before the house is that a further sum not exceeding Rs. 8,48,100/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1969 to 31st March, 1970 in respect of demand No. 14 Education. As many as are of that opinion will please say 'Ayes' (Voice Ayes) As many as are of contrary opinion will please say Noes. I think Ayes have it. Ayes have it. Ayes have it. The demand is passed.

I would now request the Hon'ble Finance Minister to move the Demand for Grant No. 15 & 16 together.

Shrs Krishnadas Bhattacharjee :—(Finance Minister) Hon'ble Speaker Sir, I beg to move that a further sum not exceeding Rs. 31,14,200/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of demand No. 15 Medical.

ii. That a further sum not exceeding Rs. 15,20.800/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of demand No. 16 Public Health.

Mr. Speaker :—There is a cut motion under the Demand No. 16—Public Health. Shri Aghore Dev Barma to raise discussion.

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয় Demand for Grant No. 16 এ আমার cut motion এ আছে—Inadequacy of Provisions for Purchase of more tube-wells and repairing and reconstructon of old tube-wells and R. C. C. wells etc. আজকে সারা ত্রিপুরা রাজ্যে সাব্রুম থেকে ধর্মনগর পর্যন্ত কি বাজার কি পাড়া বা গ্রাম ইত্যাদির মধ্যে যদি আমরা দেখি তাহলে কি দেখব ? পানীয় জল সরবরাহ করা যে সরকারের দায়ীত্ব—আজকে বাস্তব ঘটনা এবং অবস্থা যদি বিচার বিবেচনা করে বিশ্লেষণ করে দেখা হয় তাহলে নিশ্চয়ই একথা স্বীকার করবেন যে জনসাধারণের যে চাহিদা তা সরকার মিটাতে পারছেন না। কিছুক্ষণ আগে এই Supplementary Demand আলোচনা প্রসঙ্গে মাননীয় সদস্য শ্রীনিশিকান্ত সরকার এই সম্পর্কে বিস্তৃতভাবে উল্লেখ করেছেন। কাজেই আমি Details এ যাচ্ছি না। তাছাড়া সময় অত্যন্ত কম। আজকে নতুন tube well তো আছেই, তদুপরি টাকা খরচ করতে গিয়েও যে কি অবস্থা সে সম্পর্কে আমি শুধু একটি ছোট্ট reference এখানে দিচ্ছি। সেটা হচ্ছে শ্রীমণীন্দ্র তরফদার ফটিকরায়ের প্রধান, B. D. C.র ও তিনি Chairman. 1968-69 এর বাজেটে R. C. Wells এর কাজে তিনি গাঁও সভার কোন প্রস্তাব না নিয়েই স্থির করলেন যে নিজেই সে কাজ করবেন। অর্থাৎ গ্রামের জন্য R. C. Wellsএর যে Sanction ছিল সে বিষয়ে কোন রকম প্রস্তাব না নিয়েই তিনি নিজেই সে কাজ আরম্ভ করে দিলেন। তিনি এ কাজের জন্য ১৩ শত টাকা Block থেকে নিয়ে নিলেন। কারণ তিনি যখন Chairman এ বিষয়ে কোন অসুবিধা নেই। এই ১৩ শত টাকা নেওয়ার পর আজ ১৯৭০ সালেও কোন কাজ করা হয় নাই। এমন কি আজ পর্য্যন্ত গর্ত্ত ও করা হয় নাই, R. C. well তো দূরের কথা। এই ভাবে টাকার অপচয় ঘটে। আমি এখানে শুধু একটি ঘটনার কথা বলেছি। ত্রিপুরা রাজ্যে এমন বহু ঘটনা আছে এভাবে আজকে জনসাধারণের পানীয় জলের জন্য যে সমস্ত টাকা পয়সা খরচ হয় এগুলি ঠিক ঠিকভাবে খরচ হওয়া দরকার এবং পানীয় জল সুষ্ঠুভাবে সরবরাহ করা দরকার কিন্তু এগুলি হচ্ছে না। কাজেই এদিকে অন্ততঃ দৃষ্টি রাখা দরকার। আর এখানে নতুন খাতে কাঞ্চনপুর বাজারের মধ্যে একটা tube well ধরা আছে। সারা বাজারের মধ্যে একটি মাত্র tube well সেখানে School, Dispensary ইত্যাদি অনেক কিছু আছে। এতগুলি মানুষ যেখানে

সেখানে একটা মাত্র tube well এ চলা সম্ভব নয়। সেখানে একটা R. C. well আছে। আমি নিজেও সেটা দেখে দেখেছি। বহুদিন যাবৎ সেটা পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। সেগুলি যাতে পানীয় জলের উপযুক্ত করে রাখা যায় সেদিকে অন্ততঃ দৃষ্টি রাখা দরকার এমন প্রত্যেকটি জায়গার মধ্যে আছে। যেমন চড়িলাম বাজারের মধ্যে আছে। ছেলেমেয়েরা জলের মধ্যে যা তা ফেলবে, জলগুলি নষ্ট হয়ে যায়। যাতে এগুলি না করতে পারে অর্থাৎ টাকা পয়সা যে ভাবে utilise করার জন্য খরচ করা হয়—এগুলি যাতে জনসাধারণের উপকারে লাগে সেদিকে দৃষ্টি রাখাও প্রয়োজন। শুধু tube well, ring well, R. C. well করার নামে টাকার প্রয়োজন আছে, টাকা খরচ করে দিলাম সেটাই যথেষ্ট নয়। ঐ ring well, tube wellএর দ্বারা যাতে জনসাধারণ উপকৃত হয়, জনসাধারণ জল পেতে পারে সেদিকে নজর দেওয়া দরকার এবং যেগুলি নষ্ট হয়ে গেছে সেগুলি repair করা দরকার। যেমন দৃষ্টান্ত স্বরূপ বহু বলা যায়। চড়িলাম Dispensaryতে বহু লোক যায়। কিন্তু সেখানে কেবল tube well নাই। যেটা ছিল সেটা নষ্ট হয়ে গেছে। এ রকম বহু আছে—একটা দু'টো নয়। এই গুলির প্রতি দৃষ্টি রাখা একান্ত প্রয়োজন বলে আমি মনে করি। আমরা বাজেটে টাকার বরাদ্দ করি এবং বছর বছর খরচও করি কিন্তু এরপর আর কোন দায় দায়ীত্ব নেই। শুধু জনগনের ঘাড়ের উপর চাপিয়ে দিলেই হ'ল। যাতে এটার maintenanceএর একটা ব্যবস্থা করা যায় তারও একটা necessary rules করতে হবে অর্থাৎ যাতে রক্ষনাবেক্ষন হয় সেই ব্যবস্থা অন্ততঃ করা দরকার বলে আমি মনে করি। শুধু যদি আমরা টাকাই খরচ করে যাই তাহলে জনসাধারণকে আর পানীয় জল সরবরাহ করা যাবে না। এই বলেই আমি আমার cut motion এর উপর সমর্থন রেখে বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :--Now I am Putting the Demand for Grant No.16 to vote, The question before the House is that.... ...

S. L. Singh (Chief Minister):—Just a minute. প্রথম কথা হ'ল মাননীয় সদস্য cut motion রাখতে গিয়ে Public Health এ বলেছেন যে ফটিকরায়ের B.D.Cর Chairman যিনি গাঁও প্রধানও তিনি ১০০শত টাকা নিয়ে গেছেন tube well. R.C. well প্রভৃতি কাজের জন্যে without any consultation with B.D.C member—এটা আমার জানা নেই। Specific case যদি মাননীয় সদস্য রাখেন তাহলে এ সম্পর্কে আমি নিশ্চয়ই Enquiry করব। অতএব আমরা আশা করব মাননীয় সদস্য specifically যদি mention করে বলেন তাহলে certainly enquiry করে দেখব। কাঞ্চনবাড়ী tube well এর কথা উনি বলেছেন যে জল আছে কিন্তু জলটা পড়ে আছে। কেন পড়ে আছে সে সম্পর্কে উনি বলেন নি। আমার মনে হয় সেখানে জনসাধারণ tube well টা utilise করছে না, utilise কেন করছে না সেটা আমি বুঝতে পারলাম না। কারণ সেখানকার জনসাধারণ আমি জানি যদিও Ring well tube well এর কথা বলেছেন এবং তাদের আবেদনও আছে Blockএ, সেগুলি উত্থাপিত হয় এবং সেই অনুসারে সেটি করা হয়ে থাকে। জল আছে, জল পড়ে আছে যদি tube well, Ring well এর জল অনবরত utilise না করে তাহলে সেখানে জল পড়ে যাওয়া অস্বাভাবিক নয়। অথবা সেখানকার গ্রামের যে কথা উনি উল্লেখ করেছেন তার গ্রাম লালসিংমুড়ার কথা

যে Ring well করা হয়েছে অথচ ছেলেরা ওখানে আবর্জনা ফেলেছে। মাননীয় সদস্য ওখানকার Member ও। নিশ্চয়ই প্রয়োজনের জন্যই সেখানে R. C. well চেয়েছিলেন এবং সেখানে সেটা করা হয়েছিল। করার পর সেখানকার আদিবাসী যারা তাদের উপর নির্ভর করে সেটা utilise করা বা চালু রাখা। ছেলেমেয়েরা যদি নষ্ট করে এবং তারা যদি ছেলেমেয়েদের উপর step নেয় তাহলে এটা হতে পারে না। ছোট ছোট ছেলেদের curiosity জাগে সেটা অস্বাভাবিক নয়। কিন্তু মাননীয় সদস্য যেখানে guardian এবং সেখানে আরো guardian, আছে। এই যে জিনিষগুলি ছেলেদের মধ্যে grow করছে সেটাকেও guardian যারা অভিভাবক যারা তাদের অভ্যাসের জন্যেই ছেলেদের মনে এই curisityর সৃষ্টি হয়। কারণ ছেলেরা guardianরা যা করে তাই শিক্ষা পায়। অভিভাবক-দের দ্বারাই ছেলেদের চরিত্র গঠিত হয়। অতএব যেখানে ছেলেরা এই করছে—অভিভাবকরা সেখানে কি করছে? অভিভাবকরা বাঁধা দিচ্ছেন কিনা এবং প্রচারের দ্বারা সেটাকে সংরক্ষণ করছেন না। এবং tubewell, ringwell, ছোট ছোট রাস্তা, ব্রীজ ইত্যাদি নির্ভর করে গ্রামবাসীদের মনোভাবের উপর। অতএব সেখানে শিশুদের উপর সেটা চাপিয়ে দিয়ে গার্জিয়ানরা যদি বাঁচতে চান তবে বৈজ্ঞানিক উপায়ে তারা বাঁচতে পারেন। তবে এই যে মনোভাব তার মধ্যে গঠিত হল সেজন্য গার্জিয়ান fully responsible. অতএব এ সব যাতে grow না করে গার্জিয়ানরা যদি তত্ত্বাবধান রাখেন এবং সেটাকে বিশুদ্ধ রাখার দায়িত্ব নেন, সেখানকার জনসাধারণের এটা যদি প্রাণ হয়ে থাকে তাহলে ছেলেদিগকে শিক্ষিত করা দরকার। তাহলে আমি অনুরোধ করবো মাননীয় সদস্য যেখান থেকে এসেছেন। গার্জিয়ান এবং যারা voter আছেন এবং গাঁও প্রধান আছেন তাদের কাছে বলে আলাপ আলোচনা করে সেটিকে যদি সংরক্ষণের ব্যবস্থা করেন, জলকে বিশুদ্ধ রাখার ব্যবস্থা করেন, তাহলে ছেলেদেরও চরিত্র গঠিত হবে এবং গার্জিয়ানও ঠিক ঠিক ভাবে সেটাকে সংরক্ষণ করে সেই অঞ্চলের জনসাধারণকে বাঁচাতে পারেন। Public Health এবং medicalএ 69-70তে আমার বক্তব্য আমি আগেও রেখেছি। যে টাকাটা এখন দরকার সেটা mainly due to enhanced rate of dearness allowonce, W.E.F. 11. 3. 69. তাই cut motionটা আগেই দিয়ে ফেলেছেন তাই ও সম্বন্ধে কিছু বলেন নি। অবশ্য আরও Tubewell কিনার জন্য এবং repairএর জন্যও টাকা চাওয়া হয়েছে। Re-constructionএর জন্য Tube well and R.C.C. wells in rural areas for drinking water purpose. সেখানে অর্থের বরাদ্দ রাখা হয়েছে ২ লক্ষ ৪৩ হাজার ১০০ টাকা। ৭৬০০০ টাকা রাখা হয়েছে for allowances & Honoraria. অতএব সেই অর্থ আমাদের অত্যন্ত প্রয়োজনীয় বিশুদ্ধ জল সরবরাহ করা এবং জলকে বিশুদ্ধ রাখার জন্য। আমি তাই House এর নিকট আবেদন রাখব—এই টাকা সর্ব্বসম্মতিক্রমে পাশ করা জন্য। জলকে বিশুদ্ধ রাখার দায়িত্ব জনসাধারণে তাই আমি মাননীয় সদস্যকে অনুরোধ করবো, তারা যেন সেখানকার শিশুদের শিক্ষিত কর তোলেন যাতে তারা জলকে দুষিত না করে। সমাজ ও দেশকে বাঁচাবার জন্য আজ শিশুদে সেইভাবে গড়ে তোলা দরকার। এই Demandকে সমর্থন করে এবং cut motionএর বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Now I am putting to vote the demand for grant No. 15 The question before the house is that a further sum not exceeding Rs. 31,14·200/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March 1970 in respect of demand No. 15—Medical.

The demand was passed by voice vote.

Now I am putting to vote the cut motion moved by Shri Aghore Deb Barma. The question before the house is that the demand be reduced by Rs. 100/-;to discuss on inadequancy of provision for purchase of more tubewells and repairing and reconstraction of old tube-wells and R. C. C. wells etc.

The cut motion was lost by voice vote.

Now I am putting to vote the demand for grant No. 16. The question before the house is that a further sum not exceeding Rs. 15,20,800/- the granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1969 to 31st March 1970 in respect of demand No. 16—Public Health.

The demend was passed by voice vote.

Now I would request . the Hon'ble Finance Minister to move his demand No. 30 & 29 together.

Shri Krishnadas Bhattacharjee :—Hon'ble Speaker Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not not exceeding Rs. 1,91,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1969 to 31st March 1970 in respect of demand No. 30 Pension and other Retirement Benefits.

Hon'ble Speaker Sir, on the recommendation of the administrator, I beg to move that a further sum not exceeding Rs. 2,00,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1969 to 31st March 1970 in respect of demand No. 29—Famine Relief.

Mr. Speaker :—There are two cut motions on these two demands of Shri Aghore Deb Barma. I would request Shri Deb Barma to move his cut motions & raise discussion.

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়......

Mr. Speaker :—I would request you to finish yonr speech within 5 minutes.

শ্রীঅঘোর দেববর্মা :—এখানে demand No. 30তে যে, cut motionটি রেখেছি সেটা হল failure to provide family pension and gratuities etc. এখানে আমি যে বক্তব্যটা রাখতে চাই সেটা হচ্ছে, আমি একটা পুরানো caseএর reference দিব। Pensionএ গেলে যে pension তাড়াতাড়ি পাওয়া দরকার এটা সকলেই স্বীকার করবেন। অনেক বছর আগে 1952তে অমরপুর বিভাগের প্রাক্তন S. D. O. Dwipendra Ch. Deb Barma--April মাসে C. C র orderএ তাকে pension এ যেতে হয়। আজ পর্যান্ত তার pension মঞ্জুর হয় নি। 1967এ তিনি মারা যান। এই Assemblyর মধ্যে একাধিকবার এটা আলোচনা হয়েছে এবং মিনিষ্টাররাও reply দিয়েছেন যে তার কাগজপত্র ফাইল ইত্যাদি খুঁজে পাওয়া যাচ্ছে না। তিনি এক সময়ে রাজার আমলে S. D. O. ছিলেন এ সম্পর্কে কোন কাগজপত্র পাওয়া যায় না। আবার পরবর্ত্তী এক সময়ে বলা হ'ল সে সব A.G. জানেন। এবং A.G.কে লিখা হয়েছে। কিন্তু by the by A.G. যখন PAC meetingএ আসলেন, তখন তাকে সব details দেওয়া হ'ল। খোঁজ খবর নিয়ে পরবর্তী সময়ে তিনি জানালেন যে, কোন কাগজপত্রই তার কাছে পাঠান হয়নি। তারপর A.G. কতগুলি instruction দিলেন যে, এই এই ভাবে তার pension proposalটা submit করা হউক। Finance Secretaryকে বলা হল সমস্ত evidence সহ পাঠানর জন্য। কিন্তু আজ পর্যান্ত সেটা পোরপাক খাচ্ছে। যদি pensionable caseই না হয়, তাহলে সোজা না করে দিলেই পারতেন। এটা একটা দিক। কিন্তু এদিকে বলা হচ্ছে সব কাগজপত্র ready করা হচ্ছে।

আজকে একটা কথা বলতে হয় যারা মানুষ যারা এ রাজ্যের নাগরিক তাদের বেঁচে থাকার একটা অধিকার আছে। অর্থাৎ দেশের জনসাধারণকে বাঁচানোর দায়িত্ব সরকারের উপরই। দেশের মধ্যে বর্ত্তমানে যথেষ্ট সংখ্যক বেকার আছে। কিন্তু সরকার তাদের কর্ম-সংস্থানের কোন ব্যবস্থা করতে পারতে না। খাওয়ানের ও কোন ব্যবস্থাও সরকার করতে পারবেন না, কিন্তু বড় বড় কথা বলে থাকেন। কিছুক্ষণ আগে মাননীয় মুখ্যমন্ত্রী বড় বড় কথা বলে একটা বক্তৃতা দিলেন। আজকে সাব্রুম থেকে ধর্মনগর পর্যান্ত সর্বত্রই এই অবস্থা চলছে। যারা এগুলো রক্ষণাবেক্ষণ করবেন তারা এগুলো সম্বন্ধে চিন্তা করা উচিৎ কিভাবে আমরা maintain করব। কোন রকম destructive mood নিয়ে এটা বলা হয় নাই। কাজেই আজকে আমি বলছি সেই দৃষ্টিভঙ্গি নিয়ে ত্রিপুরার মানুষ আগুনই লাগুক বা যে কোন দুর্বিপাকের মুখেই পড়ুক বা দুর্ভিক্ষের মুখেই পড়ুক যাতে অনাহারে মৃত্যুমুখে পতিত না হয়। Appointment করে হইয়াছিল এত সমস্ত কাগজপত্র উদ্ধার করে Pension Proposal দেওয়া হয়। কিন্তু আজ পর্যান্ত টালবাহানা করে সেটা করা হচ্ছে না। উনার স্ত্রীর কোন সন্তানাদি নাই। এই দুর্দিনে তিনি কিভাবে বাঁচতে পারেন সেটা আমাদের চিন্তা করা দরকার। যেহেতু উনার পক্ষে খোঁজ করার কেহ নাই তাই উহা বছরের পর বছর ঘুরছে। অমানুষিকভাবে একটা মানুষের উপর হয়রানি করা হচ্ছে—সে সম্পর্কে ওয়াকিবহাল হওয়া দরকার যাতে একটা ব্যবস্থা

অন্তত করা যায়, সেদিকে দৃষ্টী রাখা দরকার বলে আমি মনে করি। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে আমি cut motion এর মাধ্যমে এই Houseএ আমার বক্তব্য রাখছি যে এই কেইসটা হওয়া দরকার Demand No. 29 এর মধ্যে Inadequnacy of provision for test relief works.

সরকারের খামখেয়ালী কাজ কর্ম্মের ফলে ত্রিপুরার জনসাধারণের মধ্যে যে অনাহার ও খাদ্যাভাব সৃষ্টি হয়েছে এতে এই ক্ষুদ্র stateএ দিনের পর দিন লোক সংখ্যা বৃদ্ধি হওয়ার ফলে বেকার সমস্যা বাড়ছে। তদুপরি আর একটা সমস্যা যে ত্রিপুরায় সব সময়ে Flood হয়, cyclone হয় আর আগুন ও লেগেই আছে। কাজেই এই অবস্থার দিকে লক্ষ্য রেখে মানুষ যাতে অন্তত বাঁচতে পারে তার ব্যবস্থা করতে হবে। আজকে আমরা গর্ব্ব করে থাকি আমরা স্বাধীন ভারতের নাগরীক। কিন্তু স্বাধীনতা পেয়েও মানুষকে আজ না খেয়ে মরতে হয়। আমরা জানি Economic যে structure আছে যে system আছে তাতে এই সমস্যা সমাধান সম্ভব নয় এবং বর্তমানে অর্থনৈতিক যে কাঠামো আছে তাতে সমস্ত লোকের খাওয়া পরার ব্যবস্থা করা সম্ভব নয়। সেই দিকে লক্ষ্য রেখে Test Relief এর খাতে টাকা বায় বরাদ্দ বেশী রাখা দরকার। এই ভাবে সরকার তার দায়িত্ব এড়াইয়ে চলার কোন অর্থ নাই। কাজেই আমি এই যে constructive suggestion রাখলাম সেটা সম্বন্ধে সরকার যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বণ করবেন বলে আশা করি। আমার cut motionএর পক্ষে এই বক্তব্য রেখে এখানে শেষ করছি।

Shri S. L. Singh—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে pensionএর সম্বন্ধে বক্তব্য রাখতে গিয়ে মাননীয় সদস্য যা বলেছেন তা ঠিক নয়। একটা proposal এর মধ্যে যে সমস্ত irregularities আছে তা যদি আমরা দূর করতে না পারি তবে তিনি যেই হউক না কেন তা পেতে একটু দেরী হবেই। Law খুব creul. তার age এবং অন্যান্য ব্যাপারে irregularities ছিল, সেজন্য sanction আনতে দেরী হল। এতগুলো pension case এর মধ্যে উনার caseটা sanction হয়নি।

দ্বিতীয়তঃ বলা হয়েছে Famine এবং Test relife খাতে যে টাকা রাখা হয়েছে সেটা খুব কম বা সঙ্গতি রেখে করা হয়নি। Flood, fire accident ইত্যাদি unforese n incident, তাই এই সমস্ত ব্যাপারে অর্থের প্রয়োজন হওয়াতে আমরা supplementary grant চেয়েছি। আর এই demand এর উপর যে cut motion রাখা হয়েছে তাহা অত্যন্ত অযৌক্তিকভবে রাখা হয়েছে। তাই এই demand এর সমর্থনে বক্তব্য রেখে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker ;—There are two cut motions on these two Demands, No. 30 and 29. I am first putting the cut motion to vote laid by Shri Aghore Deb Barma. The question before the House is that the Demand be reduced by Rs. 100/- to discuss on failure to provide family pension and gratuitous etc.

The cut motion was put to vote and lost.

Now I am putting the Demand for Grant No. 30 to vote. The question before the House is that a further sum not exceeding Rs. 1,91,000/- be granted to defray the addional charges which will come in course of paymant

during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 30—Pension and other Retirement benefits.

The Demand was put to vote and passed.

Now I am putting to vote the cut motion raised by Shri Aghore Deb Barma. The question before the House is that the Demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for test relief works.

Tha cut motion was put to vote and lost.

Now I am putting the Demand for grant No. 29 to vote. The question before the House is that a further sum not exceeding Rs. Rs. 2,00,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 29—Famine Relief.

The Demand was put to vote and passed.

The House stands adjourned till 11 A.M. on wednesday, the 30th March, 1970.

PAPERS LAID ON THE TABLE

STARRED QUESTION NO. 22.

By Shri Abhiram Deb Barma,

QUESTION

1) ইহা কি সত্য গত ২৫শে নবেম্বর ১৯৬৯ সনে খোয়াই বিভাগের অন্তর্গত চাম্পাকাটা চৌমুহনী বাজারে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র খোলার দাবীতে উক্ত এলাকার জনসাধারণ প্রাক্তন চীফ কমিশনারের কাছে দরখাস্ত করেছিল।

2) উক্ত দরখাস্তের মূলে রাজ্যসরকারের ভারপ্রাপ্ত কোন অফিসার কি তদন্ত করে ছিল ?

3) যদি তদন্ত হয়ে থাকে তাহার ফলাফল।

ANSWER

1) হ্যাঁ

2) হ্যাঁ

3) এখনও চূড়ান্তভাবে স্থির হয় নাই।

STARRED QUESTION NO. 33

By Shri Abhiram Deb Barma.

QUESTION

১) যে সকল চা-বাগান মালিকদের বিরুদ্ধে বোনাস না দেওয়ার জন্য ফৌজদারী মামলা দায়ের করা হইয়াছে, তাহাদের নাম ঃ—

২) বোনাসের টাকা আদায়ের জন্য শ্রম দপ্তর কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন তাহার বিবরণ ?

ANSWER

১) ক) গারদ টিলা — চা-বাগান।
খ) দারং টিলা — চা-বাগান।
গ) খোয়াই — চা-বাগান।
ঘ) রাংরুং — চা-বাগান।
ঙ) শোভা — চা-বাগান।
চ) সরোজিনী — চা-বাগান।
ছ) জগন্নাথপুর — চা-বাগান।
জ) মুর্ত্তিছড়া — চা-বাগান।
ঝ) হরেন্দ্র নগর — চা-বাগান।
ঞ) বিনোদিনী — চা-বাগান।
ট) দুর্গাবাড়ী — চা-বাগান।

২) ১৯৬৫ইং এর "পেমেন্ট অব বোনাস" আইনের বিধান অনুযায়ী বোনাস না দেওয়ার অভিযোগে দেনাদার চা-বাগানগুলির বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে। ১৯৩৬ইং এর "পেমেন্ট অব ওয়েজের" আইনের বিধান অনুযায়ী ও বকেয়া বোনাসের জন্য কতগুলি চা-বাগানের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে।

STARRED QUESTION NO. 35.

By Shri Bidhya Chandra Deb Barma

QUESTION

১) চা-বাগানের অস্থায়ী শ্রমিকরা subsidised rateএ রেশন পান কি না? যদি না পাইয়া থাকেন তাহার কারণ।

৩) যদি না পান, তবে ত্রিপুরার বাগানগুলিতে উহা চালু করা হইবে কি না?

ANSWER

১) হঁ্যা।

২) নিষ্প্রয়োজন।

STARRED QUESTION NO. 40.

By Shri Abhiram Deb Barma

QUESTION

১) বেকার সমস্যার সমাধানের জন্য কেন্দ্রীয় সরকার ত্রিপুরা সরকারকে কি কি নির্দেশ বা অনুরোধ জানাইয়াছেন তাহার বিবরণ—

২) ঐ নির্দেশ বা অনুরোধ কার্যকরী করার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

৩) সরকার যে সকল বেকারদের কাজ দিতে অক্ষম তাহাদের বেকার ভাতা দিবেন কি?

ANSWERS

১) ভারত সরকার ত্রিপুরা সরকারকে বর্তমান পরিকল্পনার প্রকল্পগুলিতে অধিকতর উৎপাদন ও অধিক সংখ্যক কর্মসংস্থান নিমিত্ত সমীক্ষার অনুরোধ জানাইয়াছেন। ভারত সরকার ছোট কৃষক ও শিল্পীদের সাহায্যকল্পে বিভিন্ন উপায় অবলম্বনের প্রস্তাব দিয়াছেন যাহাতে তাহারা নিজদিগকে (তাহাদিগকে) অধিক উৎপাদনশীল উদ্যোগে নিযুক্ত করিতে পারেন। কয়েকটি বিশেষ উপায়ের বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

২) রাজ্য সমূহ/কেন্দ্রীয় শাসিত অঞ্চল সমূহ তাদের নিজ নিজ চতুর্থ পরিকল্পনা রূপায়নের বাস্তব লক্ষ্য ব্যাহত না করিয়া অধিক সংখ্যক কর্মসংস্থানের নিমিত্ত প্রয়োজনীয় সমন্বয় সাধন করিতে পারেন।

ii) রাজ্য সমূহ বিভিন্ন প্রকল্পগুলি রূপায়নের উপযুক্তদক্ষতার মান ও পরিমিত ব্যয় মাত্রা রক্ষা করিয়া কি উপায়ে অধিক শ্রমিক নিয়োগের ক্ষেত্র বৃদ্ধি/প্রসার করা যায় তাহার জন্য কার্যকরী পন্থা অবলম্বনের পরীক্ষা নিরীক্ষা করিতে পারেন।

iii) রাজ্য সমূহ বর্তমান অধিক সংখ্যক কর্মসংস্থানের সুযোগের পরিপন্থী সংকোচন মূলক ব্যবস্থগুলি পরীক্ষা করিয়া উপযুক্ত প্রতিকারের কার্যক্রম গ্রহণ করিতে পারেন।

iv) মাঝারী ও ক্ষুদ্র শিল্পের উন্নয়নের নিমিত্ত অধিক যত্ন দেওয়া আবশ্যক যাহাতে অধিক সংখ্যক শ্রমিক নিয়োগের ক্ষেত্র প্রসারিত হয় সেদিকে সচেতন দৃষ্টি রাখিতে হইবে।

v) মাঝারী ও ক্ষুদ্রায়তন শিল্প সমূহে যাহাতে ন্যায্যমূল্যে যথোপযুক্ত ও সময়োপযুগী চাহিদামত কাঁচামালের সরবরাহ করা হয় তাহার ব্যবস্থা থাকিতে হইবে।

vi) সরকারী উদ্যোগে পরিচালিত শিল্প সংস্থাগুলি তাহাদের কর্মসূচীর অংশ হিসাবে তাহাদের তত্ত্বাবধানে সাহায্যকারী ক্ষুদ্র ক্ষুদ্র সংস্থা গড়িয়া তুলিবেন।

vii) যে সকল বেসরকারী উদ্যোগে পরিচালিত শিল্প প্রতিষ্ঠানে অধিক সংখ্যক শ্রমিক নিয়োগের সম্ভাবনা তাহাদিগকে অধিকতর সুযোগ সুবিধা প্রদান করিতে হইবে।

viii) উৎপাদিত পণ্যসম্ভারের যথোপযুক্ত চাহিদা অনুযায়ী বাজারের অনুসন্ধানমূলক পরীক্ষা ও দেশব্যাপী সমস্তরে তালুক/ব্লক পর্যন্ত বিক্রয় কেন্দ্র সম্প্রসারণের ব্যবস্থা করিতে হইবে।

ix) ভূমিহীন শ্রমিকদের জন্য গ্রামে গ্রামে গ্রামীণ উন্নতির কর্ম প্রকল্প গ্রহণ করিয়া কর্ম সংস্থানের সুযোগের সম্প্রসারণ করিতে হইবে। ইহা সুনিশ্চিত যে অধিক সংখ্যায় কর্ম প্রাপ্তির সুযোগই গ্রামীণ শ্রমিকের দৈনিক পরিশ্রমিকের হার বৃদ্ধির উপায়। বর্তমানে ভূমির উপর অধিক সংখ্যায় নির্ভরশীল শ্রমিকের প্রতিকূল আনুপাতিক সংখ্যা কমাইয়া অনুরূপ উন্নত ধরণের কর্ম সংস্থানের ব্যবস্থা দ্বারা ভূমিহীন কৃষক, শ্রমিকদিগকে শোষণের বিরুদ্ধে আত্মরক্ষা করার সুযোগ যোগাইবে। উক্ত ব্যবস্থা প্রকারান্তরে ভূমি সংস্কারের সহায়ক হইবে। উপরোক্তরূপ গ্রামীন প্রকল্পগুলি

রূপায়নের নিমিত্ত আবশ্যকীয় সাজ সরঞ্জাম ও অর্থ সংস্থান স্থানীয় এলাকা হইতে গ্রাম পঞ্চায়েতের সহযোগীতায় করিতে হইবে।

২। ত্রিপুরা সরকার প্রস্তাবিত চতুর্থ পরিকল্পনার প্রকল্পগুলির পুনরালোচনাক্রমে যথাসম্ভব অধিক উৎপাদনশীল কর্মসংস্থান সুযোগ প্রসারী করার চেষ্টা করিতেছেন।

৩। এরূপ কোন প্রস্তাব বর্ত্তমানে বিবেচনাধীন নাই।

STARRED QUESTION NO. 45

By—Shri **Abhiram Deb Barma**

প্রশ্ন

১। 1357 TEর Rickshow Niyamak Ain অনুসারে লাইসেন্সের যে সর্ত্ত ও নিয়ম রিক্সা মালিককে মানিয়া লইতে হয় তাহার ১৫ নং ধারায় কি এই কথা আছে যে রিক্সা মালিক চালক হইতে ২ টাকার বেশী দৈনিক ভাড়া লইতে পারিবেন না ?

২। যদি তাহা থাকিয়া থাকে তবে এ সর্ত্ত ও নিয়ম কার্য্যকরী করা হয় কিনা ?

৩। রিক্সার ভাড়া লইয়া মালিকরা কি কোন রসিদ দেন ?

৪। যদি না দেন এ রসিদ আদায়ের জন্য মালিকদের বাধ্য করা হয় না কেন ?

উত্তর

১। হ্যাঁ।

২। ইহা কার্য্যকরীর দায়ীত্ব মালিক ও চালকদের।

৩। জানা নাই।

৪। এই সম্পর্কে উপবিধি প্রণয়নের ব্যবস্থা হইতেছে।

STARRED QUESTION NO. 73

By—**Shri Bajuban Riyan**

প্রশ্ন

১। অমরপুর মহকুমার কোন কোন ট্রাইবেল কলোনীতে বর্ত্তমানে Tribal Supervisor নাই ?

উত্তর

১। (ক) জগবন্ধুপাড়া মডেল ট্রাইবেল কলোনী।

(খ) বনকুমারীবাড়ী মডেল ট্রাইবেল কলোনী।

(গ) সোনাছড়া মডেল ট্রাইবেল কলোনী।

STARRED QUESTION NO. 79

By—**Shri Suresh Chandra Choudhury.**

প্রশ্ন

১। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রতি বৎসর কত সংখ্যক শিক্ষিত বেকারের কর্মসংস্থানের ব্যবস্থা করা হইয়াছে ?

উত্তর

১) বৎসর ভিত্তিক কর্মসংস্থানের হিসাব পাওয়া যায় নাই। ত্রিপুরা সরকারের প্রস্তাবিত চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় নিম্ন বর্ণিত কর্মসংস্থানের হিসাব পাওয়া গিয়াছে

১ম শ্রেণী কর্মচারী—	১২৭
২য় ,, ,, —	৩৪৩
৩য় ,, ,, —	৫,৭৯৩
৪র্থ ,, ,, —	৩,৩৪৫
মোট	৯,৬০৮

STARRED QUESTION NO. 148

By—Shri Kshitish Ch. Das.

প্রশ্ন

ক) ত্রিপুরায় মেলিগ্‌নেট টাইপ অব ম্যালেরিয়া ও সেরিব্রেল টাইপ অব ম্যালেরিয়া কোন কোন অঞ্চলে সাধারণতঃ হইয়া থাকে ?

খ) ঐ দুই টাইপের ম্যালেরিয়া "ম্যালেরিয়া নির্মূল" কার্যক্রম আরম্ভ হওয়ার পূর্বে আক্রমণ সংখ্যার তারতম্য কি ?

উত্তর

১) সেরিব্রেল ও মেলিগ্‌নেন্ট টাইপের ম্যালেরিয়া ত্রিপুরার কোন বিশেষ অঞ্চলে বিশেষভাবে হওয়ার সংবাদ জানা নাই।

২) প্রস্তাবিরুক্ত এসব কোন হিসাব নাই।

STARRED QUESTION NO. 149.

By—Shri K. C. Das.

প্রশ্ন

ক) ত্রিপুরায় অন্ধ, বধির ও বোবার সংখ্যা কত ? (সাবডিভিশান ওয়াইজ) স্বাস্থ্য বিভাগের রিপোর্ট অনুযায়ী)

খ) কিকি Endemic Pendemic & Epidemic রোগ ত্রিপুরায় আছে ? সাব-ডিভিসন উল্লেখক্রমে)

উত্তর

ক) এই ধরণের সংবাদ সংগ্রহ করা হয় নাই। এই জাতীয় কোন survey ও করা হয় নাই।

খ) দেশের অন্যান্য স্থানের ন্যায় বিভিন্ন সময় সংক্রামক ব্যধি হিসাবে সময়ের ব্যবধান Small Pox, Gastro entrities এবং cholera চক্রাকারে দেখা দেয়।

STARRED QUESTION NO. 167
By—Shri Ersad Ali Choudhury

QUESTION	ANSWAR		
1. The total quantity of milk & milk products supplied from the Govt. Dairy farm at Agartala during the year 1968 to 1969 ?	1.	Milk Supplied	
	(a)	Wholemilk	21,18,634.50 lits.
	(b)	Standarised milk	4,98,355 lits.
		Milk Produets.	
	(a)	Skim milk	53,661.50 lits.
	(b)	Butter	13,545.79 kg.
	(c)	Ghee	2,316.50 kg.

UNSTARRED QUESTION NO. 176
By Shri Aghore Deb Barma

প্রশ্ন

১) আগরতলা মিউনিসিপ্যালিটির রাস্তাগুলি পাকা ও পীচ দেওয়ার জন্য ১৯৬৯-৭০ইং সনের আর্থিক বৎসরে মোট কত টাকা ব্যয় বরাদ্দ ছিল এবং মোট বরাদ্দ টাকার মধ্যে সম্যক টাকা খরচ হয়েছে কিনা ?

২) না হয়ে থাকলে ইহার কারণ ?

উত্তর

১) তিন লক্ষ সত্তর হাজার টাকা। এই টাকা খরচ করা হয় নাই।

২) বাজেট বরাদ্দ থাকিলেও ভারত সরকার হইতে খরচের জন্য অনুমোদন পাইতে হয়। অনুমোদনের জন্য ভারত সরকারকে অনুরোধ করা হইয়াছে।

STARRED QUESTION NO. 207
By—Shri Jatindra Kumar Majumder.

প্রশ্ন

ক) সদরের জিরানীয়া পাবলিক হেল্থ সেন্টারটির কোয়াটার নদীগর্ভে বিলীন হইতেছে কি ?

খ) উক্ত পাবলিক হেলথ সেন্টারটির সম্প্রসারণ করিবার দরকার আছে কি ?

গ) উক্ত পাবলিক হেলথ সেন্টারটি বর্তমান অবস্থিত স্থান হইতে স্থানান্তরিত করিবার প্রয়োজনীয়তা সরকার অনুভব করেন কি ?

ঘ) প্রয়োজনীয়তা অনুভব করিলে, কবে পর্য্যন্ত এই কাজে হাত দেওয়া হইবে।

উত্তর

ক) হঁ্যা।

খ) ইহা ছয় শয্যা হইতে দশ শয্যায় সম্প্রসারণ করা হইয়াছে।

গ) সমস্যাটি বিবেচনাধীন।

ঘ) অবস্থা অনুযায়ী ব্যবস্থা হইবে।

STARRED QUESTION NO. 208.

By Shri Jatindra Kr. Majumder.

QUESTION

ক) ১৯৬৮-৬৯—১৯৬৯-৭০ আর্থিক বৎসরের ২৮শে ফেব্রুয়ারী পর্য্যন্ত জিরানীয়া ব্লক (সদর ইষ্ট ব্লক) অন্তর্গত এলাকায় ট্রাইবেল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট হইতে কতটি আর, সি, সি, ওয়েল করা হইয়াছে ;

খ) করা হইয়া থাকিলে এগুলির লোকেশান ;

গ) না করা হইয়া থাকিলে কারণ ; এবং

ঘ) বর্ত্তমান আর্থিক বৎসর (১৯৬৯-৭০) উক্ত ব্লক হইতে আর, সি, সি, ওয়েলের জন্য কোন প্রপোজাল আছে কি ?

ANSWER

ক)
খ)
গ) তথ্য সংগ্রহাধীন আছে।
ঘ)

STARRED QNESTION NO. 243.

By Shri Ghanasyam Dewan,

QUESTION

১। ইহা কি সত্য যে চিচিংছড়া—ট্রাইবেল কলোনীর ২০০ শত জুমিয়া প্রার্থীর মধ্যে মাত্র ৬৫ পরিবারকে পুনর্বাসন দেওয়া সম্ভব হইয়াছে ;

২। অবশিষ্ট ১৩৫ পরিবার জুমিয়াদের allot করা ভূমি non-tribal কর্তৃক জবর দখল হওয়ায় পুনর্বাসনের কাজ বিঘ্নিত হইতেছে ; এবং

যদি সত্য হইয়া থাকে তবে জবর দখলকারীদের উচ্ছেদ সম্বন্ধে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

ANSWER

১।
২। } উত্তর সংগ্রহাধীন আছে।
৩।

STARRED QUESTION NO. 245.

By Shri Ghanasyam Dewan.

১। মাণিকপুর সরকারী ডিসপেনসারীর জন্য নূতন ঘরের পরিকল্পনা আছে কি না; এবং

২। থাকিলে কবে নির্ম্মাণ কার্য্য আরম্ভ হইবে ?

ANSWER

১। হঁ্যা।

২। যখন প্রয়োজনীয় নিয়মানুগ বিধানগুলি পরিপূরণ করা হইবে।

STARRED QUESTION NO. 270.
By Shri Nishi Kanta Sarkar.

QUESTION

উদয়পুর মহকুমায় মহারানী এলাকায় প্রাইমারী হেলথ সেন্টার স্থাপন করিবার বাজেট প্রভিশান থাকা সত্বেও অদ্যাপি না হওয়ার কারণ কি ?

ANSWER

ভারত সরকার ১৯৬৯-৭০ এবং ১৯৭০-৭১ ইং সনে কোন নতুন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র তৈয়ারীর করার প্রস্তাব অনুমোদন না করায় সামান্য বরাদ্দ থাকা সত্বেও প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র নির্মাণের কার্য্য আরম্ভ করা যায় নাই।

STARRED QUESTION NO. 271.
By Shri Nishi Kanta Sarkar.

উদয়পুর হাসপাতালের রোগীর বেড সংখ্যা বাড়াইবার বাজেট প্রভিশন থাকা সত্বেও অদ্য পর্য্যন্ত না বাড়াইবার কারণ কি ?

ANSWER

উদয়পুর হাসপাতালের শয্যা সংখ্যা বৃদ্ধির জন্য পরিকল্পনা আছে। প্রয়োজনীয় Estimate চূড়ান্তভাবে সমাধান করিতে না পারায় এই ব্যাপারে ১৯৬৯-৭০ সনের বাজেটে কোনরূপ ব্যয় বরাদ্দ করা হয় নাই।

STARRED QUESTION NO. 272.
By Shri Mahoranjan Nath.

(a) When the minimum wages for tea plantation labourers of Tripura was fixed;

(b) Whether there is any contemplation of revision of the minimum wages ; and

(c) If so, when does the Govt. proposes to revise the minimum wages of tea garden labourers ?

ANSWER

(a) Minimum rates of wages were fixed in the employment of the Tea Plantation in 1952 A. D.

(b) No.

(c) Does not arise.

STARRED QUESTION NO. 273
By Shri Monoranjan Nath

QUESTION

a) Is there a family planning clinic at Dharmanagar Hospital ;

b) If so, how many days in a week it remains open for the Public ; and

c) Number of loops distributed and number of operation cases during the last one year ?

ANSWER

As the Mover of the cut motion is absent, his cut motion falls through.

Now I am puting to vote the Demand for Grant No. 17—Agriculture.

The Question before the House is that a further sum not excceding Rs. 2.38,000/- exclusive charged expenditure of Rs. 6,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand 17—Agriculture.

As many as nre of that opinion will please say 'Ayes'

Voice—Ayes.

As many as are of contrary opinion will please say 'Noes'.

No 'Voice.

I think Ayes have it. Ayes have it, Ayes have it.

The Demand is passed.

Now I am putting to vote the Demand for Grant No. 18—The Question before the House is that a further sum not exceeding Rs. 1,06,9000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 18—Animal Husbandry.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—Ayes.

As many as are of contrary opinion will please says 'Noes'.

No voice.

I think Ayes have it. Ayes have it, Ayes have it.

The Demand is passed.

Now I am putting to vote the Demand for Grant No. 19—Co-operation.

The question before the House is that a further sum not exceeding Rs. 3,16,100/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 19—Co-operation.

As many as are of that opinion will please say 'Ayes.'

Voiee—Ayss.

As many as are of contrary opinion will please say 'Noes.'

No Voice.

Mr. Speaker :— I thank Ayes have it. Ayes have it, Ayes have it.

The Demand is passed,

(Interruption)

Mr. Speaker :—Hon'ble Members...I would request you not to interrupt the business of the house......

Now I call on Hon'ble Finance Minister to move his Demand Nos. 20 and 21 together.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 1,02,800/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 20—Major Head ; 35—Industry.

Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 44,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No.21 Major Head 37—Community Development Projects, National Extension Service and Local Development Works.

Mr. Speaker :—There are two cut motions moved by Shri Aghore Deb Barma on the Demand for Grant No. 20 that the demand be reduced by Rs. 5,000/- to discuss on "To minimise excess expenditure of Mobil, Petrol etc. and the Demand be reduced by Rs. 12,000/- to discuss on—To make economy on repairing and electrification of building, engagement of sweepers and excess expenditure on Mobil, Petrol etc.'

Now I call on Hon'ble Member to move his cut motions, As the Member is not interested to move his motions, the cut motions. fall through.

Now I am putting to vote the Demand for Grant No. 20. The question before the House is that a further sum not exceeding Rs. 1,02,800/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 20—Industry.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—Ayes.

As many as are of contrary opinion will please say 'Noes'.

No Voice.

Mr. Speaker :— I think, Ayes have it. Ayes have it, Ayes have it.

The Demand is pased.

Now there is no cut motion on Demand for Grant No. 21. I am puting to vote the Demand, for Grant No. 21.

The question before the House is that a furthcr sum not exceeding Rs. 44,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 21—Community Development Projects, National Extension Service and Local Development Works.

As many as are of that opinion will please say 'Ayes',

Voice—Ayes.

As many as are of contrary opinion will please say 'Noes'.

No Voice.

Mr. Speaker :— I think, Ayes have it. Ayes have it, Ayes have it.

The Demand is passed.

Now I would call on Hon'ble Finance Minister to move his Demand for Grant Nos. 24, 25, 26, 27, 40 and 41 together.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 5,65,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 24, Major Head—44—Irrigation, Embankment and drainage Works (Non-Commercial).

Mr. Speaker—Sir, on the recomandation of the Administrator, I beg to move that a further sum not exceding Rs. 9,40 000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of demand No. 25—Electricity Scheme.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 5,35,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 26—Public Works (Major Head—50).

Mr. Speaker, Sir, on the recommendation of the Addministrator, I beg to move that a further sum not exceeding Rs. 2,51,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 27—Capital Outlay of Public Works (Major Head 52).

Mr. Speaker, Sir, on the recommendation of the administrator, I beg to move that a further sum not exceeding Rs. 85,88,500/- enclusive charges expenditure of Rs. 1,500/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 40—Capital Outlay on Electricity Schemes (Major Head—101).

Mr. Speaker, Sir, on the recommendation of the administrator, I beg to move that a further sum not exceeding Rs. 98,82,000/- exclusive of charged expenditure of Rs. 1,200/- be granted to defray the additional charges wbich will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of demand No. 41—Capital Outlay of Public Works (Major Head—103).

:— There is one cut motion on demand No. 24. As the mover of the cut motion has not moved his cut motion the cut motion falls through. New I am putting the main motion to vote. The question before the House is that a further sum not exceeding Rs. 5,65000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 24—Irrigation, Navigation, Embanment & Drainge Works (Non-Commercial).

Mr. Speaker :—As many as are of that opinion will please say—AYES.

Vocies—AYES.

As many as are of contrary opinion will please say—NOES.

Voices—Nil.

I think, AYES have it, AYES have it, AYES have it.

The demand is passed.

There is one cut motion on the demand for Grant No. 25. As the mover of the cut motion has not moved his motion, the cut motion falls through. Now, I am putting the main motion to vote. The question before the House is that a further sum not exceeding Rs. 949,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 25—Electricity Schemes.

As many as are of that opinion will please say—AYES.

Voices—AYES.

As many as are of contrary opinion will please say—NOES.

Voices—Nil.

I think AYES have it, AYES have it, AYES have it.

The demand is passed.

There are two cut motions on the demand for grant No. 26. As the mover of the cut motions has not moved, the cut motions falls through Now, I am putting the main motion to vote. The question before the house is that a further sum not exceeding Rs. 5,35,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 26—Public Works.

As many as are of that opinion will please say—AYES.

Voices—AYES.

As many as are of contrary opinion will please say—NOES.

NO—Voices

I think Ayes havit, Ayes havit, Ayes havit. The demand is passed.

Mr. Speaker :—There is no cut motion on the demand for Grant No. 27. So, I am putting on the main motion to vote. The question before the House is that a further sum not exceeding Rs. 2,51,000/- be granted to defary the additional chagres which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 27—Capital Outlay on Public Works.

As many as are of that opinion will please say—AYES.

Voice—AYES.

As many as are of contrary opinion will please say—NOES.

Voices—Nil.

I think AYES have it, AYES have it, AYES have it.

The demand is passed.

There is no cut motion on the demand for grant No. 40. So, I am putting the main motion to vote. The question before the house is that a further sum not exceeding Rs. 85,88,500/- exclusive of charged expenditure of Rs. 1,500/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April. 1969 to 31s March, 1970 in respect of Demand No. 40—Capital Outlay on Electricity Schemes.

As many as are of that opinion will please say—AYES.

Voices—AYES.

As many as are of contrary opinion will please say—NOES.

Voice—Nil.

I think, AYES have it. AYES have it, AYES have it.

The demand is passed.

There is no cut motion on the demand for Grant No. 41—So, I am putting the main motion to vote. The question before the House is that a further sum not exceeding Rs. 98,82,000/- exclusive of charged expenditure of 1,200/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1969 to 31st March, 1970 in respect of Demand No. 41—Capital Outlay on Public Works.

Mr. Speaker :—As many as are of that opinion will please say—AYES.

Voice—AYES

As many as are of contrary opinion will please say—NOES

Voice—Nil.

I think AYES have it, AYES have it, AYES have it.

The demand is passed.

The House stands adjourned till 2 P. M to-day

Mr. Speaker :—Next business of the House is the Appropriation (No. 3) Bill, 1970 (Bill No. 7 of 1970) to be introduced in the House. I would request the Hon'ble Minister-in-charge to move his motion for leave to introduce the Bill.

Shri Krishnadas Bhattacherjee :—Hon'ble Speaker, Sir, I beg for leave to introduce the Appropriation Bill (No. 3,) 1970 (Bill No. 7 of 1970).

Mr. Speaker :—Now the question before the house is that the leave to introduce the Appropriation Bill (No. 3) (Bill No. 7 of 1970) be granted.

The leave was granted by voice vote.

Secretary :—A Bill to authorise payment and appropriation of certain further sum from and out of the Consolidated Fund of Union Territory of Tripura for the services for the period from 1st April, 1969 to 31st March, 1970 of the financial year 1969-70.

Mr. Speaker :—I shall call on the Hon'ble Finance Minister to move his motion to introduce the Appropriation (No. 3) Bill, 1970 (Bill No. 7 of 1970).

Shri Krishnadas Bhattacherjee :—Mr. Speaker, Sir, I beg to introduce the Appropriation (No. 3) Bill, 1970 (Bill No. 7 of 1970) be introduced.

Mr. Speaker .—The question before the House is the motion moved by the Hon'ble Finance Minister that the Appropriation (No. 3) Bill, 1970 (Bill No. 7 of 1970) be introduced.

The motion was passed by voice vote and the Bill was introduced.

Mr. Speaker :—Hon'ble Members are requested to collect their copies of the Bill from the Notice Office.

Next item in the list of Business is Private Members' resolution. I call on Shri Bidya Ch. Deb Barma to move his resolution that ত্রিপুরা বিধান সভা জমি সংক্রান্ত বিরোধের সংখ্যা হ্রাস করার উদ্দেশ্যে ত্রিপুরা সরকারকে ভূমি রাজস্ব ও ভূমি আইন ও তাহার বিধি অনুসারে অবিলম্বে Revision or Records এর জন্য পুনর্জরিপ সুরু করিতে অনুরোধ করিতেছে।

Now I would call on Shri Bidya Ch. Deb Barma to move his resolution.

Shri Bidya Ch. Deb Barma, M.L.A. :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার এই প্রস্তাবটি এখানে আনার কারণ হ'ল এই যে, ইদানিং যে জরীপ কার্য্য হয়েছে ত্রিপুরায়, তাতে জমি সংক্রান্ত বিরোধের সংখ্যা পূর্ব্বের চাইতেও বেড়ে গেছে। দেখা গেছে যে, বহুকাল যারা জমি ভোগ দখল করছে তাদের নামে জমি record করা হয় নাই। বিশেষ করে রাইমা-সরমা অঞ্চলে রেকর্ড করা হয় নাই। তাছাড়া আমরা দেখতে পাই যে, কোর্ফা বা বর্গাদার যারা তাদের নামে জমি রেকর্ড করা হয় নাই। রেকর্ড না করার ফলে আজ ভীষণ গণ্ডগোল দেখা দিয়েছে। জরিপ বিভাগে যে সমস্ত নথিপত্র আছে সেগুলো সংশোধনের জন্যই আমি এই রিজলিউশন এনেছি। জরিপ বিভাগের অপদার্থতার ফলে, কোন কোন জায়গায় উদ্বাস্তুদের ক্ষেত্রে দেখা গেছে, খাজনা পরিষ্কার থাকা সত্ত্বেও তাদের নামে রেকর্ড করা হয় নাই। পুরানো দখলকারের তে রেকর্ড হয়ই নাই, নতুন দখলকারদের নামেও জমি রেকর্ড করা হয় নাই। কাজেই সেই সমস্ত জমিগুলি যাতে ঠিক ঠিক মতো রেকর্ড করা হয় তার ব্যবস্থা করার জন্যই পুণঃ জরিপের প্রয়োজন এবং তাহলেই আমরা ভূমি সংক্রান্ত আইনকে কার্য্যকরী করতে পারবো। আমাদের এই বিধান সভাতে যে সমস্ত কথা বলা হয়েছে, যেমন বর্গাদার জমির মালিক হবেন। কিন্তু দুঃখের কথা আজ পর্য্যন্ত জরীপ বিভাগ কোন বর্গাদারের নামে জমি রেকর্ড করে তাকে মালিকানা স্বত্ব দেয় নাই বর্গাদার তো দূরের কথা, কোর্ফাদের নামেও আজ পর্য্যন্ত কোন জমি রেকর্ড করা হয় নাই।

অনেকে এখানে বড় বড় কথা বলে থাকেন। এই বিধান সভায় খাজনা মকুব করবার একটা প্রস্তাবও পাশ হয়েছে, যারা ৩ Standard acre জমির মালিক তাদের খাজনা লাগবেনা কিন্তু আজ পর্য্যন্ত সেই প্রস্তাবকে রূপায়িত করা হয়নি। যদি settlement ঠিক মতো না হয় তাহলে কেমন করে মানুষ খাজনা দিবে। যাদের নামে রেকর্ড হয়েছে তারও পুরাতন হারে দিতে রাজী আছে, বর্দ্ধিত হারে কেন দেবে? কাজেই যারা বর্গাদার কোর্ফাদার এবং যারা বহুদিন যাবত জমি দখল করে আছে তাদের নামে জমি record করতে হবে পুনর্জরীপের মাধ্যমে যাতে তারা কৃষি ও আর্থিক দিক দিয়ে উন্নত হতে পারে। জমি সংক্রান্ত বিরোধও এতে কমে যাবে। তাই আমি বলছি যে revision of records এর জন্য পুনর্জরীপ আরম্ভ করা হউক। আমার বক্তব্য এখানেই আমি শেষ করছি।

শ্রীনিশিকান্ত সরকার :—এখানে মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন পুনর্জরীপ করার জন্য। এটা তো কথা নয় এটা হল যে, উচিত কথার আহাম্মক বেজার হয়,

আর গরম ভাত দিলে বিলাই বেজার হয়। এই হাউসের সামনে ভূমি আইন বা সংস্কার সম্বন্ধে বহু আলোচনা হয়েছে। তবে উনি এটা বলবেন। কারণ আমরাই এই Houseএ খাজনা মুকুব এবং record সংশোধনের জন্য বলেছি এবং গভর্ণমেন্ট মেনেও নিয়েছেন যে যেক্ষেত্রে বিরোধ হয়েছে এবং আপীল করা হয়েছে, সেগুলি ঠিক করা হবে। রাজস্ব মকুবের জন্য অনেক সদস্য বলেছেন এবং মন্ত্রীরা তা স্বীকার করে নিয়েছেন এ সম্বন্ধে বোধ হয় লেখাও হয়েছে। উনি কেন যে, হাউসে আজকে এই প্রস্তাবটা এনেছেন আবার বর্গাদার landlessদের জন্য আমরা বড় বড় কথা বলি। আমরা যে সমস্ত কাজ করি তা জনতার উপকারের জন্যই করি। কিন্তু ওনারা এক কথা বাইরে বলেন আর অন্য কথা এখানে বলেন। ভূমিহীন যাদের ২।৪ কাণি জমি আছে সেটা পর্য্যন্ত উনারা বিলোপ করে দিতে চেয়েছেন, সেই সম্বন্ধে আমার কিছু বলার আছে। এই যে নারী বাহিনী এবং শান্তি বাহিনী তৈরী করেন, এই বাহিনী তৈরী করে তারা পাড়ায় পাড়ায় যুদ্ধং দেহী ভাব তৈরী করেছেন। যারা অল্প জমির মালিক, তাদের ভূমি চলে যাচ্ছে। এমন বলেছেন যে ভূমিহীনদের আমরা ভূমি দিচ্ছি না। আমার কথা হল এই প্রস্তাবটা আমি সমর্থন করি না। কেন করি না এই প্রস্তাব বিভিন্ন আকারে এই হাউসে এসেছে এবং এই প্রস্তাব অনুসারে ভূমি, হীনদের ভূমি দেওয়ার ব্যবস্থা হয়েছে এবং বর্গাদারদের সেই right দেওয়ার ব্যবস্থা হয়েছে। সেই ব্যবস্থা অনুযায়ী যদি কেউ না পায় তারজন্য বিধান আছে। যদি বে-আইনী কিছু করে থাকে জোতদার বা কোর্ফা স্বত্ব সেটা সংশোধন হচ্ছে। এটাকে নিয়ে একটা প্রস্তাব রাখা হয়েছে। তার অর্থ হল আমরা চেষ্টা করতে গিয়েই সেই কাজ হবে, হচ্ছে। আর উনারা বাহিরে গিয়ে বলবেন যে আমরা বলে এসেছি, এখন কাজ হবে, এই কারণে এই প্রস্তাবটা এখানে বলেছেন। এতক্ষণে তাদের প্রতি দরদ দেখাচ্ছেন। এই দরদ হাউসে দেখানো সম্ভব, বাহিরে সম্ভব নয়। কারণ বাহিরে গেলে উনাদেরই জবাব দিতে হয়। উনারা যে জনকল্যাণমূলক কাজ করেন এটা তো দেখাই যাচ্ছে। কারণ উনাদের পেছনে আর কোন লোক নাই। যে কয়দিন ঠেকা দিয়ে থাকতে পারেন সেই চেষ্টায় আছেন। যুক্ত ফ্রন্টের আমলে পশ্চিমবঙ্গে এবং কেরলে দেখা গিয়াছে তথায় উনারা কি করেছেন। উনারা এখানে জনদরদী সাজছেন কিন্তু জনতা উনাদের পেছনে নাই। বাহিরে গিয়ে ওরা শুধু বিভ্রান্তি সৃষ্টি করবে এবং ধ্বংসাত্মক কাজে উৎসাহ দিবেন। এই কারণে আমি উনার প্রস্তাব সমর্থন করতে পারছিনা। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Abhiram Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীবিদ্যা দেববর্মা যে প্রস্তাবটা এনেছেন আমি তা সর্বান্তকরণে সমর্থন করি। কারণ তিনি যে প্রস্তাব এনেছেন তা হল ত্রিপুরা বিধান সভায় জমি সংক্রান্ত বিরোধের সংখ্যা হ্রাস করার উদ্দেশ্যে ত্রিপুরা সরকারকে ভূমি রাজস্ব ও ভূমি আইন ও তাহার বিধি অনুসারে অবিলম্বে revenue records এর জন্য পুনর্জরিপ শুরু করিতে অনুরোধ করিতেছে। এখন কথা হল, এই প্রস্তাবের বিরোধীতা করতে গিয়ে মাননীয় সদস্য শ্রীনিশিকান্ত সরকার যে কথাটা বলেছেন ত্রিপুরার তিন একর পর্যন্ত ভূমি রাজস্ব মকুব করা সংক্রান্ত একটা প্রস্তাব বিধান সভায় পাশ

হয়ে গেছে, কাজেই এই প্রস্তাব এখানে আনার কোন যৌক্তিকতা নাই। এখন কথা হয়, এই যে ফিলটার আমরা তার উপরে জল ঢেলে দেই, আর নিচে ফোটা ফোটা করে জল পড়ে, তা দেখবার বেলায় নাই। অর্থাৎ আমরা যে সমস্ত পরিকল্পনা এবং আইনগুলো করি ত্রিপুরা রাজ্যের জনসাধারণের জন্যই তা করে থাকি। সেই আইন এবং নিয়ম কানুন জনসাধারণের কাছে ঠিকমত গিয়ে পৌঁছতে পারল কিনা এবং জনসাধারণ তা থেকে উপকৃত হল কিনা সেটা দেখবার বেলায় নাই। মাননীয় সদস্য এই প্রস্তাবের বিরোধীতা করতে গিয়ে বলেছেন নারীবাহিনী এবং শান্তি সেনার কথা। কি করে এই প্রস্তাবে এগুলো আসে আমি বুঝিনা। কারণ উনি নারীবাহিনীর সম্পর্কে এবং শান্তি সেনার সম্পর্কে একটু ভয়ের মধ্যে থাকেন বোধ হয়। কারণ উদয়পুরে যেখানে অন্যায়ভাবে Forest জুলুম চালিয়েছেন তখন নারীসমাজ জাগ্রতভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে সংগ্রাম করেছিল। তারা তখন গণতান্ত্রিক পদ্ধতিতে এই অন্যায়ের বিরোধিতা করেছিলেন। তারা সংগ্রাম করে দেখিয়ে দিয়েছেন যে ত্রিপুরার নারী সমাজ যদিও এখন লেখাপড়ায় অনুন্নত, কিন্তু তারা অন্যায়কে সহ্য করতে পারে না। মাননীয় সদস্য যে প্রস্তাবটা এনেছেন, সেই প্রস্তাবটা হল ১৯৬০ ইং সনে ত্রিপুরার ভূমি সংস্কার আইন পালন সম্পর্কে এই ভূমি সংস্কার আইনে কি ছিল যারা জোতদার, যারা বেশী জমির মালিক তাদের বাড়তি জমি ভূমিহীনদের মধ্যে বিলি বণ্টনের কথা ছিল। কিন্তু মূলতঃ আমরা দেখি এখনও জমিগুলো তো উদ্ধার করা হইল না, এবং জনসাধারণের মধ্যে বিলি করা তো দূরের কথা, অনেক ক্ষেত্রেই একজনের জমি আর একজনের নামে রেকর্ড করে করে অনেক ঝামেলার সৃষ্টি করে মানুষকে একটা বিভ্রান্তির মধ্যে ফেলে দেওয়ার চেষ্টা করা হয়েছে। আমরা বলেছি ত্রিপুরাতে যে কয়টি চা বাগান আছে তাতে অনেক জমি বে-আইনীভাবে বাগানগুলোর অন্তর্ভূক্ত করা হয়েছে। এইগুলো পুনর্জরীপ করে জমিগুলো যাতে ভূমিহীন জুমিয়াদের মধ্যে বিলি বণ্টন করার ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করার কথা আমরা বলেছি। কারণ আমি আগেই বলেছি উনারা ফিলটারের উপরে শুধু জল ঢেলেই খালাস, কিন্তু নিচে যে কিভাবে জলগুলো এসে জমল তা দেখবার চেষ্টা উনারা করলেন না। কারণ আইন করে দিয়েই উনারা খালাস, কিন্তু সেটা ঠিক ঠিকভাবে implementation হয় কিনা তা দেখলেন না। উনারা যারা জোতদার যারা চা বাগানের মত মালিক, যারা গ্রামের মধ্যে অহিংসা বাদ গান্ধীনীতি প্রচার করেন এবং তার মধ্যদিয়ে নিজেদের অবস্থা আরও স্বচ্ছল করে তোলেন এবং ভূমিহীন পুনর্ব্বাসনের নাম করে লোকদের বিভ্রান্ত করতে চান। এই জন্যই প্রস্তাবের বিরোধিতা করতে গিয়ে বহু বড় বড় কথা বলেছেন। তিনি শান্তি বাহিনী এবং নারী বাহিনীর দুঃস্বপ্ন দেখেন। কারণ উদয়পুরে গেলে দেখতে পাই। উদয়পুরে আমি যদিও থাকিনা তবু মাঝে মাঝে সেখানে যাই। এবং সেখানে কি দেখি? অসহায় নারীদের উপর যখন B.M.P. পুলিশেরা লাঠিপেটা করল, বাহাদুরী দেখাল তখন নিশিবাবুরা সেখানে যাওয়ার নামটি পর্য্যন্ত করতে সাহস করলেন না। যেখানে অন্যায়ভাবে মানুষকে জুলুম করা হ'ল, তাদের ন্যায় সঙ্গত অধিকার থেকে বঞ্চিত করা হ'ল, তাদের জমি দেওয়ার কোন প্রশ্ন এখানে উঠল না। আর সেদিন নিশিবাবুরা এক জাতীয় দ্রব্য

পান করে সেদিন বিভোর রইলেন। এই তো হচ্ছে অবস্থা। কাজেই এই revision of record যদি না হয় তাহলে ভূমিহীন, জুমিয়া জমি ওয়ালা এবং জোতদারের মধ্যে আরো ক্লেশ সৃষ্টি হবে। আমরা আরো দেখলাম খোয়াইয়ের লক্ষ্মীনারায়ণপুরে ঠিক এই রকম ভুল record করার ফলে জুমিয়া এবং উদ্বাস্তদের মধ্যে কলহ লেগে আছে। তাদের মধ্যে সংগ্রাম এবং মামলা মোকদ্দমা চলছে। যার ফলে উদ্বাস্ত এবং জুমিয়াদের অর্থ নৈতিক অবস্থা সম্পূর্ণ ভেঙ্গে পড়ছে। ঠিক এই অবস্থায় উনারা তামাশা দেখতে পারেন। বিধান সভায় প্রস্তাবটা পাশ হ'ল। এইজন্য উনারা মহাভারতের মহিমা কীর্ত্তন করে বেড়ান এবং স্বর্গ লাভের জন্য উনারা চিন্তা করতে পারেন। মূলতঃ এইসব ঘটনা এখানে উল্লেখ করার সাহস মাননীয় নিশিবাবুর নাই। কেন এই ঘোড়াকপার মত একটা জায়গায় উদ্বাস্ত এবং উপজাতীয়দের মধ্যে কলহ সৃষ্টি করবার চেষ্টা চলেছে? সেই সময়ে আজকে মণিপুরী কলোনীর নাম করে সেখানকার জুমিয়াদের জমি এবং তাদের বাগান, তাদের দখলীয় জমিগুলি পর্য্যন্ত মণিপুরি উদ্বাস্তদের এবং ভূমিহীনের নাম করে ঐ সমস্ত জমি থেকে তাদেরকে উচ্ছেদ করে দেওয়ার ষড়যন্ত্র চলছে। আজকে বিধান সভায় প্রস্তাব পাশ হওয়া সত্ত্বেও ঐ সমস্ত জায়গার জনসাধারণকে জমি দেওয়ার ব্যাপারে তিনি কেন এগিয়ে যান না? বাগানেতে যখন কাশীকুমার জমাতিয়ার বাড়ীতে তহশীলদার বকেয়া খাজনার নাম করে কুরুপ নিয়ে গেলেন মহিলারা যখন সেখানে প্রতিরোধ করলেন তখন কেন নিশিবাবুরা চুপচাপ বসেছিলেন? আর সেখানকার বড় জোতদার যখন বকেয়া খাজনা দিল না, নিতে চাইল না বা নেওয়ার মত সরকারের তরফ থেকে কোন চেষ্টা চলল না তখনও কেন এই গরীবদের বাঁচানোর জন্য বড় জোতদারের উপর খাজনার আদায়ের কথা বলার সাহস নাই? আমি জানি না কিভাবে উনারা একথা বলতে পারেন। উনাদের যদি সত্যই জনপ্রতিনিধিত্বের সাহস থাকে, মানুষের সমানে দাঁড়িয়ে মানুষের মত কথা বলার অধিকার সম্পর্কে যদি উনারা সচেতন থাকেন এবং বলার দিক থেকে যদি সদভাব রেখে থাকেন তাহলে আজকে তপশীলি জাতিরা যখন মিছিল নিয়ে বিধান সভায় আসল তখন কেন উনাদের কাছে গিয়ে উনাদের দাবী সম্পর্কে বক্তব্য রাখার সাহস একজন মাননীয় কংগ্রেস সদস্যের ছিলনা? তারা তো তখন ভয়ে বিভোর ছিলেন। মন তো তাদের দুরু দুরু করছিল এবং ভয়ে বুকটা কাঁপছিল। কেন আজ এই অবস্থা? আমরা না হয় বিধান সভায় সংখ্যালঘু কিন্তু আমাদের তো সেই ভয় নাই। কারণ আমরা জানি কাদের প্রতিনিধিত্ব এখানে করছি। ঐ জুমিয়া যারা আজকে অনাহারে মরছে, যাদের চক্রান্তে আজ জুমিয়া এবং উদ্বাস্তদের মধ্যে জমি নিয়ে কলহ চলছে, মামলা মোকদ্দমা করে আজ যারা সর্ব্বস্বান্ত হচ্ছে তাদের প্রতিনিধিত্ব আমরা করছি। যারা ন্যায় সঙ্গত দাবী নিয়ে আন্দোলন করে, তাদের সমর্থন আমরা করছি। সেই জন্যই আমাদের ভয় নেই, আমরা সৎসাহস নিয়েই তাদের কাছে উপস্থিত হতে পারি। তাদের বক্তব্য আমরা বিধান সভায় তোলার চেষ্টা করি। আমাদের এই পবিত্র বিধান সভার সম্মুখে মাননীয় সদস্য মহোদয়দের যারা অতবড় গণতন্ত্রের রক্ষক হয়ে বসে আছেন, তাদের কেন আজ ঐ জুমিয়া ও ভূমিহীনদের সম্মুখে দাড়াবার সাহস নেই? মাননীয় অধ্যক্ষ মহোদয়......

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় অধ্যক্ষ মহোদয় এখানে কি মাঠে বক্তৃতা হচ্ছে না কি নির্দ্দিষ্ট বিষয় বস্তুটির উপর বক্তৃতা হচ্ছে সেটা আমি জানতে চাই।

Mr. Speaker :—I would request the Hon'ble member to speak on the resolution.

Shri Abhiram Deb Barma :— আজকে এই যে প্রস্তাব এই প্রস্তাবটাকে আমি সমর্থন করছি। এই বিধান সভা এই প্রস্তাবটাকে সমর্থন করে পুনর্জ্জরীপের যাতে ব্যবস্থা করবেন এই বলে আমার বক্তব্য আমি শেষ করছি।

Mr. Speaker :—Shri Jatindra Kr. Majumder.

Shri Jatindra Kr. Majumder :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধীপক্ষের মাননীয় সদস্য হাউসের সামনে যে প্রস্তাব রেখেছেন আমি তার বিরোধীতা করছি। এই প্রস্তাবের সমর্থনে বিরোধী পক্ষে সদস্য তাঁর বক্তব্য রেখেছেন। এর মধ্যে হাউসকে Convinced করার পক্ষে এবং এই প্রস্তাবের সারবস্তু কি আছে তার সম্পর্কে যথাযথভাবে বুঝিয়ে তাঁরা কিছুই বলতে পারেন নি। তারা কেন বলতে পারেননি আমি সেটা বিস্তৃতভাবে বলছি। তাঁরা এত উত্তেজিত যে কোন প্রস্তাব বিধান সভায় আনলে তার মধ্যে বাস্তবিক জনসাধারণের উপকারার্থে কি কি points দেওয়া দরকার, প্রস্তাবটির গঠনমূলক কি কি suggustion দেওয়া দরকার এগুলো তখন তাদের মনে থাকেনা। কারণ বিধান সভায় তাদের প্রস্তাব আনার উদ্দেশ্যই হল শুধু কিছু বলা এবং এই সম্পর্কে মাননীয় উপাধ্যক্ষ মহোদয় মনোরঞ্জন বাবু একটি point of order উত্থাপন করেছেন, "এটা কি মাঠের বক্তৃতা না কি বিধান সভার বক্তৃতা . এটা কি resolution পথে বক্তৃতা নাকি অন্যান্য কথা বলা ? কাজেই সেই সম্পর্কে আমি বলছি। মাননীয় সদস্য অভিরাম-বাবু প্রথমেই স্বীকার করেছেন যাহা হউক অন্য সময় যখন বলতে পারি নাই এই সুযোগে একটু বলে নেই। আচ্ছা যাহা হউক এখন আমি প্রস্তাবের পক্ষে বলছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে প্রস্তাব আনা হয়েছে, প্রস্তাবের পক্ষে যথেষ্ট যুক্তি রেখে, গঠনমূলক কিছু রেখে হাউসের অন্যান্য সদস্যদের দৃষ্টি আকর্ষণ করা উচিত। কারণ একটা resolution Assemblyতে এনে মানুষকে কিছু গালাগালি দেওয়ার জন্য এই বক্তৃতা করা হয় এবং প্রস্তাব রাখা হয়। কাজেই তাদের এই সমস্ত প্রস্তাব কিছুতেই আমরা সমর্থন করতে পারি না। Revision of records এর কথা বলতে গিয়ে যে সমস্ত কথা বলেছেন, তার মধ্যে একটা কথা বলেছেন যে জনসাধারণের সামনে যাওয়ার মত সাহস নাকি আমাদের নেই। আমি মাননীয় সদস্য অভিরাম বাবুকে স্মরণ করিয়ে দেই এবং তিনি যদি এখন সামনে থাকতেন, আশা করি তিনি আমার কথা শুনে মুখটা নত করে থাকতেন। সুতরাং আমি বলব মাননীয় অধ্যক্ষ-মহোদয়, আমার নাম প্রস্তাব করার সঙ্গে সঙ্গে তিনি অন্যত্র চলে গেছেন। আমি মনে করি তাঁর মধ্যে দুর্ব্বলতা আছে। যে constituency থেকে তিনি পাশ করে এসেছেন সেই constituencyতে আমরা মার্চ্চ মাসের ২১ | ২২ তারিখে গিয়েছি এবং গিয়ে সেখানে হাজার হাজার ভূমিহীন আদিবাসী, বর্গাচাষী যারা আছে তাদেরকে খাসভূমি দেওয়ার জন্য আমরা তাদের কাছে পরামর্শ দিয়েছি এবং বক্তব্য রেখেছি এবং তাদের কথা আমরা শুনেছি। তখন অভিরাম বাবু সেখানে উপস্থিত হওয়ার মত সাহস

রাখেন নি। ভূমিহীন আদিবাসী, বর্গাদার এবং landless যারা আছে তাদের কাছে গেলেই তারা প্রশ্ন করে যে আপনারা কি করেছেন. কি বুঝিয়েছেন? উদাহরণ স্বরূপ বলছি আমরা সেখানে একটি tribal কলোনী উদ্বোধন করেছি। মাননীয় মুখ্যমন্ত্রী সেটা উদ্বোধন করেছেন। সেখানে মাইলের পর মাইল খাসজমি পড়ে আছে। ৬৪৩ দ্রোণ খাসজমি সেখানে পড়ে আছে, বৃক্ষলতাদি পর্য্যন্ত সেখানে নাই। সেই জায়গায় আমরা tribal কলোনী উদ্বোধন করেছি। সেখানে আমরা তাদের নামে জমি রেকর্ড করার জন্য সচেষ্ট, আমাদের সরকার চিন্তা করছে, আমাদের মাননীয় মন্ত্রী যাচ্ছেন, কিন্তু অভিরাম বাবু তো সেখানে যান নি। এই জন্যই যাননি। কারণ তাদের সামনে গিয়ে বলার মতও কিছুই নেই। এতদিন পর্যন্ত তাদের তারা ভুগিয়েছে, এতদিন পর্য্যন্ত তাদের শুধু বলা হয়েছে আমাদের সঙ্গে চল, সঙ্গে চল। কিন্তু এতবড় জায়গা তার constituencyতে পড়ে রয়েছে, সেখানে ৬৪৩ দ্রোণ খাস জায়গা আছে, মানুষ নেই, জন নেই। হাঁ তাদের লোক আছে, যারা বড় বড় জোতদার ৫।৭ দ্রোণ জমির মালিক তারা সেই সমস্ত জায়গা দখল করে বসে আছে। ভূমিহীনদের ন্যায্য অধিকার তারা দিচ্ছে না, রেকর্ড করার অধিকার তাদেরকে দিচ্ছে না, কাজেই সেখানে তারা যাবেন না। যদি যান তাহলে তাদের যে পোষ্য জোতদাররা আছে, তাদের দলের যে বড় বড় জোতদাররা আছে তারা বলবে আমরা এই সমস্ত খাস জমি দখল করে থাকতে পারব, ভূমিহীনরা পাবে না। এখন তোমরা কেন তাদের দিতে বলছ? এই সৎ সাহস তাদের নাই বলে তারা সেখানে যেতে পারেন না। আর একটা কথা উল্লেখ করেছেন গোড়ার কথা। আমি মাননীয় সদস্যকে জিজ্ঞাসা করতে চাই যে গোড়াসা কলোনীর ব্যাপারটা কি? সেখানে জুমিয়া আদিবাসী এবং non-tribal রা খাস জমি দখল করে আবাদ করে আছে। কিন্তু অভিরাম বাবুদের প্ররোচনার জন্য, উস্কানীর জন্য, তাদের এই উশৃঙ্খলতার জন্য তাদের নামে রেকর্ড হতে পারছে না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি Correct উদাহরণ দিতে পারি যে যেখানে survey & settlement এর লোক গেছে যারা ভূমিহীন তাদের নামে জমি রেকর্ড করার জন্য। কিন্তু তারা বলেছে যে সেখানে জমি রেকর্ড করা চলবে না।

কাজেই এই প্রস্তাব আজকে কি করে এই হাউসে আসতে পারে আমি বুঝি না। যারা ভূমিহীন, বর্গাচাষী তাদের নামে রেকর্ড করার জন্য নাকি সরকার সচেষ্ট নয় এবং আমাদের নাকি সাহস নাই। শুধু সস্তায় নাম কিনার জন্য আজকে বিধান সভায় এ জাতীয় প্রস্তাব রাখা হয়। কাজেই আমি তাদেরকে অনুরোধ করি এবং সঙ্গে সঙ্গে তাদেরকে সাবধান করে দেই, পশ্চিমবঙ্গ এবং কেরলের যে আতঙ্ক সেই আতঙ্ক আপনাদের মনে এসেছে। তাই আপনারা এখনও ঠিক হন, জনসাধারণের কাছে যান, বক্তৃতায় এবং এ জাতীয় প্রস্তাবে এই সমস্ত অসত্য কথা না বলে আজকে জনসাধারণের কাছে constructive suggestion দিন যাতে ভূমিহীন, আদিবাসী, বর্গাদার এবং অ-আদিবাসী সকলের নামে জমি রেকর্ড হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আর একটি উদাহরণ দিয়েছেন মাননীয় সদস্য অভিরাম বাবু আমাদেরকে ঘা দিবার জন্য। উদাহরণটা হল ফিলটার দিয়া কিভাবে জল পড়ছে আমরা নাকি দেখি না। তাদের কথায় মনে হয় অসংখ্য জনসাধারণ তাদের, আমাদের

আর কেউ নেই। আমরা ২৭ জন সদস্য এমনিতেই বিধান সভায় এসে প্রবেশ করেছি। আমাদের লোকজন থাকবে কেন? আমাদের ভোট তারা পাঠায়নি। তাহলে আমরা এখানে কি করে এলাম? তাদের দলে যে জনসাধারণ তারা হল পার্টির জনসাধারণ, আসল জনসাধারণ নয়। কি রকম? এখানে একটা ছোট গল্প বলতে হয়, এক ভদ্রলোক ডাক্তারী জানেন না। অথচ তার profession হিসাবে ডাক্তারী নিতে হবে। তিনি এক ডাক্তারের কাছে গিয়ে শিখবেন বললেন। ডাক্তারের কাছে যে শিখবেন, নিজের ভিতরে তো কিছু থাকা দরকার। ডাক্তারীটা পড়তে হবে। কিন্তু আন্দাজের উপরতো ডাক্তারী করা যায় না শাস্ত্রটা অনেক কঠিন। সমুদ্রের মতো। পড়ার অনেক বিষয় আছে। এই ভদ্রলোকের এ বিষয়ে কোন জ্ঞান নেই, অথচ ডাক্তারী করবেন। যা হোক ডাক্তার বাবু বললেন যে বাপু তোমার দ্বারা হবে না। তুমি ঔষধের নামই বলতে পারনা, ফরমূলা মুখস্থ করতে পারনা। তবুও যে কয়দিন ছিলেন সেই সময়ের মধ্যে ৩টা মেডিসিনের নাম মুখস্থ করলেন। একটা magsulf, একটা sodi-bi-cabs, আরেকটা হল tincture card co. মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই তিনটা মেডিসিনের নাম শিখে তিনি বের হয়ে এসেছেন ডাক্তারী করার জন্য। যেখান থেকে শিখে এসেছেন সেখানে ডাক্তারী করলে কেউ তার ঔষধ নেবে না। তাই তিনি rural এলাকায়, যেখানে মানুষ নিরক্ষর এমন একটা এলাকায় ডাক্তারী আরম্ভ করলেন। ডিসপেন্সারী খুললেন। নাম দিলেন কি? দুনিয়ার যত রোগ, শোক, দুঃখ, যুদ্ধ-বিগ্রহ, আন্দোলন যতকিছু আছে সমস্ত কিছুর ঔষধ তার কাছে পাওয়া যায়। তিনি এমন একটি অত্যাশ্চার্য্য ঔষধ আবিষ্কার করেছেন বলে তিনি একটি সাইনবোর্ড দিলেন। তারপর আস্তে আস্তে মানুষ কিছু কিছু আসে। কারণ সেখানে তো ডাক্তার তারা পায় না। এখন একজন ডাক্তার এসেছেন তাও আবার সাংঘাতিক ধনন্তরী ডাক্তার। সমস্ত কিছুর ঔষধ তার কাছে আছে। এক ভদ্রলোক একদিন একটি গরু হারিয়েছেন। তখন সেই ভদ্রলোক এই ডাক্তারের কাছে গেলেন। ডাক্তার বাবুকে বললেন যে আমারতো একটা গরু হারিয়ে গেছে, আমাকে ঔষধ দিন। ডাক্তার বাবু তখন তাকে, magsulf, sodi-bi-curb এবং tincture-card co. মিশিয়ে একটা mixure তৈরী করে দিলেন। বললেন ৩ ঘন্টা পর পর এক দাগ করে খাবেন। ভদ্রলোক বিশ্বাস করে বাড়িতে গিয়ে এটা খেলেন—পথেই একদাগ খেলেন। খাওয়ার পরে, magsulf অতিরিক্ত মাত্রায় খেলে যা হয়—

শ্রীবিদ্যা চন্দ্র দেববর্ম্মা :—Point of order, এখানে তিনি প্রস্তাবের উপর না বলে গল্প বলছেন; এটা তিনি বলতে পারেন না—এটা অপ্রাসঙ্গিক।

Mr. Speaker :—প্রসঙ্গক্রমেই এই গল্পটা উনি বলছেন।

শ্রীযতীন্দ্র চন্দ্র মজুমদার :—তারপর সেই ভদ্রলোক বারেবারে পায়খানায় যাচ্ছেন। একবার এক ঝোপের মধ্যে গেলেন পায়খানা করতে। এমনই চক্র যে গরুটাও ঐ ঝোপের মধ্যে ছিল। গরুটা ফিরে পেলেন এবং বললেন যে ঔষধ খাওয়াতেই গরুটা পেয়েছেন। তিনি তখন সর্ব্বত্র প্রচার করতে লাগলেন যে, এই ডাক্তার খুব ভালো। এমন কিছু রোগ নাই যে তার ঔষধে সারে না। এটা সর্ব্বত্র প্রচার হয়ে যাওয়ার পর রোগীর সংখ্যা বেড়ে

গেলো। এই সময় এক বড় জমিদারের সাথে আরেক জমিদারের যুদ্ধ একটা জমির সীমানা নিয়ে। তারপর জমিদার ভাবলেন যে অপর পক্ষের লোক সংখ্যা যথেষ্ট বেশী —

তিনি করলেন কি? ডাক্তার যখন সর্ব্ব রোগহরা, কাজেই তার কাছে গিয়ে দেখি না কেন। তিনি ডাক্তারকে বাড়ীতে ডেকে পাঠালেন। ডাক্তার বললেন, "নিশ্চয়ই এই রোগের ঔষধ দিতে পারি, আপনি লাঠালাঠিতে জিতবেন। জমিদার বললেন, তাহলে ঔষধ দাও। ডাক্তার বললেন, ঠিক আছে, কবে আরম্ভ হবে তার একটা সম্ভাব্য তারিখ দিন। তিনি ঐ তারিখে তার যত লাঠিয়াল আছে প্রত্যেককে মিকসার খাওয়ালেন। মেকছাল, টিনছার কার্গগো, আর সুডি বাইকার্ব। সমস্ত লোক ঐ .mixure খেল, তারপর সমস্ত লোকের পায়খানা আরম্ভ হল, যদি ১১জন লোক থাকে এবং সারাদিন যদি তারা বারবার পায়খানায় যেতে থাকে তাহলে মনে হয় হাজার লোক থাকে। অপরপক্ষ মনে করল যে জমিদারের দিকে মনে হয় বহুলোক। কারণ পায়খানা সারতে যদি বেলা বাজে ২টা, না জানি সেই পক্ষে কত লোক আছে। অপর পক্ষ তখন আর যুদ্ধ করতে সাহস পেলনা, তাই আর যুদ্ধ হল না। কাজেই এই জন্যই আমি বলছি তাদের যে জনতা তাহার ঐ ১১ জনের বেশী নয়। বাস্তবিক পক্ষে জনসাধারণ তাদের পক্ষে নেই, প্রকৃত পক্ষে ভূমিহীন আদিবাসী তাদের পক্ষে নেই, মুখেই তারা জনতা, জনতা বলে থাকে। ঐ রকম একটা বুদ্ধি জুগিয়ে তারা জনতাকে তাদের দলে আনতে চায়। কিন্তু জনতা তাদের পক্ষে আসেনা। সত্যিকারে তারা অল্প সংখ্যক। তারা এগুলোকে বার বার দেখায়।

Mr. Speaker :—Hon'ble member, you please speak on the Resolution.

Shri J. K. Majumdar :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি তাই এই একটা উদাহরণ দিলাম। আমাদের বিধান সভায় Land Reforms Act সংশোধনের জন্য একটা প্রস্তাব এসেছে। আমাদের সেইদিকে দৃষ্টি আছে। জমির রেকর্ড যদি ভুল হয়ে থাকে তাহা সংশোধন করার ধারা আছে। সেটা সংশোধন হতে পারে, কালেক্টারের কাছে বা চিফ কমিশনারের কাছে হতে পারে, সংশোধন হওয়া প্রয়োজন। কিন্তু সেটার কোন সারবত্তা নেই, সেটা সম্বন্ধে বিশেষ কোন যুক্তি দিতে পারেন নি। কাজেই সেই প্রস্তাব আমি সমর্থন করতে পারি না। তাই বিদ্যাবাবুর এই প্রস্তাবের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য বিদ্যাচন্দ্র দেববর্ম্মা যে Resolutionটা এনেছেন এই প্রস্তাবের সমর্থনে আমার বক্তব্য রাখতে চেষ্টা করব। একটা কথা অনস্বীকার্য্য এই Survey & Settlement operation যখন শুরু হয়, উদ্বোধনী ভাষণে মাননীয় চীফ মিনিষ্টার একটা বক্তব্য রেখেছিলেন যে এই survey settlement operation এর মাধ্যমে ভূমিহীন জুমিয়ারা যদি ঠিক ঠিকভাবে ভূমি না পায় তাহলে আমাদের survey & settlement এর কোন অর্থ থাকবে না। এটাই হল বক্তব্যের মূল কথা। আমি এই Houseএ

অনেকবার শুনেছি Ruling partyর অনেক সদস্য, বিশেষ করে নিশিবাবুও বলেছেন, উদয়পুর Sub-Division এই জরিপের ফলে বহু land dispute রয়ে গেছে। তারমধ্যে Tribal এবং non-tribal রা আছে। এই রকম বিলোনীয়া এবং মুহুরীপুরেও অনেক land dispute অবস্থায় আছে। অর্থাৎ যে উদ্দেশ্য নিয়া এই survey settlement operation আরম্ভ হয়েছিল সেই উদ্দেশ্য ঠিক ঠিকভাবে কার্য্যকরী হয়নি। এটা ব্যক্তিগতভাবে আমার কথা নয়। Ruling party র অনেক সদস্যও তাহা স্বীকার করেছেন। তখন দেখা গেল পূর্ব্বের যে জোত জমি ছিল বর্ত্তমানে তার কোন চিহ্নই নাই। এমন ক্ষেত্রে আমরা দেখতে পাই অনেক জোতজমি কারো কারো দখলে ছিল ২০।২২ বৎসর যাবত, কিন্তু operation এর ফলে এগুলো টিলাতে দেখানো হয়েছে। এই সম্পর্কে বহুবার House এ আলোচনা করা হয়েছে। এই Survey settlement operation এর মাধ্যমে আমরা ভূমিহীনদের, জুমিয়াদের, বর্গাচাষীদের জমি দিতে চাই ইত্যাদি অনেক কথা বলা হয়ে থাকে। আমি details কোন ঘটনার মধ্যে যাচ্ছিনা। একটি ঘটনা সম্পর্কে আমি বলছি। সাব্রুমের মধ্যে আমাদের বিধান সভার মাননীয় সদস্য শ্রীঅঙ্গ মগ মহাশয়ের বহু জমি আছে। একথা সকলেই জানেন। জমিগুলি অধিকাংশ ক্ষেত্রে বর্গাচাষীরা চাষাবাদ করেন। ভূমি সংস্কার আইন মতে settlement operationএর পরে এই সমস্ত বর্গচাষীরাও কুর্ফা প্রজারা পাওয়ার কথা ছিল।

Mr. Speaker :—আপনি আমাদের বিধান সভার সদস্য শ্রীঅঙ্গ মগ সম্পুর্কে বলছেন। But he is absent from the House to day. So I request you not to speak any thing about him in the House.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমি ঘটনার কথা বলছি, আমি details কিছু বলছি না। মাননীয় সদস্য এখানে আছেন কিনা তা আমি খেয়ালও করি নাই। তিনি যদি থাকেন তবে পরবর্তী সময়ে এটার copyও দিতে পারেন, সেজন্যই আমি বলছি। যাক, পরবর্ত্তী সময়ে তিনি ইচ্ছা করলে এটার copy দিতে পারেন। যারা কুর্ফা রায়েত বা বর্গাচাষী যারা ২০।২২ বৎসর ভূমি চাষ করে আসছে ভূমি সংস্কার আইন-অনুযায়ী survey & settlement operation এর পর ঐ ভূমিগুলি তাদের পাওয়ার যোগ্য। কিন্তু বাস্তব অবস্থার সাথে মিলিয়ে দেখলে দেখতে পাই এই survey settlement operation অনেক দিন পূর্ব্বে শেষ হয়ে যাওয়ার পরও এই dispute গুলো সংশোধন করা হয় নি। কাজেই আমি বলতে চাই যে উদ্দেশ্য নিয়ে আমাদের এখানে survey & settlement operation করা হয়েছিল সেই উদ্দেশ্য সিদ্ধ হয় নি। এই settlement operation এর ফলে বরং মানুষে মানুষে বিরোধের সুত্রপাত সৃষ্টি করেছে। কারণ দেখা যায় এক জনের জোতের জায়গা অপর জনের নামে রেকর্ড করা হয়েছে। কাজেই সেই দিক দিয়ে দেখলে পরে মাননীয় সদস্য যে প্রস্তাবটা এখানে রেখেছেন তাহা সমর্থনযোগ্য এবং সময়োপযোগী হিসাবে রেখেছেন। কাজেই ভূমি সংস্কার আইনের যে উদ্দেশ্য এবং survey & settlement এর যে উদ্দেশ্য সেটা যদি সফল করতে হয় তাহলে আজকে নতুনভাবে চিন্তা করতে হবে কিভাবে এই irregularitiesগুলো দূর করা যায়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Any Hon'ble Member is willing to Speak ?

Shri Monoranjan Nath, Dy. Speaker :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়, সদস্য এই Houseএর সামনে যে প্রস্তাবটি রেখেছেন তার কি যৌক্তিকতা আছে তা আমি বুঝে উঠতে পারছিনা। এই যে প্রস্তাব Houseএর সামনে আনা হয়েছে আমি বলব এটা একটা vague প্রস্তাব। প্রস্তাবটা হল "ত্রিপুরা বিধান সভা জমি সংক্রান্ত বিরোধের সংখ্যা হ্রাস করার উদ্দেশ্যে ত্রিপুরা সরকারকে ভূমি রাজস্ব ও ভূমি আইনও তাহার বিধি অনুসারে অবিলম্বে revision বা records এর জন্যে পুনর্জরীপ শুরু করিতে অনুরোধ করিতেছে।" এখানে দেখা যাচ্ছে পুনর্জরীপের কথা বলা হয়েছে। পুনর্জরীপ কি entire ত্রিপুরাতে হবে নাকি partly হবে কিছুই তিনি বলেন নি। সুতরাং আমি বলব প্রস্তাবটা vague. যদি তিনি প্রস্তাবের সমর্থনে উপযুক্ত যুক্তি প্রদর্শন করতে পারতেন তাহলে আমি এটা সমর্থন করতাম। এখন আমি বলব ত্রিপুরাতে এই যে জরীপ হচ্ছে ত্রিপুরাতে এটা নূতন। এর পূর্বে entire ত্রিপুরাতে আর এই রকম জরীপ হয় নাই। জরীপ যখন আরম্ভ হয় তখন জনসাধারণ এই জরীপ সম্পর্কে গুরুত্ব উপলব্ধি করতে পারেন নাই। সেজন্য বিভিন্ন রকমের omission হয়েছে। সেই সমস্ত omission rectification এর জন্য আইনত বিধান আছে। যখন ভূমি সংস্কার আইন অনুযায়ী survey settlement আরম্ভ হল প্রথমতঃ আমরা দেখতে পেলাম খানাপুরী হয়েছে, ইস্তেহার হয়েছে, বুজারত হয়েছে। তারপর বিভিন্ন stage অনুযায়ী জনসাধারণের আপত্তি দিবার সুযোগ আছে, তারা সেই বিধান অনুযায়ী petition করতে পারতেন। কিন্তু জনসাধারণ সেই উদ্দীপনা না দেখিয়ে, settlement Deptt.এর সাথে Cooperation না করে এই সমস্ত অসুবিধা ভোগ করছে। এখন যদি সমগ্র ত্রিপুরায় পুনর্জরীপ করতে হয় তাহলে একটা বিরাট টাকার প্রশ্ন দাঁড়ায়। অন্য দিকে জনসাধারণও দেখাগেছে জরীপের সময়ে বিভিন্ন রকমের খরচান্ত হয়েছে। অতএব সেই দিক দিয়ে আমাদের দৃষ্টি দেওয়া দরকার এবং revision of records করার জন্য আইনেও বিধান আছে। সুতরাং নূতন ভাবে জরীপ করার প্রস্তাবে কোন যৌক্তিকতা আমি দেখতে পাইনা। Land Reforms Act 1960এর Section 41এ আমরা পাব The Survey officer may on application made to him in this behalf on the own motion within one year from the date of final publication of records of rights, correct any entry in such records. যে সমস্ত bonafide mistake আছে সেই সমস্ত bonafide mistake settlement officer correction করতে পারেন। যদি কারো record গোলমাল হয় তিনি যদি সেই মর্মে Petition দেন তাহলে সেটা সংশোধন করার আইনত বিধান রয়ে গেছে। অনেকেই তা করেন নাই। সেজন্য ভুলভ্রান্তি হতে পারে, এবং আছে। তারপর আমরা দেখতে পাই Land Reforms Actএ আরও বিভিন্ন ধরনের Section আছে। ৯২ এবং ৯৩ বরং ৯৫ ধারাতেও এই সমস্ত correctionএর ব্যবস্থা রয়ে গেছে। final publication হয়ে যাওয়ার পরও revisionএর ব্যবস্থা আছে।

সেটা আমরা দেখতে পাই section 26তে। Section 26তে আছে whenever the administrator thinks it expedient so to do, he may with the approval of the

govt. by notification the official gazette direct the revenue survey of any local area with a view to the settlement of the land revenue and for preparation of records of rights corrected. সুতরাং যে জায়গাতে land reforms Actএ revision এর বিধান হয়েছে সেই জায়গাতে নূতন করে আর প্রস্তাব আনার কোন প্রয়োজন আছে বলে আমার মনে হয় না। যতীন বাবু যে বলেছেন বাস্তবিক পক্ষে কাজের জন্য তারা কোন প্রস্তাব আনে না, তারা বাহিরে প্রচার করার জন্য, পত্রিকায় প্রকাশের জন্য এই সব করে থাকেন। তাই আমি উনার বক্তব্যকে সমর্থন করছি না। তাই আমি বলব আইনে কি আছে সেটা উনারা পড়েন না অথবা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে এইরূপ অপ-প্রচার করে থাকেন। সুতরাং এই যে প্রস্তাব রাখা হয়েছে সেটা আমি সমর্থন করতে পারছি না। তারপর মাননীয় সদস্য বলেছেন যে তিন একর পর্যন্ত জমি রেকর্ড করা হয় নি। আমি বলব কাহারো যদি তিন একর পর্যন্ত জমি না থাকে তবে correction করলে কি তিন একর জমি হয়ে যাবে। তাই আমি বলব এটা হতে পারে না। এই বিধান সভাতে কিছু একটা বলতে হবে তাই তারা একটা প্রস্তাব রাখলেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই প্রস্তাবের কোন যৌক্তিকতা দেখতে পাচ্ছি না, কাজেই আমি এই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য এখানে শেষ করছি।

Mr. Speaker :—Hon'ble Minister Profulla Kr. Das.

Shri Prafulla Kumar Das :—মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয়, সদস্য শ্রীবিদ্যা চন্দ্র দেববর্মা মহাশয় যে প্রস্তাব এখানে এনেছেন তার সমর্থন আমি করতে পারছি না। উনার প্রস্তাবের পরিপ্রেক্ষিতে তিনি যে যুক্তি দেখিয়েছেন, মাননীয় সদস্য শ্রীযতীন্দ্র কুমার মজুমদার ও মাননীয় ডেঃ স্পীকার শ্রীমনোরঞ্জন বাবু উনার যুক্তির বিরুদ্ধে উত্তর দিয়েছেন এবং এই প্রস্তাবের যে কোন যৌক্তিকতা নেই সেই সম্পর্কে land revenue Act এর বিভিন্ন ধারা উপধারা পড়ে দেখিয়ে দিয়েছেন। অধিকন্তু এই কথা বলতে হয় মাননীয় সদস্যরা যে জন-সাধারণ যারা বুঝেনা তাহাদিগকে অধিক এবং অপ্রসাঙ্গিক কথা বলে তাদের রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য এই প্রস্তাব এখানে এনেছেন। উনারা এই প্রস্তাবের সমর্থনে বলেছেন যে কুর্ফা এবং বর্গা সম্পত্তির কোন প্রকার রেকর্ড বা right হয় নাই। কোন এলাকায় কোন ব্যক্তির কোর্ফা সম্পত্তি রেকর্ড করা হয় নাই সেটা উনি বিশেষ ভাবে উল্লেখ করেন নাই। কাজেই উনারা যে প্রস্তাব এনেছে সেটা সম্পর্কে বক্তৃতা দিতে উঠে বেশ তর্জন গর্জন করেছেন কিন্তু প্রমানের বেলায় আর সেটা দিতে পারেন নাই। উদাহরণ দিতে গিয়ে একটা অসত্য ঘটনা তুলে ধরেছেন। লক্ষ্মীনারায়ণপুরের ঘটনার কথা একটা তুলে ধরেছেন। সেখানে নাকি Records of rights ঠিক ঠিক ভাবে entry না হওয়াতে Tribal and Non-tribalদের মধ্যে মারামারি এবং বিরোধের সৃষ্টি হয়েছে। আমার মনে হয় মাননীয় সদস্য জেনেও বিধান সভাকে বিভ্রান্ত করার জন্য এই প্রসঙ্গে প্রস্তাব তুলে ধরেছেন। আমরা জানি এই ব্যাপারে অনেক কিছু হয়েছে, অনেক Inquiry হয়েছে। একটা অভিযোগ পেয়ে এবং enquiry করে দেখা গেছে সেখানে যে dispute সেটা record সম্পর্কিত ব্যাপার নয়। সেটা হল Khas land এর উপর Tribal এবং নন-ট্রাইবেলদের জোর জবরদস্তি মূলক

বিরোধ। Khas land সকলেই দখল করতে চায়, সুতরাং এই নিয়ে পরস্পর একটা বিরোধ দেখা দিয়েছে। সেটা Settlement সংক্রান্ত ব্যাপার নয়। যতক্ষণ পর্য্যন্ত না তারা Settlement পাচ্ছে ততক্ষণ পর্য্যন্ত সেটা Khas land এবং Khas land বন্দোবস্ত দেওয়ার নানা প্রকার procedure আছে, সেই অনুযায়ী বন্দোবস্ত দেওয়া হয়। কিন্তু এ না বলে উনারা বলছেন রেকর্ডের গোলমাল হওয়াতে নাকি সেখানে বিরোধ দেখা দিয়েছে। কাজেই এটা সত্য নয়। মাননীয় সদস্য জেনেও যদি সভাকে বিভ্রান্ত করার জন্য এই রকম উক্তি করে থাকেন তবে আমি বলব উনার এই ইচ্ছা ফলবতী হবে না। কারণ উনাদের আজ মানুষ চিনে ফেলেছেন এবং মানুষের কাছে আজকে উনাদের কোন রকম সুবিধা নেই।

কাজেই হাউসে সস্তা বক্তৃতা দিয়ে, অসত্য ভাষা দিয়ে পত্রিকাতে তুলে জনসাধারণকে বিভ্রান্ত করার জন্য চেষ্টা করছেন মাত্র। মাননীয় সদস্য শ্রীঅভিরাম দেববর্ম্মা নারী বাহিনীর কথা বলেছেন। রেকর্ড সংক্রান্ত ব্যাপারে নারী বাহিনীর কথা কি করে আসতে পারে আমরা তা বুঝলাম না। মাননীয় সদস্যদের প্ররোচনায় কতকগুলি অবলা নারী সবলা মূর্ত্তি ধরে আমাদের প্ল্যানকে বানচাল করতে চেয়েছিল। উনারা সন্ত্রাস সৃষ্টি করতে পারদর্শি। কোন প্ল্যানকে যদি তারা বানচাল করতে পারে তখন বলবে সরকারের যে পরিকল্পনা তা করতে তারা ব্যর্থ হয়েছে। এই ভাবে পরিকল্পনাকে বানচাল করে তারা জনসাধারণকে বুঝাতে চান যে গভর্ণমেন্টের পরিকল্পনা তারা রূপায়ন করতে পারে না এবং মানুষের কোন উপকার করতে পারে না। কাজেই উনাদের এই বিভ্রান্তির চেষ্টা ধরা পড়ে গেছে। সুতরাং উনারা আর বেশী দূর অগ্রসর হতে পারেননি। উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার ফলে উনারা দমে গেছেন কাজেই সন্ত্রাস সৃষ্টি করা যে ত্রিপুরাতে চলবে না এটা উনাদের বুঝা উচিত। সুতরাং আমি বলব কোথায় রেকর্ড সংক্রান্ত প্রশ্ন আর কোথায় নারী বাহিনীর প্রশ্ন, এটার সঙ্গে ওটার কোন সম্পর্ক নেই। মাননীয় সদস্য শ্রীঅঘোর দেববর্ম্মার মুখে শুনলাম চীফ মিনিষ্টার নাকি বলেছেন যে—শুধু ভূমিহীনকে জমি দেওয়া হবে। সমাজতন্ত্রের লক্ষ্যে পৌঁছার জন্যে সরকারের যে নীতি তা রূপায়ন করার জন্য নিশ্চয় ভূমিহীনকে ভূমি দেওয়ার ব্যবস্থা করা হবে এবং সেই পরিকল্পনা Government নিয়েছে। এই প্রসঙ্গে আমি বলতে চাই যেখানে ভূমি available সেখানে ভূমিহীনকে ভূমি দেওয়া সম্ভব। কিন্তু যারা ভূমিহীন তাদের তো ভূমিই নাই। সুতরাং তাদের Record ভুল হয়েছে, reserve করতে হবে এই প্রশ্ন উঠে না। সুতরাং House উনার যুক্তি নিশ্চয় বুঝতে পেরেছে যে ভূমিহীন যেখানে সেখানে তাদের Land নাই, সুতরাং Resettlement এর কোন প্রশ্ন উঠে না। ভূমিহীনকে আমরা নিশ্চয়ই ভূমি দেব এবং সেই normal procedure এ হাজার হাজার ভূমিহীনকে ভূমি দেওয়ার ব্যবস্থা করেছি এবং আরও দেওয়ার পরিকল্পনা আমাদের আছে। তার জন্য বাজেটে provision আছে। সময়ান্তে আমরা সেটা আলোচনাতে যাচ্ছি। এখন আমরা দেখেছি West Bengalএ ভূমিহীনদের ভূমি দেওয়ার নাম করে তারা ভূমিহীনদের লেলিয়ে দিয়েছে। যারা জোতদার ও শান্তিপ্রিয় মানুষ তাদের জমি তারা বলপূর্বক দখল করেছে। তাদের ভেড়ী দখল করেছে বে-আইনীভাবে। সেই প্রচেষ্টা তারা এখানেও করতে চেয়েছেন কিন্তু তারা সফল হননি। কিন্তু উনাদের মনে

সেই West Bengal এর স্বপ্ন সব সময় আছে। যে সন্ত্রাস তারা সেখানে চালিয়েছিল এবং যে বর্বর শাসন তারা সেখানে চালিয়েছিল সেই বর্বর শাসনের অবসান হয়েছে এই কথা উনাদের জানা উচিত। সুতরাং আমি বলব West Bengal এর এই instance উনারা সামনে রেখে সন্ত্রাস সৃষ্টির চেষ্টা যেন না করেন। ঘোড়াকাপ্পা সম্বন্ধে উনারা বলেছেন। ঘোড়াকাপ্পা সম্বন্ধে আমি জানি সেখানেও ল্যাণ্ড নিয়ে বিভিন্ন ভূমিহীনরা দাবী করেছে। কিন্তু গভর্ণমেন্টের পরিকল্পনা আছে, ন্যস্ত খাস landএ ভূমিহীনদের বসানো। ভালো জমি সবাই পেতে চায় এই নিয়ে বিরোধ থাকতে পারে কিন্তু এই সঙ্গে settlement department এর ভুলত্রুটির কোন প্রশ্ন নেই, এবং resettlement এর যে প্রশ্ন উনারা এখানে এনেছেন তারও কোন সঙ্গতি এখানে নেই। কাজেই উনাদের resolution এর সমর্থনে যে যুক্তির অবতারনা করেছেন বাস্তবের সঙ্গে তার কোন সঙ্গতি নেই। এইজন্য এই resolution কে আমি সমর্থন করতে পারছি না। আমাদের Land Reforms act এ Resettlement করার কোন ব্যবস্থা নেই। কিন্তু revision হতে পারে। সেটা মাননীয় সদস্য মনোরঞ্জন বাবু বিভিন্ন section উল্লেখ করে বলেছেন ভুল ভ্রান্তি যদি কোন জায়গায় হয়ে থাকে তাহলে আইনের বিধান অনুযায়ী সেটা সংশোধন করার ব্যবস্থা আছে। Settlement করতে গিয়ে বিভিন্ন stage এ বিভিন্ন সময়ে কাজ করা হয়েছে ; সেই অনুযায়ী প্রথম করা হয় ইস্তেহার, তারপর খানাপুরী, গোজারত, attestation, objection তারপরে final publication। বিভিন্ন stageএ বিভিন্ন সময়ে যাদের দখল আছে, যারা দখল সংক্রান্ত ডকুমেণ্ট দেখাতে পারে সেখানে নিশ্চয়ই তাদের রেকর্ড করা হইয়াছে। যারা শুধুমাত্র জমিতে আছে কিন্তু কোন ডকুমেণ্ট দেখাতে পারেনি সেটা খাস জমি দেখানো হয়েছে। অনেক খানে দেখা যায় যে অনেকে বহু বছর ধরে জমি দখল করে আছে কিন্তু কোন ডকুমেণ্ট নাই বা দেখাতে পারে না। কিন্তু দেখা যায় একজন claim করছে পাল্টা আর একজন claim করছে তার জমি বলে। এই রকম আরও অনেক আছে। এমন করে সরকারের কাছে objection আসে তার সংখ্যা প্রায় ৩০০০ মতন, ৩০০০ এর মত Application এসেছে। এর মধ্যে দেখা যায় এই যে ৩০০০ case আছে তার মধ্যে প্রায় অর্দ্ধেক নামজারীর ব্যাপার। নামজারী রেকর্ড হওয়ার পরেও অনেক জমি হয়ত হস্তান্তরিত হল, দান হল সেই সমস্ত caseএ ৩০০০ এর মত যুক্ত তাতে দেখা গেল আর বাকী ৫০% কেইস contrast হচ্ছে, একজন বলছে আমার জমি অন্যজন বলেছে আমার জমি এমন করে contrast হচ্ছে। কাজেই একপক্ষ যদি আপত্তি করে যে এই জমি আমার, আমার নামে ঠিকভাবে রেকর্ড হয়নি এই আপত্তিতেই এটা প্রমাণ হয় না যে এই জমি তারই যতক্ষণ পর্য্যন্ত না এটা হিয়ারিং হচ্ছে, এবং ট্রায়ালে প্রমানিত না হচ্ছে। কাজেই এই তিন হাজার কেইসের মধ্যে ৫০% হচ্ছে নামজারী ইত্যাদি আর ৫০% হচ্ছে contrast case এইগুলি appropriate authority আইনের বিভিন্ন ধারা উপধারা বিচার করে তাদের সবের বিভিন্ন দলিলাদি দেখে রায় দিবেন। এইভাবে case গুলি finally dispose হবে। এছাড়া ভুলত্রুটি হবেই এবং সেই ভুলত্রুটি সংশোধন করার বিধানও আছে। এছাড়া total number of holding land revenue তার সংখ্যা হচ্ছে ৪ লক্ষ। ৪ লক্ষের মধ্যে তিন হাজার case যদি objection ফাইল হয়ে থাকে তার ৫০% হচ্ছে contrast cases আর ৫০% নামজারী ইত্যাদি

সম্পর্কে। তাতে দেখা যায় এই contrast case এর পারসেন্টেইজ ১%এ দাড়ায়। এটা খুব মাইনর ব্যাপার। এই ব্যাপারে অতিষ্ট হওয়ার কোন কারণ নেই। সুতরাং আমরা বলব যদি কোন ভুলত্রুটি হয়ে থাকে সেই ভুলত্রুটি সংশোধনের ব্যবস্থাও নিশ্চয়ই হবে। আমি এই সম্পর্কে আর বলতে চাই না। আমাদের মাননীয় উপাধ্যক্ষ মহোদয় এই সম্পর্কে বিস্তারিত বলেছেন। অতএব মাননীয় সদস্যদেরে বলব যে অবান্তর প্রস্তাব এবং অবান্তর যুক্তির অবতারণা করলেই দরদী সাজা যায় না এবং সেই প্রস্তাব পাশ করানো যায় না। আপনারা যাদের সম্পর্কে বলেছেন তাদের সম্পর্কে আমরাও সচেতন। ত্রিপুরা রাজ্যের জোতদার, বর্গাদার, কৃষক যারা আছে তাদের অধিকার যথাযথ ভাবে রক্ষা করার জন্যে, তাদের অধিকার সুপ্রতিষ্ঠিত করার জন্য আমরা সচেতন। ভূমিহীনদের যে ঋণ দেওয়ার ব্যবস্থা আছে তাও যথাযথভাবে পালন করা সম্পর্কে আমরা সচেতন। মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন তার বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—মাননীয় সদস্য শ্রীবিদ্যাচন্দ্র দেববর্মা।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয় আমার প্রস্তাবের বিরোধীতা করতে গিয়ে তার যুক্তির সমর্থনে সমাজতন্ত্র সম্পর্কে অনেক কথাই বলেছেন। আমাদের এই হাউসের মধ্যে কতজন কৃষক আছেন? মুষ্টিমেয় কয়েকজন দরিদ্র কৃষক যাদের নিজস্ব জমি আছে। এই কি সমাজতন্ত্রের লক্ষ্য? যেখানে ভূমিহীন পুনর্বাসন পায় না, জুমিয়ারা পুনর্ব্বাসন পায় না সেখানে বড় বড় কৃষক, জোতদার এবং সুবিধাবাদীরা সকল সুযোগ সুবিধা লুটে নিচ্ছে। সমাজতন্ত্রের নামে সুবিধাবাদী এবং জোতদারদের রাজত্ব চলছে। কাজেই সমাজতন্ত্রের নামে তিনি যেসব কথা বলেছেন সব ভাওতা। সমাজতন্ত্রের নামে ওনারা নিজেদের স্বার্থসিদ্ধি করে চলছেন। মাননীয় মন্ত্রী মহোদয় বলেছেন যে, ভুলত্রুটী হয়ে থাকলে revision of record করা সম্ভব। কিন্তু এখানে ত আমি revision of recordএর দাবী করি নাই। আমি পুনর্জরিপ সুরু করার দাবী করেছি। কারণ সারা ত্রিপুরা রাজ্যের মধ্যে যে অবস্থার সৃষ্টি হয়েছে তা যদি আমরা বিচার করি তাহলে দেখা যাবে ভূমিহীন এবং জুমিয়াদের জমি না দিয়ে বড় বড় জোতদার, বড় বড় সরকারী কর্ম্মচারীদের নামে জমি record করা হয়েছে। যেমন বিলোনীয়ার বাইকোড়াতে ভূমহীনদেরে পুনর্ব্বাসন না দিয়ে কর্ম্মচারীরা সেখানে স্থান নিয়েছেন। কাজেই এইসব লক্ষ্য করলে বুঝা যায় তারা কি সমাজতন্ত্র গঠন করতে চান না স্বার্থতন্ত্র গঠন করতে চান। কাজেই সেই সব বে-আইনী কার্যকলাপ বন্ধ করার জন্য, দুর্নীতি বন্ধ করার জন্য এবং জমি নিয়ে যে বিশৃঙ্খলা দেখা দিয়েছে তা দূর করে সুষ্ঠুভাবে জমি বণ্টনের জন্য আমি পুনর্জরিপের এই প্রস্তাব এনেছি। আইনে অনেক কথা আছে এবং তাদের বক্তব্যে তারা আইনের উল্লেখও করে থাকেন কিন্তু সেই আইনকে কার্যকরী করা বা ঠিক ঠিক ভাবে প্রয়োগ করার কোন ইচ্ছা উনাদের নাই। অন্যায়ভাবে যেসব জমি আজ পর্য্যন্ত হস্তান্তর করা হয়েছে বা রেকর্ড করা হয়েছে তা বন্ধ করার জন্য বা দোষী ব্যক্তিদের শাস্তি বিধানের কোন ব্যবস্থা ত সরকার করেন নাই। আইনে আছে tribalদের জমি D.M.এর পারমিশন ছাড়া হস্তান্তর করা যাবে না। কিন্তু D.M.এর

পারমিশন ছাড়া কত tribalদের জমি যে হস্তান্তর হয়ে গিয়েছে তার প্রতি সরকারের নজর পড়ে নাই। যদি সরকার এদিকে নজর দিতেন তাহলে দেখতে পেতেন শত শত ট্রাইবেল কৈলাসহর, ছামনু, ধর্ম্মনগর ইত্যাদি স্থানে মহাজনদের অত্যাচার সহ্য করতে না পেরে, মহাজনদের চাপে তাদের কাছে জমি ছেড়ে দিতে বাধ্য হয়েছে। কাজেই আমি বলছি যে, পুনর্জরিপ শুরু করে সমস্ত জমি ঠিক ঠিক ভাবে রেকর্ড করা হউক। আর তা যদি না করা হয় তা হলে সমগ্র ত্রিপুরায় বিরোধের সৃষ্টি হবে। কাজেই পুনর্জরিপ করা একান্ত প্রয়োজন এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীএরসাদ আলী চৌধুরী :—মাননীয় স্পীকার স্যার আমাদের রুলসে আছে—

Rule 41(2)—A question shall be replied on the date on which it is listed. If the information required by the member is not available, the Minisier shall state the position accordingly, and the Speaker may allow such further time as he may under the circumstances deem proper and fix a date for the answer. স্পীকার একটা ডেট ফিক্স করে দেবেন। এটা আমাদের রুলসে আছে।

মি: স্পীকার :—অর্ডিনারিলী ১৫ দিনের মধ্যে সেই মেটেরিয়ালস ফর রিপলাই আসা উচিত।

Mr. Speaker :—Shri Kshitish Ch. Das.

Shri Kshitish Ch. Das :—Question No. 158.

Shri S. L. Singh :—Mr. Speaker Sir, question No. 158,

প্রশ্ন	উত্তর
ক) কমলপুর মহকুমার দেবীছড়া, মেথির মিয়া, বড়সুরমা ও হালাহালীতে কমলপুর—আমবাসা রাস্তার পূর্ব্বদিকে ছড়া হইতে বাঁধ দেওয়ার অসুবিধা থাকায় লিফট ইরিগেশান এর ব্যবস্থা করা যায় কিনা সরকার পরীক্ষা নিরীক্ষা করিয়া দেখিবেন কি ? খ) যেসব গ্রামে ছড়া হইতে বাঁধ দিয়া জল পাওয়ার সুবিধা নাই সেইসব গ্রামে ডীপ ওয়েল খনন করার পরিকল্পনা সরকারের আছে কিনা ?	যে সমস্ত জায়গাতে ইরিগেশান আমরা অন্যভাবে দিতে পারি না সেখানে লিফট ইরিগেশনে দেওয়া যায় কিনা সেগুলি পরীক্ষা-নিরীক্ষা করে দেখা হবে। আর যে সমস্ত গ্রামে বাঁধ দেওয়ার সুবিধা নাই সেই সব গ্রামে ডীপওয়েল খনন করার পরিকল্পনা সরকারের আছে এবং সেটা আমরা পরীক্ষা নিরীক্ষা করে দেখছি যে কোথায় কোথায় খনন করা যাবে এবং সেজন্য ডীপ ওয়াটার সার্ভে শেষ হয়েছে, তারা বলেছেন যে ডীপ ওয়েলগুলি করা যেতে পারে এবং সেই অনুসারে একটা পরিকল্পনা আছে এবং সেটা আরম্ভ করা হবে।

Mr. Speaker :—Shri Jatindra Kr. Majumder.

Shri Jatindra Kr. Majumdar :—Question No. 204.

Shri S. L. Singh .—Mr. Speaker Sir, Question No. *204*.

প্রশ্ন	উত্তর
১। ত্রিপুরা রাজ্যের কোন কোন সম্প্রদায়কে আদার ব্যাকওয়ার্ড ক্লাস হিসাবে ধরা হয় সেই সম্প্রদায়গুলির নাম ? ২। এ সমস্ত সম্প্রদায়ের জনসাধারণ শিক্ষা ক্ষেত্রে এবং অর্থ নৈতিক ক্ষেত্রে সরকার হইতে কি কি সুযোগ পাইতেছেন ?	সাধারণতঃ এখানে মণিপুরি, কপালী এই দুইটি সম্প্রদায় পড়ে এবং তার সাথে তাঁতী, আনতাতী এবং কয়ের আছে, তাদিগকে আমরা সাধারণতঃ ব্যাকওয়ার্ড কমিউনিটি হিসাবে গণ্য করে থাকি। অর্থ নৈতিক ক্ষেত্রে ল্যাণ্ডলেস হলে পরে তাদিগকে আমরা ল্যাণ্ড দিই এবং শিক্ষার দিক দিয়ে কতকগুলি সুবিধা দেওয়া হয়, ফীজ লাগে না। সেটা আমরা দিয়ে থাকি। সাধারণতঃ এই ক্লাসগুলিই বর্ত্তমানে আছে।

শ্রীরাজকুমার কমলজিত সিংহ :—ল্যাণ্ডলেস কালটিভেটারস হিসাবে জমি পাইতে পারে। কিন্তু ব্যাকওয়ার্ডদের জন্য স্পেসিফিক কোন রকম ব্যবস্থা আছে কিনা মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রী এস, এল, সিংহ :—ল্যাণ্ডলেস হিসাবে যেমন সিড্যুল কাষ্ট, সিড্যুল ট্রাইবস এণ্ড আদার ব্যাকওয়ার্ড ক্লাস এবং জেনারেল, সকলেই একই পর্য্যায়ভুক্ত এবং সেই হিসাবে তারা পেতে পারে।

শ্রীরাজকুমার কমলজিত সিংহ :—আদার ব্যাকওয়ার্ড ক্লাস সরকার হইতে কি কি সুযোগ সুবিধা পাচ্ছে মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি ?

শ্রী এস, এল, সিংহ :—যারা ব্যাকওয়ার্ড তাদের জেনারেলের পর্য্যায়ভুক্ত করা যাচ্ছে না। তবে সমস্ত ভূমিহীনই—তাদের মধ্যে সিড্যুল কাষ্ট আছে, সিড্যুল ট্রাইব আছে, আদার ব্যাকওয়ার্ড ক্লাস আছে, জেনার‍্যাল আছে, অতএব ত্রিপুরা রাজ্যের সমস্ত ভূমিহীনকে ভূমি দেওয়া সেটা ভূমি থাকলে পরে এবং অর্থের সংকুলান হলে পরে সেই অনুসারে দেওয়া হয়ে থাকে।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মিঃ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি বারুইজীবি আদার ব্যাকওয়ার্ড সম্প্রদায় ভুক্ত কিনা ?

শ্রী এস, এল, সিংহ :—হ্যাঁ, বারুইজীবি আদার ব্যাকওয়ার্ড সম্প্রদায়ভুক্ত।

শ্রীনরেশ রায় :—ল্যাণ্ডলেস ব্যাকওয়ার্ড কমিউনিটি হিসাবে স্পেশাল কোন ফেসিলিটি আছে কি না ?

শ্রী এস, এল, সিংহ :—স্পেশ্যাল কোন ফেসিলিটি নেই।

মিঃ স্পীকার :—শ্রীসুনীল চন্দ্র দত্ত।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—কোয়েশ্চান নাম্বার ২৩১।

শ্রী এস, এল, সিংহ :—কোয়েশ্চান নাম্বার ২৩১ স্যার।

প্রশ্ন

(ক) খোয়াই সহর ও তৎসংলগ্ন অঞ্চলকে বন্যার কবল হইতে রক্ষার জন্য বাঁধ নির্মাণ ব্যতীত অন্য কোনও পরিকল্পনা সরকারের আছে কি ?

(খ) থাকিলে তাহার বিবরণ ?

উত্তর

(ক) বর্ত্তমানে এরূপ কোন পরিকল্পনা সরকারের নাই।

(খ) ১নং উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—খোয়াই সহরে এবং তৎসংলগ্ন যে বাঁধটি আছে, প্রতি বৎসর বন্যার সময় বাঁধ ভেংগে যায় এবং শহরের লোকজন অতীব লাঞ্ছনা ভোগ করে, মাননীয় মন্ত্রী মহোদয় এই বিষয়ে অবগত আছেন কি ?

Shri S. L. Singh :—There is no scheme except construction of Bundh for protection of Khowai town and adjoining areas from flood. This aspect will be duly considered along with the others at the time of preparation of Master Plan for Khowai.

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—আমার প্রশ্ন হল যে বাঁধটা প্রতি বৎসর ভাংগে এবং লোকের কষ্ট হয়, এই সম্পর্কে সরকার কোন অভিযোগ পেয়েছেন কি না ?

শ্রীএস, এল, সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ স্যার।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—খোয়াই নদীটাকে ডাইভার্ট করে ইছালীছড়া দিয়ে বন্যার জল অন্যদিকে প্রবাহিত করার কোন পরিকল্পনা ছিল কিনা, মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আগেই বলেছি যে যখন মাষ্টার প্ল্যান আমরা করব তখন সেটা পরীক্ষা নিরীক্ষা করে দেখা হবে কি করা যেতে পারে। বর্ত্তমানে বাঁধ ছাড়া আর কোন পরিকল্পনা নেই।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—এই বাঁধটা ভেংগে যাওয়ার পর, প্রতি বৎসর যখন রিপেয়ার'এর কাজ চলে তখন কন্ট্রাক্টার বাঁধের গোঁড়া থেকে মাটি নিয়ে ভাংগা জায়গা মেরামত করেন, এই ধরণের অভিযোগ মাননীয় মন্ত্রী মহোদয় পেয়েছেন কি না ?

শ্রীএস, এল, সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ।

মিঃ স্পীকার :—শ্রীনরেশ রায়।

শ্রীনরেশ রায় :—কোয়েশ্চান নাম্বার ২৬৫।

শ্রীএস, এল, সিংহ :—কোয়েশ্চান নাম্বার ২৬৫ স্যার।

•

প্রশ্ন

১) অন্যান্য অনুন্নত সম্প্রদায় বলিতে ত্রিপুরায় কোন কোন সম্প্রদায়কে বুঝায়।

২) ঐ সম্প্রদায়গুলি কোন কোন দিক হইতে অনুন্নত।

৩) তাহাদের উন্নতির জন্য সরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

উত্তর

মণিপুরি, কপালী, বারুই জীবি সম্প্রদায়, তাঁতী, আনতাঁতী, এরা এই কমিউনিটিতে পড়ে। তবে এই সম্প্রদায়গুলি কোন কোন দিক হইতে অনুন্নত এটা সম্পর্কে কোন কালচারাল সার্ভে আমাদের হয় নাই যে তারা কোন কোন দিক দিয়ে অনুন্নত সোশ্যালি, এডুকেশানলী অর ইকনমিকেলী এই সার্ভে না হওয়ার ফলে সেটা বলা সম্পূর্ণ অসম্ভব বর্ত্তমানে। তবে ইকনমিকেলী আমরা যা দেখি, সেইদিকে তারা খুবই অনুন্নত, বিশেষ করে তাঁতী, আনতাঁতী সম্প্রদায়। কারণ তারা এসেছিল মোষ্ট প্রবেবলী ফ্রম আসাম টী গার্ডেন থেকে। আসাম টীগার্ডেন থেকে এসে তারা ত্রিপুরা রাজ্যের টী গার্ডেনে কাজ নেয় এবং তারা বিক্ষিপ্ত অবস্থায় আছে। তাদের একমাত্র কাজ হল টী গার্ডেনের লেবারের কাজ এবং সম্বল হচ্ছে দাঁও। তাদের সংখ্যা বৃদ্ধির ফলে টী গার্ডেনেও তাদের সংকুলান হচ্ছে না। বিশেষ করে কপালি সম্প্রদায়-এর যারা

এখানে ছিলেন তারা সংখ্যায় অল্প ছিলেন, কিন্তু পরে যারা এসেছেন তাদের অধিকাংশ হচ্ছে উদ্বাস্তু। বারুইজীবি যারা আছেন, তাদের অবস্থাও তদরুপ।

শ্রীঅঘোর দেববর্মা :—পয়েন্ট অব অর্ডার। You please sit down.

Mr. Speaker :—You can not direct the Hon'ble Minister to take seat.

Shri Aghore Deb Barma :—My point of order is, this is a question hour. Question and reply this is the system, this is the parliamentary convention. তিনি বক্তৃতা দিতে আরম্ভ করেছেন। অনেক কোয়েশ্চান পেণ্ডিং আছে। এটা কি বক্তৃতা দেওয়ার সময়।

Mr. Speaker :—Hon'ble Minister is giving his reply to the Question.

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানিনা মাননীয় সভ্যের গাত্রদাহ হওয়ার কি কারণ, তবে হতে পারে এই সমস্ত জায়গাতে টী গার্ডেনের লোকেরা যারা এসেছিল তারা হয়ত তাদের দ্বারা অত্যাচারিত হয়েছিল এবং তার ফলে তাদের অবস্থা ত্রিপুরা রাজ্যের সমস্ত লোকের চেয়ে অনুন্নত, একথা বলাটা হয়তো তিনি আদৌ সহ্য করতে পারেন না, সেইজন্য উনি এখানে এটাকে বক্তৃতা বলছেন। কারণ কোন কোন দিক দিয়ে অনুন্নত—অর্থ-নৈতিক দিক দিয়ে, লেখাপড়ার দিক দিয়ে ত্রিপুরা রাজ্য সবচেয়ে অনুন্নত বললে অত্যুক্তি হবেনা। তারপর কপালি সম্প্রদায়ের কথা বললে মোষ্ট অব দেম রিফিউজী, অতএব অর্থনৈতিক দিক দিয়ে তারা অত্যন্ত অনুন্নত অবস্থায় আছেন সেটা অনস্বীকার্য, এবং লেখাপড়ার দিক দিয়েও তারা অনুন্নত। তারপর বারুই জীবি সম্প্রদায়, তারাও অধিকাংশই এসেছেন পূর্ব্ব পাকিস্তান থেকে। তাদের অবস্থাও তদরূপ। মণিপুরিদের মধ্যে অনেকে এখানে ইমফল থেকে এসেছেন, তার মধ্যে একটি সংখ্যা রিফিউজী হয়ে এসেছেন। তাদের অবস্থা সাংঘাতিক খারাপ। অতএব এই কারণগুলি বললাম। তবে আমাদের কালচারেল সার্ভে হয় নি। মোটামুটি যতটুকু জানা যায়, সেই কারণগুলি এখানে আমি বললাম।

শ্রীরাজকুমার কমলজিৎ সিংহ :—মহারাজার সময়ে মনিপুরী এবং সাম ট্রাইবেল ফেমিলীকে কতগুলি স্পেশাল প্রিভিলেইজ ভোগ করতে দেওয়া হত, কিন্তু এখন তারা সেইসব সুযোগ সুবিধা বা প্রিভিলেইজ পাচ্ছেন না, এটা মাননীয় মন্ত্রী মহোদয় স্বীকার করবেন কি ?

শ্রীএস. এল, সিংহ :—মহারাজার আমলে এমন কোন অর্ডার বা সার্কুলার ছিল বলে আমার জানা নেই। তবে বিশেষতঃ শিক্ষার দিক দিয়ে, অর্থ নৈতিক দিক দিয়ে এবং তাদের কৃষ্টির দিক দিয়ে একটা স্পেশাল বন্দোবস্ত করা হত। তবে আমরাও বর্ত্তমানে যেমন লোকরঞ্জন শাখা ইত্যাদি করে যাতে কালচার ডেভেলাপমেন্ট হতে পারে, যেটা তাদের মধ্যে আছে, এইসব আমরা এখন তাদেরকে দিয়ে আসছি। আর এডুকেশানের দিক দিয়েও তাদেরকে কতগুলি সুবিধা দেওয়া হচ্ছে, যেগুলির কথা আমি আগেই বলেছি।

শ্রীঅঘোর দেববর্মা :—স্পীকার স্যার, কোয়েশ্চান আওয়ার ইজ কোয়েশ্চান আওয়ার। কোয়েশ্চান এ্যাণ্ড রিপ্লাই, ইট ইজ এনাফ। এই সময়ে আর্গুমেন্ট বা বক্তৃতা নয়, এই ভাবে কোয়েশ্চান আওয়ার চলতে পারে না। কাজেই আমি এর প্রতিবাদ জানিয়ে পাঁচ মিনিটের জন্য এই সভা ত্যাগ করছি।

শ্রীএস, এল, সিংহ :—অতএব সেই দিক দিয়ে আমরা চেষ্টা করছি, যাতে ক্লাশ এইট পর্য্যন্ত এডুকেশান ফি্ হয়। তাছাড়া হায়ার এডুকেশান, যেমন কলেজে যারা পড়াশুনা করবে, তাদেরকেও লো ইনকাম গ্রুপ হিসাবে সাহায্য দেওয়া হয়ে থাকে। অতএব মহারাজার আমলে তারা কিছু পেয়ে থাকেন কিনা, সেটা আমার জানা নেই।

মিঃ স্পীকার :—শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :—ষ্টাড কোয়েশ্চান নাম্বার—৩১১।

শ্রীএস, এল, সিংহ :—ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার—৩১১, স্যার।

প্রশ্ন

১) বিলোনীয়া খয্যমুখ ও খয্যমুখ নলুয়া রাস্তায় যে সকল ব্যক্তি অদ্যাবধি ক্ষতিপুরণ পায় নাই তাহাদের না পাওয়ার কারণ কি ?

২) কোন কোন ব্যক্তি এই ক্ষতিপুরণ পায় নাই ?

উত্তর

১) বিলোনীয়া খয্যমুখ ও খয্যমুখ নলুয়া রাস্তার জমির মালিকেরা সাধারণতঃ নিম্ন বর্ণিত কারণে ক্ষতিপুরণ পায় নাই :—

ক) জমির মালিকেরা বরাদ্দকৃত টাকাতে সন্তুষ্ট নয়।

খ) জমির মালিকেরা যথোপযুক্ত দলিল, দস্তাবেজ দিতে সক্ষম হয় নাই বলিয়া ক্ষতিপুরণ পায় নাই এবং কেহ্ কেহ পাকিস্থান চলিয়া গিয়াছে।

২) নিম্নলিখিত ব্যক্তিগণ ক্ষতিপুরণ পায় নাই।

১) শ্রীমতি রাণীপ্রভা দাস।
২) টাকু মিঞা।
৩) কালীপ্রসন্ন তালুকদার।
৪) রমাপ্রসন্ন তালুকদার।
৪) শচীরাম তালুকদার।
৬) সারদা চন্দ্র মজুমদার।
৭) উপেন্দ্র কুমার সাহা।
৮) সারাদা চরণ মজুমদার।
৯) হীরালাল ঘোষ।
১০) প্যায়ারী মোহন সাহা।
১১) সুখময় দত্ত।
১২) চিন্ময় দত্ত
১৩) শান্তিময় দত্ত
১৪) স্নেহময় দত্ত।
১৫) শ্যামাময় দত্ত।
১৬) শ্রীমতি সোনাজন বিবি
১৭) অন্ত শীল।
১৮) শ্রীমতি পাবী বিবি।
১৯) বাসু মিঞা।
২০) আবদুল রসিদ।
২১) ছেলামত আলী।
২২) আবদুল গণী।
২৩) ভগবান চন্দ্র দে।
২৪) মহেশ চন্দ্র বৈদ্য।
২৫) সেকেন্দার মিঞা।
২৬) আবদুল গণী।

২৭) ইসমাইল।
২৮) সিরাজল হক।
২৯) রমেশ চন্দ্র দাস।
৩০) উমেশ চন্দ্র দাস।
৩১) আশীষ চন্দ্র দাস।
৩২) গিরিশ চন্দ্র দে।
৩৩) শ্রীমতি কালন বিবি।
৩৫) লাল মিঞা।
৩৫) অখিল চন্দ্র সেন।
৩৬) অখিল চন্দ্র দে।
৩৭) আজগর আলী।
৩৮) সনাতন মল্লিক।
৩৯) অমৃত মল্লিক।
৪০) ননীগোপাল মল্লিক।
৪১) নেপাল মল্লিক।
৪২) ভূপাল মল্লিক।
৪৩) রবীন্দ্রনাথ চৌ
৪৪) রাজমোহন দত্ত
৪৫) শ্রীমতি কুঞ্জবালা দত্ত।
৪৬) শ্রীমতি গান্ধারী দত্ত।
৪৭) প্রসন্ন কুমার দত্ত।
৪৮) ভবতারা সুন্দরী দে।
৪৯) রজনী কান্ত দে।
৫০) সুরেশ চৌধুরী।
৫১) জ্যোতিষ চন্দ্র বিশ্বাস।
৫২) রোহিনী কুমার বণিক।
৫৩) মাধব চক্রবর্তী।
৫৪) জগমোহন মজুমদার।
৫৫) চিন্তাহরণ মজুমদার।
৫৬) দুর্গাচরণ গন।
৫৭) উপেন্দ্র কুমার মজুমদার।
৫৮) যোগেন্দ্র কুমার মজুমদার।
৫৯) বীরেন্দ্র কুমার বৈগু।
৬০) আবদুল হক।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :—এখানে একটা নাম দেখা গেল, 'সুরেশ চৌধুরী' এই সুরেশ চৌধুরীর পিতার নাম কি, মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে পিতার নাম দেওয়া হয়নি।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয়, এই সব লোকের নামে যদি টাকা এ্যালট হয়ে থাকে, তাহলে তাদেরকে টাকা না দেওয়ার কারণ কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কারণগুলি নিম্নরূপ :—

১) জমির মালিকেরা বরাদ্দকৃত টাকাতে সন্তোষ্ট নয়,

২) জমির মালিকেরা যথোপযুক্ত দলিল, দস্তাবেজ দিতে সক্ষম হয় নাই বলিয়া ক্ষতিপূরণ পায় নাই এবং কেহ কেহ পাকিস্তানে চলিয়া গিয়াছে।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :— মাননীয় মন্ত্রী মহোদয়, যাদের অবজেক্শান আছে, তাদের অবজেক্শানের বিচার করা হইতেছে না কেন, জানাবেন কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—যে সমস্ত অবজেকশান আছে, সেগুলি মিটমাট হলে পরে তারা তাদের টাকা পেয়ে যাবেন। কিন্তু সেই জমির মালিকদের বলা হয়েছে যাতে উপরোক্ত প্রয়োজনীয় কাগজ পত্র তারা অফিসে দাখিল করেন, তারা সেগুলি করতে পারছেন না, আবার অনেক আছেন, যারা পাকিস্থানে চলে গেছেন। সেই জন্যই এই দুইটি কারণ দেখানো হয়েছে।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :—যারা পাকিস্থানে চলে গেছেন তাদের ছাড়াও তো অনেক লোক ইণ্ডিয়াতে আছেন, তাদের নামে নিশ্চয় এ্যালট আছে, এখন তারা কেন পাচ্ছেন না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—হয়তো তাদের দলিল দস্তাবেজ ঠিক নেই।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয়, যদি তাদের ঠিক না থাকে তাহলে কি করে তাদের নামে টাকা এ্যালটেড করা হয়ে থাকে, জানাবেন কি? আমার তো ধারণা নিশ্চয় তাদের দলিল ঠিক আছে।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এ্যালটের কথা তো আমি বলিনি, এ্যালট হয়নি, এ্যাসেস হয়েছে। তারপরে এই প্রপার্টির মালিক কে? কতটুকু বা তার জমি, ইত্যাদি হিসাব করে দেখা হবে। এগুলি করার জন্য যখন সেইসব জমির মালিককে দলিল পত্র বা রেকর্ডস ইত্যাদি প্রডিউস করার জন্য বলা হয় তখন তারা তা করতে পারছেন না।

মিঃ স্পীকার :—শ্রীরবীন্দ্র চন্দ্র দেব রাখল।

শ্রীরবীন্দ্র চন্দ্র দেব রাখল :—ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার—৭২২।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার—৭২২, স্যার।

প্রশ্ন

ক) অমরপুর বিভাগান্তর্গত জাম্বুকছড়া ও নগুরাই ধানছড়ায় জলসেচের জন্য কোন বাঁধ দেওয়ার পরিকল্পনা সরকারের আছে কি? এবং

খ) থাকিলে, কবে কার্যকরী করা হইবে?

উত্তর

তথ্য সংগ্রহ করা হইতেছে।

মিঃ স্পীকার :—শ্রীবিনয় ভূষণ ব্যানার্জি।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—স্যার, আই অ্যাম ইন্টারেষ্টেড টু দিস কোয়েশ্চান।

মিঃ স্পীকার :—ইয়েস।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার—৭১২।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার—৭১২।

প্রশ্ন

(ক) ধর্মনগর সাবডিভিসনে 'অধিক খাদ্য ফলাও' আন্দোলনকে সার্থকভাবে রূপায়িত করিতে আজ পর্যন্ত মাইনর এরিগেশন হইতে বন্যা নিয়ন্ত্রণে ও জলসেচ বাবত কত টাকা ব্যয় করা হইয়াছে।

(খ) পানিসাগর ব্লক এবং কাঞ্চনপুর টি, ডি, ব্লক এলাকার ব্যয়ের পৃথক পৃথক হিসাব এবং

গ) ব্যয় না হইয়া থাকিলে তাহার কারণ।

উত্তর

তথ্য সংগ্রহ করা হইতেছে।

Mr. Speaker :—Question hour is over. There are 9 Unstarred questions to-day. The Ministers may lay on the Table of the House the reply of the

Unstarred Questions and also Starred Questions which were not answered orally.

Shri Jatindra Kr. Majumder :—অনারেবল স্পীকার, স্যার, আমাদের রুলস অব বিজনেসে আছে, রুল ৩৫(১১)তে—It shall not ask for information on trivial, vague or meaningless matters, or information of too many details. আমরা আজকে মাননীয় অধ্যক্ষ মহোদয়, দেখলাম যে কতগুলি কোয়েশ্চান এর অ্যান্সার এসেছে যেগুলিতে টু মেনি ডিটেলস দরকার হয়ে পড়েছে। তাতে আমাদের সময় অনেক চলে যায়। কাজেই এইগুলি সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এই সম্পর্কে চিন্তা করার জন্য।

মিঃ স্পীকার :—এই বিষয়ে আমরা আইন অনুসারে কাজ করছি।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, পয়েন্ট অব অর্ডার। সাপ্লিমেন্টারী ডিমাণ্ডের উপর গতকাল আমার কতগুলি কাটমোশন ছিল। আমাদের রুলসে আছে যে, প্রথমে ডিসকাশন করতে হয় কাটমোশনগুলি। কিন্তু কাটমোশনগুলি ডিসকাশন করতে না দিয়েই কি করে গায়ের জোরে এইগুলি পাশ করিয়ে দেওয়া হল সেটা আমি বুঝতে পারলাম না।

মিঃ স্পীকার :—ইউ হ্যাভ নট মুভড দি কাটমোশনস্।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—মাননীয় স্পীকার, স্যার, আমি গতকাল হাউসে ছিলাম। আমি জানি মাননীয় সদস্যকে কল করা হয়েছে। কিন্তু মাননীয় সদস্য তখন অত্যন্ত উত্তেজিত ছিলেন। তিনির কানের ভিতরে তখন সেই শ্রীকৃষ্ণের বাঁশীর সুর প্রবেশ করে নাই।

মিঃ স্পীকার :—আপনি মুভ করেন নাই সেজন্য আপনার কাটমোশন ফল থ্রু হয়েছে।

শ্রীঅঘোর দেববর্মা :—এটা হতেই পারে না। আমি হাউসে ছিলাম। আমি শুনিনি।

Presentation of the 1st Report of the Select Committee on the Tripura Shops & Establishments Bill, 1970 (Bill No. 5 of 1970)

Mr. Speaker :—Next item in the List of Business is the Presentation of the 1st Report of the Select Committee on the Tripura Shops and Establishments Bill 1970 (Bill No. 5 of 1970).

I would request the Hon'ble Labour Minister, Chairman of the Select Committee, to proceed to present before the House the 1st Report of the Select Committee on the Tripura Shops & Establishments Bill, 1970 (Bill No. 5 of 1970).

Shri T. M. Dasgupta :—Mr. Speaker, Sir, I beg to present before the House the 1st Report of the Select Committee on Tripura Shops and Establishments Bill, 1970 (Bill No. 5 of 1970).

Mr. Speaker :—Members are requested to collect their copies of the Report from the Notice Office.

GOVERNMENT BUSINESS (LEGISLATION)
Consideration & Passing of the Appropriation (No. 3) Bill, 1970 (Bill No. 7 of 1970)

Mr. Speaker :—Next business of the House, the Appropriation (No. 3) Bill, 1970, (Bill No. 7 of 1970) is to be taken into consideration. I call on the Hon'ble Finance Minister to move his motion for consideration of the Bill.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, I beg to move that the Appropriation (No. 3) Bill, 1970 (Bill No. 7 of 1970) be taken into consideration at once.

The motion of the Hon'ble Krishnadas Bhattacharjee that the Appropriation (No. 3) Bill, 1970 (Bill No. 7 of 1970) be taken into consideration was then put and agreed to.

The question that Clause 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

The question that Schedule do stand part of the Bill was than put and agreed to.

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

The question that the Title do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker :—Next Business before the House is the Passing of the Appropriation (No. 3) Bill, 1970 (Bill No. 7 of 1970). I shall now request the Hon'ble Finance Minister to move his motion for Passing of the Bill.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, I beg to move that the Appropriation (No. 3) Bill 1970 (Bill, No. 7 of 1970) as settled in the Assembly be passed.

The motion of the Hon'ble Krishnadas Bhattacharjee that the Appropriation (No. 3) Bill, 1970 (Bill No. 7 of 1970) as settled in the Assembly be passed, was then put and agreed to.

Private Members' Business
(Resolution)

Mr. Speaker :—Next item in the List of Business is Private Members' Resolution. I would call on Shri Ghanashyam Dewan to move his Resolution that—

এই বিধানসভা প্রস্তাব করিতেছে যে, ত্রিপুরার উপজাতিদের স্বার্থ রক্ষার্থে সরকারী চাকুরীতে উপজাতিদের জন্য যে নির্দিষ্ট সংরক্ষিত পদগুলি এখনও খালি আছে তাহা যথাশীঘ্র পূরণ করিবার জন্য প্রত্যেক বিভাগকে জরুরী নির্দেশ দেওয়া হোক।

শ্রীঘনশ্যাম দেওয়ান ঃ—মিঃ স্পীকার স্যার, এই হাউসে আমি একটি প্রস্তাব এনেছি যে, 'এই বিধানসভা প্রস্তাব করিতেছে যে, ত্রিপুরার উপজাতিদের স্বার্থরক্ষার্থে সরকারী চাকুরীতে উপজাতিদের জন্য যে নির্দিষ্ট সংরক্ষিত পদগুলি এখনও খালি আছে তাহা যথাশীঘ্র পূরণ করিবার জন্য প্রত্যেক বিভাগকে জরুরী নির্দেশ দেওয়া হোক।'

মিঃ স্পীকার স্যার, আজকে সারা ভারতবর্ষ তথা আমাদের ত্রিপুরা রাজ্যের উপজাতিদের সম্বন্ধে চিন্তা করবার সময় এসেছে। কারণ ভারতের সংবিধানে যে রক্ষা কবচ আছে, যে অনুন্নত, পিছিয়ে পড়া যে সমস্ত জাতী আছে, সমাজ আছে, তাদেরকে বিশেষ সুযোগ সুবিধার ক্ষেত্রে অগ্রাধিকার দিয়ে অন্যান্য উন্নত সম্প্রদায়ের সঙ্গে এক পর্যায়ভুক্ত করা, সেইজন্যই বিশেষ করে উপজাতি, তপশিলী জাতি এই যে দুইটি সম্প্রদায় সারা ভারতবর্ষে এবং আমাদের ত্রিপুরা রাজ্যে পিছিয়ে পড়ে আছে, তাদের জন্য সেফগার্ড রক্ষা কবচ সংবিধানে এ্যালট করা আছে, সেইগুলি যাতে ঠিক ঠিক ভাবে প্রয়োগ করা হয়, তজ্জন্য আমাদের সরকার যেন সুবিবেচনা করেন এবং তড়িৎগতিতে এই সমস্ত রক্ষা কবচগুলি যাতে ঠিক ঠিক ভাবে চালু করা হয় এবং কার্য্যে রূপায়ীত করা হয়, তারই জন্য আমি হাউসের সামনে এই প্রস্তাব এনেছি, আশা করি মাননীয় সদস্যগণ আমার এই প্রস্তাব অনুমোদন করবেন এবং পিছিয়ে পড়া উপজাতি, তপশিলী জাতি যারা আছে তাদের জন্য সমভাবে চিন্তা করবেন।

মিঃ স্পীকার স্যার, আমি গত সেশানের মধ্যে এই হাউসে প্রশ্ন করেছিলাম যে সিডুল কাষ্ট এবং সিডুল ট্রাইব এদের জন্য বিভিন্ন বিভাগে, বিশেষ করে সার্ভে এণ্ড সেটেলমেন্ট বিভাগে এবং পুলিশ বিভাগে কিরকমভাবে তাদের চাকুরীতে নিয়োগ করা হচ্ছে। সেখানে আমি উত্তর পেয়েছিলাম, আমার প্রশ্নের নাম্বার হচ্ছে ৬৪১, তার উত্তরে আমি পেয়েছি যে সার্ভে সেটেলমেন্ট ডিপার্টমেন্টে—কানুনগোর সংখ্যা হচ্ছে ৯৩, তার মধ্যে সিডুল ট্রাইব নিল, অর্থাৎ শূন্য। আমিন—২৫৪, তার মধ্যে সিডুল ট্রাইব হচ্ছে ৩·৯ পারসেন্ট। আর পুলিশ বিভাগে এ, এস, আই'র সংখ্যা হচ্ছে ১৭৭, তার মধ্যে সিডুল ট্রাইব—১০ জন, এস, আই—১১৮, তার মধ্যে সিডুল কাষ্ট হচ্ছে—৬, ইনসপেক্টার'এর সংখ্যা হচ্ছে—২৫, তার মধ্যে সিডুল ট্রাইব হচ্ছে—১ জন। তারপর যে অন্যান্য পদগুলি আছে, সেগুলির কথা নাই বল্লাম। সুতরাং এই যে দেখা যায় যে আমাদের সরকারী চাকুরী ক্ষেত্রে, সিডুল কাষ্টের সংখ্যা নিতান্ত নগণ্য এবং আমাদের যে কোটা আছে তার থেকেও নগণ্য, আমি আশা করব যে আমাদের সরকার —আমাদের মুখ্যমন্ত্রী এই দিকে দৃষ্টি দেবেন। কারণ গত বছর সিডুল ট্রাইবসদের জন্য এ, এস, আই পোষ্টে ইন্টারভিউ নেওয়া হয়েছিল, কিন্তু বিগত দীর্ঘ দেড় বৎসরের মধ্যে তাদের ভাগ্যে যে কি ঘটল সেটা জানা যায় নাই। আমি জানি বিপীন তালুকদার বলে একজন ধর্ম্মনগর পেঁচারথলের শিক্ষক, তিন বৎসর পুর্ব্বে ইউ. পি. এস. সি থেকে ইনসপেক্টারের পদের জন্য নির্ব্বাচিত হয়েছিল, কিন্তু দুঃখের বিষয় অথরিটি তাকে ছুটি দেন নাই যার জন্য সে ইউ. পি. সি'তে সিলেকশান হতে পারে নি। যেহেতু আমাদের সেই তালুকদার সিডুল ট্রাইব, সেইজন্য তার ছুটী মঞ্জুর করা হয় নাই। সিডুল ট্রাইব স্কুল ইনসপেক্টার আছে কিনা শিক্ষা বিভাগে আমি জানি না। সুতরাং আমি মনে করি সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের মধ্যে যারা আছেন তারা আমাদের এই রক্ষা কবচগুলি সঠিকভাবে পালন

করেন না, বা দেখেন না। বিশেষ করে উপজাতি, যারা গরীব, যে পরিবেশের মধ্যে থেকে তারা শিক্ষাপ্রাপ্ত হয়, তাদের পক্ষে ইউনিভারসিটিতে ভাল রেজাল্ট করা সেটা আমরা আশা করতে পারি না। তাদের ক্ষেত্রে শিক্ষাগত যে যোগ্যতা সেটা কিছুটা রিলাকজেশান দরকার। শুধু তাদের জন্য কোটা বরাদ্দ করলেই চলবে না, সেটা যাতে পূরণ করা যায় তার চেষ্টাও নিতে হবে। গত দশ বছর, তারপর ১০ বছর, ২০ বছর অতিক্রান্ত হল, তারপর আবার আগামী দশ বছরও তাদের সুযোগ সুবিধা দেওয়া হবে। কিন্তু বিশ বছর চলে গেল, এই বিশ বছরের মধ্যে আমরা এখনও এখানে পারসেনটেস পূরণ করতে পারছি না, সেই ক্ষেত্রে আমাদের আগামী ১০ বছরের মধ্যে আমাদের ভাগ্যে কি ঘটবে আমি জানি না। সেই জন্য আমি এই হাউসের সামনে উপজাতি, সিড্যুল ট্রাইব, এবং তপশীলি জাতির পক্ষ থেকে বলতে চাই যে আমাদের কোটাগুলি যেন ঠিক ঠিক ভাবে পূরণ করা হয়, তার জন্য প্রত্যেক ডিপার্টমেন্টকে যেন নির্দেশ দেওয়া হয় এবং এমপ্লয়মেন্ট একচেঞ্জ থেকে তাদের নামগুলি যেন পাঠিয়ে দেওয়া হয়। অনেক সময় দেখা যায় তারা যে দরখাস্ত করে, তার উত্তর পর্য্যন্ত তারা পায় না, আমি আশা করব সরকার থেকে যেন নির্দেশ দেওয়া হয় যে তারা যেন তাদের দরখাস্ত বিবেচনা করা হবে কি হবে না, সেটার উত্তর যেন তারা পায়। কারণ তারা অধিকাংশই গরীব ছেলে মেয়ে মফঃস্বল থেকে আসে শহরে। বারবার তাদের কাছ এমপ্লয়মেন্ট থেকে রিন্যু করতে পারে সেই রকম পয়সা তাদের নেই, তারা অভাবগ্রস্ত। অতিকষ্টে তাদের ছেলে মেয়েদের লেখাপড়া শিখায়। আমি জানি আমাদের সরকার যদি উপজাতি ছেলে মেয়েদের শিক্ষার ক্ষেত্রে বিশেষ সুযোগ সুবিধা না দিতেন, তাহলে আমাদের ছেলে মেয়েরা শিক্ষিত হতে পারতনা। আমি বলব আমাদের শিক্ষার জন্য, উপজাতি ছেলে মেয়ে, তপশিলী ছেলে মেয়ে যে হারে সুযোগ সুবিধা পাচ্ছেন, সেই হারে তারা চাকুরীতে সুযোগ সুবিধা পাচ্ছেনা বলেই তারা বেকার থেকে যাচ্ছে। কাজেই শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন সুযোগ সুবিধা দিয়ে যেমন তারা স্টাইপেণ্ড পাচ্ছে, বোর্ডিং এর সুযোগ সুবিধা পাচ্ছে, যারা এই সমস্ত সুযোগ সুবিধা পেয়ে লেখাপড়া শিখছে, তাদের যেন চাকুরীতেও সুযোগ সুবিধা দেওয়া হয়, তার জন্য আমি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বলেই আমার প্রস্তাব এখানে আমি রাখছি।

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় সভ্য যে প্রস্তাব এনেছেন, তার উত্তরে আমরা ইতিমধ্যে কি কি ব্যবস্থা উপজাতীদের জন্য গ্রহণ করেছি, সেটা এখানে বিবৃত করে বলছি এবং আমি আশা করব সেটা শুনে তিনি আশ্চর্য হবেন এবং এর পরিপ্রেক্ষিতে পুনরায় আর একটা অর্ডার ইস্যু করার কোন যৌক্তিকতা আছে কিনা, তিনি সেটা বিবেচনা করবেন। ত্রিপুরাতে শতকরা ত্রিশ ভাগ পোস্ট সিড্যুল কাস্টের জন্য রিজার্ভড আছে লোক্যাল রিজিওন্যাল বেসিসে। সিড্যুল কাস্ট এবং সিড্যুল ট্রাইবসদের জন্য কি করা হচ্ছে সেটা আমি এখানে পড়ে দিচ্ছি—It is fact that due to various easons, actual representation of Scheduled Caste and Sch. Tribes serving under Government has not been upto the mark. In order to imprʌoɘ

the representation of the Sch. Caste and Sch. Tribe in services the Government have already issued instruction to all the Heads of the Departments to the effect that no fresh appointment should be made by members belonging to the communities other than Sch. Caste and Sch. Tribe until the quota reserved for them is filled up. The Heads of the Department have also been instructed to follow strictly the 14-point roster prescribed by the Government of India for filling up of vacancies reserved for Sch Caste and Sch. Tribes. Besides, these, a High Power Committee has been constituted under the Chairmanship of Chief Minister to review the performance of various Departments in the matter of recruitment of Sch. Caste and Sch. Tribes. The other Ministers and high officials of the Government of Tripura are members of the Committee also. There is also a proposal for appøitnment of a Liason Officer for keeping a watch on the progress of recruitments of Sch. Caste and Sch. Tribe in services under different departments. The Informations of the Liason Officer will be as follows :—

To ensure compliance by the appointing authority the order and instruction pertaining to the reservation of vacancies in favour of Sch. Caste and Sch. Tribe and other benefit admissible to them under such orders. Collecting and consolidating the annual return relating to the representation of the Sch. Caste and Sch. Tribe in services under the Govt. Acting as a Liason Office for supply of informations relating to the representation of the Sch. Caste and Sch. Tribe in services, answering questions and querries and clearing doubts in regards to method covered by those orders.

In view of the position explained above I would request the mover of the resolution to withdraw his resolution.

শ্রীঘনশ্যাম দেওয়ান :—স্পীকার মহোদয়, আমার এই প্রস্তাবের পরিপ্রেক্ষিতে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় এই হাউসের মধ্যে জানিয়ে দিলেন যে, আমার প্রস্তাবের মাধ্যমে আমি যা এনেছি সেটা অলরেডি কার্যকরী করা হচ্ছে এবং বিভিন্ন ডিপার্টমেন্টকে নির্দ্দেশ দেওয়া হয়েছে যে সিডিউল্ড কাষ্ট এবং সিডিউলড ট্রাইবসদের জন্য যে কোটা আছে সেটা যাতে শীঘ্রই পূরণ করা হয়। এই নির্দ্দেশ দেওয়ার পর আমি মনে করি যে সরকার যেখানে কার্য্যকরী ব্যবস্থা গ্রহণ করছেন, সেখানে আমার এই প্রস্তাব রাখার কোন প্রয়োজন নেই। কাজেই মুখ্যমন্ত্রীর আশ্বাসের পরিপ্রেক্ষিতে আমি আমার এই প্রস্তাবটি উইথড্র করছি।

Mr. Speaker :—Now, the question before the House is that the leave of the House to withdraw the Resolution moved by Shri Ghanashyam Dewan be granted.

As many as are of opinion will please say—AYES.

Voices—AYES

As many as are of contrary opinion will please say—NOES.

Voices—Nil.

I think AYES have it, AYES have it, AYES have it.

The leave is granted.

Next Resolution of Shri Promode Rn. Dasgupta. I would call on Shri Das Gupta to move his Resolution that "This House recommends to the Govt. to hold the Agartala Municipal Election within 1970-71."

As the mover of the Resolution is absent from the House, the resolution falls through.

The House stands adjourned till 11 A. M. on Friday, the 27th March, 1970.

PAPERS LAID ON THE TABLE

ANNEXURE "A"

STARRED QUESTION NO. 4

By Shri Aghore Deb Barma.

QUESTION

1. Total acres of land brought under Minor Irrigation Scheme till now ;
2. Percentage of irrigated land to the total acres of land under cultivation ?

ANSWER

The information is under collection.

STARRED QUESTION NO. 12

By Shri Aghore Deb Barma.

প্রশ্ন

১। উদয়পুর বিভাগের তুলামুড়া হইতে বিলোনীয়া বিভাগের বড়পাথারী পর্য্যন্ত রাস্তাটি কোন সনে করা হইয়াছিল ?

২। বর্ত্তমানে রাস্তাটি জীপগাড়ী কিংবা যে কোন যানবাহন চলাচলের উপযোগী কিনা ;

৩। যদি যানবাহন চলাচলের উপযোগী না হয়ে থাকে তাহার কারণ ?

উত্তর

১—৩। তথ্য সংগ্রহ করা হইতেছে।

STARRED QUESTION NO. 37

By Shri Abhiram Deb Barma.

প্রশ্ন

১। Tripuraতে Road Transport Corporation চালু করার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে তাহার বিবরণ।

২। সরকার Road Transport এর জন্য বরাদ্দকৃত টাকা কি ১৯৬৯-৭০ এ খরচ করিতে সক্ষম হইবেন ?

৩। যদি না হন কত টাকা savings হওয়ার সম্ভাবনা।

উত্তর

১। Road Transport Corporation Act ১৯৫০ সনের ৩নং ধারা অনুযায়ী Road Transport Corporation স্থাপন করা হইয়াছে। কর্পোরেশনের কার্য্য পরিদর্শন করার জন্য প্রয়োজনীয় বোর্ড গঠন করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে।

২। ভারত সরকারের মঞ্জুরী পাইলে বরাদ্দকৃত টাকা খরচ করার সম্ভব হইবে।

৩। প্রশ্ন উঠেনা।

STARRED QUESTION NO. 38
By Shri Abhiram Deb Barma.

প্রশ্ন

১। ভূমি সদ্ব্যবহার ও ভূমি সংরক্ষণ পর্ষদ ও রক্ষিত বন পুনর্বিন্যাস কমিটি রিজার্ভ ফরেষ্ট হইতে যে ৮১৮৫·৯৪ হেক্টর ভূমি ছাড়িয়া দেওয়ার সুপারিশ করিয়াছেন সরকার কি ঐ সুপারিশ সম্যক কার্য্যকরী করিবেন ;

২। যদি কার্য্যকরী না করেন তাহার কারণ ;

৩। যদি কার্য্যকরী করেন, তবে কবে পর্য্যন্ত উহা কার্য্যকরী করা হইবে ?

উত্তর

১। ভূমি সদ্ব্যবহার ও ভূমি সংরক্ষণ পর্ষদ ও রক্ষিত বন পুনর্বিন্যাস কমিটি রিজার্ভ ফরেষ্ট ও প্রস্তাবিত রিজার্ভ ফরেষ্ট হইতে যে পরিমাণ ভূমি ছাড়িয়া দেওয়ার সুপারিশ করিয়াছেন তাহার মধ্যে অদ্যাবধি ৩৯২৬·৯৬ হেক্টরস্ ভূমি ছাড়িয়া রিজার্ভ ফরেষ্ট গঠন করা হইয়াছে। বাকী ভূমি ছাড়ার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

২। ১নং প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে প্রশ্নই ওঠেনা।

৩। নিয়মকানুনাদি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। সময়ের সীমা নির্দ্ধারণ সম্ভবপর নহে।

STARRED QUESTION NO. 105
By Shri Abhiram Deb Barma.

প্রশ্ন

১। ত্রিপুরার কোন্ কোন্ বিভাগে বন্যা নিরোধ পরিকল্পনা কার্যকরী করা হইয়াছে ?

২। খোয়াই টাউনের বন্যানিরোধ পরিকল্পনা কার্যকরী হইয়াছে কি না ;

৩। গত বছর ঐ বন্যা নিরোধ বাঁধটি কি ক্ষতিগ্রস্ত হইয়াছিল ? যদি ক্ষতিগ্রস্ত হইয়া থাকে তবে উহা মেরামতের কি ব্যবস্থা করা হইতেছে ?

উত্তর

১। ত্রিপুরা রাজ্যের সদর সাবডিভিশন, উদয়পুর, কৈলাসহর, ধর্মনগর, সোনামুড়া, খোয়াই ও বিলোনিয়া সাবডিভিশনে বন্যা নিরোধ পরিকল্পনার কাজ গ্রহণ করা হইয়াছে।

২। হ্যাঁ;

৩। হ্যাঁ, চারিটি ভাঙ্গনের মধ্যে তিনটির পুনঃ নির্মাণের কাজ ইতিপূর্বেই শেষ হইয়াছে। অবশিষ্টটিরও পুনঃনির্মাণের কাজ চলিতেছে এবং আগামী বর্ষার পূর্বেই শেষ হইবে বলিয়া আশা করা যায়।

STARRED QUESTION NO. 157
By Shri Kshitish Ch. Das.

প্রশ্ন

(ক) কমলপুর মহকুমার ধলাই নদীর পূর্বপাড় দিয়া আমবাসা ইঞ্জিনীয়ারিং ডিভিশন অফিসের উত্তর দিক হইতে আরম্ভ হইয়া কচুছড়া, জামথুম, পূর্বদেবীছড়া, বামনছড়া, নাগবংশী, কুচাইনালা ইত্যাদি বড় বড় গ্রাম হইয়া কমলপুর শহরের পূর্বপাড় পর্য্যন্ত যে রাস্তার এষ্টিমেট দেওয়া হইয়াছে তাহার পরিমাণ কত টাকা;

(খ) কবে পর্য্যন্ত কাজ আরম্ভ হইবে এবং;

(গ) কমলপুর সহরের পূর্বপাড় হইতে বড়সুরমা ও সুরমা চা বাগান, ছোট সুরমা গ্রাম হইয়া থলবাড়ী পর্য্যন্ত যে রাস্তা পি. ডব্লিও. ডি. এর অধীন কাজকর্ম হইতেছে তাহাতে সোলিং-মেটেলিং এর কাজ আরম্ভ হইবে কি? আরম্ভ হইলে কখন হইবে?

উত্তর

(ক) ৩·২০ লক্ষ টাকা।

(খ) কাজটির মঞ্জুরী এবং ৪র্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার টাকা বরাদ্দ হইলেই কাজ আরম্ভ হইবে।

(গ) না।

STARRED QUESTION NO. 209
By Shri Jatindra Kr. Majumder.

প্রশ্ন

(ক) সদরের জিরানিয়া ব্লক অন্তর্গত এলাকায় কৃষি উন্নয়ন ব্যাপারে কোন কোন মাঠের জন্য লিফ্ট ইরিগেশান প্রকল্প গ্রহণ করা হইয়াছে এবং;

(খ) ঐ প্রকল্পের কাজ কবে পর্য্যন্ত আরম্ভ করা হইবে?

উত্তর

তথ্য সংগ্রহ করা হইতেছে।

STARRED QUESTION NO. 213.
By Shri Jatindra Kr. Majumder.

প্রশ্ন

(ক) সদর এর পুরাতন আগরতলা তহশীলাধীন এলাকার রাণীর বাজার চাম্পাইবাড়ী রাস্তায় কতটি পুল ভগ্ন অবস্থায় আছে ;

(খ) কতদিন পর্য্যন্ত এ পুলগুলি ভগ্ন অবস্থায় পড়িয়া আছে ; এবং

(গ) উক্ত পুলগুলি কবে পর্য্যন্ত মেরামত বা নূতনভাবে তৈরী করা হবে ?

উত্তর

(ক—গ) তথ্য সংগ্রহ করা হইতেছে।

STARRED QUESTION NO. 230.
By Shri Sunil Ch. Dutta.

প্রশ্ন

(ক) ১৯৬৯ ইং সনে বন বিভাগ হইতে সরকারী বন কাটার অভিযোগে ত্রিপুরা রাজ্যে মোট কতটি মামলা দায়ের করা হইয়াছে ;

(খ) ঐ সকল মামলার মহকুমা ভিত্তিক হিসাব ; এবং

(গ) ঐ সকল মামলার মধ্যে কত সংখ্যক মামলায় অভিযুক্ত ব্যক্তির শাস্তি হইয়াছে ?

উত্তর

(ক) ৭৯৩টি।

(খ)

উদয়পুর—	২০৪টি
অমরপুর—	১৫ ,,
বিলোনীয়া	১০০ ,,
সাব্রুম—	১ ,,
কমলপুর—	৭৩ ,,
কৈলাসহর—	৮৭ ,,
খোয়াই—	১১৩ ,,
সদর-আগরতলা—	১৭০ ,,
সোনামুড়া—	৪৭ ,,
ধর্ম্মনগর—	৫৩ ,,
	৭৯৩টি

(গ) ২২৩টি।

STARRED QUESTION NO. 232.

By Shri Sunil Ch. Dutta.

প্রশ্ন

(ক) আগরতলা—খোয়াই—কমলপুর—কৈলাসহর রাস্তার নির্মাণ কার্য্য বর্ত্তমানে বন্ধ আছে কি ;

(খ) বন্ধ না থাকিলে কোন অংশের নির্ম্মাণ কার্য্য চলিতেছে ; এবং

(গ) এই রাস্তা সম্পূর্ণ হইতে আর কত সময় লাগিবে ?

উত্তর

তথ্য সংগ্রহ করা হইতেছে।

STARRED QUESTION NO. 246.

By Shri Ghanashyam Dewan.

Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state :—

QUESTION

১। ময়নামা ফিসারী লেইকটি শুকনা ও মেরামত বিহীন অবস্থায় পড়িয়া আছে সরকার অবগত আছেন কি না ; এবং

২। যদি অবগত থাকেন তবে প্রতিকারের ব্যবস্থা করিবেন কি ?

ANSWER

তথ্য সংগ্রহ করা হইতেছে।

STARRED QUESTION NO. 255

By Shri Promode Ranjan Das Gupta,

Will the Hon'ble Minister-in-charge of Minor Irrigation Department be pleased to state :—

QUESTION

1. Whether the survey work has been completed and estimates prepared for the construction of a bund on Lokracherra (near Megli Bund Tea Garden) under Mohanpur Block, Sadar ;
2. Whether the estimate has been approved and sanctioned ; and
3. If so, when the work will be taken up ?

ANSWER

1. to 3. Materials are under collection.

STARRED QUESTION NO. 256

By Shri Promode Ranjan Das Gupta,

QUESTION

Will the Hon'ble Minister-in-charge of the Minor Irrigation Department (PWD) be pleased to state—

1, Whether the scheme for construction of a bund on the Sonai Nadi at Barkathal under Mohanpur Block, Sadar has been sanctioned ; and

2. If so, the total expenditure to be incurred and the area likely to be benefited ?

ANSWER

1. Yes ;

2. Estimated cost sanctioned—Rs. 8,53,700/-
Area benefited—1,800 acres (approx),

STARRED QUESTION NO. 279.

By Shri Monoranjan Nath.

Will the Hon'ble Minister-in-charge of the Forest Department be pleased to state :—

a) Whether there is any forest manual in Tripura ;

b) If not, the reasons for not framing such a manual so long ?

c) What steps are being taken to frame the munual ?

ANSWER

a) No.

b) The manual is under preparation.

c) The work of preparing the manual has already been entrusted to a Gazetted Officer of the Department.

STARRED QUESTION NO. 283.

By Shri Monoranjan Nath.

Will the Hon'ble Minister in-charge of PWD. Deptt. be pleased to state :—

QUESTION

a) Whether the Govt. will take up the work of the road from Pecharthal to Machmara this year in order to make the road motorable throughout the year ; and

b) How many S.P.T. Bridges are on the road ?

ANSWER

a) The work will be taken up during the year 1970-71.

b) 2 Nos. at present.

STARRED QUESTION NO. 288.

By Shri Monoranjan Nath.

Will the Minister in-charge of P.W.D. (Investigation) be pleased to state :—

প্রশ্ন

ক) কৈলাসহর সাব-ডিভিশনে সায়দা বাড়ীতে যে বন্যা নিরোধ বাঁধ এবং স্লুইস গেইট হওয়ার যে পরিকল্পনা ছিল, ইহার কাজ কতটুকু হইয়াছে ; এবং

খ) যদি কাজ আরম্ভ না হইয়া থাকে কারণ কি ?

উত্তর

ক) এবং খ) নিদেবী হইতে সারদা বাড়ী পর্য্যন্ত একটি বাঁধ তৈরী করার জন্য একটি এষ্টিমেট বর্ত্তমানে সরকারের বিবেচনাধীন আছে। সারদাবাড়ী-পাটিংছড়ার মধ্যে আরও একটি বাঁধ তৈরী করার জন্য একটি এষ্টিমেট তৈরী হইয়াছে। সারদার পার ৪´ ব্যাস বিশিষ্ট একটি স্লুইস গেইট তৈরীর জন্য ৩৩,২০০ টাকার এষ্টিমেটের অনুমোদন পাওয়া গিয়াছে।

STARRED QUESTION NO 341

By Shri Bidya Ch. Deb Barma.

Will the Hon'ble Minister in-charge of the Public Works Department be pleased to state :—

প্রশ্ন

১। এন, পি, সি, সিকে কি অমরপুরে কোন ব্রীজ কনষ্ট্রাকশন এর কনট্রাক্ট দেওয়া হইয়াছে, যদি দেওয়া হইয়া থাকে সেই ব্রীজের নাম ; এবং

২। এই ব্রীজ কবে কনট্রাকট দেওয়া হইয়াছে এবং কবে শেষ হইবার কথা ;

৩। যদি বিলম্ব হইয়া থাকে তাহার কারণ ?

উত্তর

(১-৪) তথ্য সংগ্রহ করা হইতেছে।

STARRED QUESTION NO. 355.

By Shri Abdul Wazid.

Will the Hon'ble Minister in-charge of the Public Works Department be pleased to state :—

প্রশ্ন

ক) ধর্মনগর বিভাগের কামেশ্বর হইতে হেড়ুয়া কলোনীর মধ্য দিয়া কালোছড়া বাজার পর্যন্ত যে রাস্তা বিদ্যমান আছে তাহার maintenance এর জন্য বর্ত্তমান বৎসরে কোন টাকা বরাদ্দ আছে কিনা ?

খ) থাকিলে, টাকার পরিমাণ কত ?

উত্তর

(ক—খ) তথ্য সংগ্রহ করা হইতেছে

STARRED QUESTION NO. 377.

By Shri Naresh Roy.

Will the Minister in-charge of the Forest Department be pleased to state :—

প্রশ্ন

১। ইহা কি সত্য যে মার্চ ১৯৭০ এর প্রথমার্দ্ধে সিপাহীজলা forest reserve এর অন্তর্গত (পূর্ব্ব দিকে) বড়মুড়ায় কার্যরত অবস্থায় দুইজন কৃষককে চড়িলামের forest petrol guardএর লোকেরা ধরিয়া নিয়া যায় ; এবং

২। যদি সত্য হয় তবে তাহাদের বিরুদ্ধে অভিযোগ কি ?

উত্তর

১। না।

২। প্রশ্নই আসে না।

STARRED QUESTION NO. 927.

By Shri Abhiram Deb Barma,

QUESTION

১। বীজধান, ডালের বীজ, কেমিক্যাল সার, পোকার ঔষধের উপর সাবসিডি কমাইয়া দেওয়ার ফলে ১৯৬৭-৬৮ ইং এবং ১৯৬৮-৬৯ ইং সালে উহার বিক্রয় কি কমিয়াছে, যদি কমিয়া থাকে, উহার পরিমাণ ; এবং

২। এই বাবদে সরকারের বাজেট বরাদ্দে ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে কত টাকা Saving হইয়াছে ?

ANSWER

১। ১৯৬৬-৬৭ সলের তুলনায় ১৯৬৭-৬৮ ইং এবং ১৯৬৮-৬৯ ইং সনে বীজধান ডালের বীজ ও পোকার ঔষধ বিক্রয়ের পরিমাণ কমিয়াছে। ঐসব ক্ষেত্রে বিক্রয়ের

পরিমাণ ও বিক্রয় হ্রাসের পরিমাণ নিম্নে প্রদর্শিত হইল। সাবসিডি কমাইয়া দেওয়ার ফলে বিক্রয়েব পরিমাণ হ্রাস পাইয়াছে বলিয়া অনুমিত হয়।

	বিক্রয়ের পরিমাণ			বিক্রয় হ্রাসের পরিমাণ (১৯৬৬-৬৭ সনের তুলনায়)	
	১৯৬৬-৬৭	১৯৬৭-৬৮	১৯৬৮-৬৯	১৯৬৭-৬৮	১৯৬৮-৬৯
বীজধান (কিঃগ্রাম)	১,৩৬,৩৫৭	৭৫,৫১৮	১,০৩,৭২৫	৬০,৮৩৯	৩২,৬০২
ডালের বীজ ,,	৩,৩৪০	১,৬৫০	৭৫৮	১,৬৯০	২,৫৮২
পোকার ঔষধ ,,	১৩,৪৯৩	৮,৭০৫	১১,৬৮৪	৪,৭৮৮	১,৮০৯
,, ,, লিটারে	৮,৫৮৪	৪,৫৩২	৫,৬২৪	৪,০৫২	২,৯৬৪

কেমিক্যাল সারের ক্ষেত্রে সাবসিডি কমাইয়া দেওয়া সত্ত্বেও বিক্রয়ের পবিমাণ ১৯৬৬-৬৭ সালের তুলনায় ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সনে বৃদ্ধি পাইয়াছে।

২। ১৯৬৭-৬৮ সনে মোট ১,১৫,০০০ টাকা ও ১৯৬৮-৬৯ সনে মোট ১,৪৬,০০০ টাকা।

STARRED QUESTION NO. 955.

By Shri Promode Ranjan Das Gupta.

QUESTION

1. The cost price of paddy seeds and sale proceeds therefrom under Mohanpur Block during 1968-69 and 1969-70 upto December, 1969 ;
2. The quality of these seeds ; and
3. The performance of these seeds.

ANSWER

1. The total quantity of paddy seeds sold in Mohanpur Block during the years 1968-69 and 1969-70 (upto December, 1969) with the cost price and sale proceeds thereof is shown below :—

Year.	Total quantity of paddy seeds sold.	Cost price	Sale proceeds
1968-69	4,636 Kg.	Rs. 4,102.05	Rs. 4,102.05
1969-70 (upto December, 1969).	1,256.5 Kg.	Rs. 1,260.30	Rs. 1,260.30

2. Out of the total quantity of 4,636 Kg. of paddy seeds sold during 1968-69, 3,952.5 Kg. were of improved variety and 683.5 Kg. were of High-yielding variety. Out of the total quantity of 1,256.5 Kg of paddy seeds sold during 1969-70 (upto December, 1969), 972.5 Kg. were of improved variety and 284 Kg. were of High-yielding variety.

. In actual performance, the germination percentage of these seeds was 95.

STARRED QUESTION NO. 993.

By Shri Monoranjan Nath

প্রশ্ন

ক) ধর্মনগর সাবডিভিসনে জুরী নদীর উপর (১) তিলথৈ ২) মঙ্গলখালী S. P. T. Bridge construction হওয়ার জন্য দীর্ঘদিন পূর্ব্বে যে contract দেওয়া হয় উহার কাজ আরম্ভ না করার কারণ কি ; এবং

খ) উক্ত S. P. T. Bridgeগুলির কাজ অবিলম্বে আরম্ভ করা হবে কি ?

ক) প্রয়োজনীয় কাঠের পালার অভাব হেতু।

খ) প্রয়োজনীয় কাঠের পালা পাওয়া মাত্রই কাজ আরম্ভ করা হইবে

UNSTARRED QUESTION NO. 3

By Shri Aghore Deb Barma

QUESTION

1. Total acres of paddy land under cultivation in the years of 1966, 67, 68 and 69 ; and

2. Total acres of land under Jute cultivation during the above mentioned years :

ANSWER

1. The Agricultural Statistics are maintained Agricultural year-wise (from July to following June) and not Calender year-wise. Accordingly the total estimated area of land under paddy in Tripura during the Agricultural years 1965-66, 1966-67, 1967-68 and 1968-69 are indicated below :—

Year		Area (In acres)
1965-66	...	6,08,000
1966-67	...	6,18,000
1967-68	...	6,21,500
1968-59	...	6,52,660

2. The total estimated area under Jute cultivation in Tripura during the above-mentioned years is shown below ;—

Year		Area (In acres).
1965-66	...	32,000
1966-67	...	33,000
1967-68	...	30,000
1968-69	...	16,000

UNSTARRED QUESTION NO. 13

By Shri Aghore Deb Barma

QUESTION

1. Total production of paddy during the years 1966, 1967, 1968 and 1969 ;

2. Average yield of paddy per acre during the said years (Year-wise break-up).

ANSWER

1. The Agricultural Statistics are maintained Agricultural Year-wise (from July to following June) and not Calender yearwise. Accordingly, the total estimated production of paddy in Tripura during the Agricultural years 1965-66, 1966-67, 1967-68 and 1968-69 are indicated below :—

Year		Production of Paddy. (In M. Tonnes).
1965-66	.	3,40,000
1966-67	.	3,38,000
1967-68	...	3,46,000
1968-69	...	3,46,000

2. The average yield of paddy per acre during the said years is furnished below, yearwise :—

Year.		Average yield of paddy per acre.
1965-66	...	559 Kilogram.
1966-67	...	547 Kilogram.
1967-68	...	557 Kilogram.
1968-69	...	530 Kilogram.

UNSTARRED QUESTION NO. 43

By Shri Abhiram Deb Barma

প্রশ্ন

১) ১৯৬০ হইতে ১৯৭০ এর মধ্যে কোন বছর কত Gang labour Engineering Department কর্ত্তৃক ছাঁটাই হইয়াছেন তাহার হিসাব ;

২) ইহা কি সত্য যে কৈলাসহরের শ্রীবনমালী সরকার বহুবছর কাজ করার পর তাহাকে ১৯৬৮ এর ডিসেম্বরে ছাঁটাই করা হইয়াছে ;

৩) ইহা কি সত্য যে পুরাণো ছাটাই Gang Labour দের পুনর্নিয়োগের জন্য শ্রমিকদের প্রশ্ন হইতে দাবী জানানো হইয়াছে ;

৪) যদি সত্য হয় তবে তাহাদের ঐ দাবী বিবেচনা করা হইবে কি এবং

৫) শ্রীসরকারকে পুনর্নিয়োগ করার বিষয়টি সরকার বিবেচনা করিবেন কি ?

উত্তর

১) ১৯৬০—৪২

৬১—৫১

৬২—৩৫

৬৩—৪১

৬৪—৩১

৬৫—২৬

৬৬—২৮

৬৭—১৩৮

৬৮—১১০

৬৯—১১৬

৭০— —

২) না।

৩) হ্যাঁ।

৪) বিবেচনা করা হইবে।

৫) হ্যাঁ।

UNSTARRED QUESTION NO. 129

By Shri Bidy Chandra Deb Barma

প্রশ্ন

১) ১৯৬৭, ১৯৬৮ এবং ১৯৬৯ সালে মোট কত মোটর দুর্ঘটনা হইয়াছে তাহার বছর ভিত্তিক হিসাব ;

২) দুর্ঘটনার সংখ্যা বাড়িয়া থাকিলে, তাহার কারণ ;

৩) দুর্ঘটনার সংখ্যা হ্রাস করার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ;

৪) দুর্ঘটনার পরও মোটর মালিকরা নিহত বা আহতদের কোন ক্ষতিপূরণ দেন কি না, না দিলে উহা আদায় করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেন এবং

৫) দুর্ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের আদালতে শাস্তি হইয়া থাকিলে তাহাদের বছরভিত্তিক হিসাব ?

উত্তর

১)
২)
৩) তথ্যাদি সংগ্রহাধীনে আছে।
৪)
৫)

UNSTARRED QUESTION NO. 175

By Shri Aghore Deb Barma

1. Total number of Dighis used by Govt. for pisciculture ;
2. Division-wise names of those Dighis ;
3. Total amount of money spent for each of those dighis and
4. Total amount of fish produced till now from the said dighis.

ANSWER

The information is under collection.

STARRED QUESTION NO. 303

By Shri Kshitish Chandra Das

ক) ত্রিপুরায় ১৯৬৭—৬৮ ইং, ৬৮—৬৯ ইং ১৯৭০ ইং ফেব্রুয়ারী পর্য্যন্ত কত একর জমিতে ইক্ষুচাষ হইয়াছে ?

উত্তর

ক) কৃষি পরিসংখ্যান কৃষিবর্ষ (জুলাই হইতে পরবর্তী জুন পর্য্যন্ত) অনুযায়ী রক্ষিত হয়। সেই অনুসারে কৃষিবর্ষ ১৯৬৭—৬৮ ইং, ১৯৬৮—৬৯ ইং এবং ১৯৭০ ইং (ফেব্রুয়ারী ১৯৭০ ইং পর্য্যন্ত) গুলিতে ত্রিপুরায় কত একর জমিতে ইক্ষু চাষ হইয়াছে তাহাদের আনুমানিক মহকুমা ভিত্তিক হিসাব নিম্নে দেওয়া গেল :—

মহকুমা	ইক্ষুচাষের জমির পরিমান (একরে) ১৯৬৭—৬৮ ইং	১৯৬৮—৬৯ ইং	১৯৬৯—৭০ ইং (ফেব্রুয়ারী ১৯৭০ পর্য্যন্ত) (চুড়ান্ত নহে)
১। ধর্ম্মনগর	১,৫২৫	১,২৫০	১,০০০
২। কৈলাসহর	৬৮০	৭০০	৭০০
৩। কমলপুর	৮০০	১,৭৮০	১,৪০৫
৪। খোয়াই	৭০০	৭১০	৬৭৫
৫। সদর	৭৭৫	৫২০	৪৯৫
৬। সোনামুড়া	৪৫০	৪৮০	৪৯০
৭। উদয়পুর	৭৫০	৪৪০	৪৫
৮। অমরপুর	২৮০	২৪০	২৬৫
৯। বিলোনীয়া	২৯০	৩৮০	৩৮০
১০। সাবরুম	৩৫০	৫০০	৭৮০
ত্রিপুরা	৬,৬০০	৬,৬০০	৬,৯১০

STARRED QUESTION NO. 328

By Shri Bidya Ch. Deb Barma

প্রশ্ন

১) Dumber Hydel Project এ ১৯৭০ এর জানুয়ারীতে কতজন শ্রমিক মাষ্টাররোলে কাজ করেন ;

২) তাহাদের মধ্যে এন-পি-সি-সি-এর অধীনে কত এবং ;

৩) এন-পি-সি-সি-এর অধীনে যাহাদের নিয়োগ করা হয় ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্ট তাহাদের নিয়োগ চেক আপ ও অনুমোদন করেন কিনা, যদি না করিয়া থাকেন তবে তাহার কারণ কি ?

উত্তর

১) ১৯১ জন।

২) ১৯ জন

৩) না, চুক্তিপত্র অনুযায়ী ওদের নিয়োগ ইঞ্জিনীয়ারীং বিভাগের অনুমোদন সাপেক্ষ নহে।

STARRED QUESTION NO. 972

By Shri Rabindra Ch. Deb Rankhal

প্রশ্ন

১) অমরপুর, খোয়াই এবং কমলপুর বিভাগে মাইনর ইরিগেশন হইতে জলসেচের জন্য কতগুলি বাঁধ দেওয়া হইয়াছে তাহার বিভাগ ভিত্তিক হিসাব ;

২) ঐ সকল বাঁধ তৈয়ার করিতে ১৯৬৯ সালের ডিসেম্বর মাস পর্যান্ত কত টাকা খরচ হইয়াছে তাহার বিভাগ ভিত্তিক হিসাব এবং ;

৩) কতটি বাঁধ বর্ত্তমানে আছে এবং কতটি অকেজো অবস্থায় আছে তাহার বিভাগ ভিত্তিক হিসাব ;

১) মাইনর ইরিগেশন হইতে জলসেচের জন্য অমরপুর খোয়াই কমলপুর বিভাগে মোট ১০টি বাধ দেওয়া হইয়াছে।

অমরপুরে—Nill

খোয়াই—5 (Five) Nos.

কমলপুর—5 (Five) Nos.

২) ১৯৬৯ সালের ডিসেম্বর পর্য্যন্ত নিম্নরূপ খরচ হইয়াছে অমরপুর Nil, খোয়াই 1,65,063/- কমলপুর 2,27,08 5/-

৩) বর্ত্তমানে ১০টি বাঁধ আছে। ৩টি বাঁধ অকেজো অবস্থায় আছে। খোয়াইতে ১টি কমলপুরে ২টী।

STARRED QUESTION NO. 343

By Shri Bidya Ch. Deb Barma

প্রশ্ন

১) ডম্বুর হাইডেল প্রজেক্টের জন্য ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্ট ১৯৭০এর জানুয়ারী পর্য্যন্ত মোট কত ইট ক্রয় করিয়াছেন এবং আমাদের নিকট হইতে এ ইট ক্রয় করিয়াছেন তাহাদের নামও প্রত্যেকের ইটের পরিমাণ ;

২) ইহা কি সত্য যে এন পি সি সির মাধ্যমে ঠিকাদার দেওয়ান ং‍শএর ইট ক্রয় করার ফলে ত্রিপুরা সরকারকে প্রায় ৭০ হাজার টাকার বেশী খরচ করিতে হইয়াছে ;

৩) সরকার কি এই বিষয়টা তদন্ত করিয়া দেখিবেন ;

৪) ইহা কি সত্য যে সি ভি আর কনষ্ট্রাকশন (গোমতী) এর ইট বিলের ষ্টেণ্ডাড এবং ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টএর আপত্তি সত্বেও ইহা ব্যবহার করা হয় এবং ;

৫) এ সম্পর্কে সরকার তদন্ত করিবেন কি ?

উত্তর

১,২,৩,৪,৫—তথ্য সংগ্রহ করা হইতেছে।

Printed by the Superintendent, Government Printing,
Tripura Government Press, Agartala.

TGPA—18-6-70—150.